বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে চিরস্থায়ী করিবার জ্বন্য এবং পরিষদের উদ্দেশ্রসাধনে সাহায্য করিবার জন্য একটা স্থায়ী ধনভাণ্ডার প্রতিষ্ঠার कन्नना ब्हेबाएइ. ইহা গত বৎসরের উল্লেখযোগ্য ঘটনা। আপাততঃ পঞ্চাশ হাজার টাকা মূলধনে এই ভাণ্ডার গঠনের কল্লন। হইয়াছে। আহলাদের বিষয়, ইহার মধ্যেই এই মূলধনের অর্দ্ধেক অংশ প্রতিশ্রুত হইয়া গিয়াছে। বঙ্গের বিয়োৎসাহী ধনিগণ যেরূপ মুক্তহন্তে এবিধয়ে পরিষদের সাহায্য করিতে অগ্রসর হইয়াছেন, তাহাতে পরিষদের উদ্দেশ্যের প্রতি তাঁহাদের সহাত্তভূতি প্রচুর মাত্রায় প্রকাশ পাইয়াছে। যে সদাশয় মহাত্মার প্রদত্ত ভূমিথণ্ডের উপর পরিষদের মন্দির নিম্মিত হইয়াছে, তিনি সেই মন্দির সংলগ্ন আরও কিছু ভূমি দানে সম্মত হইয়াছেন। এই ভূমিতে পরিষদের নিজের মৃদ্রাযন্ত্র প্রতিষ্ঠা করিবার কল্পনা হইতেছে। ইহাও গত বংসরের আর একটি গুভস্চনা। মুদাবন্ত্র স্থাপিত হইলে পরিষং পত্রিকা ও গ্রন্থাবলী প্রকাশ কার্য্য আরও শৃত্রকা ও তংপরতার সহিত নির্বাহিত হটবে। পরিষদের অন্য একজন পরম হিতৈয়া, যিনি মনিদরের দ্বিতীয় তল নির্মাণের সমস্ত ব্যয় একাকী বহন করিয়াছেন, তিনি স্বভঃ প্রবৃত্ত হইয়া প্রাচীন গ্রন্থপ্রকাশার্থ তাঁহার বার্ষিক দান তিন শত টাকা হইতে একেবারে আটশত টাকায় বাড়াইয়া দিয়াছেন। পরিষদের অন্যান্য বন্ধুগণের নিকটও এবিষয়ে সাহায্য প্রাপ্তির আশা পাওনা গিয়াছে। বাঙ্গালার প্রাচীন সাহিতা, যাহা কালের কুক্ষিণত হইতে বসিয়াছিল, তাহার রক্ষাকার্য্যে পরিষং পূর্বাপেক্ষা সফল হইতে পারিবেন, ইহাও একটা শুভসংবাদ। ফলে চারিদিক হইতেই স্থলকণের চিহ্ন লইয়া পরিষৎ এই বোড়শ বর্ষে নবজীবনে প্রতিগ্রিত হইতেছেন।

পূর্ব্ব ইতিহাস—পরিষদের বর্তমান সহস্র সভাের মধ্যে অনেকেই পরিষদের অতীত ইতিহাস জানেন না। পরিষং কি উদ্দেশ্যে স্থাপিত হইগাছিল ও সেই উদ্দেশ্য সাধনে কভ দূর সফলতা লাভ করিয়াছে, তাঁহাদের অবগতির জন্য তাহা এই উপলক্ষে সংক্ষেপে বিবৃত করা কর্ত্ববা হইতেছে।

১২৭৯ সালের আষাত মাদের বন্ধদশনে সিভিলিয়ান জন বীম্স্ সাহেবের কলিত ৰঙ্গীয়সাহিত্য-সমাজের অফ্টান পত্রের অফ্বাদ বাহির হয়। বাঙ্গালা সাহিত্যের ভাষাকে বিশুদ্ধ
ও প্রণালীবদ্ধ করিবার জন্ম এই সমাজের স্থাপনে বীম্স্ সাহেব প্রস্তাব করিয়াছিলেন।
ইউরোপের বিভিন্ন দেশে ভাষার বিশুদ্ধি সাধনের জন্ম যে সকল সভা আছে, সেই সকল
সভা, বিশেষতঃ স্থবিখ্যাত ফ্রেঞ্চ একাডামি, বীম্সের আদর্শ ছিল। অফ্টান পত্রে লিখিত
ছিল, "বাঙ্গালা সাহিত্যের ভাষার স্থিরতা বিধান জন্ম সকল বাঙ্গালী মালিত হইয়া শভা
স্থাপন করতঃ তদ্বারা ভাষার উন্নতি সাধন করা আর্শ্মক। যদি এরপ সভা স্থাপিত
হয় এবং তদ্বারা ভাষার নির্ণয় হয়, ভাহা হইলে বঙ্গদেশের পরমোপকার হইবে সন্দেহ
নাই। আর সভা স্থাপিত হইলে যে এই কার্য্য সমাধা হওয়া সম্ভব, ভাহা সহক্ষে অফ্মান
হয়। সভার দ্বারা অভিধান প্রকাশিত হইলে, তাহাতে যে যে শন্দের স্থান নাই, কোনও
লেখক ভাহা ব্যবহার করিতে সক্ষম হইবেন না এবং ইহাতেই ভাষা প্রণালীবদ্ধ

হইবে। বঙ্গ-স্থাকাডামীর শতাধিক সভা হইলেও হানি নাই। * * * কলিকাতার সজ্যেরা সময়ে সময়ে একত্রিত হইবেন। অধিবেশনের প্রস্তু একটি গৃহ অবধারিত করিলেও होनि नाहै। * * * * अভिधान পুস্তক করাই সভার মূল কারণ। अथवा ঐ সহদ্ধে প্রবন্ধ পাঠনাদি এবং তর্ক বিতর্ক হইলেও বাধা নাই। গ্রন্থকারেরা নিজ নিজ গ্রন্থ প্রকাশের পূর্বে সভাতেই পাঠ করিবেন এবং পণ্ডিতসমূহের পরামর্শে তাহার সৌল্পর্য্যের বৃদ্ধি করিবেন। এমতে সাহিড্যের ক্রমে নিম্মলতা এবং প্রতিভা বৃদ্ধি হইবে। সঙ্গীত আলোচনা দারা সভার মনোরঞ্জন হইতে পারে। এবং প্রাচীন কবিগপের গীত ও নব্যদিগের সমালোচন সহকারে সঙ্গীতেরও উন্নতি লাভ হইতে পারিবে। বঙ্গভাষা অপার: ইহা প্রণালী-বদ্ধ করা মহৎ কার্যা, মনে করিলে আহলাদ হয়। * * * ভর্সা হয় সভা স্থাপন পরে ভারতবর্ষের মহামহিম গৌরবায়িত গবর্ণরজেনারেশ বাহাত্বর সভার অধিপতি পদগ্রহণ স্বীকার করিয়া সভাকে সম্মানিত করিতে পারেন।" এই প্রসঙ্গ উপলক্ষে তদানীস্তন বঙ্গদর্শনসম্পাদক শ্বয়ং বঙ্কিমচক্র লিখিয়াছিলেন—"এই প্রস্তাব যে পণ্ডিতসমাজে বিশেষ সমাদৃত হইবে, ইহা বলা বাছলা। বিমৃদ্ সাহেবের ক্লত প্রস্তাবের উপর অনুমোদন বাক্য আবশুক নাই এবং বলিবার কথাও তিনি কিছু বাকি রাবেন নাই। আমরা ভরদা করি যে দকল বঙ্গপণ্ডিতেরা দেশের চূড়া, তাঁহারা ইহার প্রতি বিশেষ মনোযোগী হইবেন।" বঙ্গদর্শনে প্রকাশিত বীমৃদ্ সাহেবের এই প্রস্তাবের প্রতিলিশি সাহিত্য-পরিষদের ১৩০৯ সালের বার্ষিক কার্যাবিবরণীর ১৮/০ পৃষ্ঠার সম্পূর্ণ মুদ্রিত হইয়াছে।

वक्र-माहिका मभाव्य जाननार्थ जानार्थ अञ्चलिखन (य मक्न (हरे) हरेबाए, जनार्या জোড়াসাঁকোর ঠাকুর মহাশর্মদেগের স্থাপিত বিষক্তনদন্মিলন নামক সভা এবং ঢাকার সাহিত্য-সমালোচনী সভা প্রধানতঃ উল্লেখযোগ্য। বিদ্বজ্ঞন সন্মিলন সভার উদ্দেশ্যাদি তৎকালে ভারতী পত্রিকায় প্রকাশিত হইয়াছিল, কিন্তু এই সভা অধিক দিন স্থায়ী হয় নাই। সাহিত্য পরিষদের উদ্দেশ্যের সহিত অনেক বিষয়ে এই সন্মিলনের উদ্দেশ্যের মিল ছিল। ঢাকা জয়দেবপুরের সাহিত্য সমালোচনী সভা ১ইতে একথানি পুস্তিকা প্রকাশিত হইয়াছিল এবং করেক বৎসর ধরিয়া এই সভা সাহিত্যসেবীদেগকে নানারূপে উৎসাহিত করিয়াছিলেন। তৎপরে ১৩০০ সালের ৮ই শ্রাবণ তারিখে শোভাবাঞ্চারের শ্রীযুক্ত মহারাজকুমার বিনম্বক্লফ দেব বাহাছরের ভবনে ও আশ্রয়ে বীমৃদ দাহেবের প্রস্তাব কার্য্যে পরিণত করিবার জন্ত "বেঞ্চল একাডামী অব্ লিটরেচর" প্রতিষ্ঠিত হয়। সেন্দন সভায় সতের জন লোক উপস্থিত ছিলেন। ফ্রেঞ্চ একাডামী ইহার আদর্শ ছিল, এবং শ্রীযুক্ত লিওটার্ড নামক একজন ফরাসী ভদ্রলোক এই সভা-স্থাপনের প্রধান উভোগী ছিলেন। মহারাজ কুমার বিনয়ক্ষণ বাহাত্তর এই সভার সভাপতি এবং শ্রীযুক্ত ক্ষেত্রনাথ চক্রবর্তী সম্পাদক ছিলেন। বাঙ্গালা ভাষার বিশুদ্ধি সাধন সভার উদ্দেশ্য ছিল এবং তহুদেশে বাঙ্গালা গ্রন্থের ও সাময়িক পজিকার সমালোচনার্থ প্রবন্ধাদি উক্ত সভার পঠিত হইও। কৌতুকের বিষর এই. ঐ সমস্ত প্রবন্ধ অধিকাংশই ইংরাজিতে লিখিত হইত, এবং সভার কার্য্যবিবরূপও ইংরাজিতে লিপিবদ্ধ হইত। অল্ল দিনেই উক্ত সভার সভ্যের। বুঝিতে পারিলেন যে এই অস্বাভাবিক উপারে বাঙ্গালা ভাষার বিশুদ্ধি সাধন ঘটিতে পারে না। পর বংসর অর্থাৎ ১৩০১ সালে ১৭ই বৈশাথ তারিথে ঐ সভা পুনর্গঠিত হইয়া "বঙ্গীয়-সাহিত্য-পরিষদে" পরিণত হইল। তাহার কয়েকদিন পূর্বেই বিষমচক্র স্বর্গগত হইয়াছিলেন। যশস্বী প্রীযুক্ত রমেশচক্র দত্ত

মহা শগ্ন পুনর্গঠিত সভার সভাপতি নির্বাচিত হন। স্বর্গীর উমেশচন্দ্র বটবাাল তৎপুর্বেই বিসীয়-সাহিত্য-পরিষৎ' এই নাম উদ্ভাবন করিয়াছিলেন। বিবিধ উপারে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যের অফুশীলন ও উন্নতি সাধন সভার উদ্দেশ্য স্থিরীকৃত হয়। আরও স্থির হয় যে উদ্দেশ্য সাধনের জন্ম নিয়োক্ত উপায়সমূহ অবলম্বিত হইবে।

- ক। বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্গলন।
- থ। বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন।
- গ। প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।
- ঘ। ভাষান্তর হইতে উৎক্লপ্ত গ্রন্থাদির অমুবাদ প্রকাশ।
- ঙ। দর্শন বিজ্ঞান ইতিহাস কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ।
- চ। 'সাহিত্য-পরিষং-পত্তিকা' নামে বাঙ্গালা ভাষায় একথানি সামশ্বিক পত্তিকার প্রচার।

স্বর্গীর রঞ্জনীকান্ত গুপ্ত মহাশয় উক্ত সাহিত্য-পরিষৎ-পত্রিকার প্রথম সম্পাদকের পদে নির্ন্ধাচিত হন এবং শ্রীষ্ক লিওটার্ড ও শ্রীষ্ক দেবেক্রনাথ মুখোপাধ্যায় একবোগে পরিষদের প্রথম সম্পাদক নির্ন্ধাচিত হন। লিওটার্ড সাহেব বাঙ্গালা জানিতেন না। সভার সমুদার কার্যা বাঙ্গালা ভাষায় নির্ন্ধাহিত হইবে স্থির হওয়ায় তিনি অয় দিনেই সভার সম্পর্ক তাাগ করেন। কোন্ কোন্ উপায়ে সাহিত্য-পরিষৎ বাঙ্গালা ভাষা ও সাহিত্যেব উন্ধৃতি সাধন করিবেন, তাহা স্পষ্টভাবে নির্দ্ধারণ করিতে কিছু সময় লাগিঝাছিল। প্রায় ছই বৎসর ধরিয়া সভার অধিবেশনে এ বিষয় লইয়া বাঙ্গাম্বাদ চালিয়াছিল। পরিষদের তৃতীয় বৎসরে যে নিয়মাবলী সংস্কৃত হইয়া প্রচারিত হয়, তত্মধ্যে আমর। উলিধিত ক হইতে চ পর্যান্ত উপায়গুলি নির্দারিত দেখিতে পাই। ঐ তৃতীয় বৎসরের সংস্কৃত নির্মদম্ব ভবিষ্যতে স্থানে স্থানে সামাত্য পরিবৃত্তিত হইয়া এ পর্যান্ত বলবং আছে:

ফলতঃ ত্রেন্ধ একাডামীর আদর্শ সাহিত্য পরিষং অবিশ্বেষ্ট ত্যাগ করিব্বছিলেন। পরিষদের সঙ্গলিত ব্যাকরণ এবং অভিধান দ্বারা ভাষার স্বাধীন গতিতে ব্যাঘাত করা পরিষং সঙ্গত বোধ করেন নাই; তবে বাঙ্গালা ভাষা কিরূপে উৎপন্ন হইরাছে, সংস্কৃত ও প্রাক্তাদি কোন্ ভাষার নিকট কত্রটুকু ঋণ গ্রহণ করিব্বা বাঙ্গালা ভাষা পৃষ্ট হইরাছে, অত্যাত্ত ভাষার সহিত বাঙ্গালা ভাষার গঠন প্রণালীতে কি প্রভেদ আছে, এই সকল তত্ত্ব নিরূপণের জন্ত বৈজ্ঞানিক প্রণালীর অন্নমোদিত ব্যাকরণ ও অভিধান সঙ্গলন যে নিতান্ত আবশ্রুক, তাহা সাহিত; পরিষং খাকার করিব্বা লইরাছেন। প্রাচীন সাহিত্যের উদ্ধার ও আলোচনার দ্বারা এবং আধুনিক কালের বর্ত্রমান প্রাদেশিক উপভাষা সমূহের পর্য্যালোচনার দ্বারা এই উদ্দেশ্ত সাধিত হইতে পারে, এই বিবেচনাত্র প্রাচীন সাহিত্য প্রচার, গ্রাম্য সাহিত্য প্রচার, প্রাদেশিক শব্দের সঙ্গলন ইত্যাদি কার্য্য পরিষং মুধ্য কর্ত্তব্য রূপে গ্রহণ করিব্রাছেন। ইতিপূর্ক্বে বীমৃদ্ গ্রীন্বার্সন্ হরন্লে প্রভৃতি জনকন্দ্রক ইউরোপীর পণ্ডিত বৈজ্ঞানিক প্রণালীতে বাঙ্গালার ভাষাতত্ত্বর কিঞ্চিৎ আলোচনা করিব্রাছিলেন। কিন্তু বাঙ্গালার ভাষাতত্ত্বত অধিকাংশ সমস্তাই এ পর্যাম্ব অবিচারিত ও অমীমাংদিত রহিরাছে। এই বৃহৎ কর্মক্ষেত্রে সাহিত্য-পরিষৎ কত্রুকু অগ্রদর হইরাছেন, তাহা সভ্যগণের অবিদিত নাই। সর্কাঙ্গ-সম্পূর্ণ বাংকরণ ওজভিধান

সঙ্কলনের এখনও সময় আসে নাই। কিন্তু ঐ কার্য্যের জ্বল্য যে প্রাচ্র উপকরণ সঙ্কলন আবিশ্যক, সাহিত্য পরিষং তাহাতে নিযুক্ত হইয়াছেন।

পারিভাষিক শব্দের অভাব বাঙ্গালার বৈজ্ঞানিক ও দার্শনিক সাহিত্যর উন্নতির পক্ষে একটি প্রধান অন্তরার ইছঃ পরিষং প্রথমেই বুঝিরাছিলেন এবং প্রতিষ্ঠার পরেই বৈজ্ঞানিক পরিভাষা সঙ্কলনের জ্বন্ত সমিতি নিযুক্ত করেন। ঐ সমিতির উল্পোগে পরিষদের দ্বিতীয় বংসরে ভৌগোলিক পরিভাষা সঙ্গলিত ও প্রচারিত হয়। পরিষংপত্রিকায় মধ্যে মধ্যে জ্যোতিষ গণিত রদায়ন উদ্ভিদ্ বিতা প্রাণিবিতা ভূবিতা জীববিত্যা এবং অস্থিবিত্যা সম্বন্ধে পরিভাষা বহু পণ্ডিত কর্তৃক বহুবার আলোচিত হই মাছে। আলোচনার ফলে দেখা গিয়াছে এইরূপ পারিভাষিক শব্দের সম্পূর্ণ এবং প্রামাণিক কোষগ্রন্থ, যাহা আশ্রম করিয়া লেখকেরা গ্রন্থমধ্যে পারিভাষিক শদ্দের বাবহার করিবেন, সেইরূপ কোষগ্রন্থ প্রচারের অভাপি সময় হয় নাই। কাণীর নাগরী-প্রচারিণী-সভা এইরূপ কোষগ্রন্থ সঙ্গলিত ও প্রচারিত ক্ষিয়াছেন। এই প্রদেশে গ্রুমেন্টের শিক্ষাবিভাগের নিযুক্ত পরিভাষা সমিতিও বৈজ্ঞানিক শব্দের তালিকা সঙ্কলন করিতেছেন। সাহিত্য-পরিষৎ নাগরী-প্রচারিণী-সভাকে এবং শিক্ষা-বিভাগের নিযুক্ত সমিতিকে সাধামত সাহায্য করিয়াছেন : কিন্ত তাঁহাদের চেষ্টায় যে সকল পারিভাষিক শব্দের তালিকা প্রস্তুত হইয়াছে. তৎপ্রতি দৃষ্টি করিলেই দেখা যাইবে যে চেষ্টা প্রায় সম্পূর্ণ নিক্ষল হইয়াছে। তাঁহাদের নির্বাচিত শব্দের অধিকাংশই প্রয়োগকালে ছুষ্ট বলিয়া বিবেচিত ইইবে সন্দেহ নাই। কোনও একটি শব্দ ব্যবহারের যোগ্য কি ন। তাহা গ্রন্থরচনা কালে অর্থাৎ প্রয়োগ কালে প্রকাশ পায়। কোনও সমিতি তাডাতাডি শব্দের তালিকা সঙ্কলন করিতে গেলে ঐ সকল শব্দের ৰাবহারের উপযোগিতা তথন সহজে বুঝিতে পারেন না। সাহিত্য-পরিষদের পরিভাষা সম্বলন কার্য্য যে ধীরতা সহকারে অগ্রসর ২ইয়াছে, তাহাদের ছঃখিত হইবার কোনও কারণ নাই। তবে এই কার্য্য যাহাতে একেবারে পিছাইয়া না পড়ে, তদ্বিয়ের সাবধান হওয়া আবশ্যক। গত বংসরে সাহিত্য-পরিষদের সভাপতি মহাশয় স্বয়ং সাহিত্য-পরিষংকে এ বিষয়ে সাবধান করিয়াছেন এবং রাজসাহীতে বঙ্গীয়-সাহিত্য-সন্মিলনের যে অধিবেশন হইমাছিল, তাহার অনুমোদিত পরিভাষা-সঙ্কলন-প্রস্থাব সাহিত্য-পরিষদের উপরেই অর্পিত इहेम्राइ ।

জীবিত বাক্তির রচিত গ্রন্থের সমালোচন। কাণ্য পরিষং শীঘ্রই ত্যাগ করিতে বাধা হন। তদপরিবর্ত্তে প্রাচীন বাঙ্গালা গ্রন্থের সংগ্রহ ও প্রকাশ মুখ্য কর্ত্তব্যমধ্যে গণ্য করিরাছেন,। পরিষদের প্রথম বংসরেই কৃত্তিবাদ কাশীদাস করিকঙ্কণ ও বিভাপতি এই ক্ষেকজ্বনের রচনা পুরাতন পুঁথি দেখিয়া সম্পাদিত করিবার জন্ম চেন্তা আরম্ভ হয়। ৩০০ বংসরেরও অধিক পুরাতন পুঁথি দেখিয়া কৃত্তিবাসের অযোধ্যাকাণ্ড ও উত্তরকাণ্ড প্রকাশিত হইয়াছে। প্রচলিত কৃত্তিবাসীরামায়ণের সহিত তুলনা করিলে এই প্রাচীন কৃত্তিবাসী রামায়ণ সম্পূর্ণ পূথক গ্রন্থ বিলয়াই বোধ হইবে। প্রাচীন লিপির অভাবে অন্ধান্ত কাল্য অভাপি প্রকাশ করিতে পারা যায় নাই। আরপ্র প্রাচীন লিপির সাহাব্য ব্যতীত বাঙ্গালার খনর কবি কৃত্তিবাসের কান্তির উদ্ধার হইবে না। স্বর্গীয় প্রক্রেচন্দ্র বন্দ্যোপাধ্যায় গার্মবদের নিয়োগে কাশীদাসের মহাভারতের সংস্কারে প্রবৃত্ত হইয়াছিলেন। তাঁহার অকালমৃত্যুতে এ কার্য্য স্থগিত থাকে। তিনি যে অসম্পূর্ণ কাপি রাথিয়া গিয়াছিলেন তাহা এবং পরিষদের সংগৃহীত কতিপন্ন পুরাতন পুঁথি ও

অকান্ত পুঁথি আশ্রম করিয়া বঙ্গবাদী কার্যালয় হইতে কাণীদাদের মহাভারতের উৎক্ষ সংস্করণ প্রকাশিত হওয়ায় সাহিত্য-পরিনং এ পর্বান্ত অন্ত সংস্করণ প্রকাশ আবিশ্রক বোধ করেন নাই। কিন্তু আরও পুরাতন পুঁগি পাইলে মাননীয় বিচারপতি . শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়ের সাহায্যে পরিষং মূল কাণীদাদের উদ্ধারদাধনে ক্রতকার্য্য হইবেন, এইরূপ আশা আছে। কৰিকন্ধণের চণ্ডী প্রকাশের চেষ্টা বহুকাল স্থগিত ছিল। সম্প্রতি দামুক্তা গ্রামে কবিকঙ্গণের বংশধরের নিকট রক্ষিত পু'থির সাহায্যে কবিকঙ্কণের কিয়দংশের উদ্ধার হইতেছে। ৺কাণী প্রদন্ন কাবাবিশারদের বিভাপতি বাহির হওয়ার পর সাহিত্য-পরিষৎ বিভাপতি প্রকাশের সমল্ল প্রথনে তাগে করিয়াছিলেন, কিন্তু সম্প্রতি পরিষদের সন্তাপতি গ্রীযুক্ত দার্দাচরণ মিত্র মহাপ্র বিভাগতির যে অভিনৱ সংস্করণ প্রকাশ করিতেছেন, তাহা অচিরেই সাহিত্য-পরিধনের গৌরববন্ধন করিবে। সাহিত্য-পরিষং এ পর্যান্ত যে সকল প্রাচীন গ্রন্থ প্রকাশ করিয়াছেন, তাহার তালিকা সাহিত্য-পরিয়ং-পঞ্জিকা-মধ্যে যথাস্থানে মুদ্রিত দেখা যাইবে। এই কয়বংসরের মধ্যে এতগুলি প্রস্থা প্রকাশ করিয়া পরিষং গর্মবোধ করিতে পারেন, কিন্তু যে বভ্দংখ্যক লুগু-প্রায় অমূল্য গর্ পরিষং কর্ত্তক আবিস্কৃত হইরাছে, দে দনুদ্রের প্রাণ পরিষদের দাব্যাতীত। পরিষদের দপুম বর্ষ হইতে ছই মাস অন্তর প্রাচীন গুড়াবলী বঙ্গঃ প্রকাশের চেঠা হইবাছিল। অর্থাভাবে ঐ চেঠা কয়েক বংসরের পরে পরিভাত হয়। লালগোলার বিভোংসাহী রাজা বাহাছর বার্ষিক ৩০০ টাকা সাহায় না দিলে প্রাচীনগ্রপ্রকাশ হয়ত একেবারেই স্থগিত হইত। তাহার সাহায়ে কয়েক থানি অভি মলাবান্ গ্রও প্রকাশিত হইয়াছে। গত বৎসর পরিষাদর এই বল্লভা বন্ধু বার্ণিক সহোলের পরিমাণ বন্ধিত করিয়া ৮০০, টাকা নির্দিষ্ট করিয়া দিয়াছেন। বিখনত সাহিত্য সেত্রক জীবুজ দেবকুমার রায় চৌধুরী মহাশয় বার্ষিক ৫০১ ীক, সাহায়। অসীকাৰ কৰিয়াছেন। অভাগের পরি দের এই মুখ্য কার্যা আরও দতেবের অগ্যব হট্ৰে ৷

াধান্তর হইতে উংক্র প্রথের অন্বাদ প্রকাশে পরিষং উদাসীন নহেন।
দাহাপ্তিয়ার কুনরে শ্বংক্ষার লাহাত্রের হাহান্তা বেদের অন্তগত জালগ প্রত্যসকলের অন্তাদ
হইতেছে। লক্ষানার লালা বাহালেরে। বায়ে রামান্তলপ্রণিত রহং বেদান্তলায়ের
অন্তাদ হইতেলে। উন্নাল গগনেজনাথ সংক্র নহাশ্যের বায়ে পালি ভাষা হইতে
প্রসিদ্ধ বৌদ্ধান্ত সকলের অনুবাদ প্রকাশ হইতেছে। পরিষং ইহাদের নিকট
চিরক্লভক্ত। এই দক্ষল অস্বাদ গ্রন্থ প্রকাশে বস্পাহিত্য স্থানিস্পান হইবে, সে বিষয়ে
সন্দেহ নাই।

দর্শন বিজ্ঞান ইতিহাসাদি বিশ্যে উংক্ষ এই প্রকাশেও যে পরিষ্থ উদাসীন নহেন, তাহা পরিষ্থ-পিজিকা মধ্যে পারষ্থ-প্রকাশিত গ্রন্থস্থাইর তালিকা দেখিলে বুঝিতে পারা ঘাইবে। এই থানে পরিষদেব এক বিশাল ক্যাক্ষেত্র বিজীর্গ আছে। বাঙ্গালার সাহিত্যসমূদ্ধির জন্ত এবং নেত্রিশক্ষার জন্ত এ বিশয়ে আরও ফতবেগে অগ্রসর হওয়া আবশ্রক। পরিষ্ঠিন বিভগাল বিজ্ঞাণ সহায় ইইলে পরিষ্থ এ ক্ষেত্রেও প্রচুর সফলতা লাভ করিবেন।

দাহিত্য পরিষং-পত্তিক। সন্থান্য সাম্য্রিক পত্তিকা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র প্রকৃতির পত্র হইবে, ইহা প্রিয়ণের কার্যারস্থেই নি, তি হইয়াছিল। কবিতা উপ্রাস ইত্যাদি তর্ম প্রকৃতির সাহিত্য কোনও কালে ইহাতে স্থান পাইবে না, উহা আরম্ভেই স্থির

হয়। পরিধদের তৃতীয় বংশরে নির্দারিত হয় যে কোনও জীবিত ব্যক্তির প্রস্তের সমালোচনা ইহাতে ব'হির হইবে না। দর্শন বিজ্ঞান ইতিহাসাদি বিষয়ে তত্ত্বপূর্ণ ও শিক্ষাপ্রদ প্রবন্ধ বাহির হইতে কি না. ইহাও কিছুদিন ধরিয়া বিচার-বিতর্কের বিষয় ছিল। নিয়মাবলী মধ্যে এ বিষয়ে কোন ও মীমাংসা না থাকিলেও পত্তিকা সম্পাদক-গণের স্থবিবেচনায় পরিষং-পত্তিকার প্রকৃতি নিদ্ধারিত হইয়া গিয়াছে। যে দকল প্রবন্ধে কোনও নতন আবিষ্ণত তথোর অথবা নূতন তত্ত্বের স্থান নাই, তাহা পরিষং-পত্রিকায় গৃহীত হয় না। কেবলমাত্র পুরাতন কথার পুনরাবৃত্তি অথবা পুরাতন কথার অফুবাদ মাত্র যতই শিক্ষাপ্রদ হউক না, পত্রিকায় প্রকাশযোগা বলিয়া বিবেচিত হয় না। বিষয় ও প্রবন্ধ নির্বাচন-বিষয়ে সাহিত্য-পরিষৎ পত্রিকা এসিয়াটিক সোদাইটির এণীলের অনুসরণ করিয়া আদিতেছেন। ইতিহাস, পুরাতত্ব, ভাষাতত্ব, প্রাচীন সাহিত্য, গ্রাম্য-সাহিত্য, সমাজ-তত্ত্ব, জাতি-তত্ত্ব ইতাদি বিষয়ে যে সকল নূতন তত্ত্ব আবিষ্ণুত হইবে, অথবা যে কোনও নতন তত্ত্ব আলোচনাযোগ্য হইবে, তাহা যতই সংক্ষিপ্ত হউক না, পরিবং-পত্তিকায় প্রকাশিত এসিয়াটক দোনাইট বিশাল এসিয়া মহাদেশের চতুঃসীমা মধ্যে আপ-নার গ্রেষণা আবদ্ধ রাথিয়াছেন। সাহিত্য-পরিধং এই বিষয়ে ভারতবর্ষের বাহিরে যাইতে সঙ্কোচ বোৰ কৰেন। মুখ্যতঃ বঙ্গদেশ ও ৰাঙ্গালী জাতি এইবা সাহিত্য প্রিষ্টের তত্বান্ত্রসন্ধান আবন্ধ রহিয়াছে। এই সঙ্গীর্ণ সামান্ত্রেও পরিষ্টের বিশাল কার্যাক্তের প্রসারিত রহিয়াছে। বাঙ্গালা ভাষা কিরুপে উৎপত্তি ও পুষ্টিলাভ করিল, তাহা অভাপি নিরুপেত হয় নাই। বাঙ্গালার প্রাচীন সাহিত্যের অধিকাংশই এখনও অনাবিস্কৃত। জার্প কাট্দিষ্ট প্রাচীন পুর্ণি পত্রের ভিতরে বাঙ্গালা দেশের সামাজিক ইতিহাস প্রচ্ছের <হিয়াছে। বাঙ্গালার গ্রামে গ্রামে অনুসন্ধান করিয়া গ্রিসকল পুথিকে এল আগুন ও কীটের গ্রাস ১ইতে উদ্ধার করিতে ছইবে। পুরাতন মন্দির ও জীর্ণ অট্টালিকার প্রাণাব্যেশ্যের সহিত যে সকল পুরা চন কিংবদন্তী বিজড়িত আছে, তাহাই সাগ্রহ করিয়া, বাঙ্গালার লুগ ইতিহাসের যথাসভ্তব উদ্ধার করিতে ছইবে। ম'হলাস্মাজে প্রচলিত রতক্থা উপক্থা ইতাংদি ২ইতে এবং সামাজিক পূজা উংস্ব ক্রীড়া প্রভতির অভায়র ইইতে, অপিচ বিভিন্ন জংতি বিভিন্ন বুণ বিভিন্ন ্ সম্প্রদায়ের আচার বাবহার রীতি নাতি হইতে বা-সালা জাতির সংঘাংজক ইতিহাস স্ফল্ন করিতে হইবে। প্রাচীন মুদা শিলালিপি প্রাতন দাগল প্রস্তি হইতে বল্পদেশের রাষ্ট্র-গত ইতিহাদ আবিরত করিতে হইবে। বাদাশার ভিন্ন ভিন্ন জেলায় প্রচলিত উপভাষা এবং অপভাষা আলোচনা করিয়া বাঙ্গাল। ভাষার গঠন প্রণালা নির্ব করিতে হইবে। সমুদায় এবং আরও বৃহৎ কার্যা সাহিতা-পরিবদের প্রধান ক্রবা মধ্যে রহিয়াছে। এই কর্ত্তব্যসাধনে সাহিত্য-পরিবং-পত্তিকাই দাহিত্য-পরিয়দের প্রধান মুখপত্ত ।

মাঝে মাঝে অনুগোগ শুনা যায় যে সাহিত্য-পরিষং কেবল প্রাচীন সাহিত্য প্রাচীন ভাষা প্রাচীন ইতিহাসের সঙ্গীণ সীমা মধ্যেই বন্ধ রহিয়াছেন, আগুনিক দশন বিজ্ঞান প্রভৃতির আলোচনায় উদাসীন থাকা পরিষদের পক্ষে উচিত হইতেছে না; পাশ্চাত্য-দেশে বিজ্ঞানাদি শাসে যে সকল আলোচনা ও অংবিকার হইতেছে, সে সকলও পরিষং-পত্রিকার আলোচা বিষয় হওয়া উচিত। এ সক্ষে বক্তব্য এই যে সাহিত্য-পরিষং ভিন্ন ভিন্ন বিষয়ের সন্প্রভ প্রকাশ বাহা ঐ সভা জ্ঞানপ্রদ শাস্ত্র আলোচনা করিতে পারেন এবং করিয়া থাকেন। অথাভাবে এ বিষয়ে পরিষদের চেষ্টা সমাক্ ফলবতী না হইলেও বান্ধালা সাহিত্যের সমৃদ্ধি-দাধনের জন্ম এবং দেশমধ্যা শিক্ষা-বিস্তারের জন্ম দাহিত্য-পরিষং এ বিষয়ে সাধামত চেষ্টা করিতে বাধা আছেন। কিন্তু সাহিত্য-পরিষং-পত্রিকার দাহায়ে দর্শ্ধবিধ জ্ঞানপ্রচার এবং শিক্ষা-বিস্তার করিবার চেষ্টা উপযুক্ত হইবে না, কারণ ইহা একটি তত্তানুস্ফ্রিনী সভার মুখপতা। ছারা সেই সভার কার্যাফল গবেষণার ফল অনুসন্ধানের ফল প্রকাশ করিতে হইবে। বাঙ্গালীর হও হইতে নূতন গবেষদার ফলে যাহা কিছু আবিদার হইবে, পরিষং-পত্রিকা তাহা সাদরে বহন করিতে সর্মানা প্রস্তুত আছে। অত্য দেশের অত্য জাতি কর্তৃক যাহা আবিষ্ণত হই য়াছে বা হইবে, তাহা প্রচারের জন্ত অন্ত পথ মাশ্রয় করিতে হইবে। বঙ্গ-দেশের ভূবিতা, অশ্বরিক্ষ-বিতা, প্রাণি বিতা, উদ্ভিদ্-বিতা প্রভৃতি বিষয়ে নৃতন গবেষণার প্রচুর অবসর রহিয়াছে। বাঙ্গালার এল, বাঙ্গালার মাটি, বাঙ্গালার গাছপালা. * বাঙ্গালার জীবজন্ত প্রভৃতি বিশ্যের তত্ত্ববিদারে বাঙ্গালী বৈজ্ঞানিকেরা এ পর্যান্ত উদাপীন त्रश्चिमारहनः वला वाङ्ला এই সকল विषयात अञ्चनकान कतिया वन्नरामरान বৈজ্ঞানিকেরা যে কিছু নূতন তত্ত্ব আবিষ্কারে সমর্থ হইবেন, সাহিত্য-পরিষ্য-পত্রিকা তাহা সাদরে বলে ধারণ করিতে প্রস্তুত আছে। এনন কি পদার্থ-বিভা রুসায়নাদি শাস্ত্রেও নুতন অহ্মদানের ফ্রপ বাঙ্গালী বৈজ্ঞানিকগণের হস্ত হইতে প্রকাশ করিতে পারিলে, পরিষ্থ ক্রতার্থ ইইবেন এবং পরিষ্থ-পত্রিকাও জীরবারিত ১ইবে। এই অবদরে বঙ্গদেশের যে সকল বিজ্ঞানবিং প্রিত স্বাধীনভাবে নৃত্ন তত্ত্বান্তসন্ধান কার্যো ব্যাপ্ত রহিয়াছেন, ভাহাদের নিকট বল্লীয়-সাহিত্য-পরিবং সাতুন্ধ অভুরোধ জালাইতেছেন, যে তাঁহারা প্রকীয় অন্ত্রস্কানের কল প্রথমে মাতভাষার সাহায়ের সাহিত্য পরিবং-প্রক্রিয় প্রকাশিত ক্ষার্থ্য মাতৃভাষাকে গৌরবানিত ক্রন। তাহা হইলে, তাহাদের নিজের দেশ নিজের ভাষা ও নিজের দাহিত্য জগতের বৈজ্ঞানক সমাজে যশোগেরিবে অলগ্ধত হইবে।

বিধ্বিভাল্যে বালাল্ভ্যা ও বালালা সাহিত্যের আলোচনার প্রবর্তনে বঙ্গীর সাহিত্য-পরিষ্ঠ যে স্থাল্ড। লাভ করিয়াছেন, এই প্রদক্ষে ভারারও উল্লেখ করা যাইতি পারে। সাহেত্য-পরিষ্ঠানর জীবনের বিভাগ বংসরে এ সপ্রেল বিশ্ববিভাল্যে আবেদন করা হুইরাছিল। কিন্তু সে সন্ময় সে আবেদন সম্পূর্ণ সফল হয় নাই। বাঙ্গালা সাহিত্য তে উচ্চ শিক্ষার বিষ্মা হুইতে পারে, ভাগ স্বীকারে বিশ্ববিভাল্যর ভ্রমন ক্ষ্মিত হুইয়াছিলে। বাঙ্গালা ভাষার সাহাত্যে শিক্ষা দান বা পরীক্ষা গ্রহণ প্রেল্ড ভাবে চালতে পারে, এ কগাও ভ্রমন আনেকের নিকট উপহান্ত ইইয়াছিল। উক্ত আবেদনে কেবল এই কুরু কল হইয়াছিল, যে বিশ্ববিভাল্য নিম্নন করিয়াছিলেন, ফার্স্ট আর্ট্য ও বি এ পরীক্ষায় কোনও পরীক্ষারণী ইচ্ছা করিলে বাঙ্গালা রচনা বিব্রে পরীক্ষা দিতে পারিবেন। সম্প্রতি নব সংস্কৃত বিশ্ববিভাল্যের প্রান্তিন। প্রায় করিয়াছেন, ইহা অতীব আনন্দের বিষয়। সম্প্রতি বিশ্ববিভাল্যের প্রবৃত্তি নৃত্ন নিম্নের ফলে মধ্যপরীক্ষায় ও বি এ পরীক্ষায় বাঙ্গালা সাহিত্য প্রত্যেক বাঙ্গালীর অবশ্র পাঠ্য ও অবশ্র শিক্ষণীয় বলিয়া নির্দ্ধারিত হুইয়াছে। প্রবেশিকা পরীক্ষায় শিক্ষাগাল ইচ্ছা করিলে বাঙ্গালা গ্রন্থ ইইতে ভারতবর্ষের

^{*} গতবর্ধে উভিছিদ্যার অপ্তিত পরিশাদর স্থান্ত নিব্রেণ্ডজ ভতাচায়া এন্ এ, মহাশ্য আমাদের চিরপরিচিত শুন্নি শাকের স্থান্ত একচি নৃত্য তথা আবিদার কারেন। এ স্থান্ত তিনি স্ক্রেথ্ড সাহিত্য-পরিষ্টেই প্রবন্ধ পাঠ করেন এবং তাহার উজ্প্রেম্ম গতব্ধের চতুর্থ সংখ্যা সাহিত্য-পরিষ্থ-প্রিকার প্রকাশিত হইয়াছে । আম্রা এ বিধ্যে অপ্রাপ্র বেঞানিক বাধালার দৃষ্টি প্রাথনা করিতেছি।

ইতিহাস অধ্যয়ন করিতে পারিবেন এবং বাঙ্গালা ভাষাতেই উত্তর লিখিতে পারিবেন, ইহাও নির্দ্ধারিত হইরাছে। এই শিক্ষাসংস্থারের জন্য বর্ত্তমান বাইস্ চানসেলরের নিকট সাহিত্য-পরিষৎ চিরক্তজ্ঞ থাকিবেন। সাহিত্য-পরিষৎ আশা করেন যে বাঙ্গালা সাহিত্যের উন্নতির সহিত ভবিশ্যতে এমন দিন আসিবে যে উচ্চশিক্ষার বিষয়ীভূত যাবতীয় শাস্ত্র, যাহা এখন ইংরাজিতে অধীত ও অধ্যাপিত হয়, তাহার অধ্যয়ন অধ্যাপন এবং পরীক্ষা গ্রহণ সমস্তই আমাদিগের মাতৃভাষাতেই সম্পাদিত হইবে।

সভ্যসংখ্যা।—১০০১ মালে ২৯ জন মাত্র সভ্য লইয়া পরিষদের কার্য্য আরম্ভ হইয়াছিল। ১৩০৬ মালের শেষে যথন শোভাবাজার রাজবাটী হইতে কার্য্যালেয় স্থানাম্ভরিত হয়, তথন সভ্যসংখ্যা ৩৫২ ছিল। ১৩১৪ সালের শেষে সভ্য সংখ্যা ৮৮৭ জন হইয়াছিল। আলোচ্য বংসরের আরম্ভে শ্রেণিভেদে সভ্য সংখ্যা এইরূপ ছিলঃ—

আজীবন সভা ----- >
বিশিষ্ঠ সভ্য ---- >
বিশেষ সভ্য ---- ৬
সাধারণ সভা ---- ৭৯০
কলিকাভায় ৪২১
সফস্বলে ৩৬৯

সম্প্র-- ৮ on

আলোচ্য-ব্যের মধ্যে আজাবন সভোর সংখ্যার কোনও পরিবর্তন হয় নাই। কবিবর নবীনচল সেনের পরবোক্তমনে বিশিষ্ট সভা সংখ্যা একজন কমিয়াছে। পণ্ডিত শ্রীষ্ট্রু বিনাদবিধারী কাব্যতীর্থ মহাধ্যের বিশেষ সভা নিপ্রচিত হওয়য় বিশেষসভার তালিকায় সংখ্যা এক জন বৃদ্ধি ধইয়ছে। আলোচ্য-বর্ষে কলিকাতাবাসা মন্ত জন পুরাতন সভোর মধ্যে ম জনের মৃত্যু ধইয়ছে, ১৬ ছন পদত্যাস কনিয়াছেন, এবং ১৫ জনের নাম কলিকাতাতালিকা হইতে মফ্রণের তালিকায় গিয়াছে, এবং ৪ ছন মফ্রণে ধইতে কলিকাতায় আদিয়াছেন; ১৯৫ জনের মৃত্যু, ২ জনের পদত্যাগ এবং ৩ জনের মফ্রণেল ঠিকানা পরিবর্ত্তন হওয়য় বর্ষপেষে কলিকাতায় সভা সংখ্যা মোট ১৯৪ জন ধইয়াছে। মফ্রণের প্রাতন ৩৬৯ জন সভোর মধ্যে ৬ জনের মৃত্যু ধইয়াছে, ৬ জন পদত্যাগ করিয়াছেন, ২ জন কলিকাতায় আদিয়াছেন, ১৮ জন কলিকাতা হইতে মফ্রণেল গিয়াছেন; ১৩৮ জন সভ্য-পদ নৃতন গ্রহণ করিয়াছেন, ইংগদের মধ্যে হইতেও একজনের মৃত্যু ও একজন কলিকাতায় আদায় বর্ষপেষে নফ্রণ্যে সভ্য সংখ্যা মোট ৫০৮ জন দাঁড়াইয়াছে। এতঙির বর্ষারন্তে ছাত্র সভোর সংখ্যা ৬২ জন ছিল, বন্প্রিষ্ঠ ১০০ জন ইইয়াছে। যোড়শ বর্ষের ছাত্র সভোর সংখ্যা ৬২ জন ছিল, বন্প্রেষ্ঠ ৯০০ জন ইইয়াছে। যোড়শ বর্ষের ছাত্র সভোর সংখ্যা ৬২ জন ছিল, বন্প্রেষ্ঠ ৯০০ জন ইইয়াছে। যোড়শ বর্ষের আরত্তে পরিষ্বদের স্ক্রিব্র সভোর সংখ্যা হেট ১১০০ জন হইয়াছে।

মৃত-সভ্যগণ—আলোচ্য-বর্ষে নিম্নোক্ত সভ্যগণের মৃত্যু হইয়াছে:— বিশিষ্ট সভ্য—কবিবর নবীনচন্দ্র সেন।

সাধারণ সভ্য— (কলিকাতায়) ৮হিতেজনাথ ঠাকুর, গ্রামাপ্রসন্ন মতুমদার কালীনারায়ণ সান্যাল, গ্রামালাল দাস, নরেজনাথ দত্ত, রায় রামাপ্রস্কা সান্যাল বাহাত্র, মন্মথনাথ দত্ত, অফুকুলচক্র বস্তু, স্করেশচক্র বিশাস ও রায় বিপিনবিহারী মিত্র এবং (মক্ষলে) জ্রাশচক্র মজুমদার, সাহিত্য-বিভূষণ জৈনবৈত্য গিরিশচক্র লাহিড়ী, দীননাথ গঙ্গোপাধ্যায়, কেদারনাথ মজুমদার, থগেজনারায়ণ দাস, ধ্যেগেজ নারায়ণ মুলী।

এতছিল আলোচ্য-বর্ষে নিন্নলিথিত প্রাদিদ্ধ সাহিত্য-সেবিগণের মৃত্যু হইয়াছে, ইহারা বঙ্গীম-সাহিত্য-পরিষদের সভা ছিলেন না, কিন্তু ইহাদের মৃত্যুতে পরিষৎ বঙ্গসাহিত্যের ফতি অনুভব করিয়া মথাবথ সময়ে বিভিন্ন মাসিক অধিবেশনে শোক প্রকাশ করিয়াছিলেন : রাজা মহিমারঞ্জন রাম চৌধুরা, মোগেল্রনাথ চটোপাধাায়, পণ্ডিত গ্রামলাল গোসামী, পূর্ণচল্র বস্কু, নগেল্রনাথ ঘোষ।

কবিবর নবীনচলু সেন মহোদন্ত গত ১০ই মাঘ তারিথ পরলোক গমন করিয়াছেন। নবীনচক সাহিত্য-প্রিয়দের প্রতিষ্ঠার দিনে একতম বিশিষ্ট প্রাক্সপে নির্মাচিত হইয়াছিলেন। পরিবদের প্রথম তিন বংদর তিনি পরিবদের সহকারা সভাপতি ছিলেন। সেই সময়ে রাজ-কাষ্যোপলক্ষে তিনি কলিকাতায় উপস্থিত থাকায় পরিষদের মাসিক অধিবেশনে ও কার্যানির্না-হক স্মিতির অধিবেশনে উপস্থিত পাকিতে পারিতেন। তাঁহার উপদেশ এবং যত্ন পরিষদের বাল্যজীবনে প্রচুর সহারতা করিয়াছিল। পরিষদের প্রতি ঠাহার যে প্রকৃত মমতা ছিল, নানা বিষয়ে তাহার পরিচয় পাওয়া যাইত। পরিষদের তৃতীয় বংশরে তাহারহ প্রস্তাব-ক্রমে বিভালরের শিক্ষাপ্রণালীর সংশোধনাথে পরিষ্থ উন্যোগী হইয়াছিলেন। মুখ্যতঃ তাঁথারই উল্পোগে পরিষং হইতে এই উলেশে বিধবিভালয়ের নিকট এবং শিক্ষাবিভাগের ডিজেক্টার মহোদয়ের নিকট আবেদন খেরিত হয়। তৃতীয় ও চতুর্থ বংদরে দভার বাংসরিক কার্য্যবিবরণীতে এবিষয়ের কলাফল প্রকাশিত হইয়াছে। তাংকালিক ডিরেক্টার মাটিন সাহেব অনেক বিষয়ে পরিধদের উদ্দেশ্যের অনুনোদন করিয়াছিলেন। কিছুকাল পরে ঞীযুক্ত পেড্লার সাহেবের সময়ে গ্রন্মেণ্ট কভ্ক নিয় শিক্ষার যে সংস্কার সাধিত হয়, তাহাতে পরিষদের আবেদন অধিকাংশ গৃহীত ২ইয়াছিল। বিশ্ববিভালয় পরিষদের আবেদন বিচার করিয়া এম্ এ পরীক্ষার সংস্কৃত পাঠোর নাহিতা প্রবান ও দর্শন প্রধান এই ছই শ্রেণী-ভেদ করিয়াছিলেন। বাঞ্চালা সাহিত্যে কবিবর নবীন চক্রের স্থান কত উচ্চে, তাহা নির্দে-শের কোনও প্রয়োজন নাই। তাঁথার মৃত্যুর পর সমস্ত বঙ্গদেশের জনসাধারণ গভীর শোক

প্রকাশ পূর্বক বাঙ্গালা সাহিত্যের যে অভাব হইল, তাহা প্রকাশ করিতে চেষ্টা করিয়াছেন। কবিবরের মৃত্যুতে শোকপ্রকাশ ও তাঁহার স্তিরক্ষার ব্যবস্থার জন্য ৯ই ফাল্পন তারিথে পরিষদের বিশেষ অধিবেশন আহত হইয়াছিল। দেশের গণ্যমান্য লোকে ঐ অধিবেশনে উপস্থিত হইয়া কবিবরের জন্য শোকপ্রকাশ এবং তাঁহার স্থৃতি রক্ষার ব্যবস্থার জন্য সমিতি গঠিত করিয়াছেন। এই সমিতি আশা করিতেছেন, কবিবর হেমচল্রের মর্ম্মর মৃত্তির পার্যে কবিবর নবীনচক্রের মর্ম্মর মৃত্তির পার্যে কবিবর নবীনচক্রের মর্ম্মর মৃত্তির পার্যে কবিবর নবীনচক্রের মর্ম্মর স্থিতি হইয়া সাহিত্য-পরিষদের মন্দির অলঞ্কত করিষে।

৺হিতেজনাথ ঠাকুর—ইনি মহিন দেবেজনাথ ঠাকুরের তৃতীয় পুত্র ৺হেমেজনাথ ঠাকুরের জ্যেষ্ঠ পুত্র ছিলেন। হিতেজ্ব বাবু স্থকবি, সঙ্গাত শান্তে বিশেষ অভিজ্ঞ এবং চিত্রবিভায় পটু ছিলেন। তাঁহার রচিত 'ত্রিশ্ল' নামে একখনি কোষকাব্য ছাপা হইয়াছে। ভারতা বালক সাধনা পুণ্য প্রভৃতি মাসিক পত্রিকায় তাঁহায় নানাবিধ গভ পত্ত রচনা প্রকাশিত হইয়াছে। সঙ্গীতে তাঁহার বিশেষ অধিকার ছিল। তিনি সরল সদানক এবং অমায়িক লোক ছিলেন। তাঁহার মৃত্যুতে সাহিত্যের বিশেষ ক্ষতি হইয়াছে।

ভনমথনাথ দত্ত এম্ এ, এম্ আর এ এম্—মন্নথ বাবু পরিষদের একজন পুরাতম সদস্ত এবং ইহার বিশেষ হিতৈষী ছিলেন। সাহিত্য-দেবাই ইহার জীবনের এত ও প্রধান জীবিকা ছিল। মন্নথ বাবু বেদ উপনিষং পুরাণ দর্শন রামায়ণ ও মহাভারতের ইংরাজি অনুবাদ প্রকাশ করিতেন, ইংরাজিতে ভারতীয় বিভার গৌরব প্রকাশার্থ মাসিক পত্রিকা প্রকাশ করিতেন এবং কিছু দিন Queen নামে একথানি সাপ্রাহিক ইংরাজি পত্রও প্রকাশ করিয়াছিলেন। বাঙ্গালা সাহিত্যের পুষ্টিকরে তিনি সাজাং সম্বন্ধে কিছু না করিলেও বাজালা সাহিত্যে তাঁহার যথেও অন্বাগ ছিল। স্থপ্রসিজ কেশব একাডেমি নামক স্থলটি ঠাহার আর একটি কীত্রি।

৮গিরিশচন্দ্র লাহিড়ী উত্তরবঙ্গের একজন খাতনাম। সাহিত্যপেনী ছিলেন। পরিণত বয়সেও সাহিত্যচর্চার তাহার গ্রহের হার উংসাহ ছিল। ২০১৪ সালে কানীনবাজার বজায় সাহিত্য সন্মিলনে স্বয়ং উপস্থিত হইয়া উংসাহের সহিত্য যোগ দিয়াছিলেন এবং উদ্দীপনান্ময় ভাষায় পর বংসরের জন্ম সাহিত্য সন্মিলনকে রাজসাহীতে নিমন্ত্রণ করিয়াছিলেন। ছংথের বিষয় তিনি আপনার জেলায় সেই সাহিত্যসন্মিলনের অধিবেশন দেখিতে পাইলেন না। স্থানীয় ইতিহাস সঙ্কলনে তাঁহায় বিশেষ আগ্রহ ছিল। রাণী ভবানীর জীবন চরিত লিখিবার জন্ম তিনি অনেক উপকরণ সংগ্রহ করিয়া গিয়াছেন, নাটোর রাজবাটীর সহিত্য সম্পর্ক থাকায় এই সঙ্কলন কার্যো তাহার বিশেষ স্থবিধা ছিল। তাহার সংগৃহীত উপকরণ অবলম্বন করিয়া দেই প্রাতঃম্বরণায় নায়ীয় অপূর্ক্ষ চরিতাখ্যান রাজসাহীর কোন কত্বিদ্য ব্যক্তি রচনা করিলে বঙ্গানশ উপক্রত হইবে সন্দেহ নাই।

তকালীনারায়ণ সান্যাল মহাশয় উত্তর বজের অন্তর্গার ছিলেন। বছবংসর পূর্বেইনি "ভারতমিছির" নামক সংবাদপত্র প্রকাশ কলেন, লর্ড লিটনের মুদ্রাযন্ত্র আইনের প্রবর্তনে সেই পত্র উঠিখা যায়। স্থলভ মূল্যে প্রাচীন শাস্থ্রভার প্রকাশ সঙ্কল করিয়া তিনি বাল্মীকিপ্রণীত মূল রামায়ণ প্রচার আরম্ভ করিয়াছিলেন। কলিকাতায় ভারতমিছির মুদ্রাযন্ত্রের স্বাধিকারী রূপে তিনি সাহিত্যসমাজে স্থপরিচিত ছিলেন। সাহিত্য-প্রিষ্থ-প্রত্বিগ

বহুদিন ঐ যন্ত্রে মুদ্রিত হইয়ছিল। মুদাযন্ত্র সম্পর্কে অনেক সাহিত্যসেবী তাঁহার নিকট ঋণী। হৃঃস্থ গ্রন্থকার প্রণীত সন্গ্রন্থ প্রকাশে তিনি নানাবিধ আরুক্ল্য করিতেন; বাঙ্গালা সাহিত্যের কোন কোন প্রদিদ্ধ গ্রন্থ আরুক্ল্য না পাইলে সম্ভবতঃ প্রকাশিত হইত না। সাহিত্য-পরিষংকে তিনি শ্রন্ধার চোথে দেখিতেন; পরিষদের গৃহনিশ্বাণ বিষয়ে সাহায্য ভিক্ষার জন্ম তিনি অনেক ধনশালী ব্যক্তির ঘারস্থ ইইয়াছিলেন।

ভারার রামব্রহ্ম সান্তাল বাহাত্র আলিপুর পশুশালার অধ্যক্ষরপে দেশবিদেশে পরিচিত ছিলেন। প্রাণিবিদ্যাবিষয়ে তিনি বঙ্গদেশে অন্ধিতীয় ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। প্রাণিত্র সদক্ষে তাঁহার ইংরেজি প্রবন্ধ পণ্ডিতসমাজে আদৃত হইত। বছবৎসর পশুশালার অধ্যক্ষ থাকিয়া তিনি প্রাণিবিদ্যায় যে অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন, তাহার ফলস্বরূপ তিনি Handbook of Animals in Captivity নামক যে গ্রন্থ রচনা করেন, তাহা ইউরোপে সবিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। পরিষদের বর্ত্তমান সম্পাদকের সহিত তিনি পরিশদের উন্নতি স্বক্ষে বত্ আলোচনা করিতেন ও উপদেশ দিতেন। অবিবেশনে উপস্থিত হউতে না পারিলেও পরিষদের প্রতি তাঁহার শুকা ছিল। বঙ্গদেশের জীবজন্তর পারিভাষিক নাম সঞ্চলন করিয়া পরিষদ্যক সাহায্য করিবার ইচ্ছা সম্পাদকের নিকট প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তাহার অকাল্যভাতে পরিবার যে সাহায্যলাভে বঞ্চিত হইলেন।

ভারা প্রসন্ন মজ্মদার বিধবিভালয়ে ছাত্ররূপে খাতি লাভের পরে ইচ্চ বিভালয়ে পাশ্চাত্য দর্শনশান্ধের অধ্যাপনারারা বশসী হইয়াছিলেন। হাইকোর্টে ওকালতি ব্যবসায়েও তিনি প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। পরিষদের কার্যো সাঞ্চাং ভাবে যোগ দিতে না পারিলেও তিনি প্রিষ্টের শুকাবান ব্য ছিলেন।

ে প্রাশ্চন্দ্র মত্ননারের থাতি সাহিত্যসমাজে প্রতিষ্ঠিত। তাঁহার রচিত উপন্থাসগ্রন্থ প্রদি বালাবার সাহিত্য সংপ্রিভাবে ক্রিডাবে ক্রিডাছে। ব্রিজ্ঞাবার্ তাঁহার হতে বঙ্গদশনের সম্পাদন ভার অর্পণ করিয়া থান। কয়েক বংসর বন্ধের পর প্রীশবাব্র ইচ্ছায় ও উপোগেই বঙ্গদশনের নৃতন প্যাধ্যের প্রকাশ আর্ড হয়। এই নতন প্রাধ্যের ভাহার রচিত উপাদেয় প্রবন্ধ প্রকাশিত হইতেছিন। ব্রিজ্ঞাব্র জীবনচ্রিতের অনেক উপকরণ তিনি রক্ষা করিয়াছিলেন; তাহার কিয়ন্দ্র সাধ্যাহ্র হইয়াছিল। জীশবাব্র ভাষ সাহিত্য-সেবীর অকালমৃত্যুতে সাহিত্যের যথেই ক্রিভ হইয়াছে। সাহিত্য-পরিশং তজ্জ্ঞ পরিত্পা তাহার চিত্তের জ্ঞা পরিসং তাহার লাতা শ্রীশত শৈলেশচন্দ্র মত্নদারের নিক্ট ক্রত্ত্ব।

ভাননাথ গলোপাধারের নাম বাঙ্গালা সংহিত্যে অপরিচিত ছিল না। প্রবীণ বন্ধদেও তিনি উৎসাহের সভিত সাংহতা চল্টা কবিতেন। তাঁহার রচিত প্রবন্ধ অনেক সাময়িক প্রিকায় আদরে গৃহীত হইত। দেশ নুমণে তিনি হিন্দুসমাজ সধ্যে প্রচুর অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছিলেন। এদিকে ধ্যমহামগুলীর সংগ্রেক আসিয়া হিন্দান্তের ম্যা প্রচারে মনোযোগী হইয়াছিলেন। হালিসহরে রামপ্রদাদ মেনের অতিচ্ছ তাপনে ইনি প্রধান উত্যোগী ছিলেন।

তকেদারনাথ মজুনদার —কুচবিহারাধিপতির পূর্ত্তসচিব ছিলেন। বাঙ্গাল াহিত্যে ইহার বিশেষ অনুরাগ ছিল। কিছুদিন হুইল ইনি এবং আত্র কতিপন্ধ বাঙ্গালী অধাবসান্ধনীল ব্যক্তি বিলাতে থাকিয়া লগুননগরে একটি ভারতীয় পণোর যৌথকারবার স্থাপনের চেষ্টা করিতেছিলেন। তাহার অনুষ্ঠান-পত্র প্রচারিত ও কারবারের অংশ বিক্রম আরম্ভ হইবার পর এই উল্যোগী-পুরুষের মৃত্যু হইয়াছে। ইনি পরিষদের একজন পুরাতন সভা।

ভরালা মহিমারঞ্জন রায় চৌধুরী কেবল উত্তরবঙ্গের কেন, সমুদয় বঙ্গদেশের গৌরবস্থল ছিলেন। বিবিধ সংকার্যা তাঁহার ব্যাতি চিরপ্রতিষ্ঠিত করিয়াছে। রঙ্গপুর শাধাপরিষদের সভাপতিরূপে তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ঘনিষ্ঠ সম্পর্কে আদিয়াছিলেন। শতাঁহার নেতৃত্বে শাধাপরিষং যে গৌরবণাভ করিয়াছে, তজ্জ্জ্ বঙ্গীয়-সাহিত্য-পরিষংও তাঁহার নিকট চিরপ্রণী। বঙ্গীয়-সাহিত্য-পরিষংও তাঁহার নিকট নানা উপকার প্রত্যাশা করিতেন; পরিতাপের বিষয় সে আশা পুর্ণ হইল না।

৺জৈন বৈভা রাজপুতান। জয়পুরের অধিবাদী হইয়াও বদীয়-দাহিতা-পরিষদের সভ্য পদ প্রহণ করিয়াছিলেন, ইহাই তাঁহার বাদালা দাহিত্যের প্রতি অহ্বাগের যথেষ্ট পরিচয়। তাঁহার ভায় পরিষদের অহ্রজ সভা বাদালার মধ্যেও বিরশ। সম্প্রতি জৈনধর্ম সম্বন্ধে বাদালা ভাষায় রচিত উংক্রই প্রবন্ধের জন্ত তিনি প্রস্কারের বাবস্থা করিয়। বাদালা সাহিত্যের অভ্যাগের আরও উংক্রই পরিচয় দিয়াছিলেন। ঐ প্রস্কার দানের ভার পরিষদের প্রতিই অপিত হইয়াছিয় এবং পরিষং প্রস্কারণানের বাবস্থার জন্ত সমিতি নিযুক্ত করিয়াছিলেন। প্রস্কারদাতার অকালমূক্তাতে পরিষং কুর হইয়াছেন, ইহা বলা বাহুয়া।

ত্যোগেলনাথ চট্টোপাধার প্রদিক উপন্যাগলেথকরপে বহুলোকের নিকট পরিচিত ছিলেন। সংবাদপত্রের সম্পক্তে থাকিয়া তিনি সাহিত্যের প্রচর উপকার করিয়াছেন। ইংহার অক্লেম্কুড়েও সর্ধুথা শোচনায়।

চ্পূৰ্চক বহুর নাম বাজালা সাহিত্য সন্লোচকগণের মধ্যে অতি উচ্চে অবস্থিত ছিল। ইনি বঙ্গিমচক্রের কাব্য সমালে:চনা ছারা প্রতিষ্ঠা লাভ করেন; তাঁহার কাব্যস্ক্রী গ্রন্থ সাক্রি আনুত হইয়াছিল। প্রব্রী কালেও চিন্তাপূর্ণ বিবিধ গ্রন্থ রচনায় ইনি সাহিত্যকে অবসূত করিয়া গিয়াছেন।

ভনগেলনাথ ঘোষের মন্ধিতা মাতৃভ্যার দেবয়ে নিব্রুন। হললেও তিনি বাঙ্গালা সাহিত্যের অন্তর্গুত ভরু ছিলেন। তাহার সংপাদিত ইতিয়ান নেশন পরিকাষ ইহার ভূরি নিদশন পাওয়া যাইত। সাহিত্য-পরিষদের শৈশবে তিনি পরিষদের সভ্য ছিলেন। সাহিত্য-পরিষ শোভাবাজার রাজবাড়া হইতে উটয়া মাণিনে পরিষদের সভত তাহার স্বন্ধ বিচ্ছিল হয়! যিনি লোকশিকার রত গহণে জ্বন্যপেন করিয়াছেন এবং সাহিত্য-পরিষদের বত্সভা যাহাকে শিকাও গ্রাকার করিয়া গোরা বোধ করেন, তাহার অকালমুত্যুতে সাহিত্য-পরিবিহ যে বিশেষ করে হয়য়াছেন, তাহা বলা বাত্না।

তরায় বিপিনবিহারী মিও পরিবদের একজন প্রতিন সভা এবং বিশেষ হিতৈষী ব্রুছিলেন। পরিবদের প্রতি ই'হার যথেই শ্রুষা ও সত্রাগ ছিল। হনি পরিষদের স্থায়ী ভাণ্ডারে ৫০০ শত টাকা দিতে প্রতিশ্রত হইয়াছিলেন; এরপ হিত্যো ব্রুকে হারাইয়া পরিসং বিশেষ ক্ষতিগ্রস্থ হইলেন।

কার্য্য নির্বাহক-সন্মিতি -- মালোচা বর্ণ নিম্লিখিত ব্যক্তিগণ কার্য্য নির্বাহক-সমিতির সবস্ত ছিলেন, -

মাননীয় বিচারপতি জীপুজ ধারণচেরণ বৈভ তুন্ এ, বি এল্ (সভাপতি) " অভেতোম বিধেষ্ণাধ্য সর্স্তী সহকারী

সভাপতি

শ্রীয়ক ব্যান্ত্রনথে ঠাকুর-- — সহকারী সভাপতি রায় যতান্ত্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, সহকারী সভাপতি গ্রীষুক্ত রামেক্রস্কর ত্রিবেদী, এম্ এ, সম্পাদক

- " ব্যোমকেশ মুস্তফী
- "হেমচক্র দাদগুপ্র এম্ এন্ আর এ এদ 🖁 সহকারী
- " রাথানদাস বন্দ্যোপাধ্যায় বি এ
- " নগেক্তনাথ বম্ব প্রাচ্যবিত্যামহার্ণব-পত্রিকা-সম্পাদক
- "হীরেক্তনাথ দত্ত বেদান্তরত্ন, এন্ এ, বি এল্—ধনরক্ষক
- " সত্যভূষণ বন্দ্যোপাধ্যায় গ্রন্থরক্ষক
- ্ৰ খগেন্দ্ৰনাথ মিত্ৰ. এম এ—ছাত্ৰসভ্য-পরিদর্শক

মহামহোপাধাার ডাকোর ঐানুক সতীশচক্র বিভাভূষণ, এন্ এ, পি এচ্ ডি ঐাযুক স্বরেশচক সমাজপতি

- " কুমার শরংকুমার রায় এম্ এ
- " देनदन्नात् मञ्जूमनात
- ্ৰ রায় বৈকুণ্ঠনাথ বস্থ বাহাওর
- ্ৰ ক্ষীরোদপ্রসান বিস্তাবিনোদ এম এ
- .. অমূল্যচরণ নেটা বিভাভ্যণ
- " यारागन्छनः वञ्च वि এ
- ু চালচন্দ্ৰস্থ
- ্ৰ বিহালালাল সরকার
- ু অমৃতলাল মলিক বি এল
- , সন্মথমোহন বস্ত্র বি এ, ।

এতখাতীত শ্রান্ত গৌরাশন্তর দে এম এ, এবং শ্রীনৃক্ত ললিতচক্ত মিত্র এম্ এ আয়-বায়-পরীক্ষক ছিলেন। আলোচা বর্লে মাননীয় সভাপতি শ্রীনৃক্ত সারদাচরণ মিত্র মহাশয় নানা কাগে ব্যাপ্ত থাকিয়াও সেরপ ঐকান্তিক য়য়দহকারে কার্য্য-নির্ন্ধাহক সমিতির অধিবেশনে উপন্থিত থাকিতেন এবং শৃগ্রালার সহিত উক্ত সমিতির পরিচালনা করিতেন, ভজ্জার সাহিত্য-পরিষ্য হাহার নিক্ট চির-ক্রভ্রত্ত। এবার কার্য্য-নির্ন্ধাহক-সমিতিকে যে সকল দায়িয়ণ্ ক্যা সম্পাদন করিতে হইয়াছে, সভাপতি মহাশয়ের উপদেশ এবং পরিচালনা ব্যতীত ভাষা স্পশ্রমণে নির্দ্ধাহিত হইত না সাহিত্য-পরিষ্য নবগৃহ প্রবেশের পর সভাপতি মহাশয়তে অভিনন্দনপত্র দারা কর্যাছেন।

ভতুদ্দশ-বার্হিক-অহিবেশন-গত বংদর ২৭ শে বৈশাথ র'ববার অপরায়ে পরিষদের চতুদশ বার্ষিক অধিবেশন ইইয়াছিল। অন্তম সহকারী সভাপতি শ্রীযুক্ত রায় বতীক্তনাথ চৌধুরা মহাশয় সভাপতির আদন গ্রহণ করেন। সম্পাদক শ্রীযুক্ত রামেক্রফ্রনর ত্রিবেদী মহাশয় বেট দিন পত্রধারায় বিজ্ঞাপিত করেন যে লালগোলায় রাজা শ্রীযুক্ত বোগেক্রনারায়ণ রায় বাহাত্র পরিষং মন্দিরের দ্বিতীয় তল নিমাণের সমুদায় বায় দশহাজার আটায় টাকা দান করিতে দয় হইয়াছেন। রাজা বাহাত্রকে এই জন্ত ধন্তবাদ দেওয়ার পর বার্ষিক নির্দিষ্ট কার্য্যাদি সম্পায় হয়। তৎপরে শ্রীযুক্ত মমূলাচরণ ব্রেষি মহাশয় ১৩১৪ সালের বঙ্গাহিত্যের বিবরণ পাঠ করেন।

আধাৰণ অভিবেশন—গত বংসরের সাধারণ মাসিক অধিবেশন যথা—

ণঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ। (২) জলস্থিত ও স্থলস্থিত ওধুনি শাকের বিবরণ—শ্রীযুক্ত নিবারণচক্র ভট্টাচার্য্য

(গ) 'মধু কান'---রায় শ্রীযুক্ত লক্ষীনারায়ণ

এম্ এ।

আচা।

সাধারণ আধবেশন যথা—		
۵	অধিবেশন,—৩২ ক্রৈচ্চ রবিবার—	প্রবন্ধ
	•	(ক) কাশীরাম দাস ও বঙ্গসাহিত্যে তাঁহার
		স্থান—শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায়।
		(খ) তুঙ্গরাজবংশের তামশাসন শ্রীযুক্ত
		নগেৰুনাথ বস্থ <u>প্ৰাচ্যবিভামহাৰ্ণ</u> ব।
ર	স্থিবেশন, — ৪ঠা শ্রাবণ রবিবার-—	(ক) বাঙ্গলার উপদর্গব্যোমকেশ মুস্তফী।
		(থ) তারকেশ্বর তীর্থ ও তাহার আবিষর্ত্তা
		—- ≛ায়্ক্ত রাজকুমার বেদতীর্থ।
૭	व्यवित्वन,—>৮ भावन, त्र ^{वि} वर्गत—	(ক) প্রাচীন বাঙ্গালা ভাষার উৎকল
		শব্দের সমাবেশ—শ্রীযুক্ত অতৃলক্ষা
		গোস্বামী।
		(খ) ধ্যমঙ্গলপ্রণেতা মাণিক গাঙ্গুলী—
_		শ্রীবোগেশচক্রায় এম্ এ।
8	षरित्रन्न,१ ভाज त्रविवात	(क) আয়্রেদোক ক্ষার ও লবণ— শ্রীয়ুক্ত হুর্গানারায়ণ সেন শাস্বী।
		গ্যানারারণ বেন শাসা। (থ) শৌলিক রাজবংশের ভাষ্থাসন
		শ্রিষ্ক নগেশুনাথ বস্তু।
æ	অধিবেশন,—২১ ভাদ্র রবিবার —	(ক) ময়নামতীর গান—-শ্রীযুক্ত বিশ্বেধর
		ভটাচাযা বি এল্।
		(থ) বাঙ্গাগায় ইংরাজ বণিকের কুঠি
		শ্রীযুক্ত অধিনীক্মার দেন।
৬	অধিবেশন,—২৬ পৌষ রবিবার—	কে বৈজ্ঞানিক পরিভাষা—শ্রীযুক্ত দারদা-
		চরণ মিত্র এম্ এ, বি এল্।
٩	অধিবেশন,—২৫ মাঘ রবিবার—	(ক) মহারাজ গোবিন্দচন্দ্রের গোগসাধন
		গান— <u>ভা</u> ষুক্ত নগেক্তনাথ বন্ধ।
		(খ) বিক্মপুরের মহিলারত—শ্রীযুক্ত
		যোগেজনাথ গুপ্ত।
		গ) নাগরাক্ষরে লিখিত বাঙ্গালা মনসা-
	enterment	মঙ্গণ শ্রীযুক্ত বসস্তর্ঞ্জন রাধ।
b	অধিবেশন,> চৈত্র রবিবার	(ক) নারায়ণদেবের "পদ্মাপুরাণ" — জীঘুক্ত

৯ অধিবেশন--৮ हैठल दविवाद-

- (ক) ম্যালেরিয়া জ্বরে লোকক্ষয় ও তাহার প্রতিকার—শ্রীয়ুক্ত চিত্তয়থ সাঞ্চাল।
 - (খ) সিলেট নাগরী—গ্রীষুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ।
 - (গ) একটি পুরাতন হুর্গ— এই ফুক স্থ-বিন্দু সেন।

১০অধিবেশন—২২ চৈত্ৰ ববিৰার—

- (ক) শঙ্করাচার্যা তৃতীয় প্রস্তাব—শ্রীয়ুক্ত অমৃলাচরণ ঘোষ বিভাভ্ষণ।
- ১৫৭ বার্ষিক অধিবেষন—২৬ বৈশাথ ংবিবার—(ক) সভাপতির অভিভাষণ— শ্রীযুক্ত সারদা-চরণ মিত্র।
 - (খ) ১৩১৫ সালের বঙ্গসাহিত্যের বিবরণ—শ্রীযুক্ত অমূলাচরণ খোষ বিভাভূষণ। বার্ষিক কার্য্যবিবরণী পাঠ ও ১৩১৬ সালের কন্মচারী নিয়োগ ও কার্য্য-নিকাহক সমিতি গঠন।

প্রবন্ধ পাঠ ব্যতীত ঐ সকল অধিবেশনে অক্সান্য কার্যাও ইইয়াছিল। প্রথম অধিবেশনে শীযুক্ত নগেন্দ্রনাথ বস্তু উড়িষ্যায় প্রাপ্ত ছইথানি তার্যাদ্যন দেখাইয়া তুঙ্গ বংশ নামক প্রাচীন রাজবংশের আবিবার বিজ্ঞাপন করেন। তৃতীয় অধিবেশনে বিজ্ঞাপিত হয় যে পরিবদের পরমহিতৈয়ী লালগোলার রাজাবাহাদ্র তংকত বার্ষিক সাহায্য ৩০০ ইইতে পরিবদের পরমহিত্যী লালগোলার রাজাবাহাদ্র তংকত বার্ষিক সাহায্য ৩০০ ইইতে ৮০০ টাকা বাড়াইয়া দিয়াছেন। চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্তু মহাশম্ম উড়িয়ায় প্রাপ্ত আর একখানি তার্মালিপ দেখাইয়া শৌল্লিক বংশ নামক আর একটি ব্যালার অপথিকার বিজ্ঞাপিত করেন। ষঠ মাসিক অধিবেশন পরিষদের নতন মন্দিরে রাজবংশের অপবিকার বিজ্ঞাপিত করেন। ষঠ মাসিক অধিবেশন পরিষদের নতন মন্দিরে হয়। এই অধিবেশনে ছইশত বাটি জন নতন সভ্য প্রপ্তাবিত হয়েন। তাঁহাদের অনেকেই সভাপদ স্বীকার করিয়াছেন। এই দিন সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রমূলর তিবেদী পরিষদের পক্ষ হইতে মাননায় সভাপতি মহাশম্মকে অভিনন্দন পত্র প্রদান করেন। উহা পরিশিষ্টে মুদ্রিত হইল। সপ্তম অধিবেশনে শ্রীযুক্ত বসন্তর্গ্তন রায় মহাশয় বাঙ্গালা উহা পরিশিষ্টে মুদ্রিত হইল। সপ্তম অধিবেশনে শ্রীযুক্ত বসন্তর্গ্তন রায় মহাশ্য বাঙ্গালা ভাষায় রচিত আপচ দেবনাগর অক্ষরে লি.এত মনসামঙ্গল পুঁথি প্রদর্শন করেন। নহম ভাষায় রচিত জ্বাচ চিতুম্বর্থ সানাল মহাশহ্ম কত্তক মাালেরিয়া জর সংক্রোন্ত প্রবন্ধ পাঠের পর অধিবেশনে শ্রীযুক্ত চিতুম্বর্থ সানাল মহাশহ্ম কত্তক মাালেরিয়া জর সংক্রোন্ত প্রবন্ধ ছবির ছারা ম্যালেরিয়া জ্বেরর উৎপত্তির কারণ প্রভৃতি বুঝান হয়।

বিশেষ অধিবেশন হিয়াছিল। কতিপয় সভ্যের অনুরোধে ওঠা মাঘ রবিবার প্রথম অধিবেশন অধিবেশন হইয়াছিল। কতিপয় সভ্যের অনুরোধে ওঠা মাঘ রবিবার প্রথম অধিবেশন আহ্ত হয়। অন্যতম সহকারী সভাপতি শীযুক্ত রবীক্তনাথ ঠাকুর মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। গবর্মেণ্ট কলা-িয়ালয়ের ভূতপূর্ব অধাক্ষ শীযুক্ত ই, বি, আসন গ্রহণ করেন। গবর্মেণ্ট কলা-িয়ালয়ের ভূতপূর্ব অধাক্ষ শীযুক্ত ই, বি, আসন গ্রহণ করেন। গবর্মেণ্ট কলারসাধন করিয়া ঐ রীতির পুন:প্রতিষ্ঠার জন্ম হেবেল মহাশয় ভারতীয় কলা রীতির উদ্ধারসাধন করিয়া ঐ রীতির পুন:প্রতিষ্ঠার জন্ম বে

বেশনে স্থির হয়, যে পরিষদের পক্ষ হইতে হাবেল সাহেবকে অভিনন্দন পতা দেওয়া হইবে, এবং তাঁহার স্থৃতিচিহ্নস্বরূপ একথানি চিত্র পরিষৎ-মন্দিরে স্থাপিত হইবে।

কবিবর নবীনচক্র সেনের পরলোকগমনে শোকপ্রকাশার্থে ৯ই ফাল্পন রবিবার দিতীয় অধিবেশন মাহ্ত হইয়াছিল। শ্রীস্ক্র রায় যতীক্রনাথ চৌধুরী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সার গুঞ্লাস বন্দোপাধ্যায় ডাক্তার প্রফুল্লচক্র রায় মহাশয় প্রভৃতি বহু মান্তগণা লোকে সভার কার্যো যোগ দান করিয়াছিলেন। কবিবরের শ্রতি রক্ষার জন্ত যে সমিতি গঠিত হইয়াছে, শ্রীসুক্র হীরেক্রনাথ দত্ত মহাশয় তাহার সম্পাদক এবং কুমার অরুণচক্র সিংহ বাহাছর তাহার ধনরক্ষক নিযুক্ত হইয়াছেন। পরিশিষ্টে সমিতির বিশেষ বিবরণ দেওয়া গেল।

তিৎ সাকাদি । —পরিষদের পরম হিতৈষা শালগোলার রাজা প্রীযুক্ত যোগেক্ত নারায়ণ রায় বাহাছবের কলিকাতায় আগমন উপলক্ষে তাহার সম্বদ্ধনার জন্ত সাহিত্য-পরিষদের উপ্তোগে ১ই প্রাবণ তারিথে সাক্ষাসায়েশলের সম্পূর্চান হয়। পাথুরিয়াঘাটায় স্থাবিখাত ঠাকুর-কাসল্-মধ্যে সন্মিলনের স্থান নির্দিষ্ট ইইয়াছিল। রাজা বাহাত্র তাঁহার বন্ধগণ ও বালক পৌত্রের সহিত যথাসময়ে উপাস্ত হইলে মহারাজ সার প্রতোতকুমার ঠাকুর বাহাত্র এবং পরিষদের সভাপতি মাননীয় প্রীযুক্ত সার্বাচরণ মিত্র মহাশয় রাজাবাহাত্রকে ছারদেশে অভ্যর্থনা করিয়া সভাস্থলে উপস্থিত হন। সেখানে গীতবাদ্য এবং কৌতুকাভিনয়ের ব্যবস্থা ছিল। রাজাবাহাত্র উপস্থিত সভাগণের সহিত আলাপ পরিচয় করিয়া সকলকে আপ্যায়িত করেন। সভাভদের পুর্নে এই উৎসব-ক্ষেত্রেই সভাপতি মহাশয় বিজ্ঞাপিত করেন, যে রাজাবাহাত্র অতংপয় পরিষদের গ্রন্থানি প্রকাশার্থে বার্ষিক সাহাযোর পরিমাণ ৩০০ টাকার স্থলে ৮০০ টাকা করিয়া দিলেন। এই দনই মহরোজ সার প্রদ্যোতকুমার বাহাত্রও পরিষদের গৃহনিত্মাণ তহবিলে ৫০০ টাকা দান মঙ্গীকার করেন, তাহাও এই সভায় বিজ্ঞাপিত হয়। এই উৎসবের বায়নির্বাহের জ্বা যাহার। পরিষংকে সাহায্য করিয়াছেন, ভাহাদের নাম পরিশিরে দেওয়া গেল।

পরিষদের নবমান্দর প্রবেশ উপলক্ষে ২১শে এগ্রহায়ণ রবিবার তারিখে যে নহোংসব হয়, তাহা পরিষদের ইতিহাসে চির্ল্লর্ণীয় ঘটনা হটরে। দেশের যাবতীয় সন্ত্রাস্ত গণামান্ত পদস্ত্রাক্তি যেরপ অতুল আনন্দ এবং শ্রন্ধার দহিত সেই উৎসবে গোগ দিয়াছিলেন, তাহা বাঙ্গানা দাহিত্যের ইতিহাসেও প্রবণীয় হেইবে। বাঙ্গানা দাহিত্যের কিরূপ সনাদ্র ইইরাছে এবং বাঙ্গালা সাহিত্যের ভবিষ্যং কত উজ্জ্ব, তাহা সেই দিনের স্থিতিত ভনসংঘের হর্ষকোলাহল হইতে বেশ বুঝিতে পারা গিয়াছিল। এই উৎসবের বিশেষ-বিবরণ স্বতন্ত্র ভাবে মুদ্তিত হল।

২০১৬ সালের হরা বৈশাপ তারিথে পরিষদের প্রথম সভাপতি শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশার সধানরে জন্ত সাধানেশিলানের বাবতা করা হয়। দত্ত মহাশার কএকদিন পূর্বেইংলও হইতে প্রত্যাবভূনি করেন। পরিষদের সভাপতি মহাশার কলিকাতাবাসা সভাগণের সহিত দত্তমহাশারকে অভ্যর্থনা করেন। দত্তমহাশার পরিষদের নৃতন মন্দির দেখিয়া এবং পরিষদের আশাতীত উল্লিভির বিব্রুৎ শুনিয়া পর্ম আহলাদ প্রকাশ করেন। সভারতে সঙ্গাতিদিব বন্দোবস্ত হইয়াভির।

পরিকাৎ কার্য্যালকা।—সাহিত্য-পরিষদের স্থাপনা কালে শোভাবাজারে প্রীযুক্ত রাজা বিনয়ক্ষ দেব বাংগ্রের (রাজা নবক্কাঞ্চর ট্রাট নাং নং) ভবনে সাহিত্য-পরিষৎ- কার্যালয় অবস্থিত ছিল। দিতীয় বংসরে কার্যালয় গ্রেষ্টাটে ১০৬ ১ নং ভবনে রাজা বিনয়-ক্ষ বাহাছরের নৃতন বাড়ীতে গুনান্তরিত হয়। ১০০৬ সালের ৩রা কাল্পন তারিথে এাহ্ত বিশেষ অধিবেশনের এতাকজনে কার্যালয় শোভাবাজার রাজবাটী ইইতে গুনাগুরিত ইইয়া ১০৭।১ নং কর্ণপ্রয়ালিস্ খ্রা ভোড়াটিয়া বাটাতে আইসে। ভদবধি নৃতন মন্দির প্রবেশ পর্যান্ত সেই সকীর্ণ ভাড়াটিয়া বাটাতেই কার্য্যালয় অবস্থিত ছিল। আলোচ্য বর্ধে অগ্রহায়ণ মাসের ১৯শে তারিথে শুক্রবার শুভ মুহর্ত্তে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়ের এবং লালগোলার রাজা শ্রীযুক্ত বোগেক্তনারায়ণ রায় বাহাছরের নেতৃত্বে কার্য্যানির্কাহক সমিতির সভাগণ পুরাতন ভাড়াটিয়া বাটা পারত্যাগ করিয়া নৃতন মন্দিরে প্রবেশ করেন। পরবর্তী রবিবার অপরাক্তে গৃহপ্রবেশের উৎসব হয়। তদবধি নৃতন মন্দিরে পরিষদের কার্য্যালয় স্থাপিত হইয়াছে। পরিষদের মাসিক ও বিশেষ অধিবেশন উপরের তলে বিস্তৃত সভাগৃহে ইয়া থাকে। নিয়তলের কুঠরিতে আপীস ও কাগজপত্র রক্ষিত হইয়াছে। নিয়তলের কুঠরিতে আপীস ও কাগজপত্র রক্ষিত হইয়াছে। নিয়তলের কুঠরিতে আপীস

সহকারী সম্পাদকত্ত্রের যথোচিত সাহায্যের জন্ত সম্পাদক ক্রত্ত্ব আছেন।
অন্তর্ম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাথালদাস বন্দোপাধারে মহাশরকে বংসরের
অধিকাংশ সময় তাহার নিজ-কথ্যোপলক্ষে এবং পুত্রের পীড়া উপলক্ষে কলিকাতা হইতে
অন্তপন্থিত থাকিতে হইরাছিল। বিদেশে থাকিয়াও নানা উদ্বেগ ও অনবসরের মধ্যেও
তিনি পরিষদের গ্রুংনিশ্বাণের জন্ত অর্থসাগ্রহাদি করিয়া পরিষদের ক্রত্ত্রতাভাজন
হইয়াছেন। শ্রীস্কুর রামকমল সিংহের হত্তে হিসাব রক্ষার ভার ছিল। বংসরের
আরখ্যে শ্রীযুক্ত নেবেজ্রনাথ ভটাচার্যা কিছুদিন লেখকের কর্ম্ম করেন। হৎপরে নিযুক্ত
গরিষদের লেখক শ্রীযুক্ত নিশিকাও সেন ফার্রন মাসে ক্ম্ম ত্যাস করায় অন্তামীভাবে অন্ত লেখক নিস্কু করিয়া সেই কার্যা চালান হইয়াছে। লাইরোরর পুত্তক সাজাইবার জন্ত এক মাসের নিমিত্র অন্তামী লোক নিযুক্ত হইয়াছিল, কিন্তু এই কার্যা এখনও অসম্পান
থাকায় কার্যানির্জাহক সমিতি আগ্রামী বংসরে তিন মাসের জন্ত লোক নিয়োগের
আদেশ দিয়াছেন: নতন বাড়ীতে সকল সময়ে উপ্তিত্থাকিয়া বাড়া পরিচ্ছন্ন রাথার
জন্ত একজন অতিরিক্ত চাকর নিয়োগেরও আদেশ হইয়াছে।

পরিষদের নৃত্ন মন্দিবে ২০শে অগ্রহারণ থিরজফিকালে সোদাইটির কাষ্যা পরিচালন সমিতির অধিবেশন হয়। উহাতে মিদেশ্ বেদান উপস্থিত ছিলেন। তংপরে ১৯শে পৌষ তারিথে বল্পদেশীর কারস্থ সভাগ বাশিক অধিবেশনের জ্ঞা, এবং ২৬শে টেজ বালবসমিতি কতুক বালমেচনের গতিসভা জ্ঞা, মন্দির ববেহত হইয়াছিল। কাম্যানির্বাহক সমিতি আদেশ দিয়াছেন, যে পরিষংসম্পাদক কোনও আপতির হেণু না থাকিলে আবশ্রকমত বার শইয়া পরিবদের মন্দির অঞ্জাল সভাসমিতির অধিবেশনের জ্ঞা ব্যবহারে অভ্যাত বার শইয়া পরিবদের ইণ্ডিয়ান রিসার্চ সোদাইটির পক্ষ হইতে সম্পোদক শ্রীষ্ক্ত রার শরচক্র দাস বাহাগ্র ও সভার কার্যালয় ও পুরকালশ হায়ী ভাবে রক্ষার জ্ঞা পরিষং মন্দিরের কিয়্লংশ প্রাথনা করিয়াছিলেন; কিন্তু স্থান সাক্ষেপর জ্ঞা

পূহনিকাণ ওপূহনিকাণ সমিতি। আলোচ্য বংদরে পরিষদের অট্টালিকা নিশ্মিত হইয়া গিয়াছে, তংদকে গৃহনিশাণদমিতির কার্যাও শেষ হইয়াছে। এই গৃহ-নিশ্মাণের সংক্ষিপ ইতিহাস গৃহপ্রবেশ উৎসবের বিশেষ বিবরণ মধ্যে দেওয়া হইরাছে। গৃহনির্মাণার্থ যে সকল সাহায়া পূর্বে অঙ্গান্ধত হইরাছিল. এ বংসর তাহার অনেক আদার হইরাছে। নাহা এখনও অনাদার আছে, আশা করা যায় আগামী বংসর তাহা আদার হইবে। সংগৃহীত অথের কিয়দংশ নৃতন বাড়ীর আসবাব ও সরঞ্জাম ক্রয়ার্থ বায় করিতে হইয়াছে।

ভূমিপ্রাপ্তির পর এবং গৃঃনিম্মাণের অনুষ্ঠান সময়ে প্রত্যাক সভারে নিকট পরিষৎ কয়েকবার সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। তুঃঝের বিষয় সাধারণ সভ্যেরা একাল পর্যান্ত সে সমস্ত প্রার্থনার মনোথোগ দেন নাই। এখন পরিষদের বৃহৎ মন্দির নির্মিত হইয়াছে। এখন আর এ বিষয়ে কাহারই কোন সন্দেহ বা আশকার কারণ নাই। এখন ঋণশোধের জন্ত প্রত্যেকের কাছে সাহায্য প্রার্থনা করিতে হইয়াছে। দেশের ধনী ও বলান্ত ব্যক্তিদের নিকট পরিষৎ যেমন এই কার্যো সাহায্য প্রার্থনা করিয়া সফল হইয়াছেন, তেমনি প্রত্যেক সভ্যের নিকট কিছু না কিছু সাহায্য পাইতে পরিষৎ আপনাকে অধিকারী বলিয়া মনে করেন। পরিষৎ প্রত্যেক শিক্ষিত বাঙ্গানীর আদর ও শ্রমা লাভে যে সমর্থ হইয়াছেন, তাহা সভ্যতালিকা দেখিলেই সপ্রমাণ হইবে। অতএব সাহিত্য-পরিষৎ যাহাতে ঋণমুক্ত হইয়া সম্পূর্ণ উৎসাহে স্বায় সহল্প সাধনে ব্রত্য হইতে প্রারেন, তব্জন্ত ইহার প্রত্যেক সভা ইহাকে স্বস্থ দেয় এক বংসরের টাকা অতিরিক্ত দান করিয়া কৃত্যর্থ ও বাধিত করিবেন, এরূপ আশা এবং প্রার্থনা কোন ক্রমেই অমুক্ত নহে।

এই উপলক্ষে পরিথং তাঁহার পরম'হতৈটা বদান্ত বন্ধ লালগোলার রাজাবাহরের নিকট আন্তরিক ক্বতজ্ঞতা প্রকাশ করিতেছেন। তংপ্রদন্ত রাজোচিত সাহায় ভিন্ন পরিষদের বাড়ীর দিতীয় তল নির্যাণ কিছুতেই সাধ্য হই আন নাজা বাহাহর এককালে দশ হাজার আটার টাকা অর্থাং দিতীয় তলের সমুদায় বায় বহন করিতে সম্মত হওয়ায় ঐ কার্যাসপাল হইল। কেবল সাহিত্য-পরিষং কেন, কলিকাতা নগরের উত্রাঞ্চলের অধিবাসীরাও এজন্ত রাজাবাহাহরের নিকট চির্মাণী পাফিবেন। এই অকলে পিয়েটার গুলি ছাড়া জ্বন-সাধারণের সমবেত হইবার কোনও হান ছিল আ। পরিষদের দিতীয় তলের সভাগৃহ এ বিষয়ে সাধারণের অভাব পূরণ করিবে। কাশীমবাজারের বদান্ত মহারাজ নণীজ্ঞচন্দ্র নন্দী বাহাহরের নিকট পরিষদের এই উপলক্ষে ক্তত্ত্তা প্রকাশ বাহল্যমাত্র। তাঁহার প্রদত্ত্ত্ব সাক্ষর উপরই পরিষদের মন্দির মিন্মিত হইল। আরও আনন্দের বিষয় যে পরিষদের স্থামী মুদা্যন্ত স্থাপনের জন্ত এই ভূমির সংলগ্ধ তানে আবপ্তক্ষত আরও কিছু জমি দিবার জন্ত মহারাজ বাহাহর সম্মতিপ্রকাশ করিয়াছেন। মুদ্যায়ে তাপনের উপযোগী অর্থ সংগৃহীত হইলে এই জমি পাওয়া যাইবে।

মুর্শিলাবাদ নিবাসী শ্রীযুক্ত রাধ শ্রনাথ পাল বাহাছরের নিকট পরিষং রুক্তজ্ঞতা প্রকাশ করিতেছেন। পরিষং সম্পাদকের প্রার্থনা মাত্রেই তিনি পরিষদের নিমতলের হল, প্রধান দারের সম্মুথ ভাগ, এবং কুঠরিছয় মণ্ডিত করিবার জন্ম প্রায় আড়াই হাজার বর্গফুট মূলাবান্ মাত্রেল প্রের দান করিয়া পরিষংকে তিনি চির্ধাণী করিয়াছেন। তাঁহার এই দানের ফলে কেবল যে মন্দিরের সৌষ্ঠবর্দ্ধি হইয়াছে এমন নহে, নিমতলন্থ লাইরেরির পুত্তকগুলি আর্দ্র উপর থাকিলে নই হইবার যে আশক্ষা ছিল, তাহা তিরোহিত হইয়াছে। শ্রীযুক্ত প্রেফ্লনাথ ঠাকুর মহাশয় সাহিত্যিকগণের মৃত্রি বসাইবার বেদিগুলি মণ্ডিত করিবার জন্ম প্রায় একশত বর্গফুট উৎকৃষ্ট মন্ত্র প্রস্ত্র দান করিয়া পরিষদের ক্রভ্জতাভাজন হইয়াছেন।

পরিষৎ সকল শ্রেণীর লোকেরই শ্রদ্ধা ভক্তি লাভ করিয়াছেন। অধ্যাপক শ্রীযুক্ত প্রিয়নাথ বস্থ তাঁহার পরিচালিত স্থপ্র দিন্ধ বস্থর সার্কাস করিয়াছেন। ই হারা কলিকাতা ত্যাগের প্রাক্কালে এক রাত্রির বিক্রয়ের এর্থের অদ্ধাংশ পরিষৎকে দান করিয়াছেন। পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক শ্রীযুক্ত মন্মধ্যোহন বস্থ মহাশয় এই সাহায্য সংগ্রহের জন্ম এবং অধ্যাপক বস্থ মহাশয় এই সহ্দয়তার জন্ম কভক্ততা ভাজন ইইয়াছেন।

এত জিন্ন যে সকল মহাত্মা অর্থ সাহায্য দ্বারা অথবা অন্য উপায়ে পরিষদের গৃহনির্মাণে আনুকূলা করিয়াছেন, পরিষং তাঁহাদের সকলের নিকটেই ক্রতজ্ঞ। পরিশিষ্টে এই সকল দানের তালিকা দ্রুইবা। এবংসরও অনেক মহাত্মা পরিষদের গৃহ নির্মাণাৎ মর্থ দানে প্রতিশ্রুত হইয়াছেন। এই মন্দির প্রতিশ্রায় সাহায়ের দ্বারা তাঁহারা সাহিত্য পরিষংকে স্থায়ির দিলেন। সাহিত্যের উন্নতি যদি জাতীয় জীবনের উৎকর্ষ সাধনের মুখ্য ওপায় হয়, তাহা হইলে সমস্ত বাঙ্গালী জাতি তাঁহাদের নিকট খাণবদ্ধ। সাহিত্য-পরিষং তাঁহাদের নিকট যে খাণপাশে বদ্ধ হইলেন, সেই খাণ সমাকরণে পরিশোধ দিবার সন্তাবনা নাই। কাশীমবাজারের মহারাজ বাহাত্রের এবং লালগোলার রাজা বাহাত্রের তৈলচিত্র প্রতিশ্রাদ্বান পরিষং এই উভ্য নহাত্মায় নিকট ক্রতজ্ঞতা প্রকাশের কথিজং চেন্তা করিয়াছেন মাত্র। তকালীক্ষ্ণ ঠাকুর মহোদ্য তাঁহার স্বাভাবিক ঔদার্য্য সহকারে তুই হাজার টাকা দান করিয়া গৃহনিস্মাণ নিমিও ধনভাগ্ডারের হুচনা করিয়াছিলেন। তাহার প্রযোগ্য পৌল জীমান্ প্রকূলনাণ ঠাকুর সাহিত্য পরিষংকে পিতামহের আলেখ্য রক্ষায় সমর্থ করিয়া পরিষদের ক্রতজ্ঞতা ভাজন হইয়াছেন।

ধে সকল সংবাদ পতা এবং সামন্ত্রিক পত্তিকার সম্পাদকগণ পরিষদের গৃহনির্মাণের সাহায়ার্থ সাধারণকে উৎসাহিত করিয়া এবং ইহার অবিবেশনাদির বিবরণ প্রকাশ করিয়া পরিষংকে উপকৃত করিয়াছিলেন, তাঁহে দের নিকটেও পরিষং অগু বিশেষ ভাবে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

গৃহনিশ্বানের ঠিকাদাব শ্রীষ্ট্র করণাময় গঙ্গোপাধ্যায়ের পাওনার মধ্যে প্রাম্ন পাচ হাজার টাকা শোধ করিতে বাফি আছে। উহার কিয়দংশের শোধের জক্ত পরিমদের দ্বামী তহবিল হওতে হই হাজার টাকা পাও করিতে হইয়াছে। মন্দির মধ্যে ইলেক্ট্রেক লাইটের বন্দোবস্ত হইয়াছে। তাহার বিলের সম্পূর্ণ শোধ হয় নাই। আগামী বংসরে পরিমদের স্তাদিগের বাসের জক্ত গৃহ প্রস্তুত করিতে হইবে, বৈত্বাতিক পাথার বন্দোবস্ত করিতে হইবে এবং আরপ্ত আদবাব সরক্তাম থরিদ করিতে হইবে। প্রশন্তগৃহে পুস্তুকালয়ের উপযোগী আলমারি প্রভৃতি এখনও প্রস্তুত হয় নাই। সামানা ক্ষুদ্র পুস্তুকাপারে এখন পুস্তুকাদি রাখা হইয়াছে। এই সকল কার্যানির্মাহিকসমিতি পরিশোধের জন্ত আবিও সাত আট হাজার টাকা সংগ্রহের প্রয়োজন। কার্যানির্মাহিকসমিতি পরিদের প্রত্যোক সভ্যের নিকট অন্তত্ত এক বংসরের চাদা অতিরিক্ত দানের প্রার্থনা করিয়াছেন। ছংথের বিষয়, ছই চারি তান ব্যতীত আর কেই সে প্রার্থনায় এ পর্যান্ত কর্ণপাত করেন নাই; এম্প্র সেই প্রার্থনায় বিশেষ ফ্ল লাভ হয় নাই। পরিষদে সম্প্রতি প্রায় এক সহস্ত্র সভ্য আছেন। তাহারা প্রত্যেক ছয়টি মাত্র টাকা ভিক্ষা দিলে, পরিষ্বংকে এই বিষয়ে ঋণগ্রস্ত থাকিতে হইবে না। পরিষহ আশা করেন, সভ্যাণ অনুত্রহ পূর্বক কার্যানির্মাহিক সমিতির প্রার্থনা পূরণ করিবেন; অর্থাহ

যিনি দয়া করিয়া যে পরিমাণ বার্ধিক চাঁদা দিয়া থাকেন, গৃহনিয়াণের ঋণ পরিশোধাথ তিনি সেই পরিমাণ একবারে দান করিবেন। দেশের জ্বামাদারগণের নিকট পরিষং আশাতীত সাহাব্য লাভ করিয়াছেন। প্রবানতঃ উভাদের সাহাব্যেই অট্টালিকা নির্ম্মিত হইল, এবং তাঁহাদের সাহায়েই পরিষদের সঙ্কলিত স্থায়ী ধনভাগুরের অদ্ধাংশ পূর্ণ হইতে চলিল। পরিষদের এই সামাক্ত ঋণ শোধের জক্ত আবার তাঁহাদেরই নিকট ভিক্ষা আবশ্যক হইলে বড়ই লজ্জার কারণ হইবে।

সাহিত্যিকগণের স্মৃতি — নিদ্র্শন। পরিষদের নূতন মন্দিরে মৃত সাহিত্যকগণের স্থতি চিহ্ন রক্ষার বাবস্থা ইইয়াছে। ইহার মধ্যেই অনে কগুলি নিদর্শন সংগৃহীত ইইয়াছে। অধিকাংশ স্থলে পরিষংকে বায়ভার বহন করিতে হয় নাই। যাঁহারা এই বিষয়ে পরিষংকে সাহায়া করিয়াছেন, তাঁগারা সকলেই পরিষদের ক্রজ্ঞতাভাজন। সংগৃহীত নিদর্শনগুলির তালিকা নিয়ে দেওয়া গেল:—

- ১। রামমোধন রায়, বুরল নগরে রাজা রামমোধন রায়ের মৃত্যুর পর তাঁহার চিকিংসক ডাক্তার এই লিন্ সাংহব তাঁহার মুখের ছাঁচ লইয়া তাহা হইতে প্যারিস প্লাপ্তার ছারা মৃত্তি
 প্রস্তুত করেন। এ মুর্ত্তি এতদিন তাঁহার গৃহে স্বত্তের রক্ষিত্ত ছিল। পণ্ডিত উন্মৃক্ত শিবনাথ
 শাধা মহাশয় ১৮৮৮ অকে ইংলওে গিয়াছিলেন। সেই সময়ে রামমোধন রায়ের
 মৃত্যু দিনে বুইল নগরে তিনি তাঁহার একটি স্বৃতিসভা আহ্বান করেন। এ সময়ে
 ডাক্তারের কন্তা কুমারী এই লিন্ শাস্ত্রী মহাশয়কে সেই মৃত্তি এবং রামমোধন রায়ের
 মাথার পাগ্ডি অর্পন করেন। শাধা মহাশয় সেই মৃত্তি ও পাগ্ডি ও রামমোহন রায়ের
 এক প্রস্থাত্বিলী রক্ষার জন্য সাহিত্য-প্রিগদে দান করিয়াছেন।
- ২। ঈশ্বরচল বিভাসাগর,—শ্রীয় জ গগনেশ্রনাথ ঠাকুর প্রদত্ত মৃথ্য মূর্ত্তি এবং বিভাসাগরের পুত্র শ্রীযুক্ত নারায়ণচঞ বিভারত্র দত্ত তৈলচিত্র মন্দিরে রক্ষিত হইয়াছে।
- ৩। দেবেজনাথ ঠাকুর,— এর্জ গগনেজনাথ ঠাকুর মহাশয় প্লাষ্টার নিশ্মিত স্থান্তর মূর্তি পরিষংকে দান করিয়াছেন। এতদ্যতীত মহযির স্থানর তৈলচিত্র প্রস্তৃত্বতহে।
- ৪। হেমচল বন্দোপাধার,—কবিবরের গুতার পর তাঁহার শ্বতি-রক্ষার জন্ম জানার বের পক্ষ ইইতে যে স্মিতি নিগ্তুল হইয়াছিল, ঐ সমিতি প্রায় তুই হাজার টাকা সংগ্রহ করেন। তন্মধ্য ১২০০ টা হা বায়ে মিঃ এভাঞ্জেলিনো বইদ্ নামক ইটালি-দেশবাসী ভারর দ্বারা মশ্মর প্রস্তারের মৃত্তি ইটালি ২ইতে প্রস্তুত করাইয়া আনা হয়; হেমচল্র-গৃতিরক্ষা-সমিতি ঐ মৃত্তি পরিষৎমন্দিরে রক্ষার জন্ম দান করিয়াছেন।
- বিহ্ননত্ত চটোপাধ্যায়,—বিহ্ন বাবুর দৌহিত শ্রীয়ুক্ত দিবোলুয়্দর ও শ্রীয়ুক্ত
 পুরেলয়্পদর বল্লোপাধ্যায় বিহ্নি বাবুর বৃহৎ তৈলচিত্র পরিয়ংকে অর্পণ করিয়াছেন।
- ৬। দীনবন্ধ মিত্র,—ইীপুক্ত চাকচন্দ্র মিত্র প্রভাগ বাবুর পুত্রগণ কতৃক তাঁহাদের গৃহে রক্ষিত তৈলচিত্র পরিষদের মন্দিরে স্থাপনার্থ প্রদত্ত ইইয়াছে।
পরিষদের গঠন কার্যো সাহিত্যান্ত্রাণী বাজা শ্রীযুক্ত বিনর্জ্ঞ দেব বাহাত্র, স্বর্ণীয় ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, মিঃ এম্ লিওটাড. শ্রীযুক্ত শরচক্র দাস রায় বাহাত্র, সি, আই, ই, শ্রীযুক্ত হীরেক্রমাণ দত্ত, এম্, এ, বি, এল্ ও স্বর্গীয় রাজনারায়ণ বস্ত্র, উমেশচক্র বটব্যাল ও রজনীকাস্ত গুপ্ত বিশেষ যত্ন করেন এবং নিয়লিখিত মহোদ্যগণের পরিশ্রমে সভা শনৈঃ শনৈঃ পয়িবর্দ্ধিত হইয়া বর্ত্তমান দেহ প্রাপ্ত হইয়াছে। বটব্যাল মহাশয়ই সভাকে "বঙ্গীয়-সাহিত্য-পরিষ্থ" নাম দেন।

শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই

- "চন্দ্ৰনাথ বস্থ, এম্, এ, বি, এল্
- " नवीनहल त्मन, वि, এ
- " দিজেক্রনাথ ঠাকুর
- .. সত্যেন্দ্রনাথ ঠাকুর

মহামহোপাধারে শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্, এ রায় রাজেল্রচক্ত শাস্ত্রী বাহাছর, এম্, এ শ্রীযুক্ত রাম যতীক্রনাথ চৌধুরী, এম, এ, বি, এল্

- , মনোমোহন বস্থ
- " রামেলুস্থলর ত্রিবেদী, এম্, এ
- " নগেলনাথ বস্থু, প্রাচ্যবিস্থামহার্ণব
- ় স্থারশচক্র সমাজপতি
- .. মন্মণমোহন বস্তু, বি. এ
- .. বোমকেশ মুন্তফী
- মহেকুনাথ বিভানিধি

৬ চারচন্দ্রোষ

শ্ৰীয়ক বাণীনাথ নদী

তরজনীকাত্ত গুপু, অকালেই পরলোক প্রাপু হওয়ায় পরিষং শোক প্রকাশ করিতেছে।

স্থানথাতে শীনুক্ত রমেশচন্দ্র দত, সি, আই, ই, পথম ছই বংসর সভাপতির গ্রহণ করিয়া সভার অসান উপকরে করেন। তাঁহার আম স্থানেথক, তাহার আম চিঙানাল স্থানিদ্ধ লোক সভার নেতৃর গ্রহণ করাম সভার মথেই উন্নতি হইয়াছিল। তাঁহার পর স্থানিদ্ধ নেথক শ্রানুক্ত চল্রনাথ বস্তু, এন্, এ, বি, এল্ দেড় বংসর, শ্রানুক্ত দিজেলানাথ ঠাকুর তিন বংসর, শ্রানুক্ত সতেলানাথ ঠাকুর চারি বংসর এবং শ্রামুক্ত রমেশচন্দ্র দত্ত পুন্রায় এক বংসর সভাপতির গ্রহণ করেন। চারি বংসর হইল আমার আয় মধোগ ব্যক্তির উপর সভার নেতৃর ভার পড়িয়াছে।

পরিষদের সভাসংখ্যা ক্রমণঃ বাড়িয়া আসিতেছে। ১০০১ সালের শেষে সভাসংখ্য ১০০ছিল। ১০১৪ সালের শেষে সভাসংখ্যা ৮০১ছিল; অন্ত সভাসংখ্যা ৮৫২। আর অন্তর্গর এই শুভদিনে সভঃপ্রত ইইয়া অনেক গুলি বাজি এই সভার প্রতি প্রদা ও আগ্রং জানাইয়া ইহার সভাপদ গ্রহণে অভিলাষী হইয়াছেন। আপনার শুনিয়া আনন্দিত হইবেন এবং আমিও পর্মানন্দে জানাইতেছি যে এই সকল বাজি সভাশেশীভুক্ত হইলে, পরিষদের সভাসংখ্যা সহস্রাধিক হইবে। সহস্রাধিক সভা লইয়া প্রতিষ্ক যে আজ গৃহপ্রবেশ করিবে পারিলেন,—ইহা গৌরবের কথা সন্দেহ নাই। এল অধিকসংখ্যক সভা ভারতবং আর কোনও সভার আছে বলিয়া আমার জানা নাই। কোচবিহারাধিপতি মহারাজ শ্রীষ্ট নৃপেক্রনারারণ ভূপ বাহাত্র, জি সি আই ই, সি বি, পরিষদের আজীবন সভা এবং পরপুতায়ালখিত মহাদ্যগণ বিশিষ্ট সভা—

শ্রীষ্ক হিজেজন(থ ঠাকুর আ্রিক চজনাথ বস্তু, এম্ এ, বি এল্ রায় শ্রীযুক্ত কালীপ্রসম্ন ঘোষ বাহাগুর শ্রীযুক্ত নবীনচক্র দেন, বি এ

- , সার উইলিয়ম ওয়েডারবার্ণ
- " সার জর্জ বার্ডউড্
- , রমেশচন্দ্র দত্ত, সি আই ই

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত চন্দ্রকান্ত তর্কালস্কার ভাকতার শ্রীযুক্ত জগদীশচন্দ্র বস্ত্র, এম্ এ, ডি এদ্দি, দি স্বাই ই

" পুকুলচক্রায় ডি এদ্দি, পিএইচ্ডি

পরিষদের কর্মকেতা বিস্তৃত করিয়া সমুদ্র বাঙ্গালা দেশকে পরিষদের উদ্দেশ্য সাধ্যে অনুকৃল ও উৎসাহায়িত করিবার জন্ম ও মফ্রলবাসী হুটা ও পণ্ডিতগণের সাহায্য লাভের জন্ম বাঙ্গালার জেলায় শাখা-সভা গুপেনের সঙ্গল্প হইয়াছে; এবং এপর্যান্ত রঙ্গপুর, ভাগলপুর, রাজ্যাহী, মন্থ্যমান্থ ও মুর্শিরাবাদ এই পাচটি স্থানে পাঁচ শাখাপরিষদের সৃষ্টি হুইয়াছে। তাঁহারা মূল সভার উদ্দেশ্য প্রতি লক্ষ্য রাখিয়া বাঙ্গালা সাহিত্যের উন্ধৃতির জন্ম সাধ্যমত চেষ্টা করিতেছেন। রঙ্গপুর শাখা-পরিষং এই সকল সভার অগ্রণা। সম্পাদক জীম্ক স্থরেক্তচল রায় চৌরুরী ও অন্যান্ম সভাগনের যতে এই শাখা উত্তর্বন্ধে প্রতিগ্রালাভ করিয়াছে ও তাঁহার। মুখপত্রস্বরূপ স্বত্ব সাহিত্য-পরিষ্ঠা-পত্রিষ্ঠা প্রভাগ করিয়াছে। এই সকল শাখা-সভার যে ফকল প্রতিনিধি কই স্বীকার করিয়া মূল পরিষদের উৎসবে যোগ দিতে অন্যকার সভায় উপপ্রত হইয়াছেন, তাঁহাদিগকে সাদরে অন্যর্থনা করিতেছি। তাঁহারা আমাদের শ্রদা ও প্রতির সংবাদ বহন করিয়া শাখা সমুদ্রকে জ্ঞাপন করন।

সাহিত্যই মানব সভাতার জীবন, মানব সভাতার প্রধান নিদ্ধান। সাহিত্যের ও ক্লাবিভার প্রিমাণ ও গৌরব অনুসারে পৃথিবীর অতীত ও বর্তমান জাতি সমূহের সভ্যতা পরিমিত হইয়া থাকে। কালস্রোতে অনেক বিষয়েরই পরিবর্তন হয়; দেশের প্রাকৃতিক অবস্থা রূপান্তর ধারণ করে; রাজনৈতিক পরিবর্ত্তন প্রায়ই লক্ষিত হয়। ভাষার ও সামাজিক অবস্থার নিয়তই পরিবর্ত্তন হইতেছে। কিন্তু মতীত কালের প্রসিদ্ধ জাতিগণের সাহিত্যমন্ত্রী সভ্যতার নিদ্পনের লোপ হয় না। পুরাতন গ্রীদ গিয়াছে, পার্দীগণের সহিত যুদ্ধের পর এথেন্স প্রমুথ দেশসমূহের সভ্যতার পরাকাঠা প্রাপ্তির অভাভ নিদশন কেবল ইতিহাসত্ব হইয়াছে, কিন্তু হোমার, পিণ্ডার, ইঞ্চিলাস্, সফোরিস্, ইউরিপিডিস, প্লেটো, এরিস্টটুল প্রভৃতি সাহিত্যদেবিগণের কীন্তি সজীব রহিয়াছে। পেরিক্লিজের নাম ইতিহাসন্থ, কিন্তু সাহিত্যসৈবিগণ কেবল ইতিহাসস্থ নহেন। পুরাতন রোম গিয়াছে, অগা াদ্ প্রভৃতি কীর্ত্তিমান সম্রাট্রগণের নামমাত্র আছে, কিন্তু ভার্জিল, হরেদ্ প্রভৃতি এখনও আমাদের সঙ্গী। ভারতবর্ষের সরস্বতী ও দুধন্বতীর আর অভিত্র নাই; বৈদিক সময়ের আঘাভূমির প্রাকৃতিক অবস্থা হইতে এখনকার প্রাকৃতিক অবস্থা বিলক্ষণ বিভিন্ন। সময়ের কুঠারাঘাতে, বিজয়ী দৈতা ও বিদেশী রাজগণের অস্নাঘাতে, আর্যাসন্তানদিগের মধ্যেও এই বিভিন্নতা দেশীপামান। এমন কি ধর্মেরও অনেক পরিবর্তন হইয়াছে। আমরা দেই পুরাতন আর্যাদিগের শন্তান তাহাই সহ**ত্তে** বোধগম্য হয় না; কিন্তু সে সভাতার লোপ হইলেও, বেদ, উপনিষং, মগাদি স্বৃতি, মহাক্ৰি কালিদাস প্ৰভৃতির কাব্য পূৰ্ব্ব সভ্যতার অনশ্বর চিহ্ন স্বরূপ দেদীপামান

রহিয়াছে। সবই লোপ পাইয়াছে, কিন্তু সাহিত্যের লোপ হয় নাই। পঞ্চদশ খৃষ্টশতানীর বিজয়নগরের হিন্দ্রাজ্য চারি শত বৎসর হইল বিলুপ্ত হইয়াছে, কিন্তু তথনকার গ্রন্থাবিল এখনও আমাদের করতলগত। তবে অনেক কাব্যেরই লোপ হইয়াছে, সন্তবতঃ অনেক ভাল ভাল গ্রন্থ কালস্রোতে নিমগ্ন হইয়াছে। ইংলণ্ডের জনৈক প্রসিন্ধ লেথক বলিয়াছেন যে কালস্রোতে অনেক গৌরবান্নিত গ্রন্থ প্রকৃত্ব নিবন্ধন ভূবিয়া গিয়াছে; তাহারা ভাসিয়া আইসে নাই। অকর্মণ্য গুরুত্বহীন গ্রন্থ অনেক কাল ভাসিয়া আসিতে পারিতেছে। তাই আমরা এখনও তাহাদিগকে পাইতেছি উপমাটি সম্পূর্ণ সত্য না হইলেও কথাটি অনেকাংশে সত্য। আমরা যে অনেক গ্রন্থ পাই নাই তাহা ঠিক, অন্ততঃ বাললা দেশেরই অনেক পুরাতন গ্রন্থ কালস্রোতে আমাদের নিকট ভাসিয়া মাইসে নাই। গ্রন্থকারের জীবদ্দশায় অনেক গ্রন্থেই প্রতিষ্ঠলাভ ঘটয়া উঠে না। এমন কি ঐক্রপদলাঞ্ছন মহাকবি ভবভূতিকেও মালতীমাধ্বে বলিতে হইয়াছে—

যে নাম কেচিদিছ নঃ প্রথম্ব ন্তাবজ্ঞাং, জানন্তি তে কিমপি তান্ প্রতি নৈষ যত্নঃ। উৎপংস্থাতে মম তু কোহপি সমানধর্মা, কালো হৃষ্কং নিরবধিবিপুলা চ পুণুী॥

আমাদের দেশের অনেক কবির, এমন কি অনেক ভাল ভাল কবির গ্রন্থ প্রায় হুট্মা পাকিবে। অনেক গ্রন্থই যে আমরা পাই নাই, অনেকই যে খ্রীরামপুর বা বটুতলার প্রকাশকদিগের হাতে আইদে নাই, অনেকই বে ওপ্রভাবে রহিয়াছে, তাহার বিশিষ্ট নিদর্শন পাওয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের একটি প্রধান উদ্দেশ্য, সেই দকল গ্রন্থের আবিষ্কার ও প্রকাশ। পরিষং এই বিষয়ে কতকটা কৃতকটা হইম্বাছে এবং ভবিয়াতে অনেক কার্য্যের আশাও আছে। লালগোলার রাজা এীযুক্ত যোগেজনারায়ণ রায় এই উদ্দেশে প্রতি বৎসর ৮০০ টাকা দিতেছেন। সম্প্রতি বরিশালবাদী ঐাগৃত দেবকুমার রায় চৌধুরী বার্ষিক ৫০ টাকা সাহায্য করিতে চাহিয়াছেন। এীযুক্ত নগেল্ডনাথ বস্ত কতকগুলি পুঁথির আবিফার করিয়াছেন। কবি চণ্ডীদাদের অনেক নৃতন পদের আবিকার হইয়াছে। উন্যুক্ত নগেক্তনাথ গুপ্ত ও আমি বিভাপতির অনেক নৃতন পদের আবিদার করিতে সমর্থ হইয়াছি এবং বিত্যাপতির প্রায় এক সহস্র পদ টীকাসহ সাহিত্য-পরিধং তিন নাসের মধ্যে প্রকাশ করিতে পারিবেন। নিম্লিখিত প্রাচীন গ্রন্থসমূহ প্রকাশিত ২ইয়াছে—ফুত্তিবাদী রামায়ণের অবোধ্যা ও উত্তর কাণ্ড, পীতাম্বর দাসের রসমঞ্জরী, বিলম্ব পণ্ডিতের মহাভারত, বনমালী দাদের জন্ধণেবচরিত, ছুটিথানের মহাভারত, জয়ানন্দের চৈত্রসমঙ্গল, মানিক গাঙ্গুলার ধর্মসঙ্গল, নরোত্তমের রাধিকার মানভঞ্জন, র্ফরাম দত্তের রাণিকাম্পল, মহারাজ অয়নারায়ণ বোষালের কাশীপরিক্রমা, ভাগবতাচার্থ্যের ক্ষপ্রেমানতরঙ্গিণী, বাস্থদেব বোষের পদাবলী, নরহরি চক্রবর্তীর ব্রহ্মপরিক্রমা, রামবাম বহুর প্রভাগোগত চরিত, রামাই পঞ্জিতের শৃত্য পুরাণ, নরছরি চক্রবর্তীর নবরাপপরিক্রমা, গোরপস সুনাস্থা। এই উদ্দেশে ক্রমশঃ পুথি সংগ্রহ হইতেছে এবং এখন পরিষদের গৃহে ৮৫০ খানি পুঁথি আছে। এতভিন্ন বিশ্বকোষ কার্য্যালয়ে প্রায় হই সহস্র প্রাচীন বাঙ্গালা পুথি সংগৃহীত হইয়া আছে। পরিষং আবশুক্ষত এই সকল পুঁথি তাঁহার নিজ গ্রন্থের মতই ব্যবহার করিতে পারেন। ইছা ব্যতীত পরিষদের রঙ্গপুর শাধার পুস্তকালয়ে অনেক প্রাচীন গ্রন্থ সংগৃহীত হইয়াছে। পরিষদের অনেক গুলি দাহিত্যপ্রিয় সভ্য বাঙ্গালাদেশের নানা স্থান হইতে অনেকানেক প্রাচীন গ্রন্থের

দন্ধান করিয়া তাহাদের সংক্ষিপ্ত বিবরণ শিখিয়া পাঠাইয়াছেন; সেই সকল বিবরণ পরিষং-পত্রিকায় প্রকাশিত হইয়াছে ও হইতেছে। চট্টগ্রামের মুসী আবহুল করিম এইরূপ ব্যক্তিগণের অর্থনী ও সমস্ত বাঙ্গালীর ধন্তবাদভাজন।

যে সকল গ্রন্থে পূর্ব্বে প্রকাশিত হইয়াছে, ভিন্ন ভিন্ন পূরাতন পুঁথি দেখিয়া তাহার পাঠ সংশোধন করা পরিষদের দ্বিতীয় উদ্দেশ্য। ত জান্ত অনেক অর্থবায় হইয়াছে। অনেক-শুলি সংশোধিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

পরিষৎ কেবল পুরাতন সাহিত্য লইয়া ব্যস্ত নহে; আধুনাতন সাহিত্যসেবিগণের যথোচিত মর্যাদা রক্ষা করা, তাহাদিগের সাহিত্য-সেবা কার্য্যে সাধ্যমত সহৃদয়তা প্রকাশ করা, ইহার একটি প্রধান উদ্দেশ্ত । বাহাতে কাব্য ও বিজ্ঞানের আলোচনা বৃদ্ধি হয় এবং গ্রন্থসা ক্রমশ: প্রবিক হয়, যাহাতে সংলেথকের সংখ্যা অধিক হয়, তজ্জ্ঞ পরিষৎ বিশেষ যয় করিতেছে। প্রতি মাসের অধিবেশনে প্রত্নতন্ত্র, পুরাতন কাব্য, নৃতন সাহিত্য বিষয়ের আলোচনা হইতেছে। কেবল সাহিত্যসেবী কেন, বাহারা সাহিত্যসেবায় সহায়তা করেন, বাহারা সাহিত্যসেবিগণকে উৎসাহিত করেন, তাহাদিগের যথোচিত সম্মাননাও পরিষদের উদ্দেশ্ত। পরোক্ষে বা প্রত্যক্ষে যিনি বঙ্গায় সাহিত্যের পুষ্টির জ্লে যয়বান, তিনিই সাহিত্যপরিষদের সমাদরের পাতা। তাঁহারা অনেকেই পরিষদের সভ্য। স্বগীয় কবি বা বৈজ্ঞানিকগণ্য আনকেই মর্মারগ্রি বা চিত্রপটে নিবেশিত হইয়া বঙ্গায় সাহিত্যের পুষ্টিসাধনে সহায়তা করিতেছেন। তাঁহাদিগের মুর্ভিই অন্তকরণেছ্যা উদ্রেকের মূল হইতে পারে। মধুস্কন, হেমচন্দ্র, ভূদেব, বঙ্গিমচন্দ্র, ঈশ্ররচন্দ্র, অক্ষয়কুমার প্রভৃতি সাহিত্য-বীরগণ স্বর্গন্থ হইয়াও এই মন্দিরে জীবস্ত্রস্ক্রপ বিরাজমান হইয়া বঙ্গায় সাহিত্যের উন্নতিতে সহায়তা করিতেছেন।

"Lives of great men all remind us, We can make our lives sublime; And departing leave behind us, Foot-prints on the sands of time."

যাহারা সাহিত্যসেবিগণকে সাহায্য করিয়া বগদেশকে প্রণী করিয়া ইংলোক পরিত্যাগ করিয়াছেন, তাঁহাদিগের স্থৃতিরক্ষাথও সাধামত আয়োজন হইয়াছে ও ইইতেছে। ভারতবর্ষে Westminister Abbeyর ভায়ে গৃহ নাই, কবির স্থান (Foets' Corner) নাই। সাহিত্য-পরিষৎ ক্ষুত্রভাবে সেই অভাব দুরীকরণার্থ চেষ্টা করিতেছে।

বৈজ্ঞানিক পরিভাষাও পরিষদের দৃষ্টির মন্তর্গত। বৈজ্ঞানিক শব্দ স্থিরীকরণ করা বঙ্গের বর্তমান অবস্থায় বিশেষ আবশুক। সমগ্র ভারতবর্ষে বৈজ্ঞানিক শন্দের একত্ব যে অভান্ত প্রোজনীয়া, তিন্বিয়ে মতভেদ হইতে পারে না। বাঙ্গালা দেশের Central Text Book Committee বৈজ্ঞানিক শন্দের একত্ব স্থাপনার্থ যত্ন করিতেছে। কিন্তু এই গুরুত্ব কার্য্যে সফলতালাভ সময়সাপেক্ষ।

বঙ্গ-সাহিত্যের ইতিহাস এখনও বিশিষ্ট্রপে সঞ্চলিত হয় নাই। ইতিহাস ক্ষেত্র হাবিস্তার্গ, তাহার অনেক অংশই তমসাবৃত; কখনও যে সকল অংশ জ্ঞানরশ্মি প্রবেশ করিবে এরূপ আশাও নাই। পুরাকালে বঙ্গদেশ আর্য্যগণের ত্যাজ্য ছিল। ভূতত্বিদ্-গণের মতে এককালে ইহা বঙ্গোপসাগরের লবণাস্থ ছারা আবৃত ছিল, কিন্তু বহু শতবর্ষ পূর্বের বিশীপ মানবনিবাসের উপযুক্ত হইয়াছে। কতকাল পরে বঙ্গভূমি হুসভ্য আর্যান্জাতির বাসস্থান হইয়াছে, তাহাই বলা যায় না। এই সহস্র বংসরের পুর্বের অবস্থাও

অজ্ঞাত। দ্বাপর যুগে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গের অন্তিন্থের নিদর্শন পাওয়া যায়, কিন্তু ঐতিহাসিক কোনও নিদর্শন নাই। পঞ্চদশশতবর্ষ পূর্বের বঙ্গভূমি বৌদ্ধ জগতের অন্তর্গত ছিল, এই মাত্র জ্ঞানিতে পারা যায়। আদিশুর রাজার পূর্বের বৌদ্ধর্ম্ম এখানে প্রবল ছিল। রাজারাও বৌদ্ধ ছিলেন। পালি যেমন এক প্রকার প্রাক্ত ভাষা এবং যেমন ইহা বৌদ্ধগণ সাধারণ লোকের অববোধনার্থ গ্রহণ করিয়াছিল, বঙ্গদেশেও তজ্ঞপ তৎকালপ্রচলিত সাধারণের বোধ-গম্য ভাষা বৌদ্ধ শ্রমণ ও ভিক্ষুগণ দ্বারা গৃহীত হইয়া থাকিবে। হয়ত সেই ভাষাই—তৎকালের শ্রমণ ও ভিক্ষুগণের আদৃত ভাষাই বর্ত্তমান বঙ্গভাষার মূল। তথনকার পুঁথি প্রচুর পরিমাণে সংগৃহীত হইলে আমাদের ভাষার মূলের আবিদ্ধার হইতে পারে। তথনকার কতক তাম্রলিপি ও শিলালিপি পাইলেও বঙ্গভাষার ভিত্তির আবিদ্ধার হইতে পারে। তবে খুব সন্তব বৌদ্ধ-তান্ত্রিকগণ বাঙ্গালার প্রাক্ত ভাষা ব্যবহার করিত্তেন। তাহাতেই কবিতা ও গীতি রচিত হইত এবং সাধারণ লোক উপদিষ্ট হইত। আদিশুর বঙ্গের কতক অংশে বৈদিক ও পৌরাণিক ধন্ম পুনঃস্থাপন করিয়াছিলেন। তাহার সময়ে সংস্কৃত সাহিত্যের পুনরুখান হইয়া থাকিবে। বেণীসংহার নাটক সেই সময়ে রচিত হইয়াছিল বলিয়া প্রবাদ। অস্তান্থ গ্রন্থ সম্ভব্যর বৃত্তিত হইয়াছিল। বৈদিকখন্যের পুনরুখানের সহিত সংস্কৃত সাহিত্যের পুনরুখান খ্বই সম্ভব্যর।

সেনরাজগণও সংস্কৃত সাহিত্যের বিশেষ অনুরাগী ছিলেন। বল্লাল সেন দানসাগর গ্রন্থ প্রণয়ন করেন এবং লক্ষণ সেনের নাবর সভা সংস্কৃত সাহিত্যের আলোচনায় ব্যাপৃত থাকিয়া যশোরথি বিকার্ণ করিয়াছিলেন। বৌদ্ধর্গে যে বঙ্গভাষার স্থাই হইয়াছিল, সেনরাজগণের রাজহ্বলৈ তাহা আর পরিবন্ধিত হয় নাই। সেনরাজগণের সময়েই সংস্কৃত সাহিত্যের নিঃসন্দেহে পুনক্থান হইয়াছিল এবং সেই সময়ে অজয় নদার কুলে মধুরকোমলকান্ত পদাবলীরচয়িতা জয়দেবকবি গীতগোবিন্দ প্রণয়ন করিয়া শিক্ষিত সমস্ত ভারতবাসীকে আনন্দে আপ্রুত করিয়াছিলেন। বর্তুমান বঙ্গসাহিত্য সেনরাজগণের অস্ত্র্ধানের পর ধারে ধারে প্রেটলাভ করিয়াছিলে। মুসলমান রাজহের প্রারন্তের পর তিন শত বৎসরে কত কি গ্রন্থ বাঙ্গালা ভাষায় রচিত হইয়াছিল তাহা নিরাকরণ করা সহজ নহে। বঙ্গীয়-সাহিত্য-পরিমং সেই সময়ের সাহিত্যের ইতিহাস সফলন কার্য্যে অভিনিবির হইয়াছেন। কত দিনে, কত পরিশ্রমে সফলতা লাভ হইবে বলা যায় না। কিন্তু ইহা নিশ্চয় বলা যায় যে, শ্রীক্ষেইচৈতয়্য মহাপ্রভুর আবির্ভাবের পূর্কেই বাঙ্গালাভাষা গঠিত হইয়াছিল; বাঙ্গালায় অনেক পত্ত ও গীত রচিত হইয়াছিল; পয়ার ছন্দং বিলক্ষণ প্রচলিত হইয়াছিল।

মহাপ্রভুর আবির্ভাবের কাল বঞ্চাষার প্রকৃত পুনরুখানের সময়। এই সময়কেই বঙ্গনাহিত্যের "Renaissance Period" বলা যাইতে পারে। উদ্ধিষ্ণটেততা মহাপ্রভুর আবির্ভাবের সময় ও তংপূর্ববর্ত্তী ও পরবর্ত্তী সময়ের সাহিত্যের ইতিহাস সংগ্রহ করা কঠিন নহে। বৈষ্ণব, শাক্ত, শৈব সকল প্রকার গ্রন্থই গেই সংগ্র হইতে রচিত ইইতে থাকে।

খৃষীর পঞ্চদশ শতান্দীর শেষভাগ ও বোড়শ শৃষ্ট্রার প্রথম ভাগ ভূমগুলস্থ সমস্ত আর্যা-জাতির ধর্মপ্রবৃত্তি ও মানসিক প্রস্তুত্তির পুনাবকাশের সময়। এই যুগপং অভ্যথানও আশ্চর্যোর বিধয়। ইউরোপে লূথার, ক্যাল্ভিন্ প্রভৃতি মহাপুরুষেরা পোপের আধিপত্য অস্বীকার করিয়া যে সময়ে খৃষ্টীয়ধর্মের নববিধান করিতেছিলেন, যে সময়ে ইগ্নেসিয়াস লয়লা প্রাতন খৃষ্টীয়ধর্মের রক্ষার নিমিত্ত ও তাহার সংস্কারের নিমিত্ত নৃতন Jesuit প্রেণীর প্রতিষ্ঠা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, প্রায় সেই সময়েই ভারতবর্ষের এক প্রাস্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত ধর্মবিপ্লব আরম্ভ হইরাছিল। খৃষ্টীয় পঞ্চদশ শতান্দীর শেষভাগেই সম্প্রদার-প্রবর্ত্তক কবীরের নবধর্ম খ্যাতি লাভ করিয়াছিল, ও বল্পভাচার্য্য বিশেষ ষত্নসহকারে বালগোপালদেবা প্রচার করিয়া শিলাতটে স্থপ্রদিক অর্থপ্রক্ষতলে আসন গ্রহণ করিয়াছিলেন।

ভারতে ধর্মের প্নক্ষ্ণীবন ও অবশুন্তাবী হ্রাভীয় বিপ্লব উপস্থিত হইলে মেঘনিম্ কিন্তামণ্ডলে যে ক্যোতিয়ান্ নক্ষত্রপৃঞ্জের উদয় ইইয়াছিল, তয়ধো নবলীপচক্রের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি চৌদশত সাত শকে হিমদেকশৃন্ত স্থনির্মল পৌর্ণমাসী নিশায় ভারতভূমিতে অবতীর্ণ ইইয়া স্থকোমল স্থাতল প্রেমামূতরদে হ্রাণ আপ্লুত করিয়াছিলেন। তাঁহার হরিনামামূতামাদ্বিহ্বল শিশুদহচরগণ খৃষ্টায় যোড়শ শতাক্ষীর প্রথমেই কঠোর কর্মাকাণ্ডের পরিবর্ত্ত স্থাধুর প্রেমভক্তিময় ধর্মবিস্তার করিয়াই তৃপ্ত হন নাই, পরস্থ শিতিমধুর, রসাত্মক কৃষ্ণলীলাময় গাথা রচনা ও সেই স্থাময় ধর্মপ্রবর্ত্তক চৈত্তাদেবের জীবনচরিত প্রভৃতি গ্রন্থসমূহ প্রণয়ন ছায়া বঙ্গভাষায় মভিনব শক্তিদ্ধার করেন। এই সময়েই রলুনাথ শিরোমণি প্রভৃতি নৈয়ায়িকগণ গঙ্গেশোপাধ্যায়কৃত তত্ত্বিস্তামণি গ্রন্থের ব্যাথ্যাদি প্রণয়ন ছায়া নবাভায়শাম্মে বৃগায়র উপস্তিত করিয়াছিলেন। এই সময়েই চৈত্তাদেবের সহাধ্যায়ী স্মার্ভিচ্ডামণি রলুনন্দন পূর্বপ্রচলিত নিবন্ধকারদিগের মত প্রভাকরিয়া, উয়ত সমাজের উপযোগী অইাবিংশতিত্র নামক ন্তন বাবস্থাগ্র প্রণয়ন করেন।

এই সময়েই গুরু নানক ১৪৬৯ খুটাকে ইরাবতী নদীতীরে জন্মগ্রহণ করিয়া স্বধর্ম-প্রচার-করণানন্তর ১৫৩৮ খুটাকে দেই পবিত্র ক্ষেত্রেই পরলোকগত হইয়াছিলেন। বস্ততঃ এক মহাসাগরের উপকূল হইতে অপর মহাসাগরের উপকূল পর্যান্ত সর্বত্র সমকালে ধর্ম-বিপ্লব ও ভক্তিপ্রোত প্রবাহিত হইয়াছিল। সঙ্গে সঙ্গে পুরাতন সাহিত্য ও সংস্কৃত, লাটিন ও গৌক প্রভৃতি পাচীন ভাষার অনুশীলন প্রোত প্রবৃত্তি হইয়াছিল এবং ঐ অনুশীলন হইতেই সাধুনিক ভাষাসমূহের প্রচার ও প্রাতৃত্তির হইতে লাগিল। আগ্রজগতের এই পুনরভা্থানকালেই বিজয়নগরেও নবদ্বাপের আয়ু, বেন, বেদান্ত, দর্শন ও শুতিশান্তের বিশেষ অনুশীলন হইয়াছিল। প্রবল তমানম্ম বাজাবর্তে কাবাপ্রানীপসমূহ নির্বাপিত হইয়াছিল, সাহিত্যজ্ঞাং মহাপ্রান্ত্র বিলুপ্রপ্রায় হইয়াছেল; কিন্তু গোড়শ শতান্ধীর প্রারম্ভ হইতেই পুনরায় জগতের সাহিত্য-সম্পত্তি অভিনব কলেবর ধারণ করিয়। প্রলয়পয়োধিজল হইতে পুনরুথিত হইতে লাগিল, স্থানে স্থানে বিজ্ঞানের ভিন্ত সংস্থাপিত হইতে থাকিল, এবং মানবপ্রকৃতির নৈস্থিক গতি অব্যধে ক্রেনান্নতির অভিমূপে প্রধাবিত হইল।

দেড়শত বংসরের মধ্যেই ভারতবর্ষে প্রাক্ত আফগান ও পাঠান সামাজ্যের অবসান হইয়াছিল এবং তাহা বিচ্ছিন্ন হইয়া ফওর সত্তর ক্ষুদ্র ক্রাজ্যে পরিণত হইয়াছিল । মালব, গুজরাট, জোয়ানপুর, মুলতান ও বঙ্গদেশ খাধীন মুললমান রাজগণের অধীন হইয়াছিল, এবং দক্ষিণে বামিনী রাজ্য বিলক্ষণ প্রতাপাধিত হইয়াছিল। মানবজাতির পরম শক্র তাতার তাইমুরলঙ্গ ১০৯৮ অব্দে ভারতবর্ষের উত্তর পশ্চিমাঞ্চল মানবশোণিতে রঞ্জিত করিয়া ও দিল্লী নগর লুঠন করিয়া ভারতবর্ষ হইতে প্রতাগ্রত হইলে, দিল্লীতে যে নামমাত্র সামাজ্য ছিল, তাহারও লোপ হইয়াছিল। তাহার পর মোগল সামাজ্যের অভ্যুদয় ও লয় পাঠান সামাজ্যের ইতিহাসেরই পুনরাবৃত্তিমাত্র। মোগল সামাজ্য ধ্বংস্প্রায় হইলে পুনরায় ক্ষুদ্র রাজ্যরূপ যে তরক্ষনিচয় উথিত হইয়াছিল, তাহা এক্ষণে ব্রিটিশসামাজ্য মহাসাগরে মিপ্রিত হইয়া লোপপ্রাপ্ত হইয়াছে। যাহা হউক, উক্ত দেড় শত বৎসর অর্থাৎ পৃষ্টীয় ত্রেয়াদণ

শতাকী ও চতুর্দ্দশ শতাকীর প্রথমার্দ্ধ ভারতবর্ধের বিষম বিপৎকাল। কিন্তু এই কালে হিন্দুর হিন্দ্ধ, হিন্দুর সাহিত্য, হিন্দুর সভ্যতা অনির্বাচনীয় জীবনীশক্তিপ্রভাবে সুষুপ্তাবস্থায় জীবন ধারণ করিয়াছিল। একবারে মৃত্যুদশা প্রাপ্ত হয় নাই। ক্ষুদ্ধ ক্ষুদ্র রাজ্যের উৎপত্তিই অনেক ইতিহাসবেত্তার মতে ভারতবর্ধের পুনরভ্যুত্থানের কারণ। রাজ্যরক্ষার, রাজ্যুশাসনে, হিন্দুর সাহায্য আবশুক হওয়ায় জাতীয়জীবনে নৃতন প্রাণবায় সঞ্চারিত করিয়াছিল। এই সকল ক্ষুদ্র রাজ্য হইতে বঙ্গদেশীয় অনেক জমিদারীর উৎপত্তি; অধিকাংশ রাজাই বিভোৎসাহী ছিলেন এবং তাঁহারা বিক্রমাদিতা ও ভোজরাজ প্রভৃতির অনুকরণ করিয়া রত্ত্রমগুলী দ্বারা পরিবৃত্ত থাকিতেন। কৃষ্ণনগরের মহারাজা কৃষ্ণচক্র ইংরেজ আমলেও রত্ত্রপরিবৃত্ত থাকিতেন। বর্ত্তুমান জমিদারগণের মধ্যে অনেকেই বিভোৎসাহী।

আর্যাজাতির এই প্নরুখানব্দের স্রোত বছদিন প্রবাহিত হইয়াছিল। বুন্দাবন দাস, প্রীক্ষণ দাস, জয়ানন ও গোবিন্দ দাস প্রমুথ বৈষ্ণব কবিগণ বাঙ্গালা ভাষার এবং "মুরারিম্রলীধ্বনিসদৃশ" মুরারি ও কবিকর্ণপূর প্রভৃতি বৈষ্ণব কবিগণ এবং গদাধরাত্ম দার্শনিকগণ সংস্কৃত ভাষার সাহিত্যরত্নসমূহ বঙ্গে বিকীর্ণ করিয়া বঙ্গের সভ্যতাজ্যোতিঃ ক্রমশঃ বৃদ্ধি করিয়াছেন। এদিকে শাক্তগণেরও সাহিত্যে মনোযোগ পড়িল। অনতিবিল্যেই ওজস্বী স্বভাব-কবি কবিক্ষণ মুক্নরাম চক্রবর্ত্তী দাম্ভার নিক্টন্থ দামোদরের কূলে বিদিয়া শক্তির প্রাধান্ত প্রকাশ করিয়া স্থললিত গীত গাহিতে লাগিলেন—"অরুর নদীর কূলে, অশোক তরুর মূলে, কামরসে কামিনী মুর্চ্ছিত।" "কীর্ত্তিবাস" ক্তিবাস মহাকবি বালাকিকে বঙ্গাবয়ব দিলেন এবং কারস্থ কাশীদাস প্রাবান্ ব্যক্তিগণকে সপ্তাদশ প্রাণের সার সংগ্রহ ব্যাসদেবের শেষ কীর্ত্তি মহাভারত বঙ্গভাষার শুনাইতে লাগিলেন। সংস্কৃত সাহিত্যের আদরের কিছুমাত্র ভ্রাস না হইয়া বঞ্চীয় সাহিত্য শনৈঃ শনৈঃ স্থলর অবয়ব ধারণ করিতে লাগিল।

ইংরাজ শাসন-সংস্থাপনের সমকালেই আবার বঙ্গীয় সাহিত্য একটু অধিক দীপ্তিমান্
হইল। বিপ্লবের পর শান্তি। ঘোরতর মন্তবের পর পৃথিবীর স্কুলা শ্রামণা মৃত্তি বঙ্গের
কবিচন্দ্র রায়গুণাকরকে মধুর কবিতাময় অন্নদামঙ্গল রচনায় উত্তেজিত করিল। ভক্ত
রামপ্রসাদ ভক্তির পরাকাণ্ঠা দেখাইয়া বঙ্গবাসিগণকে ভক্তিরসে প্লাবিত করিলেন। অনতিপরেই দাশু রায়, রামবস্থ, হরুঠাকুর, আণ্টুনি সাহেব, চিস্তামণি প্রভৃতি কবিগণ রসাত্মক
বাক্য দারা বঙ্গদেশকে মোহিত করিতে লাগিলেন।

ত্রস্ত দিপাহীবিদ্যেহ ভারতভূমিকে আলোড়িত করিয়াছিল। বিদ্যোহশান্তির পরই মহারাণী ভারতের্বরী ভিক্টোরিয়া স্বয়ং ভারতশাদন ভার গ্রহণ করিলেন। তৎকালীন শাদনকর্ত্তাদিগের স্থবব্যার ভারতবর্ষে পুনঃ শান্তি সংস্থাপিত হইল এবং সঙ্গে সঙ্গে শান্তির অপরিহার্য্য ফলস্বরূপ কবি ঈর্বচন্দ্র, মদনমোহন ও মধুস্থদন এবং বিভাগাগর ও অক্ষয়কুমার প্রভৃতি গভারচ্মিত্রগণ বঙ্গণাহিত্যকে অসামান্ত ঠেট্রব দনে করিলেন। অনভিপরেই দীনবন্ধ, বিহ্নিচন্দ্র, হেমচন্দ্রপ্র্থ সাহিত্যপেবকগণ বঙ্গসংভিত্যকে ভারতবর্ষে সাহিত্যের আদেশ করিয়া তুলিলেন। বঙ্গীয়-সাহিত্য পরিষং কেই সাহিত্যবীরগণের স্থতিচিক্ত স্থাপন করিয়া তুলিলেন। বঙ্গীয়-সাহিত্য পরিষং কেই সাহিত্যবীরগণের স্থতিচিক্ত স্থাপন করিয়া তাঁহাদের গৌরব চির্মেরনীয় করিতে বর্বান্ হইয়াছে।

বর্ত্তমান বাহিত্য-সেবিগণ অনেকেই পরিষদের সভা, অনেকেই এখানে উপস্থিত আছেন। তাঁহারা সকলে অর্থশালী না হইলেও বঙ্গের তাঁহারা রহুস্থরূপ।

> বিতা নাম নরত্র রূপমধিকং প্রচ্ছন্নগুপ্তং ধনং বিতা ভোগকরী ধশঃশুভকরী বিতা গুরুণাং গুরু:।

বিভা বন্ধুজনো বিদেশগমনে বিভা পরং দৈবতং বিভা রাজস্থ পূজ্যতে ন হি ধনং বিভাবিহীন: পশু:॥

বাল্মীকি, ব্যাস, হোমর প্রভৃতি মহাকবিগণের আর্থিক অবস্থা যেরপই থাকুক না কেন, তাঁহারা সহস্র সহস্র বর্ষ কত শত লোকের যশের ও অর্থের আকর হইরাছেন। কত শত গত পত লেথক, কত সহস্র গায়ক, তাঁহাদিগের অল্ভেদী অনস্তরত্ব-প্রভব গিরিগুহা হইতে রত্নচরন করিয়া জীবিকা নির্বাহ করিয়াছেন। কোন স্মাট্ও সেরপ লোকপ্রতিপালক হইতে পারেন না।

মধুহদন একা বাল্লীকির দম্বন্ধেই বলিয়াছেন—
"তব পদ্চিগ ধ্যান করি দিবা নিশি
পশিয়াছে কত যাত্রী যশের মন্দিরে,
দমনিয়া ভবদম গুরুত্ত শমনে—
অমর! শ্রীভর্গুইরি, সুরি ভবভৃতি
শ্রীকণ্ঠ; ভারতে খ্যাত বরপুত্র যিনি
ভারতীর কালিদাদ স্বমধুরভাষী;
মুরারি-মুরলীধ্বনী-দদৃশ মুরারি
মনোহর, কীত্রিবাদ ক্তিবাদ কবি,
ত্র বঙ্গের অলগ্ধার।"

মহারাজা, রাজা ও অন্যান্য ধনশালী বিজোৎদাহিগণের নিকট প্রার্থনা এই যে তাঁহারা বিক্রমাদিতা, ভোজরাজ প্রভৃতি চিরম্মরণীয়কীত্তি নুপতিগণের অনুকরণে সাহিত্য-পরিষদের পরিবদ্ধনার্থ যত্নবান ১উন। সাহিত্যদেবিগণের আর্থিক অবস্থা প্রায়ই ভাল নয়, কেবল তাঁহাদের উপর নির্ভাগ করিলে পরিষদের উদ্দেশ্যের সম্পূর্ণ সফলতা লাভের আশা সামায় ; তাঁহারা অন্তঃকরণে বঙ্গদাহিত্যের উন্নতিবিধানে ক্রতসংকল্ল হইয়া বঙ্গদেশের ক্রতজ্ঞতাভাজন হটন। ভারতবর্ষ এখন ভিন্নদেশীয় স্থাট ছারা শাসিত। তিনি ও তাঁহার প্রতিনিধিগণ ভারতবর্ষের উন্নতির নিমিত্ত সাধামত যত্ন করিতেছেন। বিভিন্ন-জাতীয় হইলেও, ওাঁহারা ভারতব্যীয় ভাষা ও সাহিত্য সমূহের উন্নতির নি মত্র বিবিধ প্রকারেই চেষ্টা করিতেছেন। কিন্তু তাঁহাদের উপর সম্পূর্ণ নিভর করা যাইতে পারে না। এদেশের ভূ**সামিগণ প্রাকাল** হইতে বিভোৎসাহী তু সাহিত্যদেবিগণের প্রপোষক। মুসলমানদিগের রাজত্কালে, ভারতবর্ষের ছুদ্দিনে ও, তাঁহারা সংস্কৃত সাহিতা ও দেশীয় সাহিত্যের মর্যাদা রক্ষা করিষা আসিয়াছেন। তাঁহাদিগের গুণেই তাঁহাদিগের যত্ত্রেই, হিল্ধর্মের, হিল্কীর্তির ও দেশীয় সাহিত্যের রক্ষা ও উন্নতি হইয়া আদিয়াছে। এখনও বঙ্গদাহিত্য তাঁহাদিগের স্বাপেক্ষী। সাহিত্য-পরিষদের আবাসস্থান হইয়াছে, কিন্তু রক্ষিত ধনভাগ্রার ব্যতীত ইহার স্থায়ীভাব সন্দেহজনক। বাসভূমি থাকায় অনেক উপকার হই চ পারে। সঙ্গে সঙ্গে সঞ্চিত অর্থ না থাকিলে গৌরব রক্ষা করা সহজ হইবে না। রক্ষিত ধনভাগুারের জক্ত পরিষদের রাজভাগণের উপর নির্ভর করা ভিন্ন উপয়ান্তর নাই। অন্তত: পঞ্চাশ হাজার টাকা গ্রস্ত না থাকিলে পরিষদের মহৎ উদ্দেশুসমূহ কার্য্যে পরিণত করা ছ্রহ হইবে। দেশের হিতসাধন, সাহিত্য-দেবিগণের প্রতিপালন অনেক পরিমাণেই গ্রস্ত ধনভাগুারের উপরত্বের উপর নির্ভর করিবে। বঙ্গবাসিমাত্ত্রেই এ বিষয়ে সাহায্য করিতে পারেন, পরিষদের বর্ত্তমান সভাগণ প্রয়োজনীয়

ধনসঞ্জের জন্ত সাধ্যমত চেষ্টা করিতে পারেন, কিন্ত বঙ্গীয়সমাজের শীর্ষস্থামী ও তাদৃশ অর্থশালিগণই ইছার স্থায়িত রক্ষা করিতে সমর্থ।

> প্রবর্ত্তবাং প্রকৃতিহিতার পার্থিব: সরস্বতী শুতমহতাং মহীধ্যতাম্।

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর

কিছুকাল হইল এী সুক্ত অক্ষয়কুমার মৈত্র মহাশয় তাঁহার কোনো একটি প্রবন্ধে পাণি-নির ব্যাকরণ প্রভৃতি হইতে প্রমাণ করিয়াছেন, ভারতবর্ষে প্রাচনকালে প্রশক্ষের অর্থ ছিল, যে পূর্ণ করে সেই পূত্র। পূংনানক কোনো একটি নরক হইতে ত্রাণ করে, এই ব্যাখ্যাটি পরবর্তীকালে আমাদের পুরাণে স্থান পাইয়াছে।

পিতাকে সম্পূর্ণ করিয়া তুলে বলিয়াই পুলের গৌরব। পুলা পিতার অক্তকআপুলিকে সম্পন্ন করে, তাঁহার ভারকে বংন করে, তাঁহার ঋণকে পরিশোধ করিয়া দেয়। এই কারণেই কেবলমাত্র স্নেহপ্রতির চরিতার্থতার জন্ম নহে, কল্যাণ প্রাপ্তির জন্ম, অক্তার্থতা ও অসমাপি হইতে মুক্তিলাভের জন্মই পুত্রকে আমাদের নেশে দেবতার বিশেষ প্রসাদলাভের মতই গণ্য করিত।

আমাদের দেশ বছকাল হটতে পুত্রীন হট্য়া শোক করিতেছে। দে যাহা আরম্ভ করে তাহা কোনো একটি ব্যক্তিকেই আশ্রম করিয়া দেখা দেয় এবং দেই একটি ব্যক্তির সঙ্গেই বিলান হট্যা যায়,—তাহার সংকলকে বিচিত্র স্থেকিতার পরম্পরার মধ্য দিয়া জাবী পরিণামের দিকে বছন করিয়া লইয়া যাইবার কোন উপায় নাই। কুদ্রতা, বিচ্ছিন্নতা, অসমান্তি কেবলই দেশের ঋণের বোঝা বাড়াইয়াই চলিয়াছে, কোনোটাই পরিশোধ হইবার কোনো স্থাক্ষণ দেখা যাইতেছে না।

এই সম্পূর্ণতাহীন পণ্ডতাশাপগ্রস্ত বন্ধাদশা গুচাহবার জ্বল্য আমাদের অভাগা দেশ কামনা করিতেছিল। কারণ, বন্ধান্ধান্তই বন্ধন। যে ব্যক্তি নিজের ফল ফলাইতে পারিল না দে নিক্ষতি পাইল কই? আমাদের দেশের অভাস্থরে বে অভিপ্রায় রহিয়াছে, সেই অভিপ্রায় যদি চারিদিকে সফলতার বিচিত্র রূপ ধারণ করিয়া উঠিতে না থাকে, যদি তাহা ক্ষু রিত হইয়াই শুকাইতে থাকে, তবে এমন কোন ক্রিম উপার নাই যাহার সাহাল্যে দেশ মৃত্তিলাভ করিতে পারিবে। যাহারা নিরম্বর কালের মধ্য দিয়া অবিদ্যিত্বভাবে দেশের সংগ্রাকে সিদ্ধির পথে মৃত্তির পথে লইয়া যাইবে, তাহারাই দেশের পুত্র। হংথিনী বঙ্গ হৃমি সেই পুত্র কামনা করিতেছিল।

স্থামাদের দেশমাতাকে বহুপুত্রবতী হইতে হইবে। এই পুত্রদের কেহবা দেশের জ্ঞানকে, কেহবা দেশের ভাবকে, কেহবা দেশের কর্ম্মকে অনুসত্তি দান করিয়া তাহাকে উত্তরোত্তর পরিপূর্ণ করিয়া তুলিবে। তাহারা নানালোকের উত্থমকে একস্থানে আকর্মণ করিয়া লইবে, তাহারা নানাকালের চেষ্টাকে একত্রে :বাঁধিয়া চলিবে। তাহারা দেশের চিত্তকে নানাবাজির মধ্যে বাংশু করিয়া দিবে এবং মনাগত কালের মধ্যে বহন করিয়া চলিবে। এমনি করিয়াই দেশের বন্ধা অবস্থার সঞ্চীর্ণতা ঘুচিয়া ঘাইবে, সে জ্ঞানে প্রেমে কর্ম্মে সকল দিকেই পরিপূর্ণ হইয়া উঠিবে।

এইরপ পুত্রের জ্বন্স বঙ্গভূমির কামনা জাগ্রত হইয়া উঠিয়াছে—পুত্রেষ্টি বজ আরম্ভ হইয়াছে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষংকে আমি দেশমাতার এইরপ একটি পুত্র বলিয়া অনুভব করিয়া আনেক দিন হইতে আনন্দ পাইতেছি। ইহা একটি বিশেষ দিকে বাংলাদেশের বিচ্ছিন্নতা গুচাইয়া তাহাকে সম্পূর্ণতা দান করিবার জন্ম অবতীর্ণ ইইয়াছে। তাহা বাংলাদেশের আত্মপরিচয়টেটাকে এক জেলা হইতে অন্ধ জেলায় বাগ্রে করিয়া দিবে, এক কাল হইতে অন্ধ কালে বহন করিয়া চলিবে—তাহার এক নিত্যপ্রসারিত জ্ঞাসাম্ভ্রের দারা অন্ধ কার্ডালীর চিত্তের সহিত দ্রকালের বাঙালীচিত্রকে মালায় গাঁথা চলিবে—দেশের সঙ্গেদেশের, কালের সঙ্গে কালের, যোগদাধন করিয়া পরিপূর্ণতা বিস্তার করিতে থাকিবে। পুত্র পিতৃবংশকে, পিতৃকীর্ত্তিকে, পিতৃসাধনাকে এইরপে ভবিষ্যুতের অভিমূথে অগ্রসর করিয়া দিয়া অতীতের সহিত অনাগতকে এক করিয়া মানুষকে কতার্থ করে—দেশপুত্রও দেশের চিত্তকে, দেশের চেটাকে বৃহং দেশে বৃহং কালে একা দান করিয়া ত হাকে সত্য করে, গোহাকে চরিতার্থ করে। সাহিত্য-পরিষংও বাঙলাদেশের চিত্তকে এইরপ নিত্যতা দান করিয়া তাহাকে মহং রূপে সতা করিয়া তুলিবার আশা বহন করিয়া আনিয়াছে বলিয়াই আম্রা তাহার অভ্যুদ্যকৈ বাংলাদেশের প্রাফল বলিয়া গণনা করিতেছি।

আমাদের এই সাহিত্য-পরিষং এতদিন গর্ভবাদে ছিল। সে আলে আলে রসে রকে পরিপুট ১ইয়া উঠিতেছিল। তাহার স্থলন্গণ তাহাকে নানা আঘাত অপঘাত হইতে স্বত্নে ব্রচিইয়: আদিয়াছেন ! তাহার দশনাস কাটিয়া গিয়ছেন আল সে ভূমিষ্ঠ হইয়াছে।

কবি বলিয়াছেন, শরীরমাতং ধলু ধলুসাধন্য। ধলুসাধনের গোড়াতেই শরীরের প্রয়োজন হয়। সাহিত্য-পরিবদের সেই আল্য প্রয়োজন আজ সম্পূর্ণ হইয়াছে; এখন হইতে তাহার ধর্মাধনা স্বলে সিদ্ধির প্রে অগ্রহইবে এইরূপ আশা করা যাইতেছে।

ইতর জন্তুর অপেক্ষা মানুষের গর্ভবাসকালও দীর্ঘ: তাহার শৈশব অবস্থাও অচির নছে। শ্রেষ্ঠতালাভের মূলাম্বরূপ মানুষকে এই বিলয় স্বীকার করিতে হয়।

সাহিত্য-পরিষ্থকেও তাহার বাহশরীর পূর্ণ করিতে বিশ্ব সাধিতে হইয়াছে। অনেক দিন ধরিয়া নিজের প্রাণশক্তির পরিচয় দিয়া দেশের লোকের শ্রনা ও আকাজ্ঞার মধ্যে হানলাভ করিয়া তবে তাহার এই স্থুলদেহটি কাজ প্রকাশ প্রাপ্ত হইয়াছে।

এই স্বাভাবিক বিলম্বই সামাদের পক্ষে সাশার কারণ। ইহা ভোজবাজির থেলার মত অকস্মাৎ কোনো থামথেয়ালির শ্রিনাহীন টাকার জোরে একরাত্তে স্বষ্ট হয় নাই সনেক দিন দেশের হৃৎসঞ্চারিত রক্তেব দারা পুষ্ট হইয়া ভাহার জীবন হইতে জীবনলাভ করিয়া তবেই প্রাকৃতিক অভিবাক্তির নিয়মে পরিষদের শারীনেক সাবিভাব ঘটিয়াছে।

কিন্তু এখনো আমাদের সম্পূর্ণ নির্ভয় ও নিশ্চিন্ত হইবার সময় আসে নাই। এখনো এ শিশু অনেক দিন জননীর সতর্ক স্নেহের অপেকা রাথে—তাহার পরে বড় হইয়া বলিষ্ঠ ইইয়া জননীকে নির্ভর দান করিবে।

অঅকার উৎসবে এই নবদেহপ্রাপ্ত সাহিত্য পরিষদের মুথ দেখিয়া সমস্ত দেশের সেহ ও

আশীর্কাদ ইহার প্রতি আক্বন্ট হইবে, এই আমরা আশা করিয়া আছি। যে পর্যান্ত ইহার শৈশবের ত্র্বলতা কিছুমাত্র থাকিবে, সে পর্যান্ত বাঙালী ইহাকে পোষণ করিবে, রক্ষা করিবে, ইহার অভাব দ্র করিয়া নিজের অভাবমোচনের পদ্থা করিবে, এই অত্যন্ত স্বাভাবিক প্রত্যাশা লইয়া আজু আমরা আনন্দ করিতে আসিয়াছি।

তবু মন হইতে ভন্ন দ্র হয় না। কারণ, যাহার। ছর্ভাগা তাহারা স্বভাব হইতেই ভ্রষ্ট হয়। যে পুত্র পূর্ণতা দান করে, সকলে তাহাকে স্বভাবতই পূর্ণ করিতে চায়; কেবল ভাগ্যে যাহার ছুর্গতি আছে দে আপন ভাবী আশাস্পদকেও অন্নদান করিতে বিমুথ হয়।

বাংলাদেশের ঘরেও মাঝে মাঝে দেবলোক হইতে মঙ্গল নানা আকার ধরিষা অবতীর্ণ হইয়াছে। আমরা তাহার সকলটিকে পালন করি নাই,—এমনি করিয়া অনেক নবীন আগস্তুককেই আমরা অনাদরে অভ্কু রাখিয়া ফিরাইয়া দিয়াছি। সেই সকল অপমানিত মঙ্গলের অভিসম্পাত অনেক জমা হইয়া উঠিয়াছে—তাহারাই আমাদের উন্নতিপথের এক একটি বড় বড় বাধা রচনা করিয়া রহিয়াছে। বাংলাদেশের কোড়ে আজ যে কল্যাণের কমনীয় শৈশব সাহিত্য-পরিষং-রূপে আমাদের দর্শনগোচর হইল, ইহার প্রতি আমাদের চিত্র প্রসন্ন হউক, আনন্দের আনুকুল্য প্রসারিত হউক,—বিধাতাপুরুষ এই সভাতলে উপস্থিত থাকিয়া তাঁহার অলক্ষ্য লেখনী দিয়া অগ্য এই শিশুর ললাটে যে অদৃশ্রুলিপি লিখিতেছেন, তাহাতে বাঙালীর গৌরব, বাঙালীর কীত্তি, রাঙালীর চরিতার্থতা কালে কালে সপ্রমাণ হইয়া উঠুক্, অন্তরের এই কামনা প্রকাশ করিয়া আমি আসন গ্রহণ করিতেছি।

শ্রীযুক্ত স্থরেশচন্দ্র সমাজপতি

আজ ২১শে অগ্রহায়ণ বাঙ্গালীর অরণীয় দিন:—বাঙ্গালীয় জাতীয় জীবনের ইতিহাসে, বাঙ্গালীর জাগরণের উজ্জ্ব পরিচ্ছদে, ১৩১৫ সালের ২১ শে অগ্রহায়ণ স্থবর্ণাক্ষরে দেদীপামান পাকিবে। বাঙ্গালীর এই মাতৃমন্দিরে,—নবনিশ্মিত সারস্বত-নিকেতন,—মার পবিত্র দেউল আমাদের জাতীয় তীর্থ কে তাহা অস্বীকার করিবে ? বাঙ্গালীর উত্তরপুরুষ এই মহাতীর্থে সাহিত্য-সাধনায় অক্ষয় সিদ্ধি ও কাম্য কল লাভ করিবে। আজ বাঙ্গালী যে কল্যাণ-কল্পতকর প্রতিষ্ঠা করিবেন, ভবিধাতের কোনও মঙ্গলময় মুহর্ত্তে তাহার ফল ফলিবে। নবভাবে অনুপ্রাণিত,--নৃতন আশায় উদীপিত,--মনুখ্যরে প্রভাবিত,--নিহাম-কর্মের ও স্বদেশ-ধর্মের পুণামহিমায় সমুদ্রাসিত ভবিষ্যতের বাঙ্গালী দেই অমৃত ফলের অধিকারী হইয়া মর-জগতে অমরতা লাভ করিবে। আজ সাধনরে তপোবনে বর্ত্তমান যুগের সাহিত্য-শাধকগণ যে 'অগ্নিশারণে'র প্রতিষ্ঠা করিলেন, -এক দিন সেই পবিত্র সারস্বত আশ্রমে ভারতের ভারতী আবিভূতি হইয়া বরাভয়ে বাঙ্গালীকে ধন্ত ও ক্লতার্থ করিবেন। বাঙ্গালী এই সারস্বত মন্দিরে সেই শুভাদিনের প্রতীক্ষা করুন ;—সারস্বত সাধনায় ধন্ত ও কুতার্থ হউন। এই কুজ মন্দির নব-ভারতের ভাবকেক্রে—হোমশালায় পরিণত হউক। এই পবিত্র মন্দিরে ভারতবাদীর পথপ্রদর্শক বাঙ্গালী দেই মহাভাবের দাধনা করুন,—ক্সাকুমারী হইতে তুষারকিরীটা হিমাচল পর্য্যন্ত সমগ্র ভারত সেই মহাভাবে অনুপ্রাণিত, উদ্বেশিত ও উচ্ছ সিত হইয়া উঠুক।

বাঙ্গালা সাহিত্য নব-ভারতের ভাবগঙ্গার পবিত্র উৎস—গোমুণীর অমর নির্বর। মাতৃনান্তের ঋষি অমর বঙ্গিমচন্ত্রের যে 'বন্দোতরম্' মহামন্ত্রে আজ ভারতভূমি মুণরিত প্রতিধ্বনিত হইতেছে, বাঙ্গালার সাহিত্য, বাঙ্গালীর 'আনন্দমর্চ' তাহার মূল প্রস্রবণ; বাঙ্গালী সে জ্বন্তু আত্মপ্রদাদ, গর্ম ও গৌরব অমুভব করিতে পারে।—হে বঙ্গের সাধক! বাণীর উপাসক! সেই গৌরব অমুগ্র রাখিবার বিপুল দায়িত্বও তোমার। তুমি যদি এই সাধনমন্দিরে সাধনায় সিদ্ধিলাভ করিতে পার,—তাহা হইলে, বাঙ্গালীর এই গৌরব যাবচ্চক্রদিবাকর জাজ্মলামান থাকিবে। আর্থ্যাবর্ত্তি আবার নব-গৌরবে উদ্যাসিত, নিজ্যাম কর্ম্মযোগে প্রভাবিত, সত্য ও স্থানরের মহিমার অমুপ্রাণিত হইরা জগতের কর্মান্তেরে প্রতিষ্ঠা ও বিশ্ববাসীর শ্রদ্ধা লাভ করিবে। কর্মাহীন, ধর্মাহীন, সত্যহীন ভারতবাসী জ্ঞানের, ধর্ম্মের ও সত্যের মহিমার মণ্ডিত হইরা আবার বিশ্বের বিরাট-সভার আপনার স্থান অধিকার করিবে।

উনিশ বংসর পূর্বে যৌবনের প্রারম্ভে "সাহিত্যে"র স্কচনায় লিথিয়াছিলাম,—যাহা সত্য ও স্থলর, তাহাই সাহিত্যের প্রাণ। "জাতীয় জীবনের উন্নতি সাহিত্য-সাপেক্ষ।"—আজ যৌবনের শেষে নবভারতের স্থানশী মুগে প্রত্যক্ষ প্রমাণে বুঝিয়াছি, সাহিত্য ভিন্ন অন্ত ক্ষেত্রে জাতিয় জাতীয়তা প্রতিষ্ঠিত হইতে পারে না।—রাজনীতির রণক্ষেত্রে জাতীয়তার খান নাই। সার্থের সংঘর্ষ ও বিজেতা ও বিজিতের বিষম ছন্ত ও জাতীয়তার উৎস নহে। বিশাল ও বিপুল, উদার ও পবিত্র সাহিত্যই মানবকে উন্নত ও জাতীয়তায় স্বপ্রতিষ্ঠিত করিতে পারে। সাহিত্যই মানবের উন্নতির সোপান, মুক্তির পথ;—"নাতঃ পতা বিগতে অয়নায়।"

যাহা সত্য ও স্থান্দর, সাহিত্য তাহার ররাকর। সাহিত্য সত্য ও স্থান্দরের উপাদক। সাহিত্য সত্য ও স্থান্দরের একনিঠ সাধক।— সাহিত্যের সাধনা, স্টে ও পুটি জাতীয়তার, মানব-তার ও মনুখানের কামধেল: যাহা সত্য ও স্থান্দর কামধেল: যাহা সত্য ও স্থান্দর কামধেল: যাহা সত্য ও স্থান্দরের কামধেল: যাহা সত্য ও স্থান্দরের মহিমা বিশ্বত হইয়া, অগুপাতের অন্ধক্রে পতিত হইয়াছি,—অবদাদে মুখু হইয়াছি। যাহা সত্য নহে, তাহা স্থান্দর হইতে পারে না। যাহা অকাধারে স্থাও স্থান্দর না। যাহা স্থান্দর নহে, তাহাও সত্য হইতে পারে না। যাহা একাধারে সত্য ও স্থান্দর, তাহাই 'শিব'। সেই 'সতাং শিবং স্থান্দরং' ভারতের বরেণা দেবতা ;—এবং সাহিত্যই সেই দেবতার স্থাও দেউল, আমরা যেন কথনও তাহা বিশ্বত না হই। বাঙ্গালী! আবার সাহিত্যের তপোবনে সত্য ও স্থানেরের উপাসনায়, সাধনায় প্রবৃত্ত হও,—সাহিত্যকে 'সতাং শিবং স্থান্দরং' বলিয়া বরণ কর, অস্তাের কুহেলিকা ভোদ করিয়া, ভারতে সত্যের মহিমা প্রতিষ্ঠিত হউক,—কুৎসিতের চিতানলে স্থানেরের স্বাণীয় সৌন্দর্যা উদ্বাসিত হইয়া উঠ্ক।

এই পবিত্র মন্দির নির্মাণ করিবার জল ভিক্ষাপ্রাণী হইয়া বাণীর বরপুল্রগণ কমলার প্রিয়-পূল্রগণের দ্বারন্থ হইয়াছিলেন।—তাঁহারা দরিদ্র দাহিত্যদেবী ও সাহিত্যে ভক্তগণের প্রার্থনা পূর্ণ করিয়াছেন। নয় বৎসর পূর্ব্বে আমরা বাঙ্গালার সারস্বত সমাজের পক্ষ হইতে বাঙ্গালার প্রাচীন রাজধানী, বাঙ্গলার অতীত গৌরবের মাণান,—বাঙ্গলার অতীত স্বৃতির ভয়ত্বপুণ—সোনার বাঙ্গলার শেষ স্বপ্র—মূশিদাবাদে স্বনামধন্ত মহারাজ শ্রীল শ্রীযুত মণীক্রচক্র নন্দী বাহাছরের কমলালয়ে ভিক্ষাভাগুহতে উপস্থিত হইয়াছিলাম। মহারাজ বাহাছর আমাদের প্রার্থনা পূর্ণ করিয়াছিলেন; বে ভূমিথণ্ডের উপর এই মাতৃমন্দির,—বাঙ্গালীর এই অগ্নিশ্রণ নির্দ্বিত হইয়াছে, সেই ভূমিথণ্ড দান করিয়া তিনি বাঙ্গলাকে ও বাঙ্গালীর উত্তরপুরুষকে চিরহৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছিলেন। তাহার পর বাঙ্গলার অনেক ধনকুবের তাঁহার

দৃষ্টান্তের অনুসরণ করিষা আমাদের ভিক্ষাভাগু পূর্ণ করিষাছেন।—মন্দির-পত্তনের পর, পরিষদের চিরসংগয়, বাঙ্গলা ভাষা ও সাহিত্যের অক্তিমে বয়, সহ্লয়, লোক-হিতব্রত লালগোলার রাজা শ্রীল শ্রীযুত যোগেক্রনারায়ণ রাও মহোলয়—এই বিশাল হৈলে'র সমুদ্র ব্যয়ভার বহন করিয়াছেন।—বাঙ্গালী কথনও ইহাঁদের ঋণ পরিশোধ করিতে পারিবে না। তাঁহারা আমাদের আন্তরিক ধন্তবাদের ভাজন হইয়াছেন। দীন সাহিত্যদেবীর ধন্তবাদ অকিঞ্ছিৎকর হইতে পারে, কিন্তু ভবিশ্বদংশের ভাষী মনুশ্যত্বের ও কল্যাণের কল্পনা সেরপ তৃচ্ছ নহে। তাঁহারা সেই কল্পনা ও মার আশীকাদ লাভ করিয়াছেন। তাঁহারা ধন্ত হইয়াছেন,—আমাদের ধন্ত করিয়াছেন।

কিন্তু এই শুভদিনে আমাদের মার একটি প্রার্থনা আজ আপনাদের গোচর করিবার প্রলোভন ও ছঃসাহস আমরা কিছুতেই দমন করিতে পারিতেছি না। হে কমলার প্রিয়পুত্র স্ম্প্রাদার! আপনারা দ্রিদ্র সাহিত্যসেবীকে বসিতে দিয়াছেন, এখন যদি আমরা গুইতে চাই, আশা করি, তাহা হইলে, বিশ্মিত বা বিরক্ত হইবেন না। আপনারা ভারতীর মুনার নির্মাণ করিয়া দিলেন। এখন আমাদের,—আপনাদের—সমগ্র দেশের সমগ্র ভারতের ঘনি মা, –দেই ভগবতী সরস্বতীর চিরস্তন সেবার ও পূজার ব্যবস্থা করিয়া দিন। আমরা নিঃস্ব, দীন, নিঃদ্বল,—শুক জীর্ণ বিস্থপত ও গঙ্গোদক আমাদের পূজার দ্বল।—মার পূজার নৈবেল,—মার আরতির স্থবর্ণপ্রদীপ দরিদ্র সাহিতাদেবীর কুটীরে অতান্ত চ্লভি। ভগবতী ভারতী দরিদ্র দাহিত্যদেবীর জননী,—কিন্তু তিনি ভারতের রাজ্বরাজেধরী।— আমরা গঙ্গাঞ্চলেই তাঁহার নিত্য দেবা নির্কাহ করি; কিন্তু আজ আপনারা যে স্থলর মন্দিরে তাঁহার প্রতিষ্ঠ। করিলেন, দে মন্দিরে মার পূজায় কি শুন্দ বিবদল ও গঞ্চাজলই বাঙ্গালীর চির-দম্বল থাকিবে ৷ তাই আজ সমগ্র সাহিত্যদেবীর পক্ষ হইতে আমরা আপনাদের রাজন্ম ও লক্ষ্মীন্সনিকট প্রার্থনা করিতেছি,—সাপনারা মার নিতা স্বার ব্যবস্থা করিয়া দিন,—মার নিত্য-পূজার জন্ম স্থায়ী, সংস্থানে'র ভার গ্রাংগ করুন।— মন্তত :—পঞ্চাশ হাজার টাকার চিরস্থায়ী ভাণ্ডার প্রতিষ্ঠা কি বাঙ্গালার ধনকবেরগণের সাধ্যায়ত নহে ? হে কমলার প্রসাদপুত বন্ধের অভিজাত-সম্প্রদায়! মাজ আপশারা মার চরণকমলে সোনার কমল ঢালিয়া দিন-সাহিতাদেবীর শুক্ষ বিল্বদলে কমলার কাঞ্চন-রশ্মি প্রতিফলিত হউক,-লক্ষ্মী সরম্বতীর চির-বিবাদের প্রবাদ মিথাবিদে প্রিণত হউক।

এই সাহিত্য মন্দিরে আপনাদের প্রসাদে আমরা অতীত ইতিহাসের জীর্ণ সমাধি হইতে জাতীয় গৌরবের কন্ধাল সংগ্রহ করি।—ভবিগাতে কোনও পুণাবান্—মার প্রসাদে মৃতসঞ্জীবন মন্ত্র লাভ করিয়া, মহীয়ান ও গরীয়ান হইয়া, সেই কদ্ধালে স্থান্তর দেহের স্পষ্ট ও প্রাণপ্রতিষ্ঠা করিবেন।—তথন সেই নবপ্রাণ-বলে বলায়ান, মহীয়ান ও গরীয়ান জাতীয় গৌরবের উদ্বোধনে ও আহ্বানে জাগরাক হইয়া যে নৃতন বাঙ্গালী বাঙ্গলার কর্মান্তে অবতীর্ণ হইয়া সমগ্র ভারতবাসীকে মুক্তির পথে পরিচালিত করিবে, তথন তাহারা কোটী কঠে এই পুণা মন্দিরের প্রতিষ্ঠাতা ও কমলার বরপুল্রগণের গৌরব-গাথা গান করিবে! সেই শুভ্দিন স্মরণ করিয়া, হে বাঙ্গালী, হে পতিত বিধ্বক্ষ আ্যাবিশ্বত, স্থগোধিত বাঙ্গালী! তৃমি আছা জগতের আদি জ্ঞানসিত্ব প্রথদের ভাষায় গাও,—

"সমানী ব আকৃতিঃ সমানি হৃদয়ানি বঃ। সমানমন্ত বো মনো যথা বঃ স্থসহাস্তি॥"

শ্রীযুক্ত নগেব্রনাথ বস্থ

দাহিত্যামুরাগী মহোদয়গণ! আজ এই শুভদিনে দাহিত্য-পরিষদের নবগৃহ প্রবেশ উপলক্ষে মাননীয় সভাপতি মহাশয়ের আদেশে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সম্বন্ধে হুইএক কথা বলিবার জন্ম আপনাদের অনুমতি প্রার্থনা করিতেছি। গত ১৭ই বৈশাখ ১৩০১ বঙ্গান্দে রাজা বিনম্বরুষ্ণ দেব বাহাত্রের ভবনে বঙ্গীয় দাহিত্য-পরিষং প্রতিষ্ঠিত হয়। পরিষদের প্রতিষ্ঠা হইতে এই কিঞ্চিদূন পঞ্চদশ বর্ষ কাল সাহিত্য-পরিষং কি কি কার্য্য করিয়াছেন, তাহা দাহিত্য-পরিষৎ-পঞ্জিকায় প্রকাশিত হইয়াছে এরং আমাদের পরমশ্রদাম্পদ মাননীয় সভাপতি মহাশয়ও তাহার পরিচয় দিয়াছেন। বলিতে কি সাহিত্য-পরিষদের চেষ্টায় এই পঞ্চদশ বর্ষ পর্যান্ত যে সকল কার্য্যের অনুষ্ঠান হইয়াছে, তাহাতে বঙ্গদাহিত্যের গতি অভিনব পথে ধাবিত হইগাছে, বঙ্গদাহিত্যিকগণের লক্ষ্য পরিবর্ত্তিত হইয়াছে, বঙ্গদাহিত্যে নব বুপের আবিভাব হইমাছে। সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠার পূর্বে প্রচলিত বঙ্গদাহিত্য ধীর মন্ত্র গতিতে সাধারণের কৌ এহল পরিভৃথি সাধনের জন্ত অগ্রসর হইতেছিল, তাহারই ফলে উচ্চ অঙ্গের উপতাদ ও নাটকীয় দাহিতোর বিকাশ; কিন্তু যাহাতে মানবকে দেবংত্ব উন্নত ক্রিতে পারে, যাগতে বঙ্গদীমাবদ্ধ বঙ্গভাষা সভা জগতে উচ্চ আসন লাভ করিতে পারে, এরূপ উচ্চত্তব্যুলক দুর্থন, বিজ্ঞান, ইকিহাস ও পুরাতত্ত্বে আলোচনা বিরল্পচার এবং অল্পংখাক বিশেষজ্ঞের মধ্যে দীমাবদ্ধ ছিল। সতা বটে, মহাপুক্ষ ঈশ্বরচক্ত বিভাসাগর অজয়ক্ষার দত্ত মুধ্যতি ব্লিমচল্লের যুদ্ধে শিক্ষিতাভিমানীর অনুক্ল দৃষ্টি বঙ্গভাষার দিকে অনেক পরিমাণে নিপতিত হইয়াছিল, কিন্তু তথনও সকলের সম্পূর্ণ দৃষ্টি পড়িয়াছিল বলিয়া আমু মনে করি না। আমরা অবগুই স্বীকার করিব, যে প্রধানতঃ এই সাহিত্য-পরিধদের প্রভাবে বা যাত্রে আজ শিক্ষিত বঙ্গবাদীর মতিগতি পরিবর্ত্তিত হইয়াছে ! মাহিত্য-পরিষ্য এতিষ্ঠার পুর্বের মাধারণের বিধাস ছিল যে বিভাপতি, চণ্ডীদাদের পূর্বের বজভাষায় কোন গাড় রচিত হয় নাই এবং নহালা রামনোহন রায়ের পুর্বের বাঙ্গালায় গভ ম্রিতোর অস্তিদ ছিল না। সাহিত্য-পরিষদ্ট দ্র প্রথম দাধারণের এই দলেহ ভঞ্জন ১৩০৪ বঙ্গান্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশম্ব সাহিত্য-করিয়া দিয়াছেন। পনিষ্থ পত্তিকায় রমাই পণ্ডিতের ধর্ম পূজা প্রতির কতকাংশ প্রকাশ করেন; তাহাতেই আমরা সর্ব্রপ্রথম জানিতে পারি যে সেনরাজবংশের অভাদয়ের পূর্বে পাল বংশের অধিকার কালে বঙ্গভাষায় গতা গ্রন্থ রচিত হইয়াছিল। স্থেবে বিষয় শাস্ত্রী মহাশয়ের সেই অপূর্ম আবিষারের ফল রমাই পণ্ডিতের প্রতি বা শৃত্ত পুরাণ অল্লদিন হইল সাহিত্য-পরিষং---ভুইতে প্রকাশিত ভুইরাছে। রুমাই পণ্ডিতের প্রদঙ্গ প্রকাশিত ভুইবার পুর্বেই দাহিতা পরিষ্থ দেহক্ডচ নামে এক্থানি দাড়ে তিন্দত বর্ধের প্রাচীন গত প্রকাশ করিয়া সাধারণের ভ্রাস্ত বিখাস বিদ্বিত করিয়াছিলেন। সম্প্রতি শৃক্ত পুরাণ প্রকাশের শহিত সাহিত্য-পরিষৎ ঘোষণা করিয়াছেন, যে নয় শত বর্ষ পুর্বেও বাঙ্গালায় গত সাহিত্যের প্রচলন ছিল।

দাহিত্য পরিষৎ প্রতিষ্ঠার বহুপূর্বের স্বর্গীর জগবন্ধ ভদ্র, মাননীয় শ্রীযুক্ত সারদাচরণ মিত্র ও শ্রীযুক্ত অক্ষয়কুমার সরকার মহাশয় এবং তৎপরে বঙ্গবাদীর দম্পাদক স্বর্গীয় যোগেল্রচন্দ্র বহু প্রমুধ করেক জন প্রাচীন বাঙ্গালা সাহিত্য প্রকাশে মনোযোগী হইরাছিলেন। মহামহোপাধ্যায় হরপ্রদাদ শাস্ত্রী মহাশয়, স্কুছদ্বর দীনেশচন্দ্র সেন, এবং বিশ্বকোষের

क्रज स्वामि निष्क थोठीन वान्नांनां भूषि मः धरह निश्व हिनाम। महामरहाभागांव हद अनान শান্তী মহাশম ও প্রীযুক্ত দীনেশচক্ত সেন মহাশদ্বের যত্নে কএকথানি প্রাচীন পুঁথির বিবরণঙ প্রকাশিত হইয়াছিল; কিন্তু যথন ৪র্থ বর্ষের সাহিত্য-পরিষং পত্রিকায় সর্ব্ধ প্রথম ২১০ খানি প্রাচীন পুঁথির বিবরণ একত্র প্রকাশিত হইল, সাহিত্য-পরিষদের উদ্যোগে তথন সাধারণে ৩৫ থানি মহাভারত, ২৮ থানি রামায়ণ, ৫৬ থানি মনসা মঙ্গল এবং ২০ থানি ধর্ম মঙ্গলের সংবাদের সহিত বিশাল ও প্রাচীন বঙ্গসাহিত্যের আভাস পাইলেন। বলিতেছি এই সমন্ন হইতেই সাধারণের প্রাচীন বাঙ্গালা পু^{*}থির প্রতি দৃষ্টি আরুষ্ট হইল। আমাদের প্রাচীন মাতৃভাষায় কতশত অমূল্য রত্ন বঙ্গের নানাস্থানে লুকায়িত রহিয়াছে, বলের প্রতি গণ্ডগ্রাম কত শত পল্লীকবির মধুর ঝঙ্গারে মুধ্রিত হইয়াছে, বিভিন্ন সমাজের ধর্ম, নীতি, সমাজ ও আচার ব্যবহারের উজ্জ্ব পলীচিত্র কত শত পলী কবির অমৃতময়ী লেথনীতে পরিব্যক্ত, তাহা ঐ সকল প্রাচীন পুঁথিতে প্রচন্ধর রহিয়াছে। মহামান্ত র্টীশ গ্রবর্থমন্ট সংস্কৃত পুঁথির বিবরণ প্রকাশ করিয়া সভ্য জগতে যেরূপ আমাদের দেব ভাষার আদর বৃদ্ধি করিয়াছেন, বঞ্চীয়-সাহিত্য-পরিষং সেইরূপ নানা প্রাচীন বাঙ্গালা পুঁথির বিবরণ প্রকাশ করিয়া বছদিন পরিত্যক ও উপেক্ষিত বঙ্গভাগার ও বঙ্গবাদীর সেইরূপ মুথ উজ্জ্বল করিয়াছেন। এখন বঙ্গের নানাস্থানেই প্রাচীন বাঙ্গলা পুঁথির অনুসন্ধান চলিতেছে, প্রধান প্রধান মাসিক পত্রিকায় এখন ছই একখানি প্রাচীন বাঙ্গলা পুঁথির বিবরণ ও পুরাতন বঙ্গকবির কথা প্রকাশ করা প্রধান আলোচ্য হইয়া পড়িয়াছে। প্রাসিদ্ধ সংস্কৃতবিদ মোক্ষমূলর এক দিন উপদেশ প্রসঙ্গে বলিয়াছিলেন,—

"যে দেশের লোকসাধারণ নিজ দেশের প্রাচীন ইতিহাস ও প্রাচীন সাহিত্য অরণ করিয়া গৌরবানিত না হয়, তাহারা জাতীয় চরিত্রের প্রধান অবলম্বন শৃত্ত হইয় ছে মনে করিতে হইবে। যথন জ্পাণ রাজ্য রাজনৈতিক অবন্তির নিয়ত্তন গহবেরে নিপ্তিত হইয়াছিল, তথন তলেশীয় জনসাধারণ সদেশের প্রাচীন সাহিত্যের আলোচনায় নিযুক্ত হইয়াছিলেন এবং প্রাচীন সাহিত্য পাঠে ঠাহাদের জদয়ে ভাবী উন্নতির আশা অফুরিত করিয়াছিল।"

বাস্তবিক কোন অধঃপতিত জাতি বা সমাজের উন্নতি বিধান করিতে ইইলে সেই দেশের স্থান, কাল, পাত্র ও অবস্থা বিপর্যায়ের ইতিহাস আলোচনা কবা সর্বাহ্যে কর্ত্তব্য। অতীত ইতিহাস ও অতীত সাহিত্য আলোচনা দ্বারাই আজ জর্মণ জাতি বিভা বৃদ্ধি ও অর্থবলে জগতে সর্ব্ধপ্রধান আসন গ্রহণে অগ্রসর। বলিতে কি সাহিত্য পরিষং প্রতিষ্ঠার পূর্ব্ধে বঙ্গবাসীর দৃষ্টি অতীত ইতিহাসের ও পুরাত্ত্বের দিকে সেরপ ধাবিত হইয়াছিল বলিয়া মনে হয় না। মহামতি রাজা রাজেক্রলাল ও অক্ষরকুমার দত্ত প্রমুথ ছই একজন এই অবগ্র আলোচা বিসম্বের আলোচনার স্ত্রপাত করিয়া গিয়াছেন মাত্র। বঙ্গীয়-সাহিত্য-পরিষ্থ এসিয়াটিক সোসাইটীর আলের্শে প্রাচীন বাঙ্গলা সাহিত্য উদ্ধারের সঙ্গে প্রাচীন তাত্রশাসন, শিলালিপি, ইভিক্পা, ব্রত্তহণা, প্রভৃতি বঞ্গভাষায় প্রকাশ করিয়া সাধারণের ক্রতিপরিবর্ত্তন করিতে সমর্থ হইয়াছেন, তাহারই ফলে বঙ্গের সর্ব্ববিধ পুরাকীর্তি রক্ষার উদ্দেশ্যে বিভিন্ন জেলায় আলোচনার যথেই সমাদর দেখা যাইতেছে এবং বঙ্গের সর্ব্ববিধ পুরাকীর্তি রক্ষার উদ্দেশ্যে বিভিন্ন জেলায় আলোচনার পথ স্থেগম করিবার জন্ম রঙ্গপুর, ভাগলপুর, বহুরমপুর, ময়মনসিংহ, বগুড়া, রাজসাহী প্রভৃতি বজের নানাস্থানে সাহিত্য-পরিষদের শাখাও প্রতিষ্ঠিত হইয়াছে। যে মহত্দেশ্য সাধন কল্পে সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা,—সভাপতি মহাশয়ের বক্তৃতার আপনারা তাহার কতক পরিচন্ন পাইয়াছেন। সাহিত্য-পরিষদের হুইতে

বঙ্গদেশ ও বঙ্গভাষাৰ কি শ্রীরুদ্ধি হইরাছে, তাহার কিছু কিছু আভাস মাত্র আপনাদিগকে জানাইলাম। এখন পরিষদের কার্যাঞ্চেত্র কতদুর প্রণারিত বা দীমাবদ্ধ ছওয়া উচিত, অতি সংক্ষেপে এ সম্বন্ধে ছই এক কথা ধলিতে ইচ্ছা করি। আপনারা শুনিয়া আনন্দিত ও বিশ্বিত হইবেন যে হিমানীমণ্ডিত হিমানয়ের ক্রোড়স্থ নেপাল ভূথণ্ডে এখনও সহস্রাধিক বর্ষের প্রাচীন বপভাষায় লিখিত বহু পুঁথে বিভয়ন। মহামহোপাধাায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় প্রায় সহস্রাধিক বর্ষ পুর্বের রচিত কাঞ্ভট, শান্তিদেব, সরোজপাদ, লুইচল, তোখি-পাদ প্রভৃতি দশজন প্রাচীন কবির বাল্লা দোহা বা গাথা সংগ্রহ করিয়াছেন। বালালীর সাহিত্য চচ্চার স্থাচীন গৌরবনির্দেশক ঐ সকল প্রাচীনত্য অমুল্য এই মুদ্রিত হইলে বঙ্গদাহিত্যের ইতিহাসের এক অভিনব অধ্যায় প্রকাশিত হইবে সন্দেহ নাই। প্রশান্ত মহাসাগরের তটভূমে অুদুর ক্রোডিয়া ও আনামে, এমন কি ভারত মহাসাগরাস্তরাল্ভিত যবদ্ব'প ও স্থনাত্রায় অস্বস্কলিজবাদীর প্রতিন্তিদ্ধ স্থাচীন বসাক্ষরের শত শত শিলালিপি আবিক্লত হইয়াছে, এবং তাহাতে সহস্ৰাধিকবৰ্য প্ৰবিভী অন্তৰ্ভৰ লিজের প্রভাব পরিক্ষুট রহিয়াছে। কে না মনে করিতে পারে ঐসকল তানে বঙ্গবাসা ও বঙ্গভাষার অতীত গৌরবের শ্বতি বদভাষায় ।ল'থত পু'ণির আবিকার ভবিষ্যুগর্ভে ।নহিত। প্রাচাভারতের প্রদূর উত্তর ও প্রদানার ক্রায় বৈতরনা ২ইতে প্রিক্লা। পর্যান্ত স্ক্রিস্ত কালসভূমে ৫ শত বর্ষ পূকা ২ইতে সহস্তানিক ব্যাপুল প্রতিও যে সকল শিলালিলি ও তাত্র-শাসন আবিষ্ণুত হহরাছে সে সম্ভই গোড়বসাল পতে নিব্রা। আক্রোর বিষয় ঐ সম্ধ্রের মলে উৎকলের চেন্ন প্রচীন লিপিতে উংকলাক্ষরের নিদশন নাই, বরং গাঞ্চেয়বংশীয় মহারাজ ২য় নরসিংহ দেবের ১০১৮শকে উংকাণ শিলালিপি হইতেই প্রেই প্রয়াছে থে উৎক্লাক্ষর বঙ্গলিপির ক্রমবিকাশ নাতা। উংক্লের নানা গড়জাত ২ইতেও যে সকল প্রাচীন শিলালিপি ও তামশাসন আবেকত ২ইয়াছে, তাহাতে বল্পাকরেরই নিন্দান পাইতেছি। কেবল বঙ্গাঞ্জর বলি কেন, উড়িয়াব নানা গড়জাত মধো বহুপ্রাচীন বাগণা পুথিরও সন্ধান পাওয়া যাইতেত্যে আমি উদারচরিত মহারাজ মন্ত্রভল্পতির উৎসাহে ধর্মাধক কাল তর্গম পার্মতাপ্রদেশে প্রেরতর সংগ্রহে লিও আছি; এই অল্লাল মধ্যে এবং সামান্ত অনুসন্ধানে বেরাপ সন্ধান পাইতেছি, তাহাতে আনি অভতগুর আনন ও আশাতীত ফললাভ করিয়াছি বালয়াই মনে করি। বিশাল জঙ্গলস্মারত ম্বরভ্ঞের নানা ফ্র প্রীতে স্প্রাচীন বন্ধীয় কবির কোমল মধুর ঝলার উদ্ধানের পাবত্র কণ্ডে নিনাদিত হইতেছে। যে সকল প্রাচীন বাঙ্গালা গ্রন্থ কেনেনে বিরল্পচার, মনুরভঞ্জের নিভূত প্রাচত সেই সকল গ্রহ আজিও শত শত কঠে গাঁভ হইভেছে। কেবল মহাগড় চৈত্তাদেবের প্রভাবেই যে উৎকলেব নিভূত পাৰ্বতাপ্ৰদেশে বলায় কবিকীত্তি আদৃত হইয়াছে তাহা নহে। তংপুৰে ও পরেও বৌদ্ধ ও অপরাপর ধ্যা সম্প্রদায়ের াভাবেও বঙ্গের প্রাচীন সাহিত। গুলি স্কুর দক্ষিণ দেশে গিয়া পড়িয়াছে। কেবল বস্থীয় বৈষ্ণবগ্ৰহ বলিয়া নংহ, বৌদ্ধপালবংশীয় রাজগণের যত্নে স্কুদংস্কৃত মহাধানমত প্রতিগাল বহুগ্রু মন্বভঞ্জের পার্বতা ও, শে দেখিতে পাইতেছি। বঙ্গে ১৬ পালা মতানারায়ণের কথা এচনিত নাই, কিন্তু আমি ময়ুরুভঞ্জে তিন শত বর্ষের পূর্বতন বঙ্গীয় কবি শঙ্করাচালের ১৬ কলো সতানারায়ণ গান গুনিয়া আসিয়াছি; আশ্চর্যোর বিষয় মল্লভূম ২ইতে উক্ত শঙ্করাচার্যোর একটা পালা মাত্র সংগ্রহ করিতে পারিয়া-ছিলাম। উৎকলের যেথানেই সভানারায়ণের গান গুনিয়াছি, সেথানেই উক্ত বঙ্গ কবির প্রভাব দেখিয়া বিশ্বিত হইয়াছি। এতছাতীত তথায় জ্যোতিষ, বৈত্তক প্রভৃতি নানাশাস্ত্র

সম্বন্ধীয় বহু গঙ্গলা গ্রন্থের সন্ধান করিয়াছি। বর্ত্তমানকালে আমরা যেমন হিন্দী কবিতা বঙ্গাক্ষরে লিখিয়া থাকি: কাশী, মিথিলা, মগধ প্রভৃতি পশ্চিমাঞ্চল হইতে যেমন দেবনাগরাক্ষরে निश्विक नाना প্রাচীন বাঙ্গালা পুঁথি বাধির হইতেছে, উৎকলবাসীও সেইরূপ বাঙ্গালীর গৌরবরত্বগুলি উৎকলাক্ষরে লিখিয়া কাখিয়াছেন; ভাষা বাঙ্গলা, তাই বাছিয়া বাহির করিতে তেমন কষ্ট ভোগ করিতে হয় নাই ৷ শতাধিক বর্ষ পূর্বের পশ্চিম বঙ্গের কুত্তিবাসী রামায়ণ পূর্ববঙ্গে প্রচারের সঙ্গে তদ্দেশবাদীর উপযোগী প্রাদেশিক ভাষায় যেমন ক্রমে ক্রমে লিপিবদ্ধ হইগাছে, বৌদ্ধপাল-রাজগণের প্রভাবানিত মহাযানমতমূলক বাঙ্গালা বৌদ্ধ গ্রন্থলৈ ময়ুর-ভঞ্জের পার্বতা প্রদেশে নানা সাম্প্রদায়েক প্রভাবের মধ্য দিয়া দেইরূপ কতকটা রূপান্তরিত হইয়া পড়িয়াছে। প্রচ্ছন বৌদ্ধদিগের বল্লে মাজও সেই সকল প্রাচীন পুর্থ বিলুপ্ত হইতে পারে নাই। খুঠীয় ১৮ শতাক্ষাতে তিকাতীয় পরিবাজক বুদ্ধগুণ্ণ তথাগতনাথ ময়ুরভঞ্জের হরিভঞ্জ চৈত্যে ধ্যাপণ্ডিতগণের বহুতর ধ্যাগ্রন্থ দেখিয়া গিয়াছিলেন, এই বিংশ শতাকীতে আমরা সেই সকল প্রচীন পুথির নিদর্শন পাইডেছ। বৌদ্ধ যুগের শেষ যুভি-নির্দেশক প্রায় ৪০ খানি পুথি দেখিয়া আসিয়াছি, তরুধো ঈধরেচ্ছায় সম্প্রতি ১৫ থানি পুথি আমার হস্তগত হইয়াছে। অপেনাদের কৌতূহর পরিজ্পির জন্ম সেই সকল পুথি অন্তকার এই সাহিতা সন্মিলনে উপস্থিত করিতেছি। এই দকল পুঁথির মধ্যে বস্থাধিপ গোবিন্দচন্দ্রের গান ও ধর্মগীতা বাধর্মের গান বিশেষ ভাবে উল্লেখযোগা। গোবিন্দচক্রের স্থপার্চীন গীতিই রঙ্গপুর দিনাজপুর অঞ্চলে মাণিকটাদ বা গোপীচাঁদের গান বলিয়া পরিচিত এবং বৌদ্ধ ষুণের বঙ্গীর গীত বলিয়া সর্লত সমাদৃত। উত্তর বঙ্গের বস্ববয়নজাবী গোগী জাতি যেমন গোপীচালের গান করিয়া থাকে, মুর্ভঞের স্তদ্র দক্ষিণাংশ বন্ধবয়নজাবী পান জাভি আছেও খঞ্জনী করতাল সংযোগে বৃদ্যাধিপ গোবিন্দটক্রের যোগসাধন গান ও ধ্যের গান করিয়া আত্মহপ্তি দাধন করিতেছে। কি আশ্চর্যা! কোথায় স্তুদূর উত্তর বস্বাদা যোগা জাতি, আর কোথায় উৎকলের স্তর্গন গড়জাতবাদী পানজাতি ৷ উভয়ের আচার ব্যবহার ধর্মত বিশ্বাস ও উপজাবিকায় অপরূপ সোদাদুগু লক্ষিত হইতেছে! উভয় স্থানে উভয় জাতির মুখেই আমি গোবিলচল্ডের গান শুনিয়াছি, কিন্তু মার্রভঞ্জের পার্র্বতা গড়জাতবাসী পানজাতির কঠে ধন্মের গানে ও গোবিন্দচন্দ্রের গানে বেরূপ আবেগ ও ভক্তির পরিচর পাইয়াছি, তাহা কথন ভুলিতে পারিব না।

উত্তরবঙ্গে গোপীচাঁদের গান মুখে মুখেই চালয়া আসিতেছে, সেই প্রাচীন গানের পালাগুলি এখনও কোথাও একতা লিপিবন্ধ পাওয়া যায় নাই। সাহিত্য-পরিষং ১৩০৫ বঙ্গান্দে ছল্ল মিরিকের "গোবিলচন্দ্র গাঁত" নামক একখানি মপ্রাচান পুঁথির কথা সর্ব্ধ প্রথম প্রকাশ করেন। কিন্তু এই এটখানি আত সংক্ষিপ্ত ও আধুনিক বলিয়া বঙ্গাধিপ গোবিলচন্দ্রের প্রকৃত অনেক কথাই পরিতাক্ত ইইয়াছে। বৌন্ধর্গের সেই স্থপ্রাচীন বাঙ্গালা গাথা রক্ষা করিবার জন্ম রঙ্গপুর নীলক্ষোরির স্থ্যোগ্য ডেপুটা মাজিট্রেট শ্রীযুক্ত বিশ্বেশ্বর ভট্টাচার্য্য মহাশয় বহু আয়াসে কয়েক বর্ষ পরিপ্রামের পর যোগী জাতির নিকট হইতে বাঙ্গালা গাধক-রাজের অপূর্ব কীর্ত্তিগাথা সভাহ করিয়াছেন এবং বঙ্গীয়-সাহিত্যপরিষং সেই কীর্ত্তিগাথা প্রকাশ করিবার ভার গ্রহণ করিয়াছেন। এ সময়ে ময়ুরভঞ্জ হইতে আবিস্কৃত বঙ্গাধিপ গোবিলচন্দ্রের গান আমাদের যথেই কাজে আসিবে, সন্দেহ নাই। উত্তর বঙ্গে প্রচলিত গোবিলচন্দ্রের গানে উপযুক্ত প্রাচীন পুঁথির অভাবে এবং আধুনিক নিরক্ষর গানকদিগের ফচি ও স্ববিধা অনুসারে যথেই পাঠবিক্তি এবং প্রাচীনত্বের অভাব

चित्राष्ट्र, किन्छ आक आन्नारमद ममत्क शाविनमहत्त्रत शातत এই य स्थाहीन शृंबि প্রদর্শন করিতেছি, ইহাতে প্রাচীন আখ্যায়িকার সেরপ অঙ্গবিকৃতি বা ঐতিহাসিকতার হানি হয় নাই। পঁ,থিথানি ১৬১০ সংবতের বা ৩৫০ বর্ষের পূর্ব্বেকার। মূল গ্রন্থথানি ইহারও বহুপূর্ববর্ত্তী। যে সময়ে গৌড়বঙ্গে মুদলমান বিপ্লব ঘটে, অধিক সম্ভব তৎকালে অর্থাৎ প্রায় ৭০০ বর্ষ পূর্বের বঙ্গাধিপ গোবিন্দ চল্লের বৈরাগাগাপা লইয়া কল্লেকজন ভক্ত ময়ুর-ভঞ্জের তুর্গম পার্ম্বতা প্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সেই স্কুপ্রাচীন গাণাই কালপ্রভাবে উৎকলভাষী ভক্তগণের স্থযোগ ও স্থবিধা অনুসারে অতি সামান্ত রূপান্তর হইয়া যে আকার ধারণ করিয়াছিল, এই নবাবিস্কৃত মহারাজ গোবিলচল্রের যোগদাধন গীতিকার্য্যে তাহাই প্রকাশিত দেখিতেছি। এই মপূর্ব্ব প্রথিথানির সমালোচনা অন্তকার সন্মিলনের উপযোগী নহে। সময়ান্তরে বিস্তৃত আলোচনা করিবার ইচ্ছা থাকিল। পরিষদের পূর্বর পূর্বর অধি-বেশনে বহু বাঙ্গালা পুঁথি প্রদর্শিত হইয়াছে; খাজ ময়ুরভঞ্জ হইতে এই নবাবিষ্কৃত প্রথ-গুলির প্রদর্শন করিবার উদ্দেশ্য এই যে পরিষদের বঙ্গীয় সাহিত্য আলোচনার সীমা কেবল এই বঙ্গের গণ্ডীর মধ্যে নছে। পরিষদের লক্ষ্য মহৎ, কার্যা অতি গুরুতর। এসিয়াটিক সোদাইটির প্রতিঠা উপলক্ষে মহামতি দার উইলিয়ম জোনদ বলিয়াছিলেন, "The bounds of its investigation will be the geographical limits of Asia, and within these limits its inquiries will be extended to whatever is performed by Man or produced by Nature." আত্র সাহিত্য-পরিষদের গৃহপ্রতিষ্ঠা উপলক্ষে আমরা নিবেদন করিতেছি যে উত্তরে হিমালম্বক্রোড়াইত নেপাল প্রদেশ, দক্ষিণে মহেক্রাচল বিনিবেশিত গঞ্জাম প্রদেশ ও ভারত মহাসাগরের অন্ধ্রণবিত সিংহল, সুমাতা ও ঘ্রদীপ: পূর্বে প্রশাস্ত-মহাসাগরের ভটবিধেতি পূর্ব্ব উপদীপের প্রান্তবর্ত্তী কথোজ ও চম্পা প্রদেশ এবং পশ্চিমে গঞ্চার পাবএবা বিনিষ্ক কানা মগ্র মিগ্রালা প্রসারিত পুণাভূমি, এই চতুঃসীমা-ব্জিন বিশাল জনপদের অতাত ও বর্মান মালোচনাই বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রধানতঃ লকা। আমাদের আলোচা পূর্ম ভারতথওই ছই সহত্র বর্ষেরও পূর্ব হইতে পাশ্চাতা মনীবিগণের নিকট "প্রাচঃ" (Prasii of Ptolemty) বলিয়া পরিচিত ছিল। সভ্যতার কেন্দ্র এট বিস্তৃত ভূখতে এক সময় এক লিপি ও এক ভাষা প্রচলিত ছিল, সেই প্রাচীন প্রাচ্য ভাষাই পরিপুষ্ট ১ইলা নানা প্রাদে'শক ভাষায় পরিণত হটয়াছে। ৭লীয়-সাহিত্য-পরিবং এই প্রাচ্য সেবার ভার গ্রহণ করিয়াছেন। মহামতি দার উহলিয়ন জোনদ্ এদিয়াটিক সোদাইট সম্বন্ধে যেমন বলিয়াভিলেন, "It will flearish, if naturalists, chemists, intiquaries, philologers and men of science in differents part of Asia will commit their observations to writing and send them to the Asiatic Society at Calcutta; it will languish, if such communications shall be long intermitted; and it will die away, i 'they shall entirely cease."

আজ আমরাও দেইরপ পরিষদের প্রতিঞা উপগক্ষে জানাইতেছি, যে দার্শনিক, বৈজ্ঞানিক, ঐতিহাদিক, প্রত্নতান্ত্রিক, ভাষাবিদ, রাসায়নিক, শিল্লী প্রভৃতি ধনী, মানী, সাহিত্যান্ত্রাগী বঙ্গভাষী যিনিই হউন, বলীয়-দাহিত্য-পরিষদের বঙ্গোলীর গৌরব মনে করিয়া নিজ নিজ সাধ্যায়ত্ত সাহাযা দানে অগ্রসর হউন, তাঁহাদের যত্ত্বেই সাহিত্য-পরিষদের স্তি, তাঁহাদের আন্ত্র্কুল্যেই সাহিত্য-পরিষদের পৃতি, আবার তাঁহাদের অমনোযোগিতার সাহিত্য-পরিষদের পতন অবশুস্তাবী।

মহামহোপাধ্যায় ডাক্তার সতীশগল্প বিজাভূষণ

সমবেত ভদু মহাশয়গণ!

আপনাদের সন্তাধণচ্ছলে তই চারিটা কথা বলিবার জন্ম সভাপতি মহাশয় আমাকে আদেশ করিয়াছেন। আমি মান্তরিক আনন্দের সহ তাঁহার আজা গ্রহণ করিয়াছি। আজ বঙ্গায়-সাহিত্য-পরিষদের গৃহপ্রতিষ্ঠা। প্রায় ১০ বর্গ পূর্ব্বে এই পবিষদের জন্ম হয়। এতদিন ইংগার স্বপদে গাঁড়াইবার শক্তি হয় নাই, আজ ইনি সীয় চরণে নির্ভ্র করিয়া একেবারে দিতল হথেন আবোহণ পূর্বক তথায় প্রতিষ্ঠিত হইলেন, দেখিয়া সকলেই আনন্দিত হইয়াছেন। এই আনন্দের দিনে পরিষদের এই গৃহপ্রতিষ্ঠা মহোৎসবে যোগদান করা আমাদের বিশেষ প্রাথার বিষয়। তাই আজ পরিষদের প্রতি আমার মক্ত্রিম সংস্ত্রব জানাইবার জন্ম ও আপনারা যে উৎসবে ব্যাপ্ত হইয়াছেন উহাতে আমিও সংস্ত্র আছি ইহা প্রকাশ করিবার জন্ম, এখানে উণ্স্তিত হইয়াছে।

সভাগণ! বাঙ্গালার ইতিহাসে, বালতে কি ভারতের ইতিহাসে, আৰু এক শ্বরণীয় দিন। এই দিনের মাহাত্মা এফণে আমরা সম্পূর্ণ রূপে জনমুক্ষম করিতে পারিতোছ না। তুই তিন শত বর্গ পরে এই 'দন ইতিহাসে ফুবর্ণ অঞ্চরে লিখিত হইবে এবং এই দিনের ঘটনাবলী গ্রহ্মা কত আন্দোলন ও আলোচনা হইবে গত চারি সহস্র বর্ষ মধ্যে এরপে দিন কখনও উপস্থিত হয় নাই। গুনিমাছি ইতিহাসের পারত্তে কয়েকখন খাদি পবিত্রসলিল। সরস্বতী নদীর তীরে বাস করিয়া তথার একটী ভাষার প্রবর্ত্তন করিয়া ছিলেন, কালক্রমে উহা সমস্ত আর্য্যাবর্ত্ত ও দাক্ষিণাত্যে বিস্তার লাভ কার্য্যা সংগ্রুত সাহিত্যের সৃষ্টি করিয়াছে। এই সাহিত্য নানা জাতিবিপ্লব ও রাজবিপ্লব অতিজ্ঞা কার্যা অপাতহত ভাবে ধারে ধীরে ভারতের এক প্রান্ত হটতে মপর পারে বার আধিপতা সংস্থাপন করিয়াছে। স্কল সুগেই ভারতে অসংখ্য প্রাদেশিক ভাষা প্রচলিত ছিল। বৌদ্ধ গ্রাপে প্রধানতঃ দামিল, অন্ধক, যোনক ও ভতে অঠাদশ প্রাদেশিক ভাষার উল্লেখ দেখিতে পাওয়া যায়। এই সকল ক্ষুদ্র ভাষাকে। কথনও স্থান্ত্রি কথনও আত্মদাং বা কথনও উল্লভান করিয়া সংস্কৃত সাহিত্য সর্বত্র প্রপ্রভাব বিকার্ণ করিয়াছে। কান্যারী, পঞ্জাবা, মহারাষ্ট্রা, বাঙ্গালী, উড়িয়া, জাবিড়া, প্রভৃতি সকলেই সংস্কৃত সাহিত্যকে নিজের ব্লিয়া মনে করেন; কিন্তু সংস্কৃত ইইগদের কাহারও মাতৃভাষা নহে। ভিহানের প্রত্যোকের মাতৃভাষা পুথক্। গান্ধারের পাণিনি, উজ্জায়নীর কালিদাস, বিদভের ভবভূতি, গুজুরাটের মাণ্, বাঙ্গালার চল্লগোমি ও দাবিড়ের দিগুনাগ ইহারা কথনও এক ভাষায় কথোপকখন করেন নাই। কিন্তু ইংগাদের রচিত সাহিত্যের ভাষা মবিকল একরূপ। দেইজ্ঞ মানার মনে হয়, ঐতিহাসিক সুগে, অস্ততঃ মধ্য যুগে, সংস্কৃত কোন জাতিবিশেষের ভাষা ছিল না অর্থাং সেই সময়ে ভারতে এমন কোন নিৰ্দিষ্ট জাতি ছিল না বাহার মাতৃভাষা দংগ্ৰত। এইক্ৰপে সংস্কৃত ভাষা কোন নিদিপ্ত জাতির মধ্যে নিবল্ধ না পাকায় জাতি বিশেষের উত্থান বা পত্নে সংস্কৃত সাহিত্যের কোন রূপান্ত্র ঘটে নাই। ভারতে কত জাতির উন্ম ও বিলয় হইয়াছে, কিন্তু সংস্কৃত সাহিত্য সমত পরিবর্ত্তন ও বিপ্লবের মধ্যে অব্যারত ভাবে অগ্রসর হুইয়াছে। তাই কাশ্যীরের কবি সোমেত্র সায় পিতা মহাকবি জেনতের এবদানকলগতা নামক স্বপ্রসিদ্ধ বৌদ্ধ সংস্কৃত গ্ৰন্থ সম্বন্ধে বলিয়াছেন :---

সংস্ক্রনেজ্যতি তিত্তি কালেন তেতে বিগতা বিহারাঃ সংস্কৃতী ভূগিকয়া বিচিত্তবৰ্ণক্রমৈকোল্লিখতাবদানঃ। তাতেন যোহয়ং বিহিতে মহার্থৈ: সম্প্রনার: পুণ্যময়ো বিহার:
ন তম্ম নাশোহস্তি যুগক্ষয়েহপি জ্বলানলোলাসপরিপ্রবেন ॥

"নেতানন্দ্ৰায়ক ও অমৃত্যমী তৃলিকা দ্বারা নানা বর্ণে চিত্তিত সেই সেই (পূর্দ্ধ প্রিছিত) বিহারসমূহ কালের স্রোতে বিলয় প্রাপৃ হইয়াছে, কিন্তু আমার পিতা অবদান-কল্লণতারপ যে পুণ্যময় বিহার নির্মাণ করিয়াছেন, যাহার অর্থগৌরবে সাধুগণ পুল্কিত হন, এবং যাহার অধ্যায়সমূহ সরস্তী স্বয়ং যেন তৃলিকা দ্বারা নানা বিচিত্র বর্ণে অস্ক্তিক কিন্তোহন, তাহার নাশ নাই; যুগান্তকালে জলের উল্লাসে বা অনলের চপলতায় এই অবদান কল্লনতার ক্ষয় হইবে না "

এক দময়ে বৌদ্ধয়্ প্রবর্ত্তক শাক্য মুনি সংস্কৃত ভাষার স্থলে মাগ্র্যী বা পালি ভাষা ভারতে প্রবৃত্তিত করিবার চেঠা করিয়াছিলেন, কিন্তু তাঁহার চেঠা সম্পূর্ণ রূপে ফলবতী হয় নাই। বৌদ্ধ সম্প্রদায়ের অপিটক ও কতিপয় ধর্ম গ্রন্থ পালি ভাষায় বিরচিত হইয়াছিল, কিন্তু কিয়ংকাল পরেই এই ভাষার প্রচার রুদ্ধ হয় এবং সংস্কৃত ভাষায় বৌদ্ধ গ্রন্থ ভারতে হারতে আরম্ভ হয়। জৈন ধয়োর প্রবর্ত্তক মহানীর সামী সংস্কৃত ভাষায় পরিবর্ত্তে ভারতে প্রাকৃত ভাষা চালাইবার উদ্যোগ করিয়াছিলেন, কিন্তু তিনিও সম্পূর্ণরূপে কৃতকার্যা হন নাই। ৪৫ থানি জৈন সিদ্ধান্ত ও অপর কতিপয় কৈন গ্রন্থ প্রাকৃত ভাষায় রচিত হইয়াছিল বটে, কিন্তু কিছুকাল পরে ঐ ভাষার প্রচার বন্ধ হয় ও সংস্কৃত ভাষায় হৈদ গ্রন্থ ভাষার পরিবর্ত্ত ভাষায় রচিত হইতে আরম্ভ হয়। অধুনা যে সকল বৌদ্ধ ও জৈন গ্রন্থ বিদ্যামন আছে, ভাহার অধিকাংশই সংস্কৃত ভাষায় রচিত। বৌদ্ধ ও জৈন মাহিতো যে প্রাকৃত ও পালি ভাষার বাবহার হইয়াছিল, তাহা সংস্কৃত হইতে সম্পূর্ণ সতম্ব নহে। উহারা এক প্রকার স্থ্যোচ্চার্য্য সংস্কৃত ভাষা। পালি যে সংস্কৃতক্রলক ভাষা, তাহা নিয়লিখিত বৌদ্ধ বচনে অবগত হওয়াযায় ঃ—

পা মাগধী মুগভাপা, নরা যা স্থাদি কপ্লিকা। বাহ্মনা চাস্স্তালাপা ধ্রমনা চাপি বাসরে॥

"সেই মাগধীই (পালি) মূল ভাষা। কলের পারওে যথন অপর কাহারও আলাপ শ্রব। কলেন নাই, তথন ব্রাহ্মণ ও সম্ব্রুগণ এই ভাষায় কথোপক্থন করিতেন।"

জৈন গ্ৰন্থে লিখিত থাছে ঃ—

भूकृष मिऍठिवाद्वः कालिया উकालियः ग निक्षः छः । थीवाल वाद्यपुरुषः भारेषा भूरेषः जिनवर्दारुः॥

"জিনবর মহাবীর দৃষ্টিবাদ ব্যতীত অপং শিক্ষান্ত সমূহ স্ত্রী বালক বৃদ্ধ, ও মূর্থগণের ধ্বিধার জন্ম প্রাকৃত ভাষায় স্থারণ করিয়াছেন।"

বস্ততঃ সংস্কৃত সাহিতোর সহিত প্রতিদ্ধৃতি। করিতে এপর্যান্ত কেইই সাইসী হন নাই।
থাহারা প্রতিষোগিতঃ করিবার উদ্যোগ করিয়াছিলেন তাঁহারাও বার্থ ইইয়াছেন। ইহা
দেখিয়াও আমরা পরম সাহসিকের কার্যা করিতে বসিয়াছি। বাঙ্গালা সাহিত্যকে আজ্ আমরা সংস্কৃত সাহিত্যের প্রতিদ্বৃত্তী কার্যা প্রতিষ্ঠিত করিলাম। বাঙ্গালা জাতির অভ্যু-দয়ের সঙ্গে সঙ্গোলা সাহিত্যের অভ্যুদ্ম ইইয়াছে। বাঙ্গালা সাহিত্যকে এখন খার আমাদের অগ্রাহ্য করিবার উপায় নাই। পুর্বেই বলিয়াছি, মধ্য যুগে ভারতে জাতি ছিল, কিন্তু সাহিতা ছিল না, অর্থাৎ তৎকালে বাঙ্গালী মহারাষ্ট্রী দ্রাবিড়ী, উড়িয়া, পঞ্চাবী, কাশ্মীরী, আসামী, প্রভৃতি যেসকল জাতি, বাস করিত, তাঁহারা শ্রীয় মাতৃভাষার উপর ভিত্তি করিয়া কোন সাহিতা গঠন করে নাই এবং উহাদের মধ্যে কোন জাতিই সংস্কৃতকে উহাদের মাতৃভাষা বলিয়াও গ্রহণ করে নাই। কাজেই মধ্য যুগে ভারতে জাতির সহিত সাহিত্যের বিচ্ছেদ ছিল। অধুনা প্রকৃতির বিচিত্র বিবর্ত্তনে বঙ্গদেশে জাতির সহিত সাহিত্যের অপূর্ব্ব মিলন হইয়াছে। আজ পবিত্র ভাগীরথীতীরে সহস্র সহস্র বাঙ্গালী সমবেত হইয়া একপ্রাণে মাতৃভাষার উপর ভিত্তি করিয়া অভিনব আদর্শে বাঙ্গালা সাহিত্যের গঠন করিলেন। এই সাহিত্যের পরিণাম কি হইবে এবং এই জাতিরই বা পরিণাম কি হইবে ভাবিয়া গির করা যায় না। পরিষদের প্রতিষ্ঠা উপলক্ষে চুর্দ্দিকে যে মহা জনসমুদ্র তেজ হর্ষ ও উৎসাহে বিচরণ করিতেছেন, তাহা দেখিয়া আমার প্রব বিশ্বাদ হইতেছে আমরা কোন অন্যসাধারণ সাধ্যে সিদ্ধির জন্য অভাকিতভাবে ধাবমান হইতেছি।

মহারাজ মণী দ্রচন্দ্র নন্দী বাহাদূর

মাননীয় সভাপতি মহাশয় ও সমবেত সভা মহোদয়গণ ৷ অত আমার উপর যে কার্যাভার অপিত হইয়াছে, তাহা আমার পক্ষে বাওবিকই অতাব হুর্ভর। কবিবর ৫ মচন্দ্রের নবীন মন্দ্রর মৃত্তির আবরণ উল্মোচন করা কাব্যরদে ৰঞ্চিত মাদৃশ ব্যক্তির পক্ষে নিশ্চয়ই বিজ্মনার বিষয়। যে মহাপুরুষ একদা মহাযোগীর ভাষ তদগতপ্রাণে কুহকী কল্লনার কোমল কঠোর কলাকলাপের কমনীয় আলাপনে সম্পূর্ণাসদ্ধিলাভ করিয়া জগতে অমর হইয়াছিলেন, থাঁহার অমৃত্রিঃশুলিনী বীনার মধুর ঝলার আজি প্রায় মন্ত্র শতাকী ধরিয়া বঙ্গবাদীমাত্রেরই বিশুক হৃদয়ে শোণতরপী প্রতপ্ত মেহ ঢালিয়। দিতেছে; কাব্যরদের বিনোদবিলাদে—কবিগুণের চরম ফুত্তি বিকাশে কি অন্ত: কি বাহ্ জগতের সকল স্থানে পার্থিব পদার্থের সকল অবয়বে অনন্ত তাড়িত শক্তির ভাষ বাঁহার অনোঘকল্লনা অবিরত ম্পানিত হইতেছে, আজি পাঁচবংসর হুইল বন্ধীয় কাব্যজগতের সেই প্রচণ্ড হুয় আমাদিগকে পারত্যাগ কার্য্য গিয়াছেন। ভারতের রাজধানীর একটা নিভূতনিকেতনে স্বত্যাগা যোগার আয় যিন প্রমশান্তভাবে কাবারদের উপাদনা করিতেন, আজে তাঁহার রত্নবোদকা ত্রিজগং আলোকিত করিয়া স্বর্গের সমুন্নত প্রকোষ্ঠ সারস্বত মন্দিরের অভাপ্তরে বিরাজ করিতেছে। যে হেমচল্র মানুষের স্থায় একদিন মর্ক্তো বিরাজ করিতেন, তিনি আর নাত্র নহেন। এখন তিনি দেবতা, মহাদেবতা। বে দারস্বত মন্দিরে বালাকি, বাাদ, কালেদাদ, ভবভূতি, ক্লাইবাদ, কাশীরাম, মুকুন্দরাম, ভারতচন্ত্র ও মধুস্থন আদি মহাকবিগণ বীণাপাণির আবেশে কাব্যরপামোদীদিগকে বাঞ্ভি বরদান করিতেছেন, দেই মন্দিরের অপর একটি দমুক্ত বেদিকাধ আমাদের হেমচক্র আজ বিরাজমান।

আমরা পৌতলিক; নারাধ্যদেবতার দৃশ্যমান বর্ষবর্গ্যহ ভক্তের প্রাণে ষেমন সহজে স্বল্পলের মধ্যে তাজিসঞ্চার করে, সংগ্রচিনার্মান্তির ছারা সেরূপ সহজে ভাবোদর হয় না; সেই জন্ম ভক্তি প্রবণ বঙ্গবাদী অংমতা সেই পরম দেবতার একটা মর্মারমূর্তি মহাযন্ত্রসহকারে নির্মাত করিয়া আম্বাদের পরিষ্থ ভবনে প্রতিষ্ঠিত করিলাম। ইহাই আমাদের সেই স্বাণীয় হেমচন্দ্রের প্রতিষ্ঠিত।

্আবরণী পশ্ করিয়া] আমি অকিঞ্ন; সেই পর্ম দেবতার আচ্ছোদনও

প্রশান করিকার উপযুক্ত নহি; কিন্তু আগনারা রূপা করিয়া আমাকে এই কার্যা নিযুক্ত করিয়াছেন তাই সাহস পাইলাম। [উন্মোচন পূর্বক] এই অপূর্ব্ব দেববিগ্রহ আরাধাদেবতার স্থায় বাঙ্গালীর হৃদয়ে হৃদয়ে বাস করিতেছেন। পাঁচবংসর পূর্বে বাঁহাকে আমাদের স্থায় ত্রিতাপে সর্বাদ। আভতপু ইইতে ইইত, ক্ষ্ধাতৃষ্ণায়, রোগশোকে, অত্প্র আকাজ্জার মুশ্রুরদাহে, একদিন যিনি সামাস্ত-মানবের স্থায় ক্ষ ভোগ করিয়াছিলেন; সীয় অপ্রমেয় ক্ষমতা দ্বারা বিপ্ল অর্থ সংগ্রহ করিয়াও ত গাবিত্বনায় শেষে সাধারণের সাহায্যপ্রাণী হইয়াছিলেন, অবশেষে দৃষ্টিশক্তি বাঞ্চত ইইয়াও কাতর করণ রেদেনে জগং কাঁদাইয়াছিলেন, এই সেই মহাক্রি, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—আমাদের সেই প্রাণের ধন হেমচন্দ্র—আজি পাণ্ডিব সমস্ত সম্প্রক ইইতে বিচ্নুত ইইয়া, তৃচ্ছ মানবের নধ্ররত্ব দ্রে ঝাড়িয়া ফেলিয়া যেন স্বর্গীয় শরীরে আমাদের সন্মুবে বিরাজ করিতেছেন। আজি ইনি সক্ষয়, অবায়, অনস্ত।

আজি এই অনস্ত মাবেগময় মুহুর্তে, প্রকাশ সভাস্থলে, সন্তপ্ত স্থাগণের সন্ত্র্যে আমাদের হেমচন্দ্রের এই পাধাণ প্রতিমা যতই পাগ্রেকণ কারতেছে, ততই দেই মহাপুক্ষের জীবনের সকল ঘটনা ঝটিকার ন্থায় আমার এই ক্ষুদ্র হান্যে উদি হ হইতেছে; তাহা বুঝিতে, বুঝাইতে পারিতেছি না। মনে হইতেছে হুগলী জেলার একটা নিভূত অপরিক্রাত গ্রাম সেই গুলিটা। তথায় হেমচন্দ্রের মাতুণালয়। সেই ১০৪৫ বঙ্গান্দের ৬ই বৈশাধ সোমবার। সেইদিন সেই ক্ষুদ্র পল্লীতে একটা দারদ্র রাল্ধণের ক্ষুদ্রকৃতীরে যে 'শশু জন্মগ্রহণ করিয়াছিলেন, কে জানিয়াছিল যে একদিন তিনি সাম বিষ্কাশনী প্রতিভাম জগং আলোকিত কারবেন! কে আবিয়াছিল যে মেই শশুর ক্ষুদ্রক্তে আর আহিত হইয়া কালে বঙ্গের গৃহে গৃহে বজ্ঞানল প্রজালিত করিবে! মনে পড়িতেছে, তাহার প্রাথমিক শিক্ষা, তাহার পরে হিন্দুকলেজে প্রবেশ; কত বাধা কত বিড্গনা, অর্থাভাগে কতদিন নৈরাগ্রের তপ্ত খাসে তাহার ওকণ বক্ষ দেই হইয়াছিল; কতদিন ঐ বিশাল নয়নম্বর অঞ্চ্পাবিত হইয়াছিল;—সেসব কথা চিন্তা করিতেও হৃদম বিদাণি হইয়া যায়। জানিনা, মহাকাবগণ ভাগ্যে এত বিড্গনা লইয়া কেন জগতে অবতাণ হয়েন।

তাহার পর সেই হিলুকলেজ হইতে নবপ্রতিষ্ঠিত প্রেসিডোন্স কলেজে আগমন; তাহাই তাহার জাঁবিকার প্রথম দ্বার বলিতে হইবে। ক্রমে বি, এ, বি, এল পরীক্ষায় সগৌরবে উতার্গ হইয়া কিছুদিনের জন্ম চাকরি স্থাকার। সেই চাকরি বাস্তবিক সামান্ত ও হেয় নহে; তাহা একটু উচ্চ-ক্ষপ্রের দাস্থা মুন্সবা। বাঁহাবা বাঁলাপাণির বরবেদিকায় সক্ষদা হলয় শোণিত পাত করিয়া আত্মে ংসল করিতে বাস্ত, সামান্ত বা অসামান্ত সকল দাস্থেই প্রায় তাহাদের অনেকেরই উদাসীন্ত ঘটে। আমাদের মহাকবি হেমচক্রেরও তাহাই ঘটিল; তিনি চাকরি ছাড়িয়া কলিকাতা হাইকোটে ওকালাত ক রতে আরম্ভ করিলেন। ক্রমে সরকারি উকলি হইলেন। দেখিতে দেখিতে খেলিরপুরে একটা ক্ষুদ্র পরীতে যুধ্নিজিরের রাজস্থ যজ্ঞ বাটার ন্তায় বেন কোন ভোজবলে এক প্রকাণ্ড অট্টালকা স্থাধবালত শাঁর উত্তোলি করিয়া উথিত হইল; লোকে শুনিল উকীল হেমচক্র বন্দ্যোগ্যায় সেই বিশাল বাটার প্রতিষ্ঠা করিছেনে।

সাগর জলে যেমন জোয়ার ভাটা আছে হেমচজ্রের জীবনে—পাথিব জীবনে,— সংসারের রাগরঞ্জিত উল্লাস, আনন্দ, আমোদ, উৎসবের ভাগীরথী-বক্ষে সেইরূপ প্রবন, প্রচণ্ড, কুল-পরিপ্লাবী অংশাচছ াস; যিনি দেখিয়াছেন তিনিই ব্ঝিয়াছেন। তিনি পরে কাতর প্রাণে কত কাদিয়াছেন। আর তাঁহার দঙ্গে কাদিয়াছে—সমগ্র বঙ্গভূমি;—বে দিন হেমচক্র দারিক্রের নিম্নতম কুপে নিমগ্র হইয়া শেষে মধ্যা জীবনের সাররত্ন হইটি চকুই হারাইয়া অতি কাতর কঠে গাইয়াছিলেন;—

"বিভূ! কি দশা হবে আমার?

একটা কুঠারাঘাত শিরে হানি অকস্মাং
ফুরাইলে ভবের স্থপন।
সব আশা চূর্ণ ক'রে রাখিলে অবনী'পরে
চিরদিন করিতে ক্রন্দন॥"

সেই দিনের সেই জ্নয়ভেনী দৃশ্য, সেই ময়ন্তদ বেদনা, যাতনা, নৈরাশ্যের সেই তার দাবদাহ, যে দেখিয়াছে সেই কত কাদিয়াছে! সে কথা মনে কারয়া আজি আমরাও কাদিতেছি। পরিশেষে হেমচন্দ্রের কাব্যসান্দর্য্য সংক্ষেপে ছুইটা কথা না বলিয়া আমি ক্ষান্ত ছুইতে পারিতেছি না। তাহার কাব্যজীবনে গামরা তিনটা তার দেখিতে পাই, প্রথম আত্মমন্তা। নবান কবি নিজের সেই নবোন্যোধিত ভাবনবহে মুখ্রিত স্দয়ের মধ্যেই কলহংসের ভার সন্তরণ করিয়াছেন; সল্পুথে, উদ্ধে, মনন্তাদকে যে মসীম অনন্ত জগং পাড়িয়া রহিয়াছে, ভাহা দেখেন নাই, দেখিতে চেপ্তাও করেন নাই; সেই স্তরে 'চন্তাতর স্থিলীর উদ্ভব। তাহার পর বত স্থেয়ের অন্তন্তরে প্রবিষ্ঠ হইলেন, তত্ত নৃত্ন নৃত্ন ভাবোদ্য হইতে লাগিল। তথ্ন স্থেশ, বিদেশ, আত্মপর ভাবিতে লাগিলেন; তাই গাহিলেন:

"আর কি সে দিন হবে,

জগং জুড়িয়া যথে

ভারতের জয়কেতৃ মহাতেজে উড়িত। যবে কবি কালিদাস, শুনায়ে

শুনায়ে মধুর ভাষ

ভারতবাদীর মন নানা রদে গুষিত"॥

ক্রমে অন্তম্বর প্রদেশে প্রবেশলাভ করিয়া বিরাট পুরুষের অন্তর লইয়া হাও প্রতিঘাত, কড় ছব্দ প্রতিঘন্ত, কড় আয়ুবিস্থৃতি; কথন বা অনন্ত জগতের অন্তর বিশুপ্তি ভাব সমুদ্রে নিময় ও উন্ময় হঠতেছে। দেই প্রের রক্তমংহারের আবিভাব। তাহাব পরই শেষ গুর; তাহাই অন্তম্তম। সীমা নাই, আধার নাই, আদি নাই, অনু নাই, মধানাই। কতাদিকে কত ব্রহ্মাণ্ড গুরিতেছে, ফিরিতেছে, গুরিতে ফিরিতে পরপ্রেরে ঘাত প্রতিঘাতে চুর্ণ বিচুর্ণ ইইয়া পরমাণ্ডে বিলীন ইইতেছে; আবার সেই অনন্ত ব্র্বানের মধ্য ইইতে কোটা কেটো জগতের স্থি হঠতেছে। জগতের পর জগত, স্থায়ের পর স্থা, তাহার পর মহাস্থা, মহাকাল ও মহাকালীকে দেখিবে! কে গণিবে! কাহাল সাল গণিয়া শেব করে। অনন্ত কাল ধরিয়া রয়্প অনন্তদেব অনন্ত কোটা কর্তে গণ্না করিলেও শেষ করিতে পারিবেন না। সেই অনন্তের অনন্তর লইয়াই "দশ মহাবিত্যার" আবিভাব। আর কত বলিব: এই মহাক্বির অনন্ত গুণরাশির কীর্ত্তন করিয়া আমারা শেষ করিতে পারিবেনা। আজি আনরা সকলে সেই মহাক্বির পাহাল মন্তি প্রত্যক্ষ করিতেছি, আর সেই সঙ্গে তদীয় অনন্ত গুণাবলি মনোমধ্যে গ্রুপং হর্ম ও বিষ্ণের আলোক ও অন্ধকার বিশিপ্ত করিয়া আমাদিগকৈ মন্তিভ করিয়া ভুলিতেতেঃ। মহোদম্বাণ আন্তন, আমরা সেই অল্ডান গুণাবাশি বার বার বার বার করিয়া ভিন্নিগ্রাদ্য কতে বলিঃ—

ররবেদীসমাজিত হির্ণায়বপূর্দ্ধরন্। বরাভয়প্রদং দেবং হেমচক্রং নমানাহন্॥

শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়

প্রথম বক্তৃতা

দিল্লীয় দরবারে থাস দেখিতে যাইয়া এক অপূর্ক ফার্সী শ্লোক পাঠ করিয়াছিলাম, তাহার মর্ম এই যে, এই পৃথিবীর কোথাও যদি স্বর্গ সম্ভব হয় ত সে এইখানে—এইখানে—এই খানেই নিশ্চিত জানিও। দিল্লীর স্বর্গ বিলাসের ও এইখারে স্বর্গ। কিন্তু প্রকৃত পক্ষে যদি কোথাও স্বর্গত্বল্য পবিত্ততা ও ঐখর্য্য আজ সম্ভব হইয়া থাকে ত এই সাহিত্য-পরিষদের নৃতন মন্দিরে। এখানে লক্ষ্মী ও সরস্বতীর সন্মিলন হইয়াছে, বিভারাধনার মন্দিরে সকল ভারতী-সেবকই সমভাবে মিলিত হইয়াছেন। তাই বাদশাহী কবির শ্লোক,

"অগর ফর্দোস বর্করে জ্মীনস্ত। হুমীনস্ত এ হুমীনস্ত এ হুমীনস্ত।"

ূআবৃত্তি করিয়া আমি আমাদের এই স্বর্গের ইন্দ্রস্বরূপ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়কে। সভাপতির আসনে বরণ করিবার সঙ্কল প্রকাশ করিলাম।

দ্বিতীয় বক্ত ভা

সভাপতি মহাশন্ধ ও ১ ভাগণ, পূজনীয় পণ্ডিত শ্রীবৃক্ত ঠাকুরপ্রসাদ মিশ্র মহাশন্ধ যে কথা বলিরাছেন তাহার প্রতিবাদছেলে আনাকে তুই একটি কথা বলিতে হইল। প্রথম কথা এই যে, সাহিত্য-পরিষদের আজ ক্রাদিন নহে, উহার আজ প্রকৃত জন্ম হইল না। সভাপতি মহাশরের ভাবের কথা পণ্ডিত মহাশন্ধ বৃঝিতে পারেন নাই। বলিতে গেলে বলিতে হয় আজ সাহিত্য-পরিষদের স্থিত মহাশন্ধ বৃঝিতে পারেন নাই। বলিতে গেলে বলিতে হয় আজ সাহিত্য-পরিষদের স্থিত লাভ হইল। যোল বংসর মাতৃগর্ভে থাকিয়া পরে শুকদেব গোস্বামীর জন্ম হয়। ইহা পুরাণের কথা। অর্থাং যে মনীযাপ্রভাবে ভক্তিশারের উদ্ভব, মনিত্যাগীর বিকাশ, সে মনীযার যোল বংসর শুপ্ত তপস্থা ও সংযমের ঘারা উন্মেষ হইয়াছিল। আমার মনে হয় পুরাণের শুকদেব জন্ম আথানের এই ভাবের বাঝা করিলে আমরা সভাপতি মহাশরের ভাবেমন্ধী বাণীর অর্থগ্রহ করিতে পারিব।

(এই খানে শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় হিন্দী ভাষায় তাঁহার বক্তব্য প্রকাশ করেন। কেন না পণ্ডিত ঠাকুরপ্রসাদ হিন্দুখানী, এবং অন্ত অনেক হিন্দুখানী পণ্ডিত সভাস্থলে উপস্থিত ছিলেন ।)

সার গুরুদাস বন্দোপাধ্যায়

সভা মহোদ্ধগণ

যদিও এ সভার অন্তকার কার্য্য অতি প্রন্দররূপে সম্পন্ন হইরাছে, এবং অনেক স্থবোগ্য ব্যক্তি এই সভার কার্য্যে যোগদান করিয়াছেন, আর এই সভাগৃহের প্রধান প্রতিষ্ঠা তা বদাভাগণাগ্রগণ্য কাশীমবাজারের মহারাজা শ্রীযুক্ত মণীক্রচক্র নন্দী ও লালগোলার রাজা শ্রীযুক্ত বোগেক্রনারারণ রায় উপস্থিত থাকিয়া সভার শোভাও গৌরব বৃদ্ধি করিয়াছেন, তথাপি এখনও একটি কার্য্য বাকি আছে যাহার অভাবে সভায় কার্য্য অসম্পূর্ণ থাকিবে। সেই কার্যাটি সম্পন্ন করাইবার জন্ত আমি আপনাদের সন্মুধে উপস্থিত হইতেছি। বলা বাহুল্য সেই কার্য্য আমাদের মাননীয় সভাপতি মহাশয়কে আন্তরিক ধন্তবাদ প্রদান করা।

আমাদের স্থান্য সভাপতি মহাশয় অশেষ সন্গুণালয়ত; তিনি পণ্ডিত, ধীরপ্রক্তি, বিনয়ী। তিনি সাহিত্যসমাজের একজন প্রধান নেতা এবং তাঁহার নেতৃত্বে সাহিত্যপরিষদ্ স্থলর ভাবে পরিচালিত হইতেছে। তিনি অলকার সভার কার্য্য অতি স্থচার রূপে নির্কাহ করিয়াছেন। তাঁহার অলকার বক্তা সর্কতোভাবে যণাযোগ্য হইয়াছে। তাহা তাঁহার অসাধারণ পাণ্ডিত্যের প্রেচয় দিয়াছে। তাহা নানা সায়গর্ভ কথাপূর্ণ ও অনেক স্থলভাষার পরিপাট্যে সমলয়ত। আমি নিকটে ছিলাম, বক্তৃতাটি বেশ শুনিতে পাইয়াছি; যাঁহারা দ্রে ছিলেন, সভাপতি মহাশয়ের সয়র পাঠ সমাপ্র করণের জন্ত আগ্রহ বশত ভালরপ শুনিতে পান নাই; তাঁহারা পরে পাঠ করিয়া আমার কথা সমর্থন করিতে পারিবেন।

অদ্যকার কার্য্য ছাড়া সভাপতি মহাশয় আরও অনেক স্থলে এরপ অনেক কার্য্য করিয়াছেন যদ্বারা আমাদের মুখ উজ্জ্বল হইয়াছে এবং আমাদের জাতীয় গৌরব বৃদ্ধি হইয়াছে। তাহার বিশেষ উল্লেখ এখানে অনাবশুক। এই সমস্ত কারণে সভাপতি মহাশয় আমাদের আন্তরিক ধন্তবাদ পাইবার অধিকারী। এক্ষণে আমার নিজের সাফাই জন্ত একটি কথা বলা আবশুক। আমি সাহিত্যসেবী নহি, স্কতরাং এসভায় আমায় কিছু বলিবার অধিকার নাই। কিন্তু আমি সাহিত্যবেষ্ক কোন প্রস্তাব উপস্থিত করি নাই। আমি সাহিত্যসেবী না হইলেও সাহিত্যসেবীদিগের অনুরাগী, এবং একজন প্রধান সাহিত্যসেবীকে ধন্তবাদ দিবার জন্ত প্রস্তাব করিয়াছি। আশা করি এ বিষম্বে আমার কিঞ্চিং অধিকার থাকা কেহ মন্বীকার করিবেন না।

এক্ষণে আমার প্রার্থনা আপনার। সকলে আমাদের অদ্যকার সভায় সভাপতি মহাশয়কে সর্বাস্তঃকরণের সহিত ধন্তবাদ প্রদান করন।

<u> গাণীর্বচনম্</u>

বাতো যক্ত চিরায় চামরধরো বেদাদয়ো বন্দিন: হর্মাচক্রমদৌ প্রদীপদদৃশৌ স্বস্থিন্ মহিন্নি ন্থিতি:। সর্গোরক্ষণমপ্যয়শ্চ জগতঃ কার্যাং গুণা মন্ত্রিনো ভূত্যান্তে ঋতবেহিবতাং পরিষদং প্রত্যুহতঃ স প্রভুঃ ॥ ১ ॥

বায়ু যাঁহার চিরকাল চামরধারী অর্থাৎ ব্যক্ষনকারী, বেদাদিশাস্ত্র যাঁহার বন্দী অর্থাৎ স্বতিপাঠক, স্থাঁ ও চক্র যাঁহার প্রদীপতৃলা, গাঁহার অবস্থিতির কোন আধার নাই, যিনি স্বীয় মহিমাতেই অবস্থিত, সন্ত রজঃ তমঃ এই গুণত্রন্ন যাঁহার মন্ত্রী, বসস্তাদি ঋতুগণ যাঁহার ভ্তা, সেই প্রভ্রু পরিষৎকে বিল্ল হইতে রক্ষা করুন অর্থাৎ পরিষদের বিল্ল নিবারণ করুন। ১॥

যস্তাজ্ঞাবিবশাহচলাপি চলতি ভ্রামান্তি শূল্যে গ্রহা: বাতো বাতি তপত্যথাপি তপনো মৃত্যুস্তথা ধার্বতি। যস্তাহ্যস্তরেণ জগত: স্পন্দোপি ন চ্ছন্দত: দোহন্তং শ্রীপরমেশ্বর: পরিষদ: দামর্থ্যবৃদ্ধিং ক্রিয়াৎ॥ ২॥

বাঁহার আজ্ঞার বশবর্তী হইয়া অচলা পৃথিবীও চলিতা হয়, গ্রহসকল শৃত্যে ভ্রমণ করে, বায়ু বহমান হয়, স্থা তাপ দেন, মৃত্যু ধাবমান হয়, থাঁহার অনুগ্রহভিন্ন স্বেচ্ছাক্রমে জগতের স্পাননও হইতে পারে না, সেই পরমেখর পরিষদের সামর্থ্য বৃদ্ধি করুন। ২॥

> কপালেশং বিনা যন্তাঃ পুরুষঃ কেবলং পশুঃ। দদা পরিষদং পঞ্জেৎ ক্লপরা দা সরস্বতী॥ ৩॥

বাঁহার রূপালেশ না হইলে মনুষ্য কেবল পশু বলিয়া গণ্য হয়, সেই সরস্বতী সর্বন্ধ। পরিষদের প্রতি রূপাদৃষ্টি করুন। ৩॥

> নাত্যাদৃতা স্কৃতিভিন্তনকৈ: কুতোহপি মানেব মাতৃবচস: স্বমা কিলাভূং। তৎসেবনায় পরিষৎ পরম্অতৈযা তনাতৃভক্তিমতৃলাং স্কৃতহাং বানক্তি॥ ৪॥

কোনও কারণে স্থপণ্ডিত পুলেরাও মাতৃভাষার পরম শোভার তাদৃশ আদর করিতেন না, দেই জন্ম মাতৃভাষার পরম শোভা যেন কিছু য়ান হইয়াছিল; দেই মাতৃভাষা-দেবনের জন্ম এই পরিবং উপ্তত হইয়াছেন। এতদ্বারা পরিষদের অতুলনীয় মাতৃভক্তি প্রকাশ পাইতেছে। ৪॥

> মাতৃভজিবিহ গৌরবাথিতে। ধ্যা ইত্যুপ্দিশক্তি প্রয়ঃ। ধ্যা এব প্রিরক্ষতি স্বয়ঃ ধ্যায়িকং জনগণং ন সংশ্যঃ॥ ৫॥

পণ্ডিতেরা বলেন যে, এই জগতে মাতৃভক্তি অতৃল গৌরবানিত ধন্ম; ধান্মিকজনগণকে ন্মানিজেই রক্ষা করেন, ইহাতে সন্দেহ নাই। ৫॥

> তেন পুণোন করুণালেশেন পরমেশিতুঃ। উত্তরোত্তবমুংকর্ষং পরিষং প্রাপ্তমাদিয়ন॥ ৬॥

মাতৃভক্তি-জনিত পুণ্য এবং প্রমেখনের করুণালেশ্বারা এই পরিষং উৎকর্ম প্রাপ্ত ২টন। ৬॥

তংসাহশীলাঃ বল যে সদ্খাঃ
তথ্যাঃ সদা তাং পরিশীলয়ন্তি।
নারায়ণো রক্ষণদীক্ষিতস্তান্
বিশেষতো রক্ষতু সাধুরতান্॥ १ ।

পরিষদের উৎসাহশীল সভ্যগণ সর্কা। পরিষদের অনুশীলন করেন, রক্ষণ-বিষয়ে দীক্ষিত অর্থাৎ রক্ষাকর্ত্তা নারায়ণ, সেই সাধুরুত্ত সভ্যদিগকে বিশেষভাবে রক্ষা করুন। ৭॥

> আশীর্বাদকশু শ্রীচন্দ্রকান্ত শর্মণঃ

গীত

আমার ভাষা

۲

আজি গো তোমার চরণে জননি ! আনিয়া অর্ধ্য করি মা দান—
ভক্তি-অশ্রু-সলিল-সিক্ত-শতেক-ভক্ত দীনের গান।
মন্দির রচি মা তোমার লাগি'— পয়সা কুড়ায়ে পথে পথে মাগি',
তোমারে পুজিতে মিলেছি জননি, স্নেহের সরিতে করিয়া সান।
জননি বঙ্গভাষা এ জীবনে চাহিনা অর্থ, চাহি না মান;
বেশারাস্
যদি তুমি দাও তোমার ও চুটি অমল কমল চরণে স্থান।

₹

জানো কি জননি, জানো কি, কত যে আমাদের এই কঠোর বৃত !
হায় মা যাহারা তোমার ভক্ত, নিঃশ্ব কি গো মা তারাই যত !
তবু সে লজ্জা তবু সে দৈন্ত,
তাই হৃহন্তে তুলিয়া মন্তে, ধরেছি যেন সে মহৎ মান ।
কোরাস্। জননি বঙ্গভাষা, এজীবনে চাহি না অর্থ চাহিনা মান ;
যদি তুমি দাও তোমার ও চুটি অমল কমল চরণে স্থান।

9

নয়নে বহেছে নয়নের ধারা, জলেছে জঠরে বধন কুধা,
নিটায়েছি সেই জঠর জালায়, পাইয়া তোমার বচন স্থা;
মক্ত্মে সম—যথন ত্যায় আমাদের মাগো ছাতি ফেটে যায়,
নিটায়েছি মাগো সকল পিপাদা তোমার হাটিট করিয়া পান।
কোরাস্। জ্বননি বঙ্গভাষা, এ জীবনে চাহি না অর্থ চাহি না মান
যদি তুমি দাও তোমার ও ছটি অমল কমল চরণে হান।

8

পেয়েছি যা কিছু কুড়ায়ে তাহাই, তোমার কাছে মা এসেছি ছুটি;
বাদনা—তাহাই গুছায়ে যতনে সাজাবো তোমার চরণ ছটি;
চাহিনাক কিছু, ভূমি মা আমার,
এই জ্বানি, কিছু নাহি জানি আর;
ভূমি গো জননি হৃদয় আমার, ভূমি গো জননি আমার প্রাণ।
কোরাস্। জননি বৃদ্ধভাষা এ জীবনে চাহি না অর্থ চাহি না মান,
যদি ভূমি দাও তোমার ও ছটি অমল কমল চরণে স্থান।

শ্রীদিজেন্দ্রলাল রায়

মঙ্গল-গীতি

ইমন—তেওরা

হে মাতঃ বঙ্গ, বাজিছে শহ্ম তোমার মঙ্গণ থারে।
করিছে আরতি তোমার ভারতী ভক্তদনে আজি তোমারে।
যদিও মা, তব গগনে গর্জ্জে
প্রান্তমন্ত্র সহনে বজ্জে,
তোমার কমল-কুঞ্জ-কুটীরে
শান্তি-মন্ত্র ঝন্ধারে।
আজি প্রমন্ত মধ্করকুল
এসেছে ছুটিরা পিয়াসে আকুল
জুড়াতে তব স্থা-আগারে।
গ্রদে হুদে রাজে কমল-আসীনা,

প্রাণে প্রাণে বাজে সাধনার বীণা, স্থধার ভাণ্ডার যেতেছে লুটিয়া নিকে দিকে শতধারে।

बी अमथनाथ तायरहोधूतो

গীত

(5)

স্ষ্টির বিশালতা

(ভঙ্গন)

লক্ষ লক্ষ সৌর জগত
নীল গগন গভে,
তীত্র বেগ, ভীম মূর্ত্তি
ভ্রমিছে মন্ত গর্বে।
কোটি কোটি তীক্ষ উও,
অনলপিগু তারা,
দৃপ্ত নাশে ঝলকে খলকে
উগরে অনল ধারা।
এ বিশাল দৃশু, যাঁর
প্রকটে শক্তিবিন্দ্
নমি সে সর্ব্ব শক্তিমান্
চির কারণ সিকু!

(२)

স্ষ্টির দৃক্ষাতা

স্তৃপীক্ষত গণনরহিত
ধূলি, সিন্ধুক্লে;
কোটি কীট করিছে বাস
এক হক্ষ ধূলে।
কীট দেহ জনম মৃত্যু
নিমেষে কোটা লক্ষ;
ভূজে হ:খ, হরষ, রোষ,
প্রীতি, ভীতি, সধা।
এই হক্ষ কোশন বটে
শার জ্ঞানবিন্দু,
নমি সে চিরপ্রশ্বাসশৃত্ত

শ্রীরজনীকান্ত সেন (রাজনাহী)

ক্বিতা

(শ্রীষ্ক্ত নিধিলনাথ রায় কর্তৃক পঠিত)
মা তোর পূজার তরে গড়েছে মন্দির,
তব পদাবন হংস মৃশ্ব ভক্তপণ;
আনিয়াছে অর্ঘাভার জাহ্নবীর নীর,
পাতিয়াছে সমন্ত্রমে তব পুণাসন।
হাতে লয়ে স্বর্গবীণা স্মিত খেতাননে
বিশ্ব পদাবন হ'তে এস মা ভারতি!
ঢালি দিব অর্ঘ্য পূল্প ও রাঙ্গাচরণে,
লহ মা আনন্দমিয়ি! ভক্তের আরতি।
তব দিব্য জ্যোতির্ময় মৃক্ট কিরণে
হো'ক আলোকিত আজি এ বঙ্গ ভ্বন,
পূজার প্রণব ধ্বনি—মঙ্গল বন্ধনে,
মৃথ্রিত চারিদিক্—অনন্ত গগন।
পূরাও ভক্তের বাঞ্যা—দেবি পদ্মাসনা,
পূর্ণ হো'ক বাঙ্গালীর সাহিত্য-সাধনা।

শ্ৰীমুনীন্দ্ৰনাথ ঘোষ

স্বস্তি-পাঠঃ

শুভমস্ত

আক্রমা গেহাৎ সহসা বিযুক্তা
প্রতীচাবাগ্ভি: স্বতরাং স্থলীনা।
বঙ্গোদ্তবানাং নমু মাতৃভাবা
আসীৎ বিষধা ভবনোপকঠে॥ >॥
নাভ্ৎ স্থিতিনিম্নতি ন চ বাত্র পীঠং,
নৈবেহ পর্বকুটীরং কিম্তাত্র হর্ম্মান্।
জীর্ণেহত্র গ্রন্থনিবহে নতু কীটদষ্টে
নারাধিতাপি জননী সমস্বং ব্যনেষীৎ॥ ২॥
এবম্বিধে বছতিথে বিগতে চ কালে
তস্তাঃ প্রহর্জুমনসঃ খলু হর্দশাং তাম্।
জাতোত্তমাঃ স্কর্জনঃ কতিচিচ্ন ভক্তাঃ
তেবাং মহোত্তমফলং ভবনং কিলৈত্ত॥ ৩॥

সর্লং হি হ্র্মানিচরং প্রভন্না বিজিত্য চাভাতি মন্দিরমিদং পরিষং-প্রকোঠে। সর্বং বিহন্ত হাষদাং ভবনং সদীপ্তাা যধং বিভাতি বৃষণঃ কিল বৈজ্যন্তঃ॥৪॥ রমোহত্র পুণাভবনে বিহুষাং বরেণ্যে সংপূজ্যতাং ভগবতী স্ক্রিরার ভক্তৈঃ। আরাধ্য তাং স্ক্রিমলাং নতু মাতৃভাষাং গচ্ছন্ত সিদ্ধিমমলাং কিল মাতৃভক্তাঃ॥৫॥

শ্রীশরচন্দ্র শাস্ত্রিণঃ।

গৃহপ্রবেশমঙ্গলম্

জন্মতি ললিতলক্ষীর্বঙ্গবাণী বরেণ্যা সরসমধুরকাঠেন্তর্যাং পুরা তে স্তবস্তি। রঘুপতিচরিতানাং কীর্ত্তনৈঃ ক্তিবাসো মধু-মধুরিমগীঠৈত*চণ্ডিদাসাদয়*চ॥

5

কানীরাম-মুকুন্দ-ভারতমুথৈরভার্চিতা ভক্তিতো ভূদেবেশ্বরচন্দ্র-বঙ্কিম-মধু-প্রজ্ঞাভিক্তাসিতা। সেশ্বং হেম-নবীন-সাক্রকবিতাঝক্কারসালস্কৃতা বঙ্গে ভাতি রবীক্র-দত্তকুস্কমা ভূষা গিরাং দেবতা॥ 9

भूता क्षांधावि जू मिनदः यः जन्छ मूर्वः मम्भानजः नः । मभौक्य-याराज्य-कभाशकावान् উज्ज्याभेशः नवनान्तितामम्॥

8

ইদানীং বাগ্দেব্যা: শুভস্বভগনীরাজনবিধৌ পুরোধা জাগাঁও ব্রত্তপ্রতিহ দাহিত্যপরিষৎ। গিরস্থ: সানন্দং জয়জন্বগিরং গীপাতিসমা: সরস্বত্যা লক্ষ্মীং প্রণমত চ সম্পুজন্বত চ ॥

ইতি---

বিশ্বজ্জনচরণাত্মচর— শ্রীগণনাথ সেনস্য

নবমন্দির-প্রতিষ্ঠা উপলক্ষে

কত পুরাতন কাতি বাঙালী আমরা ইতিহাস হেরে যায়, সে তত্ত্ব ব্যাথ্যায়। আছে শ্বতি, আছে দাকা, দাহিত্যে, পুরাণে, সঙ্গীতে গাথায়, কাব্যে, গিরিগাত্তে থোদা প্রাচীনলিপিতে কত গৌরবের কথা অতীত বঙ্গের। সাক্ষ্য পাই বেদব্যাস-মুখে, পাওবের ক্তর্ল-ক্ষরকারী সৈন্তের সম্মুথে বাঙ্গালী আছিল স্থির वौत्रय-रगोतरव। वरत्रत्र गुश्किमन হয়েছিল নিমন্ত্রিত বাজসুয়-যঞ সভাতলে সম্মানে। বাঙ্গালী-দৈনিক দেখাইলা কত অন্ত্ৰ-খেলা, কুরুক্ষেত্র-রণাঙ্গনে, তুর্ব্যোধনে হইয়ে সহায়---তদা বিনি ভারতের ছত্ত্রপতি রাজা---চির-রাজভক্ত জাতি! সেই পুরাকালে ম্পদ্ধা করিতে প্রকাশ, তুলি সিংহনাদ

পঙ্গাতীর হতে, বীরদর্পে পদভরে কাঁপায়ে মেদিনী, কত দেশ অতিক্রমি, ছুটেছিল বাঙালী-দৈনিক সে কালের দর্বশ্রেষ্ঠ পুরুষের প্রতিশ্বন্দী হয়ে পশ্চিম-দাগর-ভীরে ঐক্ত-বিজয় আশে, আক্রমিতে দারাবতী দুচুপুরী যাদব-রক্ষিত। শস্ত্র-সম শাস্ত্র-চর্চা এ জাতির ছিল প্রিয় হতে প্রিয়তর আড়াই হাজার বর্ষ পুরাতন-আছে নিদর্শন—বৌদ্ধ-যুগে কত না উন্নত ছিল এই মহাজাতি জ্ঞানের গৌরবে। অতি নিয়-শ্ৰেণী হতে কত শত শত ডোমাচার্য্য হড়গচার্য্য চমকিল ধরা দার্শনিক-দিবাজ্ঞান করিয়া বিস্তার শত শত পালিগ্ৰন্থ-মাঝে। উচ্চৰৰ্ণ কত যে বিশান, জানী, সাধু, সিদ্ধ ছিল

বৰ্ণিতে তাহার তথ্য না যুৱায় বাণী। এই জ্ঞান-সাধনা ও বৈরাগ্যের মাঝে জাতি যবে ছিল ডুবি ঈশ-প্রেম-রসে,— থামে নাই তথনও বীরত্ব হুঙ্কার, জাতিবল সদা ছিল সঞ্জীবিত। বাজিদংহানন-তলে কত কত বাজ্য তথনও নোয়াইয়া মাথা দিত কর। পুন: যবে হিন্দুধর্ম জাগিল বঙ্গেতে নতন সাধন-পথ তন্ত্ৰ-অনুসারে वाकानी मवात्र व्यार्श मिन (मथारेशा.---বৌদ্ধর্মে আর্যাধ্যে হইল মিলন। আবার বিভার তেজ জ্বলিয়া উঠিল বঙ্গে, সিদ্ধময়ে সাধনার কুঞ্জ দিয়া শিববক্তা বিনিৰ্গত গুহু হতে গুছ— তন্ত্রের ভাণ্ডারে, মুক্তি-রত্ন শভিবারে বাঙ্গালী রচিল কত রগ্স, উড্ডীশ, তব্ব, ডামর, জামল ;— বঙ্গের প্রতিভা ছডাইল হিমালয় হতে কুমারিকা কাছে। শত শত তন্ত্ৰ পীঠ শক্তিতীৰ্থ— ভারতের দিকে দিকে করিছে প্রচার বাঙ্গালীর মাতৃভাবে সাধনা-কৌশল। **पक-भकारत्रत्र तरम पुविश्रा वान्नानी** তখনও ভূলে নাই চির-প্রিয় তার অস্ত্রথেলা। তথন ও গঙ্গাতীর হতে বৈতরণী-তীর বঙ্গরাজ-ছত্রতলে ছিল স্থথে শাস্ত, স্থিৱ, পুণ্যব্রত রতে। ষাপরের শেষে বসি যমুনা-পুলিনে মে প্রেমের থেলা থেলি রাধা-বিনোদিনী

বাঁধিল প্রেমের ডোরে পরম-পুরুষে সে লীলার স্থাগান জগত মাতাতে বঙ্গের আকাশে যবে উঠিল ঝঙ্কার মৃরছি পড়িল কবি, কাব্য, পান, ভাব, ভাষা ঘাঙ্গালীর মধুরদে দে লীলার চিরতরে। দেশে দেশে রটিল প্রবাদ কাত্র ছাডা গীত নাহি আর, কীর্ন্তনের পরে গান নাহি আর। সে তত্ত-ব্যাখ্যার মজি বৈষ্ণব-বাঙালী-কবি গঠিয়া তুলিল দেশে সাহিত্য নবীন.—যার রসভরে करत हित्र हैनमन शूर्न-वन्नरम् । এহেন সাহিত্য যার প্রাণ, এত কীর্ত্তি যার লুকামিত, লুপ্ত গর্ব তার আজি উদ্ধার আশায় অধীর আকুল সবে। নব্য-বাঙ্গালার শত শত চেষ্টা-মাঝে স্থন্দর সফল শুধু বঙ্গ-সাহিত্যের এই মহা-পরিষং। আজি ভভদিন-ধতা বঙ্গদেশ !--পুণ্য বঙ্গভাষা, ধন্য বাঙ্গালীর ভাগ্য-শত ধন্য তার সাহিত্যের সেবাবত। আজি ধরা দানশীল वाकानात धनी अन,--यादात कन्यादन বাডিল গৌরব দেশে-করিয়া স্থাপন চির-গৌরবের জাতি আজি বাঙ্গালীর বঙ্গ-সাহিত্যের এই প্রথম মন্দির।

> শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় যোডাগাঁকো

স্বস্থিবাচন

পরস্পর-বিরোধিভোরেকসংশ্রম্বর্জভন্। দঙ্গতং আদির্যতোভূমিছেড়তমে সতাম্॥

()

কর্ত্তবো অম্মিন কার্যো গৃহ প্রতিষ্ঠার, আজি এই শুভদিনে সম্বল্প আমার,—

এ বাণীমন্দির মাঝে

ত্রগের উজ্জন দাজে,
বিরাজে প্রতিমা যেন বন্ধ-ভারতীর,—
অর্গাদপি সরীয়দী বন্ধ-জননীর।

্দ্রশ্রবাঃ পুরন্দর,

কিধা পূধা প্রভাকর, তার্কা বা অরিষ্টনেমি, বৃহস্পতি আর,— এ মন্দিরে নিত্য প্রতি কঞ্চন বিস্তার।

জাতবেদাঃ বৈশ্বানর,

সস্তি কর নিরন্তর; শ**ঋচক্রধর** বিফ্ দ্বিভূ**ন্ধ শ্রী**হরি, **পুগুরীকলোচনে**রে ভক্তিভরে শ্বরি।

যেন বঙ্গ-সরস্বতী
নিত্য হ'য়ে সৃত্তিমতী
চৌষ্টি কলায় সাজি'—দিব্য অলফার,
সতত করেন হেথা বীণার ঝফার।

এ পুণ্য মন্দির মাঝে
শব্দ ঘণ্টা যেন বাজে
পাঞ্চলত কচ্ছপীর অপূর্ব মিগনে,
ছিত্তিশ রাগিণী আর ছয় রাগ সনে।

শ্বরিয়া সম্বল-স্ক্র,
হাদমের ভক্তিযুক্ত,
বঙ্গের বাণীর পূজা রাজীব চরণে,
বুক্তকরে মুক্তকঠে একান্তঃ করণে,—

আজি এ প্রার্থনা মম,— এ মন্দিরে মনোরম. হউক সভতঃ স্বস্তি সৌভাগ্য সমূদ্ধি;—
বাণীরত ভক্তদের সর্ল ইষ্টসিদ্ধি।
পরিষদ স্বস্তি তরে,
এ প্রশন্তি ভক্তিভরে,
উঠিচঃস্বরে বণি আমি নমি বার বার,

বঙ্গের ভারতী পদে করি নমস্বার।

(२)

পুণা গঙ্গাঘনে করি' আচমন,
পুণা বেদমর করি উচ্চারণ,
আজিকার মম এ প্রিবাচন,
ধ্রে বঙ্গভারতি ! তোমার তরে।

*অগ্রহারণের পৌর্ণমাসী তিথি, ক্লন্তিকাশোভিত নক্ষত্রের বীথি, সিন্দ্রমণ্ডিত রোহিণীয় দীথি সমুজ্জল পূর্ণচন্দ্রের করে।

হেন পুণ্যদিনে শুভক্ষণে আজি, এস পরিবং দিবাবেশে সাজি,' বাণী পূজাতরে ল'য়ে রত্নরাজি, আনন্দে বিরাজি' বঙ্গের মাঝে।

ল'মে সচন্দন ফুল বিল্বদল, এসেছে তোমার উপাসকদল, উজ্জ্বল করিয়া তব যক্ত স্থল, উৎসব উন্নাসে বিচিত্র সাজে।

ক্ষোতিথিক গণনার স্থবিধার জ্বস্থ এবং
অস্তাস্ত কায়েলে পরিষদের গৃহপ্রবেশরূপ স্বায়্ধীয়
উৎসব আমি আগ্রহায়ণী পৌণমাসীর সহিত সংক্রপ
করিলাম। লেখক।

জনম তোমার রাজ-নিকেতনে, বিভাবিত্তযুত বিনয়-ভবনে, কোন্ অতীতের দিব্য সন্ধিক্ষণে ভূমিষ্ঠ হইলে শুভ পরিষৎ।

আনন্দদাগরে ভক্তগণ মগ্ন, দৈবজ্ঞ দেখিয়া শুভ দিংহ লগ্ন দেবগুরু যোগে দর্ম রিষ্টি ভগ্ন গণিল ভোমার কোণ্ঠী ভবিশ্যং।

তার পর নানা পূজা উপচারে, বসন ভ্যণ বিলাস সন্তারে তব ভক্তগণ পূজিল তোমারে শৈশবে রাজার প্রাসাদ মাঝে।

কিন্তু ভাগাদোষে পিতৃরিষ্টি বলে, সপ্তম বরষে নব কুতৃহলে, জন্মনিকোতন ভাজিয়া কৌশলে, বাহির ২ইলে নুতন সাজে।

তব ভক্তগণ হ'মে কৃতৃহলী, নব অহুরাগে ল'মে পুষ্পাঞ্জলি, আনন্দে জালিয়া বলিদীপাবলী, পূজ্জিল তোমারে ক'রি যতন।

কে পারে বলিতে অদৃষ্টের গতি !
সপ্তবর্ষ কাল করিলে বসতি
গৃহ শুক্ত দানে; খুচা'তে ত্র্গতি
তব ভক্তগণ করিল পণ ।

ভিক্ষাভাগু হাতে তব ভক্তগণ, বঙ্গের ভিতরে করিয়া ভ্রমণ, যাচিল সকলে করি সংগাধন, বাণীর মঙ্গল মন্দির তরে।

মণীক্ত যোগেক্ত কমলার ধাম,—

মণি কাঞ্চনেতে সদা অভিরাম—

পুরাইল বাণী-ব্রত মনস্কাম করিয়া প্রাণাম ভক্তির ভরে।

কত সন্বক্ত বাণী পূত্রগণ, কত কমলার প্রসাদ-ভাজন, কঠোর তপস্থা করিয়া সাধন, প্রতিষ্ঠা করিণ মন্দির আজি।

আজি শুভদিনে এ মাহেল্রঞ্জণে সারস্বত সৌধে স্বর্ণ-সিংহাসনে, পূজিতে বাণীর রাজীব চরণে— লইশ্বা বিবিধ কুস্কুমরাজি,—

আসিয়াছে কত উজ্জন দশন, বাণী কমলার বর-পুত্রগণ, বঙ্গজননীর অঙ্গ স্থানোভন সোভাগ্য সংগং প্রভিভাশালী।

নবীন যৌবন পঞ্চদশ বর্ষে,
নৃতন জীবনে অভিনব হর্মে,
এস পরিষং উজ্জ্বল আদর্শে
বন্ধের প্রাঙ্গণে প্রদীণ জ্বালি'।

আজি এ পুণ্যদা পঞ্চদী তিথি, ক্তিকারাজিত নক্ষত্রের বীথি, দেখি 'সমুজ্জল রোহিণীর সীথি, শশাস্ক অতিথি সশস্ক-মনে;—

বুধ দিনমণি বৃশ্চিক-সদনে,
স্থারেন্দ্র-বিন্দিত মৃণোন্দ্র-ভবনে,
তুলায় মধল শুক্র সন্মিলনে,
বুজনীরঞ্জন বোহিণী সনে।—

(0)

এ পুণামন্দির তলে, জান যজ হোমানলে, জিজাসার কুতৃহলে বছক আছতি,— দর্শন বিজ্ঞান কিম্বা কাব্যের বিভৃতি। উজ্জ্বল উত্তর কালে, বিভৃতি মণ্ডিত ভালে, অপুর্ব স্থমাজালে, হে বঙ্গ দাহিত্য! করে যেন পরিষৎ তব পোরোহিতা। এ পবিতা যজ্ঞ স্থলে, ৰঙ্গবাসী কুতৃহলে, বাণীর চরণ তলে করে সমর্পণ, যাহার যেমন শক্তি ভক্তির চন্দন। এই কল্পতরুমূলে, সবে হিংসা দ্বেষ ভূলে' এস বঙ্গে নব রঙ্গে বাণী পুত্রগণ, এদ যারা কমলার প্রদাদ ভাজন ;— আঁক সমুজ্জল ছবি; কল্পনা কুশলী কবি, বঙ্গের বাণীর এই স্বর্ণ সিংহাসন, বৈজ্ঞানিক শত মুখে কর বিজ্ঞাপন; স্থানপুণ চিত্তকর, ধরি' ভূলি মনোহর বঙ্গের অতীত কীর্ত্তি কর প্রখ্যাপন, আঁকি গৌরবের চিত্র মানসমোহন; কৰি কিম্বা দাৰ্শনিক, পৌরাণিক সাহিত্যিক চতুর্দিক মুখরিত কর অমুক্ষণ, বাঙ্গালী পৌরব গাথা করিয়া কীর্ত্তন। হে সাহিত্য-পরিষৎ, উদ্ভাসিয়া ভবিষ্যুৎ. বাঙ্গালী হৃদয়সির করিয়া মহন, জাতীয় গৌরব স্থা কর উত্তোলন ; এ পুণ্য মন্দির তলে, এ পবিত্র যক্তহলে, জ্ঞান যজ্ঞ হোমানলে কর সমর্পণ, হৃদয়ের পূর্ণাহুতি--দেবতা তর্পণ। বিশ্বময় ওত প্রোত বছক মধুর স্রোত:, ব্যোমগঙ্গা সোমধারা করুক বহন, মধুময় হো'ক এই ভারতী ভবন। আকাশের চন্দ্র তারা, বছক মধুর ধারা, আত্মহারা বাণীব্রত করুক বহন,

সত্য শিব স্থলবের দিবা নিদর্শন।
বহ মধু বনস্পতি, বহ মধু স্রোতস্বতি!
মধ্ভরা বস্থন্ধরা করুক বহন,
মধুর মধুর ধারা মনোবিমোধন,
এ সাহিত্য-পরিষদে বরেণ্য বাণীর পদে
কমনীয় কোকনদে, করুক বহন —
অনস্ত সম্পদে মধু বাণী পুত্রগণ।

(8)

আজি আনন্দের আতিশ্যা ভরে,
সর্ব গৌড়জনে ডাকি উচ্চৈঃম্বরে,
দিতে ভারতীর চরণ নধরে
মহাশক্তি ভক্তি কুস্থমাঞ্জলি!

ধর্মের বৈষম্য জাতিষেষ ভূলে, বঙ্গভারতীর বৈধ্যমন্ত্রী ভূলে, বাণীর কল্যাণ-কল্পতক্র-মূলে, আজি বঙ্গবাসী এস হে চলি।

এম সর্বজন যে আছ যথায়,
মন্দিরে, মশ্জিদে, সমাজে, গির্জায়
এস আজি সবে বাণীর পূজায়
আমন্দে মাতিয়া নবীন বলে;

বে যেথানে থাক লহ পূল্পাঞ্জলি,
(মাতৃভাষা পূজা—নাহি দলাদলি)
আনন্দেতে বন্দে মাতরম্বলি,
বাণীর রাজীব চরণ তলে।

দাও উপহার নৈবেগুসন্তার,
করি আহরণ শত উপচার,
বরাঙ্গে বাণীর দিয়া অলঙ্কার
সাক্ষাও নৃতন রতন জালে।—

হ'দ্ধে অগ্রগণ্য এ মহীমণ্ডলে, এস বঙ্গবাসী নবশক্তিবলে, আজি এ বাণীর পুণ্যযজ্ঞস্থলে, সৌভাগ্যতিলক পরিয়া ভালে।

(e)

করি আবাহন মরাল-বাহনা, এদ গো ভারতী খেতপদাসনা. ডাকিছে মা দীন ক্ষীণ কণ্ঠস্বর. এস গো জননী উজ্লি' অপর, ওমা বঙ্গভাষা বাঙ্গালীর আশা.— অষ্ট কোটি কণ্ঠে প্রাণের পিপাদা. বঙ্গ মোহাচ্ছন্ন অদৃষ্ট লাগিয়া, শুধু বঙ্গভাষা তুমি মা জাগিয়া; এস মা ভক্তের পুরা'তে বাসনা,— वाञ्राणी-श्रमय-तञ्च-तिःशामना ;----করিতে জ্ঞানের অনস্ত সাধনা, করিতে বাণীর নিত্য আরাধনা. আজি পরিষৎ---আনন্দে মগন---পূজিতে তোমার পদে প্রাসন, मांत्रश्रेष्ठ सोध िरनाम ज्वन, নঙ্গলমন্দির পুণানিকেতন প্রতীক্ষা করিছে উল্লাসভরে।

এস গোজননি! নহ তুমি দীনা, নাহি আর তব ছিন্নতন্ত্রী বীণা. প্ৰমন্ত উচ্ছাদে সতত স্বাধীনা— এ মন্দিরে আজি হ'য়ে সমাদীনা----কর গো জননী সে স্থর সঙ্গীত শুরুক বাঙ্গালী হারায়ে' সন্বিৎ। শত কবি শোভে তব অঙ্কম্বলে. শত কাব্যমালা আজি তব গলে বিবিধ বিজ্ঞানদুশ্নমঞ্জিতা এস আজি বাণী ত্রিলোকবন্দিতা,— এস মা অনন্ত ঐশ্বর্যাশালিনী-বীণাবিনোদিনী কবিতামালিনী— অনন্ত ভাবের পুণাপ্রবাহিণী-বুগবুগান্তর গৌরবকাহিনী--कवित्र खननो वीत्र अपविनी-এস মাআমবার উজলি'ধরণী সৌভাগানিশান লইয়া করে॥

ত্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায়।

শাখা সভার প্রভিনিধিগণ

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শার্থাসভা-সমূহের যে সকল প্রতিনিধি অনুগ্রহ করিয়া পরিষদের 'ৎসব সভায় যোগ দিয়াছিলেন, নিয়ে তাঁহাদের নাম দেওয়া গেল ঃ—

রঙ্গ পুর

এীযুক্ত প্রিম্বনাথ পাকড়াণী

- " স্থরেক্রচক্র সরকার
- , विधूतक्षन नाहिज़ी
- " সত্যভূষণ বন্দ্যোপাধ্যায় ভাগলপুর

শ্ৰীযুক্ত বিভূতিভূষণ ভট্ট

- " যোগেশচক্র মজুমদার
- " সত্যেক্তনাথ গঙ্গোপাধ্যায়
- " গিরীক্তনাপ গঙ্গোপাধ্যায়

ময়মন সিংহ

শ্রীযুক্ত হেমেন্দ্রকিশোর আচার্য্য চৌধুরী

- ় হেমেক্রনাথ দাসগুপ্ত
- , অতুলচক্র ভার্ড়ী

মুৰ্শিদাবাদ

প্রীযুক্ত মহারাজ মণীক্রচন্দ্র নন্দী বাহাছর

- ু বাজ। যোগেক্তনারায়ণ রায় বাহাছর
- " মণিমোহম সেন
- ় নিখিলনাথ রায়

রাজদাহী-- শ্রীযুক্ত রজনীকান্ত দেন

ন্যাদপত্ৰ

THIS INDENTURE made this 20th day of August in the Christian cra one thousand nine hundred and one Between Maharaja Manindra Chunder Nundy Bahadur of Kasimbazar in the District of deceased zamindar Moorshidabad; son of (hereinaster called the said Donor) of the one part and Babu Rabindra Nath Tagore son of Maharshi Devendra Nath Tagore zamindar of No. 6 Dwarkanath Tagore's Lane in the town of Calcutta, Kumar Sarat Kumar Roy son of Raja Pramatha Nath Ray deceased zamindar of Dighapatia in the District of Rajshay Roy Pramathanath Chowdhury son of Dwarikanath Chowdhury deceased zamindar of Santosh in the District of Mymensing, Roy Yatindra Nath Chowdhury son of Rai Mathuranath Chowdhury deceased zamindar of Taki in the Twenty four Pergunnahs and Hirendranath Datta son of Dwarkanath Datta deceased, Attorney-at-Law of No. 139 Cornwallis Street in Calcutta (hereinafter called the said Trustees) of the other part. Whereas the said donor being seised in fee simple in possession of the land hereinafter granted has from the great interest that he takes in the advancement and improvement of the Bengali language and literature and from a desire to promote and further the objects of the Bangia Sahitya Parishad being a literary Association founded at Calcutta aforesaid in the year one thousand and three hundred B. S. with the objects following namely.

- (a). The cultivation encouragement and improvement of the Bengali language and literature by the following and when necessary by other means.
 - (1) the compilation and publication of a Grammar and a Dictionary of the Bengali Language.
 - (2) the compilation and publication of scientific and philosophical and technical terms in Bengali.
 - (3) the collection, acquisition and publication of old Bengali Manuscripts.
 - (4) the translation into Bengali of standard books and publications in other languages and the publication of such translations.
 - (5) the study and cultivation of Philosophy, History, Science, Poetry and all other forms of literature and the publication of excellent books and pamphlets thereon.
 - The publication of a periodical journal in Bengali to be entitled the Sahitya Parishad Patrika.

- (b) The holding and management of all fund or funds raised for the above objects.
- (c) The purchase or acquisition on hire or in exchange or on hire or otherwise of any real or personal property and any rights or privileges necessary or convenient for the purposes of the Association.
- (d) The sale improvement, management and development of all or any part of the property of the Association.
- (e) The doing of all such things as are incidental or conducive to the attainment of the above objects or any of them.

And duly registered under Act XXI of 1860 (an Act for the registration of literary, scientific and charitable societies) has resolved to dedicate the said land in the Schedule hereunder fully described and intended to be hereby granted in perpetuity to such purposes as hereinafter specified and to grant the said land to the said trustees upon the trusts and with and subject to the powers and provisions hereinafter declared expressed and contained concerning the same. Now this Indenture witnesseth that for effectuating the said resolution and in consideration of the premises and of the interest and affection of the said donor in and for the said Bangiya Sahitya Parishad he the said donor doth hereby freely and voluntarily and without any valuable consideration give and grant unto the said Trustees, their executors, administrators and assigns and their successors in office as hereinafter provided all and singular the plot or parcel of land hereditaments and premises fully set forth and described in the schedule hereunder written and delineated with the dimensions and boundaries thereof upon the plan or map hereto annexed or howsoever otherwise the said land hereditaments and premises are known or reputed to be together will all buildings yards ways liberties easements and appurtenances to the said land hereditaments and premises belonging or in any wise appertaining or usually held or occupied therewith or reputed to belong or to be appurtenant thereto and all the estate right title and interest of the said donor or of any other person or persons claiming any interest on his behalf in the said land hereditaments] and premises and every part thereof the present market value whereof is estimated to be Rupees (5000,) Five thousand To have and to hold the said land hereditaments and all and singular other the premises expressed to be hereby granted or intended so to be with their appurtenances unto and to

the use of the said trustees their executors administrators and assigns upon the trusts and with and subject to the powers provisions agreements and declarations hereinafter declared expressed and contained concerning the same and the said trustees hereby declare that they and the survivors and survivor of them and the executors or administrators of such survivor their or his assigns do and shall stand possessed of the said premises hereinbefore expressed to be hereby granted and of the rents and profits thereof and of the proceeds of any sale or mortgage of or other dealing with the said premises under the trusts or powers of these presents upon trust for the general purposes for the time being of the said Bangiya Sahitya Parishad and shall let build upon pull down rebuild and alter or otherwise deal with the said premises and any buildings for the time being thereon and shall allow the said buildings or any of them or any part thereof to be occupied by or for the purposes of the said Institution or otherwise and shall pay over apply and deal with the said rents profits and all monies received by the said Trustees as compensation as hereinafter provided or otherwise in such manner in every respect as a majority in number of the members of the said institution assembled at any ordinary or extraordinary meeting thereof convened and conducted according to the rules for the time being in force of the said Institution and voting upon the question shall from time to time authorise or direct and shall keep proper books of account of the receipts and payments of the said trustees or trustee Provided always and it is hereby agreed and declared by and between the said parties hereto that in case the said Association should be dissolved or should cease to exercise any of its functions for the time being consecutively for two years then and in such case the land hereditaments and premises hereby granted with the buildings and structures erected and built and at the time standing thereon shall revert to the said donor his heirs representatives or assigns provided that he or they should within a reasonable time pay to the trustees for the time being of these presents the market value at the time being of the said buildings and structures as standing fixtures such value to be ascertained agreement of the parties of their representatives for the time being or in case they should fail to come to an agreement by two arbitrators one to be appointed by each side or if they disagree by their umpire and the sum or sums of money so received by the Trustees shall be dealt with and applied as assets of the said Sahitya

Parishad Provided always and it is hereby distinctly agreed and declared that any alteration in or amendment of the objects and functions of the said Parishad and in keeping with its main purpose of promoting and encouraging the Bengali language and literature or the reconstruction of the Parishad or its amalgamation with any institution or institutions having similar objects with its own whether under its existing or any new or altered name shall not operate as if the said Institution had been dissolved or had ceased to exercise its functions as aforesaid Provided also that if the premises hereby granted or any part thereof be acquired for a public purpose the whole of the compensation receivable in respect thereof shall be paid to the said trustees who shall invest the same in the purchase of landed property to be held by them upon the trusts hereinbefore declared on the same conditions as aforesaid And it is hereby further agreed and declared that a trustee shall be at liberty to retire from the trust and shall be disqualified to hold his office and he shall accordingly vacate his office if he ceases to be a member of the said Institution or if he becomes or is declared a bankrupt or an insolvent or be declared a lunatic or become of unsound mind though not so found by inquisition or shall otherwise become unfit or incapable to act and it is hereby agreed and declared that new trustees to be appointed for the purposes of these presents shall be selected out of the members of the said Institution by a majority in number of the members assembled at any ordinary or extraordinary meeting of the said institution and voting upon the question and that any vacancy in the number of the trustees shall be filled up as soon as may be after the occurrence thereof and that the said trust premises shall be conveyed and transferred to or otherwise legally vested in the whole body of trustees for the time benig whenever the number of persons in whom the same premises shall for the time be legally vested shall be reduced to two but no omission to comply with any of the above requirements shall invalidate any act deed or thing done executed by the trustees for the time being which would have been valid if all such requirements had been complied with And every trustee for the time being may as well before as after the said trust premises shall have become vested in him in all things act and assist in the execution and exercise of the trusts and powers of these presents.

In witness whereof the parties to these presents have hereunto set and subscribed their respective bands and seals the day and year first above mentioned.

(Sd.) Manindra Chundra Nandy

Signed Sealed and Delivered at Calcutta by Maharaja Manindra Chandra Nandy in the presence of Jogendra Nath Ghosh

302 Upper Circular Road

Signed by Babu Rabindranath Tagore in the presence of Premtosh Bose 115 Amherst Street

(Sd.) Rabindranath Tagore

Signed by Babu Pramathanath Roy Chowdhury in the presence of Anukul Chandra Bose 35-2 Beadon Street

(Sd.) Pramathanth Roy Chowdhury

Signed by Kumar Saratkumar Ray of Dighapatiya in the presence of Ramendrasundar Trivedi 6 William's Lane

(Sd.) Sarat Kumar Ray

Signed by Ray Yatindranath Chaudhury in the presence of Sib Chandra Mukerjee Baranagore.

(Sd.) Raya Yatindranath Chaudhury

Signed by Babu Hirendranath Datta in the presence of Satis Chander Sen Gupta 52. Hidaram Banerjee's Lane.

(Sd.) Hirendranath Datta

Schedule above referred to

All that piece or parcel of rent-free land or ground containing by measurement six cottas seven chittaks and thirty seven square feet be the same a little more or less situate lying at and being portion of the Halsibagan Bustee No. 243 Upper Circular Road Holding No.

Block No. Mouza Halsibagan in the north division of the town and registration District of Calcutta particularly delineated in the Map or Plan hereto annexed and butted and bounded in manner following that is to say on the south by Halsibagan Road on the west by Upper Circular Road and on the north and East by the other portions of the said premises No. 243 Upper Circular Road.

(Sd.) Manindra Chandra Nandy

Witness

(Sd.) Jogendra Nath Ghose

Registered in Book I Vol. 61 Page 146 to 155 being No 2191 for 1901.

সংবাদ-পত্তের মত

বস্থমতী

গত ২১শে অগ্রহায়ণ রবিবার অপরায়ে বাঙ্গালার শ্রেষ্ঠ সাহিত্যসভা "বঙ্গীয়-সাহিত্য-পরিষং" আপনার নবনিশ্বিত গৃহে প্রবেশ করিয়াছেন। সাহিত্যসভার এই স্বগৃহপ্রবেশ বাঙ্গালার এই "কমলবনের মধুপরাজি"র এই কমলভবনের প্রতিষ্ঠা বাঙ্গালার ও বাঙ্গালীর গৌরবের কথা। বাঙ্গালায় সাহিত্যচর্চ্চা এখনও অর্থকরী হয় নাই। কিন্তু জাতীয় সাহিত্য বাতীত জাতীয় উন্নতির আশা যে একান্তই "নিশার অপন সম" অসার, বাঙ্গালী যে তাহা বুঝিয়াছে, এই মন্দির প্রতিষ্ঠাতেই তাহার পূর্ণ পরিচয়। সকল জাতির সাহিত্যেই প্রথমা-বস্থায় ধনীর সাহায্য জাতীয় সাহিত্যকে পুঠ করে; তাহার পর সাহিত্য বলসঞ্ম করিয়া আপনি আপনার পথ বাছিয়া লয়। ইংলণ্ডে জনসনের অভিধান প্রকাশেই এই হুই বুগের স্থিলন স্চিত হয়। বাদালা সাহিত্য বর্জমানের মৃত মহারাজা মহাতাপটাদ ও প্রলোক্গত কালী প্রদর সিংহ মহাশ্রের সময় হইতে আজ পর্যান্ত ধনীদিগের সাহায্য লাভ করিয়া আসি-তেছে। সাহিত্য-পরিষদের গৃহপ্রতিষ্ঠা পর্যাত্ত দেই সাহাধ্যের ফল। আশা করি অনুর ভবিষ্যতে সাহিত্য আর এরপ সাহায্যের প্রত্যাশা রাখিবে না। বঙ্গীয়-সাহিত্য-পরিষ্ণের এই গৃহপ্রতিষ্ঠার ইতিহাদ মাজ দর্মজনবিদিত। মনে পড়ে যে দিন রাজা বিনয়ক্ষণ দেবের ভবন ১ইতে পরিষ্থ দীন-ভবনে নীত ২ইবার পর পরিষদের কয়জন অক্তিম দেবক সঙ্গল করেন, ভিজাভাও লইয়া খারে ঘারে গুরিয়া মাতৃমন্দির নিমাণ করিবেন। সেই সকল এত-দিনে সত্যে পরিণত ২ইল। কিন্তু সেই দিন বাঁহারা উপস্থিত ছিলেন, তাঁহাদের সকলে গৃহ-প্রতিষ্ঠা দেখিয়া যাইতে পারেন নাই, এ তুঃখ পরিহদের স্ক্রজনের মনে থাকিবে। গতপূর্ব শুক্রবার প্রাতে পরিষ,দর সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, পরিষং মন্দিরের দ্বিতংশর সম্প্র ব্যয়ভার বৃহনকারী রাজা যোগেলুনার মণ রায়, এীযুক্ত রার যতীক্তনাণ চৌধুরী, এীযুক্ত রামেক্সস্থার জিবেদী, জীল্ক হারেক্সনাথ দত্ত, প্রামুখ পরিষদের কর্মাকর্ত্রন ও স্থহজন পরিষং মন্দিরে প্রথম প্রবেশ করেন। জ দিন পূজা, চণ্ডীপাঠ ও ছোমের অনুষ্ঠান হইয়াছিল। তাহার পর গত রবিবার অপরা<u>ছ</u> ৪ টার সময় মন্দিরে প্রথম অধিবেশন স্থিশেষ সমারোহ সহকারে সম্পন্ন হইয়াছিল। সে দিনকার দৃগু দেখিরা আমরা পুলকিত ও অখাসিত হইমাছি এ কপা বলাই বাহলা।

অপরাত্ম থটার সময়েই গৃহের সজ্জা শেষ হইল। তথন হইতেই পরিষদের শুভামুধ্যায়ীরা সমাগত হইতে লাগিলেন। লালগোলার রাজা বাহাছর গৃহসজ্জা হইতে আহ্ত্দিগের জভ্যর্থনা পর্যান্ত সর্প্রকার্যো তৎপর; জরা তাঁহার দেহকে মাত্র স্পর্শ করিয়াছে, উত্তম ও উৎসাহকে ক্ষ্ম করিতে পারে নাই। দ্বার অতিক্রম করিয়া সম্মুথে রহৎ কক্ষ, কক্ষে প্রবেশপথের দক্ষিণে হেমচক্রে স্থতি-সমিতির উপহার বান্দালীর জাতায় কবি হেমচক্রের মর্ম্মর মৃত্তি ভাস-রূপে রক্ষিত; বামে বাঙ্গালা সাহিত্যের শিক্ষাগুরু ঈশ্বরচক্র বিত্যাসাগরের মৃত্তি, এক পার্শ্বে পরলোকগত মহর্ষি দেবেক্রনাথ ঠাকুর মহাশ্বের মৃত্তি। যেন ফান্দিনেভির প্রাণবর্ণিত অমরাবাস ভালহালায় প্রবেশ করিলাম। কক্ষ প্রাচীরে ছই থানি তৈলচিত্র — দক্ষিণে কোবিদ্যুহাদ কাশীমবাজারের মহারাজা বাহাছর—ইনিই পরিষদের গৃহনির্ম্মাণের জন্ত ভূমিদান করিয়াছেন, বামে লোকহিত্বত লালগোলার রাজা বাহাছর, ইনি পরিষৎ-যন্দিরের

শ্বিতশভাগ গঠনের সমগ্র ব্যয়ভার বহন করিয়াছেন। এ ছই চিত্র প্রতিষ্ঠায় ক্তজ্ঞতার অকুণরাগ ফুটিয়া উঠিয়াছে। তাহার পর বৃহৎ কক্ষে প্রবেশ করিলাম।

নিম্বতলে বৃহংকক উৎসবসাজে সক্ষিত। আর কক্ষপ্রাচীরে পরিষদের হিতৈষী ও সাহিত্য-সেবক্দিগের প্রতিক্ষৃতি। এই কক্ষে পরিষদের অন্তহম সংস্থাপক বেদবিগ্রাবিশারদ পরলোকগত উমেশচক্র বটব্যালপ্রমুথ বহু বিখ্যাত বাঙ্গালির চিত্র বিঅমান ; তন্মধ্যে নিম্ন-निश्चिक वाक्तिशलंत्र हिळ विरम्य উল্লেখযোগা:-- ज्रेयंत्रहळ विष्णामांगत, श्वामी विरवकानम. মাই-কেল মধুস্থদন দত্ত, ছুর্গাদাস কর, প্রীশচল্র মজুমদার, কালীরুষ্ণ ঠাকুর, রজনীকান্ত অপ্র। যিনি পরিষদের কল্পনা করিয়াছিলেন, শ্রীযুক্ত রাজা বিনয়ক্ষ বাঁহার কল্পনা কার্য্যে পরিণত করিয়াছিলেন, যে কল্পনার ফল এই সাহিত্য-পরিষৎ, সেই মহাত্মভব স্বৰ্গীয় রাজনারায়ণ বস্থর চিত্র নাই দেখিয়া আমরা ছঃখিত হইয়াছি। পরিষদে রাজনারায়ণ বম্লর চিত্র প্রতিষ্ঠার প্রস্তাব হইয়াছে। রজনী বাবর চিত্তের নিমে দাঁডাইয়া কত কথা মনে পড়িল। তিনি পরিষদের জ্বন্ত ভিক্ষার্থী হইয়া কাশীমবাজারে যাইয়া এই ভূমিথও দান লইয়া আদিয়াছিলেন। আজ তিনি বাঁচিয়া থাকিলে তাঁহার কত আনন্দ হইত; আছে এই উৎসবে তাঁহার অভাব কে পূরণ করিবে ? স্থাধের দিনে আর ছঃথের কথা মনে করিব না ভাবিয়া ফিরিলাম। তথন জণফোতের মত জনপ্রোত গৃহে প্রবেশ করিতেছে, দ্বিতলে সভাস্থলে জনকলোল অদূরবর্তী সাগরের গর্জনবং প্রতীয়মান ছইতেছে। দ্বারে দ্রভাইয়া কাশীমবাজারের মহারাজ ও লালগোলার রাজা বাহাত্র অভিধিদিগের অভার্থনা করিতেছেন। সমাগত ব্যক্তিবর্গ নিম্নতলের কক্ষ পর্যাবেক্ষণ করিয়া দ্বিতলে সভাগ্রে যাইতেছেন। ধীরে ধীরে দেই জনতার সঙ্গে দোপান শ্রেণী অতিক্রম করিয়া সভাগৃহে উপনীত হইলাম।

অপরায় চারিটার পুর্নেই দিতলে সভাগৃহ পূর্ণ হইয়। গেল। মঞ্চ, কক্ষ, অলিন কোথাও আর স্থান রহিল না। সে গৃহ ও স্থাভিজত মঞ্চের নিকট কয়থানি প্রতিকৃতি; পশ্চাতের প্রাচীরে মধাস্থলে বিজ্মচন্দ্র—দক্ষিণে দেবেন্দ্রনাথ ঠাকুর, বামে কালীপ্রান্ন সিংহ, অহ্য অহ্য স্থানে দীনবদ্ধ মিত্র, অক্ষয়কুমার দত্ত, ভূদেব মুখোপাধ্যায়। সভাগৃহ সমাগৃত জ্মমগুলীতে পূর্ণ।

সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভার কার্য্য আর্থ্যে প্রপ্রসিদ্ধ "বন্দে মাতরম্ সম্প্রানায়কে" মঙ্গলাচরণরূপে "মাতৃ নাম" গান করিতে অনুরোধ করিলেন। সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত দক্ষিণাচরণ সেনের তত্ত্বাবধানে ব্রুরিবণ অরচেষ্ট্রা পার্টির বাছ্যন্ম হইতে উদাত্ত ধ্বনি সমস্ত গৃহ ছাইয়া ফেলিল; সঙ্গে সঙ্গে "বন্দে মাতরম্ সম্প্রানারের" সভ্যগণ "বন্দে মাতরম্" গান ধরিলেন। সমস্ত জনতা সমন্ত্রমে দণ্ডাম্মান হইয়া মাতৃনাম শ্রবণ করিলেন। তাহার পর পরিষদের গৃহপ্রবেশ উপলক্ষে রচিত কবিবর শ্রীযুক্ত দ্বিজ্ঞেলাল রাশ্ব মহাশ্রের নিম্নলিথিত সঙ্গীতটি কলিকাতা "ইভনিং ক্লাবের" সভাগণ কর্ত্বক গাত হইল। * * *

ইহার পর সভাপতি মহাশরের অভিভাষণ পঠিত হইল। তাহার পর প্রীযুক্ত স্থরেশচন্দ্র সমাজপতি মহাশর একটা নাতিদীর্ঘ বক্তৃতা পাঠ করিলেন ও প্রীযুক্ত হীরেক্রনাথ দন্ত মহাশর পরিষদের স্থারী ভাণ্ডারে অর্থ সাহায্য প্রার্থনা করিলেন। প্রীযুক্ত হীরেক্রবাবু বলিলেন, তাঁহার কোন প্রক্রের বন্ধু এই ভাণ্ডারে স্বরং ১০০০, টাকা দিতে ও ৪০০০, টাকা সংগ্রহ করিয়া দিতে স্বীকৃত হইরাছেন। অলক্ষণ পরেই সভাপতি মহাশর জানাইলেন নিম্নলিখিত মহেদেরগণ পরিষদের স্থায়ী ভাণ্ডারে নিম্নলিখিত অর্থ সাহায্যদানে প্রতিশ্রুত হইরাছেনঃ—

*

তৎপরে সভাপতি মহাশয় প্রথমে দিতলে ও পরে প্রথমতলে চিত্রগুলির আবরণ উন্মোচন করিলেন। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বহু মহাশয় ও সার গুরুদাস বন্দ্যোপাধাায় মহাশয় বক্তৃতা করিলেন। সভাস্থলে কয়টি কবিতা পঠিত হইল। তর্মধ্যে শ্রীযুক্ত মণীক্রনাথ ঘোষ কর্তৃক রুচিত কবিতাটি উল্লেখযোগ্য। শ্রীযুক্ত নিথিলনাথ রাম এই কবিতাটি পাঠ করেন।

ইহার পর কাশীমবাজারের মহারাজ বাহাত্ব হেমচক্র স্বৃতিসমিতির উপহার কবিবর হেমচক্রের মর্ম্মর মৃত্তির আবরণ উন্মোচন করিলেন। মহারাজের সময়োপযোগী বক্তা স্থানাস্তরে প্রকাশিত হইল। * * *

সভাস্থলে যথন সভাপতির অভিভাষণ পঠিত ইইতেছিল, তথন দ্বিতলে আর তিলমাত্র ছান ছিল না। আশকা ইইতেছিল, অলিন্দ লোকভারে ভালিয়া পড়িবে। অগতাা নিমতলে দিতীয় সভার অধিবেশনের ব্যবস্থা করিতে ইইল। প্রীযুত রবীক্রনাথ ঠাকুর সে সভার সভাপতি ইইলেন। তথায় প্রথমে ঐকতান বাদন ইইল—পরে প্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী কর্ত্ব এই উপলক্ষে রচিত নিম্লিথিত গীতটা গীত ইইলঃ— * * *

তংপরে শ্রীযুক্ত পাঁচকড়ি বন্যোপাধাায় প্রভৃতি কয়জন বক্তা বক্তৃতা করেন এবং শ্রীযুক্ত স্থবেশচক্র সমাজপতি অন্তক্ষ হইয়া তাঁহার দ্বিতলে পঠিত বক্তৃতাটি আবার পাঠ করেন।

সভা শেষ হইলে উৎসব আরদ্ধ সইল। মাতৃমন্দিরের প্রতিষ্ঠা করিয়া এক একে সকলে গৃহে ফিরিতে লাগিলেন। কিন্তু পরিষদের কর্ম্মকন্ত্রীরা কেবল উৎসবের আরোজন করিয়াই ক্ষান্ত হন নাই, মনেককেই তাঁহাদের সনির্দির অনুরোধে মিন্তুমুখ করিতে হইল। প্রবেশকালে ধারদেশে সভাপতি সারদা বাবুর, কান্মিবাজারের মহারাজের ও লালগোলার রাজার মিন্তুমুখে নিন্তু সভাযান, সভাত্তে পরিষদের সভা ও কার্যাসমিতির সদগুদিগের মিন্তুমুখে মিন্তু আলাপ আরে গমনকালে এই মিন্তুমুখ—মধুরে মধুর মিশিল। পরিষদের সমুজ্জল কীত্তিতে বঙ্গ সাহিত্য ও বঙ্গদেশ মধুমুম্ব হউক—উজ্জলে মধুরে মিশুক, ইহাই কামনা করিতে করিতে আমরা গৃহে ফিরিলাম। আশা করি আমাদের এ কামনা পূর্ণ হইতে বিলম্ব হইবে না।

বঙ্গবাসী

৬৯৫ শ্রীযুক্ত হেমেক্রলাল কাস্তুগির এম্ এ, ডেপুটা ম্যাজিষ্ট্রেট, মতিহারী, চম্পারণ। (इत्रष्ठक दिशेषुत्री, कमिनात, द्रमनगत, मध्यमनिःह। মুন্সী হেলালউদ্দীন খান, পোঃ পূর্ণনগর, রঙ্গপুর। ছাত্র-সভ্য শ্রীযুক্ত রাখালদাস কাব্যতীর্থ, ৫৬ আমহাষ্ট খ্রীট, কলিকাতা। কুলদাপ্রসাদ মল্লিক বি এ, সিউড়ি। স্বীকেশ মিত্র, ১২। ১ রামক্লফ দাসের লেন, কলিকাতা। নিতাইহরি দে, ৫২ রাজ্বল্ল খ্রীট, কলিকাতা। লালবিহারী দাস ঘোষ, ১৬ শ্রামবাজার দ্রীট, কলিকাতা। • ভূপেন্দ্রনাথ বস্ত, ৭১ পাথুরেঘাটা খ্রীট, কলিকাতা। স্থালচন্দ্র মুখোপাধ্যায়, ১৫ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা, কলিকাতা। দেবেজমোহন লাহিড়ী, ১০ কাশী বোষের লেন, কলিকাতা। শচীক্রলাল ভাতডী সীতেশচল সেন বি এ. কালিয়া। 3 . ্রারাপ্রদন্ন বাক্চী, মেড্তলা, বন্ধমান। हेन्द्रुवन नाथ, आफुवानिया, २८ প्रत्रना। वितादिवत मान खर्थ वि ७, ৮৮ स्रामश्रे होते, क्विकां । নিক্সবিহারী পাল, শালিমপুর, দৌলতপুর, শ্রীযুক্ত ইমানালি পণ্ডিতের বাটী। श्चरत्र क्षेत्रात्रात्रण प्रत्थाशाचा, गाउँ हे, शक्तिश्वत, पुत्र शिनावान । 20 শ্রামাচরণ আচার্গা, ৭১।১ কর্ণপ্রধালিস খ্রাট, কলিকাতা। শচীক্রনাথ গঙ্গোপাধনায়, 🔄 3 ক্র স্থরেপচন্দ্র ঘোষ, অক্ষয়কুমার ৰম্ব, ২৪ মহেন্দ্র ৰম্বর লেন, কলিকাতা। হরিদাস মঙ্গুমদার, ১৪৪ আপার সার্কুলার রোড, কলিকাতা। ર• রবীক্রকুমার মিত্র, ৫০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা। (ভानानाथ वत्नाभाषाय, ৮) वाराविमी (घार्यत श्री), कनिकाजा। ধীরেন্দ্রলাল সেন, খ্রীযুক্ত কামিনীকমল দেন উকীলের বাসা, মন্বমনসিংহ। প্রভাসচক্র ভট্টাচার্যা, কুচবিহার ভেল, কুচবিহার। সভাচরণ পাল বি এ, ৬৮ গোরীবেড়ে লেন, কলিকাতা। ર≰ রোহিণীকুমার সেন গুপু, ১০ শোভাবাজার খ্রীট, কলিকাতা। माधवहन्त्र मान अथ,

পফুলকুমার বন্দ্যোপাধাায় বি এ. প্রেসিডেন্সা কলেজ, কলিকাতা।

ফণিমোহন বোষ, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।

23

- ত প্রীযুক্ত শিবেক্সনারায়ণ চৌধুরী, জিরাগঞ্জ, মুরশিদাবাদ।
 - ু শশিকান্ত দেন গুপ্ত, ১৬৬ বছবাজার খ্রীট, কলিকাতা।
 - " যশোদাকুমার মালাকার, ৫ ভীম ষোষের লেন, কলিকাতা।
 - ু রাখালচক্র চৌধুরী, ৬ দিমলা খ্রীট, কলিকাতা।
 - দেবেক্সনাথ গোস্বামী. ঐ ঐ
- ৩৫ ু স্থারেন্দ্রনাথ নামহাতা, ঐ ঐ
 - ় বীরেন্দ্রনাথ দেন গুপ্ত, ১৭ ডাফ্ খ্রীট, 🗳
 - ু ৰতীশচন্দ্ৰ দেন, ৮৮ আমহাষ্ঠ দ্বীট, কলিকাতা।
 - ু ্রজেক্রক্ষ সেন গুপ্ত বি এ, মন্ত্র, মাণিকগঞ্জ, ঢাকা।
 - ু হরলাল দাস গুপু, ৫৬।১।১ আমহার্ড খ্রীট, কলিকাত।।
- ৪০ ু কিরণচক্র মুখোপাধাায় বি এ, ৬১ মেছুয়াবাজার খ্রীট কলিকাতা।
 - ্ৰ ক্লফবিহারী গুপ্ত বি এ, ৬০ নিমতলা ঘাট খ্ৰীট, কলিকাত।।
 - ্ যে:গেশচন্দ্র গুপ্ত, ৫৬।১।১ আমহার্ম খ্রীট, কলিকাতা।
 - ু সুরেন্দ্রনাথ দেন গুপ্ত, ঐ ঐ ঐ
 - ু জ্যোতিশ্চল বিশ্বাদ, ৩ শস্তুচক্র চট্টোপাধ্যায়ের খ্রীট, কলিকাতা।
- ৪৫ ু সতীশচন্দ্র গুপ্ত, ৬২ শ্রামপুকুর খ্রীট, কলিকাতা।
 - ্র উমেশচন্দ্র ভট্টাচার্য্য বি এ, ২০ রাধানাথ বস্তুর শেন, কলিকাতা।
 - "সভ্যরগ্রন দাস গুপ্ত, ৪৪ ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
 - " ভূপেক্রনাথ গুপ্ত, ৬২ খ্রামপুকুর খ্রীট, কলিকাতা।
 - ,, রাদবিহারী দেন গুপ্ত, ২১।১ পটুরাটোলা লেন, কলিকাতা।
- e , স্থারেন্দ্রনাহন ভট্টাচার্য্য বি এ, ৬১ মেছুয়াবাজার খ্রীট কলিকাতা।
 - ,, অবোরনাথ ঘোষ, ২৮ বৃন্দাবন মল্লিকের লেন, কলিকাতা।
 - " দীতানাথ কর্মকার বি এ, ২৯ রামকান্ত মিম্বীর লেন, কলিকাতা
 - ,, ভববিভূতি ভট্টাচাৰ্য্য, ৩ন্ন বাৰ্ষিক শ্ৰেণী, সংস্কৃত কলেন্দ, কলিকাতা।
 - ্,, রাজেল্রকিশোর ধর, পগন চৌধুরীব লেন, মন্নমনসিংহ।
- ৫৫ , ফণিভূষণ বস্থা, ৯।১ রামচন্দ্র মৈত্তের লেন, কলিকাতা।
 - " প্রফুরকুমার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা
 - ,, প্রশাস্ত্রচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণ প্রয়ালিস খ্রীট, কলিকাতা।
 - ,, প্রভাতকুমার মুখোপাধ্যার, ১৬৬ বছবাজার ষ্ট্রীট, কলিকাতা।
 - " কেদারনাথ চট্টোপাধ্যার, ২১০৩ কর্ণওয়ালিদ্ ষ্ট্রীট, কলিকাতা।
- ৬০ "বেৰতীমোহন চক্ৰবৰ্ত্তী, শ্বেকিয়া খ্লীট, কলিকাতা।
 - "বীরেক্সকুমার রক্ষিত জোরাড়া, গাছবাড়িয়া পোঃ, চট্টগ্রাম।
- ^{৬২} " ইন্দ্রনারায়ণ দে বি এ, ৪ রামতনু বস্থা লেন, কলিকাতা।

- ৬৩ প্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র দাগ স্থব্ধাতপুর, শ্রীহট্ট, (৪১ ৬ কেনেল ওয়েষ্ট, রোড কলিকাতা)। প্রশান্তভূষণ গুপু, আউটুসাহী, ঢাকা। জিতেক্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, থান্দারপাড়া, ফরিদপুর। স্থধবিন্দু দেন গুপ্ত বি এ, বিক্রমপুর, ঢাকা। যতীক্ষক্ষ নিয়োগী, রিপন কলেজ, প্রথম বার্ষিক শ্রেণী, ১৪ রতন নিয়োগীর লেন. গোগীবেড় কলিকাতা। রাজেল্রকিশোর রায় বি এ, আউট্নাহাঁ, ঢাকা স্থরেশচন্দ্র দত্ত রাম্ব, কান্তল, অন্তগ্রাম পোঃ, ময়মনসিংহ, (২৮ আমহান্ত খ্রীট, কলিকাতা)। নরেজ্রচন্দ্র পাণ বি এ, যশোদল পোঃ, ময়মনসিংহ, (২৮ আমহার্ছ খ্রীট. 90 কলিকাতা)। প্রমথনাথ বিখাদ, পোড়াগাছা, আদরগর পোঃ, নদীয়া। स्नीनहज्ज (म वि এ, প্রেসিডেন্সী কলেজ, ৫ম বার্ষিক শ্রেণী, দমদম রোড. কাশীপুর পো:। গিরিজাশন্বর রাম চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ। **জিতেন্দ্রনাথ মুখোপা**ধ্যায়, রিপণ কলেজ, ৪ ঠাকুর কা**সল রো**ড, কলিকাতা। **ऋरत्रमह्य हळाव**र्छी वि ७, ७ त्रमानाथ मञ्जूमनारतत लान, किनकारा। 9 8 রাখালমোহন সোম, প্রথম বার্ষিক শ্রেণী, রিপন কলেজ, ১ বল্দেপাড়া রোড, মাণিকতলা। সমতুলচন্দ্র সেন গুপ্ত, ৩য় বার্ষিক শ্রেণী, সিটা কলেজ, ১২০ লোয়ার সার্কুলার রোড. কলিকাতা। সংত্যক্তমোহন চৌধুরা, ২ম বার্ষিক শ্রেণী, প্রেদিডেন্সী কলেজ, ৬০ হারিসন রোড, কলিকাতা। প্রমথনাথ বিশ্বাস, ৬০৩ বছবাজার খ্রীট, কলিকাতা। विषय है में स्थानाधाय, अब वार्षिक दानी, ऋष्टिन हार्फ्ड करनक, ১१५ कर्न छ ब्रानिम् द्वेष्ठि, কলিকাতা। শরৎলাল বিশ্বাস, ৭০।১ শ্রীগোপাল মল্লিকের লেন, কলিকাতা।
- , জিতেন্দ্রনাথ সেন, ৩২ প্রসন্ন কুমার চাকুরের খ্রীট, কলিকাতা।

 স্থানাকান্ত উপাধ্যাস, ৩০ শোভাবাজরে খ্রীট, কলিকাতা।

 স্থানাকান্ত ভঞ্জ , , ,,

 নরেক্রনাথ সেনগুপু ,

পুলিনচক্র মুঝোপাধ্যায়, ১৭ প্রাণক্ষণ মুঝোপাধ্যায়ের লেন, টালা। গোপেন্তুষ্ণ বিভাবিনোন, পলাবাদী-কার্যালয়, কাল্না, বদ্ধান।

- ৮৯ প্রীযুক্ত মূন্শী মোহাত্মদ মোজাত্মেল হক, ২।১ জীক রো, কলিকাতা।
- , রাজেক্রলাল রায় চৌধুরী, ৫৬।> আমহাষ্ঠ খ্রীট, কলিকাতা।
 - " অতুলচক্র দাস গুপু, ৩য় বার্ষিক শ্রেণী, সংস্কৃত কলেজ, কলেজ স্বোমার,

কলিকাভা।

- ,, বোগেশচন্দ্র গুপ্ত, ৫৬।১।১ আমহার্চ খ্রীট, কলিকাতা।
- " স্থরেক্তনাণ সেন গুপ্ত, ", ",
- ,, লালমোহন সোম, ১নং বলদেবপাড়া রোড, মাণিকতলা, কলিকাতা।
- ৯৫ ,, মোকদাকুমার বিশ্বাস, ৪৩ নং কর্ণপ্রয়ালিস খ্রীট, কলিকাতা।
 - , নির্মালচন্দ্র পাকড়াসী, ২৭ নং বলদিয়াপাড়া রোড, কলিকাতা।
 - ,, त्रामिठक पात्र पात्र, था। अबार्ड देन्ष्टिडियन, मानिकल्ला, कनिकाला।
 - ,, রাজেব্রেলাল নাথ, ৬নং গৌরীবেড়ে লেন, কলিকাতা।
 - ,, নরেক্রনাথ দালাল, ১১ উণ্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।
- ১০০ ,, দেৰেক্সচন্দ্ৰ নাথ, ৬নং গৌরীবেড়ে লেন, কলিকাতা।
 - ,, রাধিকাপ্রসাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যের খ্রীট, কলিকাতা।
- ১০२ ,, महोळ्ज्व त्राव त्रावशाम, यटमाहत ।

১৩১৭ বঙ্গান্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

- ,, ডাব্রুার প্রফুল্লচন্দ্র রায় ডি এস্সি; পি এইচ ডি— 🛕 ।
- ,, রামেন্দ্রস্থন্দর ত্তিবেদী এম্ এ—সম্পাদক ।
- ,, ব্যোমকেশ মুস্তফী—সহকারী সম্পাদক।
- ,, হেমচক্র দাশ গুপ্ত এম্ এ, এম্ স্বার এ এম্—এ।
- ্ৰ বাধালদান বন্দ্যোপাধ্যায় এম এ—ঐ।
- " তারাপ্রদন্ন গুপ্ত বি এ---ঐ।
- ্ল নগেন্দ্ৰনাথ বস্থ প্ৰাচ্য-বিত্যামহাৰ্ণব—পত্ৰিকা-সম্পাদক।
- " शेदबक्तनाथ पछ द्यपाष्ठ-तञ्ज এম্ এ, नि এল্. এটর্ণি—ধনরক্ষক।
- ্ব অসিতকুমার মুখোপাধ্যায় বি এ —গ্রন্থ-রক্ষক।
- ,, থগেন্দ্রনাথ মিত্র এম এ--ছাত্র-সভ্য-পরিদর্শক।

কাৰ্য্য-নিৰ্বাহক-সমিতির সদস্যগণ

নিৰ্দ্ৰাচিত-সভ্য

মহামহোপাধাার শ্রীযুক্ত ডাক্তার সতীশচক্র বিত্যাভূষণ এম্ এ, পিএইচ ডি।

,, স্থরেশচন্দ্র সমাজপতি।

কুমার "শরৎকুমার রায় এম্ এ।

ক্ষীরোদ প্রদাদ বিন্তাবিনোদ এম্ এ।

, দেবকুমার রাম্ব চৌধুরী।

, অম্লাচরণ ঘোষ বিভাভূষণ।

" टेनल्नाहल मङ्गाता।

রাম ,, বৈকুণ্ঠনাথ বস্থ বাহাত্তর।

মনোনী হ-সভা

"মন্মথমোহন বস্থ বি এ।

, বিহারীলাল সরকার।

, যোগেন্দ্ৰচন্দ্ৰ বস্থ বি এ।

, চারু**চন্দ্রস্থ**ম্**সা**র এ এস।

ষোড়শ সাংবংদরিক কার্য্যবিবরণী

বঙ্গীয়-সাহিত্য-পরিষ্ ধোড়শ বর্ষ অতিক্রম করিলেন। গতবংসর পরিষদের নবগৃহ-প্রশেশ উপলক্ষে সভাপতি মহাশন্ধ বলিয়াছিলেন, ''যোড়শে প্রবৃত্ত হইলে বাল্যাবস্থা অতিক্রাম্ভ কর।" পরিষং যে নৃতন উপ্তমে ও নৃতন বলে কর্মক্ষেত্রে প্রবেশ করিয়াছেন, তাহাতে এই উক্তি সার্থক হইখাছে। গত বংসর চারিদিকেই কর্মক্ষেত্রের বিস্তার ঘটিয়াছে, সভ্যসংখ্যা ক্রতবেগে বৃদ্ধি পাইয়াছে, আয়ের পরিমাণও সেইরূপে বাড়িয়াছে; তদপেক্ষা আনন্দের বিষয়, দেশের গণ্যমান্ত লোকে কেছ অর্থ ছারা, কেছ পরিশ্রম ছারা, কেছ পরামশ ছারা পরিষদের হিতসাধনে প্রবৃত্ত হইয়াছেন; দেশের ভিতরে ও বাহিরে নানা সাহিত্য-সমিতি পরিষদের শাধারূপে গণ্য হইবার জন্ত আগ্রহ প্রকাশ করিতেছেন। দেশের সর্ব্ত্ত-সাহিত্য-পরিষ্ থেরূপ আদর ও সন্মান লাভ করিতেছেন, তাহা পরিষদের পক্ষে বিশেষ স্পদ্ধার কারণ হইয়া উঠিয়াছে।

সভ্য-সংখ্যা--গত বর্ষের শেষে শ্রেণীভেদে সভ্যমংখ্যা এইরূপ ছিল:---

সাজীবন সভ্য	>
বিশিষ্ট সভ্য	ત્ર
বিশেষ সভ্য	9
সাধারণ সভা ১০০	Ş
কলিকাতা ৪৯৪ 🗎	
মফপুল ৫০৮	
> > >	৯

আলোচাবর্ষে আজীবন সভ্য একজনই আছেন।

গত বংশর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হর প্রসাদ শাস্ত্রী এম্ এ
মহাশয় ষথারীতি বিশিষ্ট সভ্য নির্মাচিত হওয়ায় বিশিষ্ট সভ্য-সংখ্যা ১১ জন হইয়াছিল :
কির রমেশচন্দ্র দত্ত মহাশয় ও মহামহোপাধ্যায় চলকায় তর্কালয়ার মহাশয়ের
পরলোক-গমনে বিশিষ্ট সভ্যসংখ্যা পুনরায় ৯ জনে দাঁড়াইয়াছে। বিশেষ সভ্য-মধ্যে
শ্রীযুক্ত দেবী প্রসাদ মুখোপাধ্যায়, শ্রযুক্ত বিজয়চন্দ্র পুরকায়েত ও শ্রীযুক্ত অধিকাচরণ বন্ধচারী
এই তিনজন নির্মাচিত হওয়ায় বিশেষ সভ্যের সংখ্যা ১০ জন হইয়াছে। কলিকাতাবাসা
সাধারণ সভ্য বর্ষায়ন্তে ৪৯৪ জন ছিলেন , তন্ধ্যে পদত্যাগ বা বহুদিন চাঁদা অনাদায়
হৈত্ ওও জনের নাম উঠিয়াছে, ৮ জনের মৃত্যু হইয়াছে, ১৫ জন মফ্রলে গিয়াছেন,
১ জনের নাম সাধারণ সদস্থের তালিকা হইতে বিশিষ্ট সভ্যের তালিকায় গিয়াছে।
পক্ষাস্করে নব-নির্মাচিত ১১০ জন সভ্যের মধ্যে ১ জন পদত্যাগ করিয়াছেন ও ৯ জন

মফসল হইতে কলিকাভায় আদিয়াছেন। এইরপে বর্ষান্তে কলিকাভাবাদী সভ্যসংখ্যা ৫৫১ ইইরাছে। মফসলবাদী সভ্যসংখ্যা বর্ষারপ্তে ৫০৮ ছিল, তন্মধ্যে ৩ জন মৃত; পদ্ত্যাগ বা চাঁদা অনাদায় হেতৃ ৩৬ জনের নাম গিয়াছে এবং ৭ জন কলিকাভায় আদিয়াছেন; নব-নির্বাচিত ৩২৪ জনের মধ্যে ২ জন মৃত, ২ জন কলিকাভায় আদিয়াছেন; আর কলিকাভাবাদী ১৫ জন মফসলে মাদিয়াছেন; এই সকল কারণে বর্ষাস্তে সভ্যসংখ্যা ৬৯৭ হইরাছে। কলিকাভা ও মফসল উভ্রের এক্যোগে সাধারণ সভ্যসংখ্যা ১২৪৮ হইরাছে। বর্ষশ্বে সভ্যতালিকা এইরপ দাঁডাইয়াছে—

আজীবন সজা ১
বিশিষ্ট সভ ৯
বিশেষ সভ) ১০
সাধারণ সভ ৪৮
কলিকাতা ৫
মফস্বল ৬৯৭

माकला ১२७৮

তিন চারি বংসর বা ততোধিক কাল কোন চাঁদা দেন নাই, পত্রাদি লিখিলে উত্তরও দিতেন না, এইরূপ অনেকগুলি সভ্যের নাম এবার তুলিয়া দেওয়া হইয়াছে, তৎসত্তেও সভ্যসংখ্যা বংসর মধ্যে ১০১৯ হইতে ১২৬৮ হওয়ায় পরিষৎ বিশেষ আনন্দিত। এরূপ বলবুদ্ধি পরিষদের জীবনে আর কথনও ঘটে নাই।

মৃত-সভাগণ---আলোচা-বর্ষে নিমোক সভাগণের মৃত্যু হইয়াছে :---

রমেশচন্দ্র দত্ত—রমেশচন্দ্রের মৃত্যু এই বংসরের সর্কাপেক্ষা শোকাবহ ঘটনা। রমেশচন্দ্রের সর্কান্তের মৃত্যু এটা বালালা-দাহিত্যের জন্ত, বালালা-দেশের জন্ত, দমস্ত ভারত-বর্ষের জন্ত যেরপ অক্রান্তভাবে নিযুক্ত ছিল, ভাহা সর্কান্তনিভিত্ত এন্থলে ভাহার আলোচনা অসন্তব। তিনি জীবন ব্যাপিয়া স্বদেশকে সর্কান্তোভাবে গৌরবান্তিত করিবার চেষ্টা করিয়াছেন, স্বদেশের ইতিহাস ও স্বদেশের সাহিত্যকে নানা উপারে সর্কাদেশে পরিচিত করিবার জন্ত চেষ্টা করিয়াছেন; এ বিষয়ে ভাঁহার অক্রান্ত অধ্যবসায় ভুলনারহিত বলিগেও অত্যুক্তি হয় না। ইংরেজি গত্ত ও পত্ত রচনার প্রচুর শক্তি থাকিতেও, তাঁহার মত উচ্চপদত্ত ও শিক্ষিত লোক যথন বালালা-দাহিত্যকে স্বন্ধ ও দয়া করিতেন, দেই সময়ে তিনি শ্রন্ধার সহিত্ত নাতৃভাষার সেবায় প্রন্ত হইয়াছিলেন এবং নানার্রপে বল-দাহিত্যের সমৃদ্ধি বাড়াইয়া গিয়াছিন। বলীম-দাহিত্য-পরিষদের সভিত্ত ভাহার বিশেষ সম্পর্ক পরিষদের ইতিহাসে চির্কারণীয় হইবে। ১০০১ সালের আরন্তে তাৎকালিক Bengal Academy of Literature বখন করেক নাসের নিক্ষণ জীবনের পর বলায়-দাহিত্য-পরিষদে রূপান্তরিত হয়, তিনি সেই সময়েই প্রথম সভাপতিরূপে উহার নেতৃত্ব গ্রহণ করেন। তাহার কিছুদিন পূর্বেই

বঞ্চিমচক্ত ইগুলোক ভাগে করিয়াছেন; পরিষদের গঠনকার্য্যে বাহারা ব্যাপৃত ছিলেন, ভাষারা এই নবপ্রতিষ্ঠিত সাহিত্য-সভার পরিচালনা-কার্যোরমেশবাবুকেই যোগ্যতম ব্যক্তি বলিয়া স্থির করেন। দেড়বৎসর মাত্র পরিচালনার পর ভিনি রাজকার্যা উপলক্ষে উড়িষ্যার গমন করেন এবং তজ্জন্ত তাঁহাকে পরিষদের সভাপতিও ত্যাগ করিতে হয়; কিন্তু তিনি দেই অল সময়েই পরিষংকে যে ছাঁচে ঢালিয়া গিয়াছেন, পরিষং তদ্ভুষায়ী মূর্ত্তি গ্রহণ করিয়াছে। তিনি যেরপ যভের সহিত পরিষদের অধিবেশনে উপস্থিত হইয়া সমৃদ্র কার্য্যের তত্ত্বাবধান করিতেন, বেরূপে কর্মক্ষেত্রের পরিসর বাডাইবার উপায় নির্দ্ধেশ করিতেন, যেরূপে আগ্রহের সহিত পরিষদের নবোদগত জাবনে বলসঞ্চার করিতেন, তাহা পারষদের প্রাচীন সভাগনের অন্তরে চিরকাল জাগরক থাকিবে। বস্ততঃ সেই সময়ে রমেশচন্ত্রের ভার উদামনীল, কর্মাঠ, অন্তর জ, উচ্চপদত্ব নেতার দাহায্য না পাইলে পরিষদের জীবনাথাায়িক। হয় ত অক্সরূপ গ্রহণ করিত। স্তিকাগৃহের বিম্নবিপত্তি হইতে পরিষং-শিশুকে এইরূপে রক্ষা ক্ষিয়া, তিনি সভাপতির হইতে অবসর গ্রহণের পর আর একবার বাতীত পরিধদের কার্যো সাক্ষাৎ সম্বন্ধে শিপ্ত হইতে পারেন নাই। তংপরে তাঁহার কর্মবহুণ জাবনের অধিকাংশ ভাগ ইংলণ্ডে অথবা বরোদার অতিবাহিত হওয়ার পরিষদের কম্মে যোগদান অসাধ্য হইয়াছিল; কিন্তু দাহিত্য-পরিষদের প্রতি তাঁহার মমত্ব চিরকাল অজুগ্র ছিল। বিলাত-প্রবাস কালের মধ্যে যথন একবার স্বদেশে আদেন, সেই সময়ে—১৩০৯ সালে পরিষং ভাগকে এক বংসরের জন্ত পুনরায় সভাপতিত্বে বরণ করিয়া কতার্থ হইয়াছিলেন; সেই অবকাশে একদিন তাঁহার বহুকালের ও বহুবায়ে সঞ্চিত সংস্কৃত-গ্রন্থরাশি পরিষৎকে দান করিয়া পরিষদের প্রতি তাঁহার স্বেহারতাগ প্রকাশ করেন। তৎপরে পরিষৎ তাঁহাকে বিশিষ্ট সভারূপে নির্বাচিত করিয়া কথঞিং ক্লুগুজতা প্রকাশের চেষ্টা করিয়াছিলেন। গত বংসরের প্রারন্তে যথন তিনি বরোদার প্রধান মন্ত্রিপদ গ্রহণের পুরে কলিকাতায় অবস্থিতি क्रिडिक्टिनन, त्मरे मनत्र প्रिय९ उँशिक माना-मन्त्रिगतन भाष्ट्रान क्रियाहिलन। পরিষদের নৃতন মন্দিরে পদার্পণ করিয়া এবং পরিষদের স্বাঞ্চাণ উল্লভির পরিচয় পাইয়া তিনি যে আন্তরিক হর্ষ প্রকাশ করিষ্ণাছলেন, তাহা সেদিনে উপস্থিত সভাগণের চিরস্মরণীয় হইবে। এই ঘটনার কিছুদিন পরে পরিষদের সম্পাদক ও সহকারী সম্পাদক্ষয় তাঁহার সহিত সাক্ষাৎ করেন; দেই অবসরে তিনি পরিষাদর ভবিষাৎ সধ্ধে নানা উপদেশ দিলাছিলেন। বরোদার মন্ত্রিক গ্রহণের পর বিগত শারদারা পূজার সময় বরোদা নগরে মহারাজ গাইকোমাড়ের প্রবর্তনায় যে মহারাষ্ট্র-দাহিত্য-দাম্মলন মন্ত্রিত হয়, দেই দামালনে প্রতিনিধি প্রেরণের জন্ম তিনি স্বহস্তে বিশেষ নমন্ত্রণ দ্বারা পরিষ্কে আহ্বান করেন এবং বরোদাধিপতির কুপাকটাক্ষ দ্বারা পরিষ্ণকে সাহায্য করিবেন, এই আশ পর্যান্ত দিয়া-ছিলেন। মহামহোপাব্যায় হরপ্রদাদ শাস্ত্রী মহাশগ্ন পরিষদের প্রতিনিধিরূপে সেই সভায় উপস্থিত হইয়াছিলেন এবং তিনি দেখানে যে সবিশেষ সন্মান লাভ করেন, তাহাতে পরিষৎ সভাস্থলে সমবেত দাক্ষিণাত্য পণ্ডিতমগুলীর সমক্ষে বিশেষ গৌরব ও প্রতিঠা লাভ করেন। মুধ্যতঃ রমেশচল্রের যথে ও উৎসাহেই সেই সাম্বলন উপলক্ষে বঙ্গীয়-সাহিত্য-

পরিষদের অন্তরণে মহাগাষ্ট্র-দাহিত্য-পরিষং-স্থাপনার স্তনা হইশ্বছে, ইহাও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অত্যন্ত প্লাধার বিষয়।

এই সাহিত্য-সন্মিলনের অল্লিন পরেই র্যেশচক্রের প্রলোক-প্রাপ্তি ঘটে। এখনও তাহার স্বদেশ তাহার নিকট প্রচুর আশায় ছিল; তাহার অকালস্ত্যতে দে আশা নির্মূল হইল।

রমেশচন্ত্রের স্থৃতির প্রতি বঞ্চীয়-সাহিত্য-পরিষং চিড্রুভক্ত থাকিবেন। ওঁছার স্থৃতিরক্ষার জন্ম সাহিত্য-পরিষং যে চেষ্টা করিতেছেন এবং সেই চেষ্টা কতদ্র সফল হইতে চলিয়াছে, তাহার বিবরণ পরে যথাস্থানে লিখিত হইবে। সাহিত্য-পরিষং সাশা করেন যে, সমুদ্য ভারতবর্ষের সমবেত চেষ্টার ফলস্বরূপ নৃত্ন সংক্রিত রমেশভ্বন প্রতিষ্ঠিত হইয়া ভারতের এই ক্রতা সন্তানের স্থৃতি রক্ষা করিবে এবং এই রমেশভ্বন বন্ধায়-সাহিত্য-পরিষদের অক্সন্বরূপ হইয়া পরিষদের সহিত রমেশভব্বর সহর্বীয় রাখিবে!

চক্রকান্ত তর্কালয়ার—মহানহোপাধাায় চক্রকান্ত তর্কালয়ার পূর্ববঙ্গের অলয়ার হইলেও পাণ্ডিত্য-গুণে পশ্চিন বঙ্গেও সম্চিত পূজালাভ করিয়াছিলেন। অদেশের সীমা ছাড়াইয়া বিদেশেও তাঁহার যশের প্রভা বিকার্ণ হইয়াছিল। কলিকাতা-বিশ্ববিজ্ঞালয় তাঁহাকে ১ শ্রীগোপাল মল্লিক প্রদত্ত ফেলোশিপ সংক্রান্ত বেদান্ত-অধ্যাপনায় নিযুক্ত করিয়াছিলেন; ভত্পলক্ষে তাঁহার রচিত গ্রন্থ ভাষার বিশুদ্ধিতে, প্রাপ্তনায় ও গভারতায় বালালানাহিতার অভাব পূরণ করিয়াছে। সাহিত্য-পরিষথ তাঁহাকে বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করিয়া গৌরবান্তিত হইয়াছিলেন। পরিষথকে তিনি অতিশয় স্পেহের চক্ষে দেখিতেন। পরিষদের গৃহ-প্রবেশের দিন তিনি জরাক্রান্ত ত্র্মল শরীরেও সভান্থলে উপস্থিত হইয়াছিলেন। তর্কালয়ায় ত্র্মল শরীরেও সভান্থলে উপস্থিত হইয়াছিলেন। তর্কালয়ায় মহাশ্রের গ্রতিরক্ষার জন্ত পরিষথ সচেষ্ট আছেন। তাঁহার পরলোকগমনে সমূলয় দেশের সহিত একবোণে সাহিত্য-পর্বথ বেদনা অন্তর্ভব করিয়াছেন।

প্রাণশন্তর চৌধুরী—তেওতা-নিবাদী স্থাননার পরায় প্রাণশন্তর চৌধুরী পরিষদের পুরাতন সভা ও বন্ধুগণের অন্ততম ছিলেন। পরিষদের কার্যা-নির্দাহক-দমিতিতে তিনি এক সময় উৎসাহের সহিত কার্যা করিয়াছিলেন এবং গৃহ-নির্মাণ-স্মিতির অধিবেশনে উপস্থিত হইয়। পরামর্শ দিতেন। দেশের হিত চল্লে তিনি নানা অনুষ্ঠানে যোগদান করিতেন; তাঁহার স্থায় সহাদয় কর্মশাল হিতৈয়াকে হারাইয়া প্রিয়ং অতান্ত বাধা স্থানত্ত্ব করিয়াছেন।

ধর্মানন্দ মহাভারতা — ইনি অল্লদিন হইল সাহিত্য-পরিষদের সভাপদ গ্রহণ করিয়া-ছিলেন। বাঙ্গালা মাসিক পত্রিকায় নানা বিষয়ে রচনা দ্বারা ইনি সাহিত্য-সমালে স্থপরিচিত হইয়া পডিয়াছিলেন।

প্রাণকৃষ্ণ দত্ত— ৮ প্রাণকৃষ্ণ দত্ত দার্দ্র অনাথের বন্ধু ছিলেন; অনাথাশ্রম প্রতিষ্ঠা দার। তিনি পুণাবান্ হইয়াছিলেন। সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার প্রচুর অনুরাগ ছিল; প্রিষদের অধিবেশনে তিনি প্রায় উপস্থিত হইতেন এবং সাহিত্যালোচনায় যোগ দিতেন।

স্থবিদ্ সেন গুপ্ত— এই ছাত্র-সভ্যের অকাল মরণে পরিষং অত্যন্ত বেদনা বোধ করিয়া-ছেন। ইনি পরম উংসাছের সহিত পরিষদের কর্মে সাহায্য করিতেছিলেন; ই হার রচিত ঐতিহাসিক প্রবন্ধ গত বর্ষের পরিষং পত্রিকার চতুর্থ সংখ্যায় স্থান পাইয়াছে। যেরপে ইনি প্রাত্ত্বের অহস্থানে প্রত্ত ইইয়াছিলেন, তাহা বিশেষ আশাপ্রদ ছিল। বস্তত্তই ই হার নিকট পরিষং অনেক আশা করিতেছিলেন। গতবংসর তাহার অকালমরণে সে আশা নির্মূল হইল। গত বংসরে একনিন ছাত্র-সভ্য-পরিদর্শক থগেক্রবাব্র উদ্যোগে ছাত্র-সভ্যগণ সমবেত হইয়া রবীক্রবাব্র স্মুথে আপন আপন কার্য্যের পরিচয় দিয়াছিলেন। সেই সমহে স্থবিদ্র পঠিত প্রবন্ধ বিশেষ প্রশংসা পাইয়াছিল এবং পরিষং-দত্ত প্রস্থারের যোগ্য হইয়াছিল।

মোহিনীমোহন মিত্র — ইনি বর্জমানের উকী দ ছিলেন। বাঙ্গলো-দাহিতের ইং ার অন্ত্রার ছিল। বন্ধমানের সকল সদক্ষানে ইনি অগ্রণী হইতেন। অন্তব্ধদেই ইনি এত দ্র লোকপ্রিয় ও দেশবংদল হইরা উঠিয়াছিলেন বে, ইংরৈ মৃত্যুর পর বন্ধমানে ইংগর স্তিচিহ্ন ভাপনের উল্লোগ হইরাছে। এরপ এক জান সদস্থের মৃত্যুতে পরিষং অভিমাত্র ছঃখিত হইরাছেন।

উনাপতি দত্ত্বী পাঁড়ে—পণ্ডিত উমাপতি দত্ত অনেকগুলি বিভালয়ে মধাপিনা করিছেন। ইংগরই যত্ত্বে একলিপি-বিজ্ঞার-পরিষদের কার্যা এবং 'দেবনাগর'-পত্রিকার পরিচাগনা অতি স্থপুথলে স্থানাহিত হইত। পাঁড়ে মহাশার বাঙ্গালা-সাহিত্যের বিশেষ ভক্ত এবং হিতৈষী ছিলেন। বাঙ্গালা-সাহিত্যের আদর্শে হিন্দী-সাহিত্য যাহাতে মাণ্ডিত ও পরিপুই হইয়৷ উঠে, তাহার জন্ম তিনি বিধিনতে চেটা করিছেন। পরিষদের প্রতি তাঁগার অগাধ শ্রুলা ছিল। অলব্যুদেই তাঁগার মৃত্যু হওয়ার পরিষ্থ একজন প্রকৃত্ব বন্ধু হারাইয়াছেন বলিতে হইবে।

নরেশ্রনাথ রায় — সতি সল্লবন্ধনে (২৬ বংসর বন্ধনে) এই যুবক ইংলোক হইতে স্প্রারিত হইয়াছেন। এই বন্ধনেই তিনি ইংরাজী-রচনান্ন পটুতা লাভ করিয়াছিলেন। মহিলা নামক একথানি কাব্য ইনি ইংরাজী কবিতায় এবং শেক্পীয়ারের "কিঙ্লীয়ার্" নাটক বাঙ্গালা-পত্তে স্মন্ত্রাদ করিতে প্রব্র হইয়াছিলেন।

বসগুকুমার বস্থ এবং প্রিশ্বনাথ চট্টোপাণ্যায়—এই ছই ব্যক্তি পরিষদের সতি প্রাতন শুদ্স ছিলেন। পরিষদের প্রতি ইংলাদের যথেষ্ঠ শ্রদ্ধা ছিল।

এতন্তির প্রভাসচক্র মিজ, কালীনাথ চৌধুরী, শিবদয়াল চট্টোপাধ্যায় প্রভৃতি সদক্তের মূনতেও পরিষৎ হঃশিত হইয়াছেন।

কাৰ্য্য-নিৰ্কাহক সমিতি

ম: নোচাব:র্ষ নিম্নলিখিত বাক্তিগণ কার্যা-নির্মাহক-সমিতির সভ্য ছিলেন :---

সভাপতি ঐযুক্ত সারদাচরণ মিত্ত এম্ এ, বি এল্ সহকারী সভাপতি—

গ্রীযুক্ত রবীজনাথ ঠাকুর

শ্ৰীষ্ক রায় যতীক্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এন্ এ, বি এন্

শ্রীযুক্ত ভাক্তার প্রকৃলচন্দ্র রায় ডি এস্সি, পিএচ ডি

সম্পাদক জীযুক্ত রাখেক্র স্কর ত্রিবেদী এম্ এ

महकातीमाला निक श्रीयुक (श्महज मान अथ धम् ध

শ্রীযুক্ত রাথালদান বন্দ্যোপাধ্যার বি এ

बीयुक त्यामरकम मुख्की

পত্রিকা-সংখাদক গ্রীযুক্ত নগেন্দ্রনাথ বছ প্রাচ্য-বিদ্যামহার্ণব

ধনরক্ষ শীযুক হীরেজনাথ দত্ত বেনান্তরত্ব এন্ এ, বি এল্

গ্রহক্ত ভার্ক অসিতকুমার মুখোপাধ্যায় বি এ

ছাত্র-পরিদণক জীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র এম্ এ

মহামহোপাধাার জীযুক্ত সভীশচক্র বিদ্যাভূষণ অম্ অ, পিএচ ডি

শ্রীযুক্ত হ্রেশচন্দ্র সমাজপতি

শ্রীর্ক কুমার শরৎকুমার রায় এম্ এ

ত্রীয়ক্ত শীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ

শ্রীপক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

थीयुक रेनरनमध्य मङ्गमात

গ্রীযুক্ত রাম্ন বৈকুণ্ঠনাথ বস্থ বাহাগুর

औरुक मनाधरमार्ग वन्न वि এ

শীবুক মনৃতক্ষ মালক বি এলু

औषुक विशंतीनान मत्रकांत्र

শ্রীযুক্ত চারুচন্দ্র বস্থ

बीयुक त्यारमक्ष वस्र वि व

ইহার মধ্যে প্রথম বারজন কর্মচারী-রূপে পরবন্তী আটজন নির্বাচিত সদস্তরণে এবং শেষ চারিজন মনোনীত নদস্তরপে কার্য্য-নির্বাছক-সমিতির কার্য্য-সম্পাদন করিয়াছিলেন।

একৰাতীত শীৰ্ক গৌৱীশকৰ দে এম্ এ, বি এল্ ও শীৰ্ক শালিতচক্ৰ মিতা এম্ এ

মহাশয় আয়বায়-পরীক্ষক ছিলেন। পরিষদের কর্মক্ষেত্রের প্রসারের সহিত কার্য্য-নির্কাহক-সমিতির কর্ত্তরা প্রচ্রাণে বৃদ্ধি পাইয়াছে। অধিবেশনের সংখ্যা ও অধিবেশনের আলোচ্য বিষরের পরিমাণ অত্যন্ত বাড়িয়া গিয়াছে। সভাপতি শ্রীয়ুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ মহাশয় বছকর্মে লিপ্ত থাকিয়াও প্রায় প্রত্যেক অধিবেশনে যথাসময়ে উপস্থিত হইয়া থেরপ শৃঞ্জালার সহিত ও যত্রের সহিত কার্য্য পরিচালনা করিয়াছেন, ভজ্জন্ত সমিতি তাঁহার নিকট চিরক্তক্ত। তাঁহার এইরপ যত্র ও উৎসাহ ব্যতিরেকে ক্যর্য্য-নির্কাহক্ত্রমিতি এরপ শৃঞ্জালার সহিত কর্ত্ব্য সম্পাদন করিতে পারিতেন না। প্রথমে আশক্ষাছিল, পরিষদের নৃত্তন মন্দির নগরের একপ্রাস্তে স্থাপিত হওয়ায় এবং মন্দিরে গাতায়াতের স্থাবিদানা থাকায়, কার্য্য-নির্কাহক-সমিতির সভ্যগণের উপস্তিতিপক্ষে বিল্ল ঘটিবে; কিন্তু অধিকাংশ সভাই এই বিল্ল অগ্রাহ্য করিয়া অধিবেশনে উপস্থিত হইয়াছেন: এমন কি পূর্ব্র বংসরের তুলনায় এখন অধিবেশনে সভাসংখ্যা অধিক হইতেছে এবং যথাসময়ে উপস্থিতির জন্ত কার্য্যের শৃজ্ঞালা স্থনিয়ত হইয়াছে। কার্য্য-নির্কাহক-সমিতির কর্ত্ব্য পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সম্পাদকের অনুরোধে মার একজন সহকার্যা-সম্পাদক নিয়োগের প্রস্তাব হইয়াছে। এতদিন পর্যায় তিনজন সহকার্য সম্পাদক ছিলেন; আশা করা যায় আগামী বার্ষিক অধিবেশনে চতুর্থ সহকার্যী নিয়োগের প্রস্তাব অনুনোদিত হইবে।

শ্রীযুক্ত হেমচল দাশগুপ্ত, শ্রীযুক্ত রাধালনাদ বন্দ্যোপাধ্যার ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুপ্রফী এই সহকারী সম্পাদকজ্ঞরের সাহায্যে পরিষদের কার্যালার স্থারিচালিত হইরাছে। কর্ত্তবাবৃদ্ধির সহিত সহকারী সম্পাদককাণের পরিশ্রমের পরিমাণও অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। তাঁহারা যেরপ সময় ও পরিশ্রম দিরা কর্ত্তবা নির্বাহিত করিয়াছেন, তজ্জ্য সম্পাদক তাঁহাদের নিকট ক্রন্তক্ত অংছেন। হেমবাবৃধ উপর প্রধানতঃ কার্যাবিবরা লেধার ও চিঠিপজ্রের উত্তর দিবার ভার ছিল। শ্রীযুক্ত রাধালবাধুর যত্ত্ব পরিষদের চিত্তাশালার সংগৃহীত দ্বাাদি স্থাজ্জ্ত হইরাছে ও হন্তলিখিত পুথিগুলির উদ্ধার হইতেছে। ব্যোমকেশ বাবুর দৃষ্টি স্থেহমন্ত্রী ধাত্রীর স্থার, পরিষদের সর্বাক্তের্মের প্রতি সর্বাদ বিশ্বস্ত আছে। সম্পাদক ইহাদের সক্ষের প্রতি যথেচিত ক্রত্ত্বতা জ্ঞাপন করিতেছেন।

कार्गालय

শীয়ক রামকমল সিংহ মুখ্যতঃ আদায় ও হিদাবের কর্মে নিযুক্ত ছিলেন। শ্রীয়ক বিনোদবিহারী গুপু গতবংসর স্থায়ীভাবে লেখকের কর্মে নিযুক্ত হইয়াছেন। এই উভয় ব্যক্তি কর্ত্তব্যসাধনপক্ষে পরিশ্রমের ফ্রটী করেন নাই। আনক সময় তাঁহাদিগকে আনাহারে অনিজায় দিবারাত্রি পরিশ্রম করিয়া কাজ চাসাইতে হইয়াছে। কার্য্য-নির্কাহক-সমিতিও তাঁহাদের কর্মপটুতার প্রস্থারস্বরূপ বেতনর্মির ব্যবস্থা করিয়াছেন। লাইত্রেরির কার্য্য চালাইবার জ্ব্র একজন অস্থায়া লোক নিযুক্ত করা হইয়াছিল। সম্প্রতি শ্রীষ্ঠ ক্ষেত্তের ঘোষ এই কার্য্য নিযুক্ত আছেন ও কার্য্য-নির্কাহক-সমিতি তাঁহাকে স্থায়ীভাবে নিযুক্ত করিয়াছেন; এতৎসত্ত্বেও পরিষ্টের কর্মের পরিমাণ এত বাড়িয়া গিয়াছে বে, অগামী

বংসংরের জ্বন্ত আরেও গৃইজন শোক নিধোগের প্রস্তাব অন্থাদিত হইয়াছে। তন্মধ্যে একজন আপাততঃ অস্থায়ী ভাবে এক বংসরের জ্বন্ত নিযুক্ত হইবেন।

সভাসংখ্যা বৃদ্ধি পাওয়ার আদায়কারী পিয়নের সংখ্যাও আগামী বৎসর বাড়াইতে হইবে। পরিষদের নৃতন মন্দিরের তত্ত্বাবধানের জ্বন্ত একজন ভ্তা নিযুক্ত করিতে হইয়াছে।

আহ্লাদের বিষয় এই যে, পরিষদের আয়বৃদ্ধি হওয়ায় এই সকল নূতন ব্যয়-ভার-বহনে পরিষৎকে বিশেষ ক্লেশ পাইতে হয় নাই বা হই বে না।

পরিষং মন্দির

পরিদং-মন্দিরের সমুদয় অভাব এখনও মোচন করিজে পারা যায় নাই। আলোকের জন্ত ইলেক্ট্রিক্ লাইটের ব্যবস্থা হইরাছে: কিন্তু হাওয়ার জন্ত পাধার ব্যবস্থা জন্যাপি হয় নাই। কার্যা-নির্বাহক-সমিতি সম্প্রতি এজন্ত ব্যয় মঞ্জুর করিয়াছেন এবং শীল্পট কয়েকথানি পাথার বন্দোবস্ত হইবে। অর্থাভাবে চেয়ার প্রভৃতি আসবাব জন্ম করিতে পারা যায় নাই; প্রত্যেক অধিবেশনের জন্ত কয়েকথানি অতিরিক্ত চেয়ার ভাঙা করিয়া আনিতে হয়। আগামী বংসর এই অতিরিক্ত বায় সংক্ষেপে কার্য্য-নির্বাহক-সমিতি মনোখোগী হইবেন। লাইবেরির পুস্তক-রক্ষার জন্ত আলমারি আবশ্রুক মত ধরিদ হইয়াছে এবং চিত্রশালার দ্ব্যাদির জন্ত আধার এবং সংগৃহীত মূল্যবান্ মুদ্রা ও তামশাসনাদি-রক্ষার জন্ত একটী লোহার সিল্কুক ধরিদ হইয়াছে। এই সকল বিষরে ব্যয় দিন দিন বাড়িয়া যাইবে।

ভূত্য ও পিয়নদের বাদের জন্ত বাহিরের ঘরের নক্না প্রস্তুত হইয়া আছে; কিন্তু শে বিষয়ে হস্তক্ষেপ করিতে পারা যায় নাই।

বে সকল নৃতন তৈলচিত্র, বোমাইড প্রভৃতি পরিষং-মন্দিরের শোভা সম্পাদন করিতেছে, তাহার স্বতন্ত্র উল্লেখ যথাস্থানে হইবে।

সাহিত্য-পরিষং ব্যতীত কারস্থ-দভা প্রভৃতি অন্তান্ত দভার জন্ত পরিষং-মন্দির ব্যবস্ত হইরাছে। বস্তুতঃ পরিষদের দিতলন্থিত বিস্তুত হল এই কারণে কলিকাতা নগরের একটা প্রধান অভাব মোচন ক্রিয়াছে।

গৃহনির্দ্মাণের জন্ম পরিষদের যে শাখা-সমিতি ছিল, মন্দিরনির্দ্মাণ-কার্য্য সমাপ্ত হওয়ায় গতবর্ষে তাহার তিরোধান ঘটিয়াছে। গৃহ-নির্দ্মাণ-সমিতির যাবতীয় কর্ম্ম এখন কার্য্য-নির্দ্মাহক-সমিতিই সম্পাদন করিতেছেন।

গৃহনিশাণ-তহবিলের অবস্থা যথাস্থানে উল্লিখিত হইবে।

পঞ্চশ বাৰ্ষিক অধিবেশন

গতবংসর ২৬শে বৈশাথ (১০১৭) তারিখে পরিষদের পঞ্চনশ বার্ষিক অধিবেশন হইয়াছিল। সভাপতি শ্রীষ্ক সারদাচরণ মিত্র সভাপতির আসন গ্রহণ করেন এবং অভিভাষণার্থ প্রবন্ধ পাঠ করিয়া পরিষদের উদ্দেশ্র ও কর্ত্ব্য-সম্বন্ধে উপদেশ দেন। বহুপূর্ব্বে শ্রীষ্ক দিক্ষেন্দ্রনাথ ঠাকুর বার্ষিক সভায় সভাপতির অভিভাষণ পাঠ করিয়াছিলেন: তৎপরে আর সেই প্রণা অনুস্ত হয় নাই। সভাপতি মহাশন্ধ গতবংসর

এই প্রথার পুন:প্রবর্ত্তন করিষাছেন এবং আশা আছে, বংসর বংসর সভাপতির মুখে চিন্তাপূর্ণ উপদেশ শুনিয়া পরিষং কর্ত্তব্য-নির্ণয়ে সাহায়্য ও উপকার পাইবেন। সভাপতি মহাশরের প্রবন্ধ গতবংসরের সাহিত্য-পরিষং-পত্রিকার প্রথম সংখ্যায় প্রকাশিত হইয়াছে। ঐযুক্ত অম্লাচরণ ঘোষ বিদ্যাভূষণ পূর্ব্ব বংসরের অনুসরণে আলোচ্য বংসরের বাঙ্গালা-দাহিত্যের অবস্থা সম্বন্ধে বিবরণ পাঠ করিয়াছিলেন। এই বিবরণ-সংগ্রহের জন্ম তাঁহাকে বে পরিশ্রম ও অনুসন্ধান করিতে হইয়াছিল, তজ্জন্ত পরিষং তাঁহার নিক্ট কৃতজ্ঞ।

মাদিক অধিবেশন-গত বংসরের মাসিক সাধারণ অধিবেশন যথা;-

मामिक व्यावत्वान-१० पर्यव्यय नागिक गायाम वावव्यान वया ;								
১ম 🤨	১ম অধিবেশন—জৈচি ১৩১৬ রবিবার—				প্রবন্ধ :			
					(ক) শঙ্করাচার্য্য, ৩য় প্রস্থাব—শঙ্করের গ্রন্থ,			
					তাঁহার গ্রন্থত শাস্ত্রপরিচয় এবং তাঁহার			
					দাশনিক মত ও মধ্যায় আলোচনা—শ্রীযুক্ত			
					অমূল্যচরণ বোধ বিদ্যাভূষণ।			
					(থ) বন্দিপুরের শ্রামরায়— শ্রীযুক্ত পারদাচরণ			
					মিত এম্ এ, বি এল্।			
> थ		৬ই আধাঢ়	**	,,	ুপঞ্চবটী ভ্ৰমণ—শ্ৰীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায়			
					वि ७।			
: ធ្វ		২৭শে আয়াঢ়	প্রার	্ত ব্যা	করণ ও অভিধান — শ্রীযুক্ত শ্রীনাথ দেন।			
4থ	The state of the s	৩০ শ্রাবণ	17	25	(ক) কুমার গুপ্তের তামশাদন শ্রীযুক্ত রাথাল			
					नाम वत्नाभाषाय दि ७।			
					(খ) প্রবাদ-প্রদক্ষ—শ্রীযুক্ত শৈলেশচক্ত মজুম-			
					मात्र ।			
ংম		२१ जीम	n	"	বিক্রমপুরে প্রাপ্ত অবলোকিতেধর মূর্ত্তি — দ্রীযুক্ত			
					যোগেন্দ্রনাথ গুগু।			
ક્રંક	-	২৪ আধিন	19	,,	মধ্যমরাজদেবের তামশাসন—শ্রীযুক্ত রাখাল			
					माम वत्न्त्राभाषाम वि ७।			
95		২৬শে অগ্ৰ	হায়ণ	19	বাঙ্গালা-ভাষার দ্রাবিড়ী উপাদান—শ্রীযুক্ত			
					বিজয়চন্দ্র মজ্মদার বি এল্।			
৮খ	-	২৮ পৌষ	99	>>	(ক) বাঙ্গালা-ভাষায় স্ত্রী-সর্বনামের প্রয়ো-			
					জনীয়তা—ডাক্তার শ্রীযুক্ত চক্রশেখর কালী			
					এन् এम् ।			
					(থ) বিক্রমপুরে দৌর প্রভাব—শ্রীযুক্ত যোগেন্দ্র-			
					নাথ গুপ্ত।			

- ৯ম ---- ২৪ মাঘ " সংস্কৃত ভাষাই সমস্ত আর্যাভাষার জননী— শ্রীসূক্ত উমেশচন্দ্র গুণ্ড বিদ্যারত্ব।
- - (থ) গাজীর গান—গ্রীযুক্ত নগেন্দ্রনাথ বহু প্রাচ্য-বিদ্যামহার্ণব।
- ১১শ --- ২৭ চৈন " (ক) বঙ্গসাহিত্যে পিন্নারীচাঁদ—শ্রীর্ক্ত পিগ্নারী লাল দত্ত।
 - (থ) নওরতন— শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার বি এল।

প্রবন্ধ পাঠ বাতীত ঐ সকল অধিবেশনে অপ্রান্ত কার্য্য হয়।

প্রথম অধিবেশনে — শ্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধাায় বি এ মহাশ্য মুদলমানেয় বঙ্গ-বিজয় সম্বন্ধে কয়েকথানি নবাবিপ্রত তাএশাসনের প্রতিলিপি প্রদর্শন করিয়া সিদ্ধান্ত করেন যে, বথ্তিয়ায়ের বাঙ্গালা জয়ের কাল ১১৯৮,৯৯ অথবা ১২০০ খৃঠাক হইতে পারে না এবং তথন লক্ষাদেন বাঙ্গালার রাজা ছিলেন না।

চতুর্থ অধিবেশনে—শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় বৃন্দাবন দাস ক্ত "শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর বংশবিস্থার", জয়দাস-কৃত "শ্রীশ্রীচৈতক্ত পারিষদ জনস্থান নিরূপণ" এবং মাধ্বদাস-কৃত "বৈষ্ণব্য-বন্দনা" পুঁথি প্রদর্শন করেন ও তংসম্বন্ধে স্বীয় মন্তব্য জ্ঞাপন করেন।

পঞ্চম অধিবেশনে —বাণড় হইতে শ্রীস্ক্ত কেদারনাথ দেন গুপ্তের সংগৃহীত মিনা করা ইষ্টকাদি ও মৃংপাজাদির ভগ্নথগু এবং মহাস্থান গড় হইতে নিজ সংগৃহীত ঐরপ দ্ব্যাদি শ্রীষ্ক্ত ব্যোমকেশ মৃস্তফা মহাশন্ধ প্রদর্শন করেন। শ্রীস্ক্ত হেমচক্র দাশগুপ্ত মহাশন্ধ কাশীর হইতে আনাত এইটি 'জীবাশা' (fossil) প্রদর্শন করেন।

ষ্ঠ অধিবেশনে— শ্রীযুক্ত কিরণকুমার দেন গুপু নাগপুর জেলায় প্রাপ্ত শিলিট (scheelite) নামক খনিজ পদার্থ প্রদর্শন করেন। ইতিপূর্ব্বে ভারতবর্ষে আর কেই কথন এই দ্রব্য পান নাই। এই ম্বাধিবেশনে মুসলমান সাহিত্য-সংস্থার-সমিতির সভাপতি মিং এ রম্বল ব্যারিষ্টার মহোদ্যের পত্র পঠিত হয়। ঐ পত্র দ্বারা ঐ সমিতি পরিষংকে হিন্দু-মুসলমানের মধ্যে সন্থাববর্দ্ধনের জন্ম ঐ সমিতির উদ্দেশ্যশাধনে সহকারিতা করিতে অমুরোধ করেন এবং বাঙ্গালী গ্রন্থকার, নাটককার ও নাট্যশালার কর্তৃপক্ষগণকে মুসলমান-সমাজের বিরক্তিকর ও আপত্তিকর শক্ষ-ব্যবহার দ্বারা নাটক-রচনায় বা তদমুরূপ নাটক-সভিনয়ে বিরক্ত করিবার নিমিন্ত চেষ্টা করিতে বলেন। এই সময়ে ৺রমেশচক্র দেও মহাশরের চেষ্টায় বরোদায় মহারাই্র-সাহিত্য-পরিষং গঠনের ব্যবস্থা হইয়াছিল। সেই সংবাদ এবং সেখানকার নিমন্ত্রণ সভায় জানান হয়। এই অধিবেশনে ৺রামমোহন বায়, ৺ রাজনারায়ণ বস্তু, ৺ উমেশচক্র বটবালে মহাশরের প্রতিক্তিক প্রতিষ্ঠিত হয়।

৭ম মধিবেশনে—কান্দী নিবাসী শ্রীষ্ক কিশোরীমোহন সিংহ প্রদত্ত তিনটি প্রাচীন পিত্তলপ্রতিমা এবং বৃদ্ধগন্ধ। ইইতে প্রাপ্ত মাটীর ছাঁচে তোলা বৃদ্ধগৃষ্ঠি প্রদর্শিত হয়। চিত্রশালার বিষরনের মধ্যে এইগুলির স্বতন্ত উল্লেখ হইয়াছে। রাখালবাবু এই অধিবেশনে কতকগুলি প্রচীন মুদ্রা পরিষংকে উপহার প্রদান করেন। নজিয়ার ঘটকচৌধুরী বাজীর একটা কামানের নিলিও মহাপ্রভুর হস্তাক্ষরের ফটোগ্রাফ প্রদর্শিত হয়। ডাঃ শ্রীষ্কুল সরসীলাল সরকারের আগ্রহে ভাগলপুরের বিহার নামক স্থানের মিসেদ্ জ্বোন্স নামী এক মহিলা কতকগুলি প্রাচীন প্রস্কর্মুর্ভি পরিষংকে উপহার দেন। সেগুলিও এই মধিবেশনে প্রদর্শিত হয়।

৮ম অধিবেশনে -রাধালবার উত্তর পশ্চিম সীমাত্তে প্রাচীন বৌদ্ধস্থাপ প্রাপ্ত ভন্নাধারের আদর্শ এবং পেশোয়ারে আবিষ্কৃত কনিক্তমূপে প্রাপ্ত বৃদ্ধান্থির আধারের আদর্শ প্রদর্শন করেন।

নম অধিবেশনে— ৺পিরারীচাঁদ মিত্রের ছবি প্রতিষ্ঠিত হয় এবং এই ক্রান্ত লালতচক্র মিত্র মহাশয় বিসবৃক্ষে উল্লিখিত কুমারসম্ভবের হরবোগভঙ্গ ছবি উপহার দেন। এই দিনই প্রায়ুক্ত গোপেক্রমোহন ঠাকুর মহাশয় ঐ ছবির জোড়া মদনভত্ম ছবিথানি উপহার দেন এবং ৺পিরারীচাঁদ মিত্র মহাশয়ের পৌত্রগণ তাঁহার ইংরাজী ও বাঙ্গাল। ইস্তাক্ষর এবং ৺ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম ছাপা ভাগবত পুলি উপহার দেন।

১০ম অধিবেশনে--কবি ৺ঈশানচন্দ্র বন্যোপাধ্যায়ের ছবি প্রতিষ্ঠিত ২য়।

১১শ অধিবেশনে—চিত্রশালায় সংগৃহীত বৃত্প্রস্তিও বহু প্রাচীন মুদ্রা প্রদৃশিত হয়। ইহাদের বিশেষ বিবরণ চিত্রশালার বিবরণে প্রদত্ত হইবে।

বিশেষ অধিবেশন—নাসিক অধিবেশন ব্যতীত গতবংসরে কোন বিশেষ অধিবেশন ঘটে নাই।

বিজাৰা:লাচনা

সাহিত্য-পরিষৎ প্রাচীন সাহিত্য ও প্রত্তত্ত্ব লইয়াই অতিমাত্র ব্যাপৃত আছেন, আবুনিক বিজ্ঞানাদির আলোচনায় ও প্রচারে তাদৃশ মনোযোগ দেন না, এই-রূপ অনুযোগ মনো মধ্যে গুনিতে পাওয়া নায়। সাহিত্য-পরিষৎ যথন বাঙ্গালা-সাহিত্যের সর্বাঙ্গীণ উন্নতিসাধন ও পৃষ্টিসাধন উদ্দেশু করিয়া লইয়াছেন, তথন বৈজ্ঞানিক সাহিত্যের দিকে পরিষদের দৃষ্টি রাথা একান্ত আবশুক, ইহা অবীকার করিতে পারা যায় না। ছই প্রকারে বৈজ্ঞানিক সাহিত্যের উন্নতি হইতে পারে; প্রথম স্বাধীন ভাবে বিজ্ঞান-চর্চ্চা ও বৈজ্ঞানিক গবেষণা, বিতীয় পৃস্তক ও উপদেশ ঘারা অন্তত্ত্ব আবিষ্কৃত বৈজ্ঞানিক তথ্যের প্রচার। স্বাধীন ভাবে বিজ্ঞানালোচনায় যে বন্ধ তন্ত্বের প্রেয়াজন ও পর্যাবেক্ষণ ও পরীক্ষাকর্মের ব্যবস্থার প্রেয়াজন, সাহিত্য-পরিষদের তাহা নাই এবং সেই ব্যয়সাধ্য ব্যাপারে হস্তক্ষেপ করিবার ক্ষমতাও নাই। পাশ্চাত্যদেশে যে সকল স্ক্রিখ্যাত বৈজ্ঞানিক সমাজ আছে, তাহারাও স্বতঃ প্রত্তত্ত্ব হইয়া পর্যাবেক্ষণ ও পরীক্ষার জন্ম লাবরেটরি প্রভৃত্তির ব্যবস্থা করিতে পারেন নাই। অপ্রের আবিষ্কৃত বৈজ্ঞানিক তথ্যের আলোচনা ও প্রচার কার্যোই তাহারা নিযুক্ত আছেন এবং প্রস্কারাদি অর্থ সাহায্য ঘারা তাহারা বিজ্ঞানের উন্নতির চেষ্টা

করেন মাত্র। বঞ্চেশে স্বাধীন বিজ্ঞানচর্চায় নিযুক্ত অভিজ্ঞ পণ্ডিভের সংখ্যা অতি অল এবং তাঁহাদের মধ্যে বাঁধারা কোন নূতন আবিষ্কার করেন, তাঁহারাও তাঁহাদের অফুদন্ধান ফল ইংরেজি ভাষার প্রচার করিয়া থাকেন। বঙ্গদেশে বাঙ্গালা-ভাষার প্রচার করিলে বর্ত্তমান অবস্থায় সমুচিত আদরের সন্তাবনা থাকে না.। এইছেতু গণিত জোতিষ, পদার্থ-বিভা, রুষায়ন, জীববিভা প্রভৃতি শাস্ত্রে কোন নৃতন আধিকারের সংবাদ প্রকাশ করিয়া যশস্বী হইতে সাহিত্য-পরিষং সম্প্রতি সমর্থ নহেন। তথাপি পরিষং এ বিষয়ে যথাসাধ্য দৃষ্টিক্ষেপে সচেষ্ট হইম্বাছেন। ১৩১৫ সালে পহিষদের জনৈক সভা প্রীযুক্ত নিবারণ চক্র ভট্টাচার্য্য এম এ মহাশয় শুস্থি শাক সধ্ধে একটা নৃত্ন সংবাদ পরিষদের গে!চর করেন। গতবংদর পরিষদের অন্ততম দহকারী সম্পাদক এীযুক্ত হেমচক্র দাশগুপ্ত কাশীরে প্রাপ্ত কোন প্রাচীন মংশ্রের প্রস্তরীভূত কল্পাণ প্রদর্শন করিয়াছিলের এবং শ্রীযুক্ত কিরণকুমার দেন গুপ্ত এম এ, বি এদদি মহাশয় ভারতবর্ষে নবাবিস্কৃত টংষ্টেট্ শিলা এই ছই নবাবিধারের বিশেষ বিবরণ আগামী বর্ষের সাহিত্য-পরিষং-পত্তিকায় প্রকাশিত হইবে। মনস্বী শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বর্গ-রাশি (Magic Square) সংক্রান্ত ঘরপূরণের একটা সাধারণ নিম্নম উদ্ভাবন করিয়া পরিধং-পত্রিকায় প্রকাশ করিয়াছেন। আশা কর। যায়, বিশেষজ্ঞ পণ্ডিতগণ ক্রমশঃ অগ্রদর হইয়া সাহিত্য-পরিষদে তাঁহাদের বিজ্ঞানালোচনার ফন উপস্থিত করিয়া পরিষংকে গৌরবয়ক্ত করিবেন।

জনসমাজে বিজ্ঞান-প্রচারের জন্ম সাহিত্য-পরিষং একবারে নিশ্চেষ্ট নাই। সাচার্য্য ডাক্তার উ।যুক্ত প্রাকুলচন্দ্র রায়-রচিত "নবা রদায়নী বিভা ও তাহার উৎপত্তি" নামক পুত্তক দাহিত্য-পরিষদের প্রকাশিত গ্রন্থালী-মধ্যে প্রকাশিত হুইয়া বাঞ্চালার বৈজ্ঞানিক সাহিত্যের অভাব কিঞ্জিৎ মোচন করিয়াছে। গৃতবংসর বিজ্ঞান-প্রচারের জন্ম পরিষং কিছু বিশেষ চেষ্টা করিয়াছেন। বিশেষক্র পণ্ডিতগণের দ্বারা বিবিধ বিজ্ঞান-বিষয়ে ধারাবাহিক উপদেশ-দানের ব্যবহা করা হইয়াছিল। পরিষং-সম্পাদক শ্রীযুক্ত রামেক্রস্কুলর ত্রিবেদী ধারাবাহিক উপদেশ-মালার উপক্রমণিকাম্বরূপে একটা প্রবন্ধ পাঠ করিয়া এই কর্মের প্রবর্ত্তন করেন। ২রা আধিন তারিখে এইজন্ম একটা বিশেষ অধিবেশন আহুত হয়: ভীযুক্ত সারদাচরণ মিত্র মহাশম সভাপতির আদনে আদীন ছিলেন, এবং এীযুক্ত ডাক্তার প্রান্তর্ভার রায়, এীযুক্ত দার গুরুদাস বল্যোপাধার, এবুক্ত রতীক্রনাথ ঠাকুর, এবুক্ত রায় যতীক্রনাথ চৌধুরী, এবুক্ত বনোয়ারীলাল চৌধুরী প্রভৃতি গণা মাতা সভ্যের উপস্থিতিতে সভাত্বল পূর্ণ হইয়াছিল। দম্পাদক পঠিত প্রবন্ধ মায়াপুরী নামে সাহিত্য-পত্তিকলি মুদ্রিত হইয়াছে, এবং পরিষদ্-এম্বেনী-ভুক্ত হইয়া প্কাশিত হইবে। এই উপজ্নশিকা পাঠের পর জীযুক্ত বনোয়ারীলাল চৌধুরী মহাশয় ১৬ই আখিন তারিখে জীববিজ্ঞান এখনে উপদেশ দেন ও শ্রীয়ক ডাক্তার ইন্দ মাধব মল্লিক মহাশন্ত্র মর্বারবিক্তান বিষ্ণে ক্তিপন্ত্র বক্ত তা করেন। তরা মাঘ, ২৩শে মাম ৩০শে মাঘ, তারিথে ডাঃ ইন্দ্মাণবের উপদেশ পুদত্ত হইয়াছিল। যে সকল পণ্ডিতেরা পরিষংকে এই বিজ্ঞান পুচারকার্য্যে সাহায্য করিতেছেন, পরিষং তাঁহাদের নিকট ক্রওজ্ঞ।

উৎসবাদি

১০১৬ সালের হরা বৈশাধ তারিধে রমেশ বাবুর সম্বর্জনার জন্ত যে সাদ্ধ্য-সন্মিলন অনুষ্ঠিত হয়, তাহার বিবরণ গতবর্ধের কার্য্-বিবরণীতেই দেওয়া ইইয়াছিল। বর্ত্তমান ১০১৭ সালের ৯ই বৈশাধ তারিধে পরিষদের পরমহিতৈবী লালগোলার রাজা প্রিযুক্ত যোগেক্রনারামণ রায় বাহাত্রের সম্বর্জনার জন্ত সাদ্ধ্য-সন্মিলন অনুষ্ঠিত হয়; কলিকাতাবাসী সভ্যগণ প্রিমণ্ডন আহত হইয়াছিলেন। এই উপলক্ষে পরিষণ্ডনন্দির পূষ্পমাল্যাদি দ্বারা অলয়ত ইইয়াছিল। সভাপতি মহাশয় ও বহু গণামান্ত সভ্য রাজা বাহাত্রের অভ্যর্থনার্ধ উপন্থিত ছিলেন। সভাত্থলে গীতবাত্মের ও সভাতক্ষের পর মিষ্টারেরও ব্যবস্থা ছিল। আননদ-উৎসবের অবদরে রাজাবাহাত্র কর্তৃক মন্তর্জ্জ হইয়া সভাপতি মহাশয় ঘোষণা করিলেন যে, পরিষদের পরমবন্ধ্ রাজা বাহাত্র পরিষদের সম্বল্লিত স্থামী তহবিলে আবশ্যক পঞ্চাশ হাজার টাকার এক-চতুর্থাংশ অর্থাণ সাদ্ধে বার হাজার টাকা একাকী দান করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। পরিষদের প্রতি এই রাজোচিত ন্তন অনুগ্রহ-প্রকাশের সংবাদে সভাত্তল হর্ধ-কোলাহলে পূর্ণ ইইয়া উঠিয়াছিল। সভাপতি মহাশয়, তৎপরে সার গুরুদাস বন্দ্যোপাধ্যায় ও প্রিযুক্ত হীরেক্রনাথ দত্ত রাজা বাহাত্রকে সাধুবাদ দিয়া ক্বতজ্ঞতা প্রকাশ করিলে কিয়ংক্ষণ পরে সভা ভঙ্গ হয়।

পুত্তকালয় ও পাঠাগার

পরিষং এ পর্যান্ত যে সকল মুদ্রিত ও হস্তণিখিত পুস্তকরাশি সংগ্রহ করিয়াছেন নৃতন মন্দির নির্মাণের পূর্ব্বে স্থানাভাবে সে সকল একত্র স্তৃপীরুত হইয়া রহিয়াছিল। নৃতন মন্দির নির্মিত হইলে এই সকল পুস্তকরাশি স্থাজ্জিত করিয়া তাহার তালিকা প্রস্তুত করিবার ব্যবস্থা হইয়াছে। পরিষদের গ্রন্থ-রক্ষক শ্রীয়ুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় যেরপে যত্ন ও পরিশ্রম সহকারে এই কার্য্য সম্পাদন করিয়াছেন, তাহা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। দিনের পর দিন তিনি স্থূনের ছুটর পর ক্লান্তদেহে পরিষং-নিদ্রে উপস্থিত হইয়াছেন এবং মজ্রের মত কোমর বাধিয়া যোল বংসরের সঞ্চিত ধূলা ও আবর্জনা ঝাড়িয়া পুস্তকগুলিকে নানাইয়া তুনিয়া যথাস্থানে রাখিয়া সাজাইয়া ফেলিয়াছেন। এইজক্স তাঁহাকে যে পরিশ্রম করিতে হইয়াছে, যিনি চোথে দেখিয়াছেন, তিনিই তাহার মর্ম ব্রিবেন। সাহিত্য-পরিষৎ কৃতজ্ঞতা প্রকাশ ভিন্ন অন্যরূপে ইহার প্রতিশোধ দিতে অক্ষম। তাহার বংসরব্যাপী যত্নে পুস্তকগুলি আলমারিতে হথাস্থানে সাজান হইয়াছে—মাসিক-পত্রকাণ্ডলির অনেকের সংখ্যা পূরণ হইয়া বাধান হইয়াছে। আগামী বৎসর এই সকল পুস্তকের শ্রেণি-বিজ্ঞাক করিয়া যথাযথ তালিকা প্রস্তুত করিতে হইবে। পরিষং অসিত বার্র সাহায্যের জন্য স্থান্ধী লোক নির্ক্ত করিয়াছেন; আশা আছে, আগামী বংসর পরিষদের গ্রন্থ-তালিকা সম্পূর্ণ হইবে।

পরিষং এখনও মূল্য দিয়া নৃতন গ্রন্থ ক্রমে অক্ষম। নৃতন গ্রন্থের জ্বন্ত এখনও গ্রন্থকার-গণের অনুগ্রন্থের উপরই পরিষদের নির্ভর। গাঁহারা গ্রন্থ উপহার দিয়া পরিষদের পুস্তকালয়ের পৃষ্টিসাধন করিতেছেন, পরিষৎ তাঁহাদের নিকট চিরক্তজ্ঞ। প্রতি বৎসরের মত এবারেও উপহার দাতাদিগের ও উপহত গ্রন্থের নাম পরিশিষ্টে প্রকাশিত হইল।

প্রাচীন ছপ্রাপা গ্রন্থ এবং মাদিক পত্রিকার পুরাতন সংখ্যা পরিষং সম্প্রতি মূল্য দারা ক্রন্থ করেন, তদ্ভির বঙ্গদেশের ইতিহাসাদি আলোচনার জন্ম যে সকল ইংরেজি গ্রন্থ আবশুক তাহাও পুরাতন ও ছপ্রাপা হইলে মূল্য দিয়া ক্রন্থ করেন। গ্রন্থক্রের জন্ম বডেটে বে অর্থ নির্দিষ্ট আছে, তাহার অধিকাংশ ইহাতেই বান্ধিত হয় এবং সপরাংশ পুরাতন গ্রন্থ বান্ধিত যায়। পুস্তকালয়ের তালিকা প্রস্তুত হইলে বজেটে এইজন্ম আরও অর্থ নির্দেশ করা আবগুক হইবে।

মুদ্রিত গ্রন্থের স্থায় হস্তালিখিত পুথির একরাশি পুস্তকালয়ে সংগৃহীত হইয়াছে। পরিষদের বন্ধ্রণ পূরাতন পূথি উপহার দিয়া থাকেন। বাঁহারা এই বিষয়ে পরিষধেক সাহায্য করিয়াছেন, তল্মধ্যে পরিষদের পূরাতন সভ্য বাঁকুড়া জেলা-নিবাসী শ্রীযুক্ত বসস্তরঞ্জন রায়ের নাম সর্লাগ্রে উল্লেখযোগ্য। তিনি পরিষদের জন্ম গ্রামে প্রথি অবেষণে নিযুক্ত আছেন ও মাঝে মাঝে সংগৃহীত গ্রন্থরাশি পরিষদে উপহার দিয়াছেন। এই পরিশ্রমন্পাধ্য কার্য্যের জন্ম পরিষদের নিকট বদন্ত বাবু এক কপদ্দিকও সাহায্য গ্রহণ করেন নাই। পরিষদের কার্য্য নির্নাহক-সমিতি বদন্ত বাবুকে পূথি সংগ্রাহকরূপে নিযুক্ত করিয়া ক্ষমতাপত্র দিয়াছেন। আশা করি, বাহাদের ঘরে পূথি অবত্র নন্ত ইত্তেছে, তাঁহারা বদন্ত বাবুর হস্ত ছারা পূথিগুলি পরিষদে প্রেরণ করিয়া উহার রক্ষার ব্যবস্থা করিবেন। বংসরের শেষভাগে দেন্ব-নিবাদা শ্রীসুক্ত অধিকাচরণ ব্রন্ধচারী মহাশন্ধ অনেক গুলি পূথি উপহার দিয়া ক্বত্ততাভাজন ইইয়াছেন। ইনিও পূথি সংগ্রহ প্রভৃতি ছারা পরিষদের উপকার করিবেন, এইরূপ আশা দিয়াছেন। আগামী বাধিক অধিবেশনে তাঁহাকে বিশেশ-সভাক্র:প নির্বাচনার্থ কার্য্য-নির্বাহক-সমিতি প্রপ্রা উপস্থিত করিবেন।

এই প্রসঙ্গে হুইটা দান বিশেষভাবে উল্লেখযোগ্য। বৎদরের আরন্তে শ্রীযুক্ত রবীজনাথ ঠাকুর মহাশর একরাশি হস্তলি তি পুথি পার্যংকে দান করিয়াছেন। ঐ সকল পুথি এককালে তন্ত্ববোধনী সভার লাইব্রেডিছে ছিল ও কিছু দিন হইতে বোলপুর শান্তিনিকেতনে রক্ষিত ছিল। এই পুস্তকরাশির অধকাংশ সংস্কৃত গ্রন্থ; তাহার মধ্যে বেদ-বেদাস্থ-সংক্রান্ত পুস্তকের সংখ্যাই অধিক; তন্তির অস্তান্ত দর্শন, কাব্য, ব্যাকরণ প্রভৃতিও আছে। ৮ আনল্দ চক্র বেদাস্থবাগীশ প্রভৃতি ব্রাহ্ম-সমাজের জন্ত কাশী হইতে যে সকল বৈদিক গ্রন্থ সংগ্রহ করিয়া আনিরাছিলেন, তাহাও এই গ্রন্থরাশি মধ্যে আছে। করেকথানি বাঙ্গাণা গ্রন্থ ও একথানি তিব্বতী গ্রন্থ ও ইংগার মধ্যে আছে, সময়াভাবে এই গ্রন্থমন্থ্রের সম্পূর্ণ তালিকা গ্রন্থত হয় নাই। পরিষ্থ-সম্প্রেদক কতকগুলি গ্রন্থের তালিকা করিয়াছেন; তৎপরে সহকারী সম্পাদক রাথান বাবু তালিকা করিবার ভার লইয়াছেন। আগামী বংসর সম্পূর্ণ তালিকা প্রকাশ করিতে পারা যাইবে। পরিষ্ণের পূর্ব্ব-সংগৃহীত পুথিগুলির তালিকাও রাথাল বাবু প্রান্ন সম্পূর্ণ করিয়াছেন। প্রাচীন হাতে লেখা পুথির অবস্থা বাহারা জানেন, গ্রহারা ব্যিবেন, এই কার্যা কিরূপ পরিশ্রম্যাধ্য। অনেক সমন্ধ পৃথির

প্রত্যেক পাতা মিলাইয়া লইতে হয়, ছেঁড়া পাতা ক্লোড়া দিতে হয়। এই সকল পুথির উদ্ধার করিয়া মলাট দিয়া কাপড়ে বাঁধিয়া দাক্লাইয়া রাথা শ্রম ও সময়দাধ্য ব্যাপার। রাথাল বাবুর ফায় উত্তমশীল ও এতাদৃশ কর্ম্মে নিপুণ ব্যক্তির সাহায্য না পাইলে, এই পুস্তকরাশি বছকাল স্তুপাকারেই থাকিত। পরিষং এই জ্ঞা রাথাল বাবুর নিকট বিশেষ ক্তজ্ঞ।

লালগোলার রাজা বাহাত্র, যাঁহার ধনভাণ্ডার পরিষদের জন্ম সর্কনা উন্মুক্ত আছে বলিলেই হয়, তিনি আপনা হইতে একথানি অমূলা গ্রন্থ পরিষৎকে উপহার দিয়াছেন। উহা জগিছিয়াত পার্সী মহাকবি ফির্দুসী প্রণীত বিখ্যাত মহাকাব্য শাংনামা। গ্রন্থখানি পার্গী অক্ষরে স্থানর বেখা; প্রায় পত্তে পত্তে বিবিধ বর্ণেরঞ্জিত চিত্রছারা অলঙ্কত। এক একথানি চিত্র প্রাচীন চিত্রকলার উৎকৃষ্ট নমুনা। রাজা বাহাত্র এককালে উহা বহুমূল্যে ক্রেম করিয়াছিলেন এবং স্বতঃপ্রন্ত হইয়া উহা পরিষদে দান করিয়াছিলেন। পরিষং এই মহামূল্য সামগ্রী স্বত্নে রক্ষার ব্যবস্থা করিবেন। ঐ গ্রন্থের সঙ্গে একথানি হাতে লেখা সংস্কৃত মহাভারতের ভীল্পক্ষিও রাজা বাহাত্র উপহার দিয়াছেন।

পরিষদের পাঠাগার পূর্বের ভাষ প্রতিদিন অপরাহে জনসাধারণ কর্তৃক ব্যবহৃত হয়। বিবিধ সাময়িক প'ত্রকা টেবিলের উপর রক্ষিত থাকে এবং কলিকাতার ঐ পল্লীবাদী ভদ্রলোকেরা আগ্রহপূর্বক উহা পাঠ করিয়া যান।

৺ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় তুলট কাগজে ব্রাহ্মণাদি দ্বারা পুথির আকারে যে ভাগবত-গ্রন্থ মুদ্রিত করেন, ৺পিয়ারীটাদ মিত্রের পোলেরা পিতামহের স্কৃতি-নিদর্শন স্বরূপ পিতামহের সর্মান-ব্যবহৃত ঐ সংস্করণের পুথিখানি পরিষৎকে উপহার প্রদান করিয়াছেন। উহা পরিষদে স্থাীয় পিয়ারীটাদের শ্বতি-নিদর্শন স্বরূপ রক্ষিত আছে।

আগামী বৎসর লাইত্রেরির ব্যবহার-দম্বন্ধে নিম্নম প্রস্তুত করা আবশুক হইবে।

বিদ্যাসাগর লাইবেরি

এই প্রদাদে স্থামি বিভাসাগর মহাশয়ের অপূর্বে লাইবেরির সহন্ধে একটা কথা বলা আবশুক হইয়ছে। বিভাসাগর মহাশয়ের সংগৃহীত লাইবেরির নাম না শুনিয়ছেন, বাঙ্গালায় এরপ শিক্ষিত ব্যক্তি অল্ল আছেন। বিভাসাগর মহাশয় ইংরেজি, বাঙ্গালা ও সংস্কৃত বিবিধ এন্থ ক্রয় করিয়া প্রতাক বহি বছবায়ে বাঁধাইয়া রাথিয়াছিলেন। এতঘাতাত হাতে লেখা সংস্কৃত পূথিও বিস্তর ছিল। সকলেই জানেন বিভাসাগর মহাশয় এই পুস্তকগুলি কিরপে যত্নের সহিত রক্ষা করিতেন; এক একখানি গ্রন্থ তাঁহার দেহের রক্তবিলুর সমান ছিল বলিলে অভ্যক্তি হয় না। বিভাসাগর মহাশয়ের উত্তরাধিকারীয়া খাণায়ে এই অমূল্য গ্রন্থনিচয় বন্ধক রাখিয়াছিলেন এবং এ পর্যান্ত খাণামামের কোন বাবস্থা করেন নাই। পুস্তকগুলি নীলামে উঠিবার আশক্ষা উপস্থিত হইলে উহা রক্ষার জন্ম কতিপন্ন প্রমান্ত লোককে লইয়া গতবংসর এক সমিতি স্থাপিত হয়। পরিষৎ-মন্দিরে পুজার পুর্বেই সভা আহ্বান করিয়া এই সমিতি স্থাপিত হইয়াছিল। গেই সময়ে পুস্তকগুলিও খাণী ও ধনী উভয় পক্ষের সম্মতিক্রমে পরিষৎ-মন্দিরে আনিয়া রাখা হয়। কিন্তু ঐ সমিতি এ পর্যান্ত অর্থ-সংগ্রহে সমর্থ হন নাই; অবশেষে বিভাসাগরের

লাইব্রের ম্যাকেঞ্জি লারেল কর্তৃক প্রকাশ্র নীলামে বিক্রীত হইবে, এইরূপ বিজ্ঞাপনও Exchange Gazetteএ বাহির হইরাছিল। ঐ বিজ্ঞাপন সহসা লালগোলার রাজা বাহাছরের দৃষ্টি আকর্ষণ করে এবং বিজ্ঞাসাগর মহাশয়ের কীর্ত্তি ধ্বংসমুথে পতিত হইতেছে,
জ্ঞানিবামাত্র তাঁহার মহৎ ফলয় বিচলিত হইয়া উঠে। তিনি ক্রণবিশ্ব না করিয়া লাইব্রেররক্ষার ব্যবস্থার জন্ম উপস্থিত হন এবং এ পর্যান্ত যতন্ব কথাবার্ত্তা হইয়াছে, তাহাতে তিনি
স্বরং স্বর্গগত মহাপুরুষের কীর্ত্তিকে ধ্বংসমুথ হইতে রক্ষা করিয়া বাঙ্গালী জাতিকে কলক
হইতে উদ্ধার করিবেন, এইরূপ আশা পাওয়া গিয়াছে। যদি কোন বিত্র উপস্থিত না হয়,
তাহা হইলে বিজ্ঞাসাগর মহাশয়ের এই লাইব্রের নীলাম হইতে রক্ষিত হইল এবং
সম্ভবতঃ উলা সাহিত্য-পরিষদের তত্ত্বাবধানে থাকিয়াই সর্ব্বসাধারণের ব্যবহারার্থ রক্ষিত
হইবে। লালগোলার রাজা বাহাছরের নিক্ট কেবল সাহিত্য-পরিষং নহে, বঙ্গদেশ নানারূপে ঋণী। বঙ্গের গৃহে গৃহে প্রাতঃম্মরণীয় বিজ্ঞাসাগরের লাইব্রেরি এই ধ্বংসমুথ হইতে রক্ষা
করিয়া তিনি বাঙ্গালী জাতির ক্রত্জ্ঞতাভাজন হইলেন।

সাহিত্য-পরিষং পত্রিকা

সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রবাবুর পরিচালনায় সাহিত্য-পরিষং-পত্রিকা দিন দিন উন্নতি লাভ করিয়ছে। পূর্ব্বে পত্রিকা যথাসময়ে বাহির হইত না; গত বংসরে চতুর্থ অর্থাৎ শেষ সংখ্যা পর্যন্ত বাহির হইয়া যাওয়ায়, এই পূরতেন মহুযোগ আর শুনিতে হইবে না। এজন্ত পত্রিকা-সম্পাদকের নিকট পরিষং ক্রতক্ত। পরিষং-পত্রিকায় বিবিধ নৃতন তত্ব প্রকাশিত হইতেছে। নবাবিক্লত শিলালিপি, তাত্রশাসন, দেখমূর্ত্তি, প্রাচীন কীর্ত্তির অবশেষ প্রভৃতির চিত্র-সহিত বিবরণ সক্ষলিত হওয়ায় পত্রিকার উপাদেয়তা দিন দিন বর্দ্ধিত হইতেছে। এই সকল সচিত্র বিবরণ প্রকাশের জন্ত পত্রিকা-প্রকাশের বায়ও অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। বঙ্গদেশে এই শ্রেণির পত্রি হা আর নাই; সভ্যগণ ইহা বিনামূল্যে পাইয়া থাকেন। গত বংসরে সরকারি ও বেসরকারি অনেকগুলি কালেজ পত্রিকার গ্রাহক হইয়াছেন; সাধারণের মধ্যে ইহার গ্রাহক-সংখ্যার বৃদ্ধি প্রার্থনায়। এত অল্পমূল্যে এরপ উপাদেয় সামন্ত্রিক পত্রিকা বাঙ্গালায় মার নাই। আশা করা যায়, অচিরে বৈদেশিকেরা পর্যান্ত নৃত্তন তথ্যের পরিচয়-গাভের জন্ত পরিষং-পত্রিকায় অনুসন্ধান লইতে বাধ্য হইবেন।

নিয়মিত চারি সংখ্যা ব্যতীত একখানি অভিরিক্ত সংখ্যাও গত বংসরে মুদ্রিত হইরাছে। অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচক্ত রায় প্রণীত বাঙ্গলার ভাষাত্ত সংক্ষে প্রবন্ধের কির্দাংশ পূর্ববংসর অতিরিক্ত সংখ্যার বাহির হইরাছিল। অবশিঃ অংশ শীঘ্র বাহির হইবে।

সম্পাদক শ্রীযুক্ত নগেক্সনাথ বস্থ বিবিধ সাহিত্যিক কর্ম্মে লিপ্ত থাকিয়াও পত্রিকার উৎকর্ষ-সম্পাদনে ও সময় মত প্রকাশের জ্বন্ত যেরপ যত্ন করিয়াছেন, তাহাতে তাঁহার পরি-যদের প্রতি অনুরাগেরই পরিচয় পাওয়া যাইতেছে। তাঁহার মত পুরাতন বন্ধুর নিকট বোধ করি কভজ্জতা প্রকাশের প্রয়োজন নাই।

পরিষদ্-গ্রন্থাবলী

আংশোচ্য বর্ষে অনেকগুলি নৃতন গ্রন্থ পরিষৎ কর্তৃক প্রকাশিত হইয়াছে; ইতঃপুর্বে আর কোন বংসর এত গ্রন্থ বাহির হয় নাই।

সভাপতি মহাশরের ব্যয়ে মুদ্রিত ও প্রীযুক্ত নগেন্তানাথ গুপ্ত কর্ত্ব সম্পাদিত বিজ্ঞাপতির পদাবলী সর্বাহ্রে উল্লেখযোগ্য। সভাপতি মহাশম্মই বিজ্ঞাপতিকে বঙ্গের শিক্ষিত-সমাজ্যের সম্মুখে সর্বপ্রথমে স্থাপন করিয়াছিলেন; তাঁহারই চেষ্টায় ও ব্যয়ে বিদ্যাপতির এই অভিনব সংস্করণ প্রকাশিত হইয়া সাহিত্যের গোঁবে বৃদ্ধি করিল, ইহা সমুচিতই হইয়াছে। এই বিপুলকায় সংস্করণের সমুচিত পরিচয় দেওয়া অসম্ভব। বিদ্যাপতির এতগুলি রচনা ইহার পূর্বে আর কথনও প্রকাশিত হয় নাই। নগেন্তাবার প্রত্যেক পদের ভাষা ও অর্থ সম্বন্ধে স্থা আলোচনা দ্বারা যেরূপ সংস্কারসাধন করিয়াছেন, ইহার পূর্বে সেরূপ চেষ্টা কথনও হয় নাই। প্রত্যেক পদে যে সকল টাকা সন্নিবেশিত হইয়াছে, তাহাতে গ্রন্থের উপকারিতা প্রচুর পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। ফলতঃ এই গ্রন্থ প্রকাশ করিয়া সাহিত্য-পরিষং গৌরব ও শ্লাঘা বোধ করিতে অধিকারী।

এীবুক্ত আনন্দনাথ রায়ের ফরিদপুরের ইতিহাদের প্রথমাংশ প্রকাশিত হইরাছে।

প্রীযুক্ত যোগেক্তনাথ গুপ্ত বিক্রমপুরের প্রাচীন ও আধুনিক বিবরণ দিয়া বিক্রমপুরের ইতিহাস প্রকাশ করিয়াছেন। এই গ্রন্থ ইতে বিক্রমপুর অঞ্চল সম্বন্ধে অনেক নৃতন তথ্য জ্বানিতে পারা যাইবে।

শ্রীর্ক্ত সতীশচক্র ঘোষ চট্টগ্রামের পার্বব্য চাকমা জ্ঞাতির বিবরণ শিধিয়াছেন! বাঙ্গালা সাহিত্যে এই শ্রেণির এইরূপ গ্রন্থ এই নৃত্ন। ইংলিশম্যানের মত পত্তিকাও এই গ্রন্থ উপলক্ষ করিয়া বাঙ্গালীর পরিচালিত সাহিত্য-পরিষদের কার্য্যপ্রণালীর মুক্তকঠে প্রশংশ করিয়াছেন।

ভারতবর্ধের প্রাচীন ধর্মগ্রন্থ ও শাস্ত্র গ্রন্থ সমৃহের অন্তবাদ প্রকাশ হারা বাঙ্গালা সাহিত্যের সমৃদ্ধি সম্পাদনে পরিষৎ পূর্ব্ধে ইইতেই উত্যোগী আছেন। পূর্ব্ধ বর্ধে শ্রীষ্ ক গগনেক্রনাথ ঠাকুর মহোদয়ের বায়ে প্রকাশিত মিলিন্দ পঞ্ছো নামক বিখ্যাত পালি বৌদ্ধ গ্রন্থের সাত্রবাদ মূলের প্রথম থণ্ড প্রকাশ বিজ্ঞাপিত হইরাছিল। কিন্তু তাহার সবিশেষ বিবরণ দেওয়া হয় নাই। পণ্ডিত বিধুশেথর শাস্ত্রী এই গ্রন্থের অনুবাদক ও সম্পাদক। ভারতবর্ধের পশ্চিমাংশে গ্রীষ্টক্রনের পূর্ব্বে মিনাণ্ডার নামক গ্রীক রাজা ছিলেন। ইহাঁর নামের পালি-: ভাষায় অপক্রংশ মিলিন্দ। এই মিলিন্দ রাজা আর্থ্যাবর্ত্তের বহু অংশ জয় করিয়া প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন, এবং তাঁহার নামান্ধিত মুদ্রা অত্যাপি পাওয়া যায়। বৌদ্ধ ভিকু নাগসেনের সহিত এই রাজ্ঞার কথোপকথনচ্ছলে এই গ্রন্থে বৌদ্ধ ধর্মের সার মর্ম্ম আলোচিত হইয়াছে। বাঙ্গালা অনুবাদ সহিত এই গ্রন্থের মূল প্রকাশে সাহিত্যের ঐর্থ্য বাড়িল সন্দেহ নাই।

লালগোলার রাজাবাহাত্তর ও কুমার শরৎ কুমার রায়ের উত্যোগে আর একটি নৃতন অষ্ঠানের প্রবর্ত্তনা হইতে চলিল। লালগোলার রাজা বাহাত্তর পূর্বে প্রাচীন বাঙ্গালা

গ্রন্থ প্রকাশের জন্ম বার্ষিক ভিনশত টাকা দান করিতেন; হুই বৎসর হইতে বার্ষিক আটশন্ত টাকা দান করিয়া আসিতেছেন। এই অর্থ বাঙ্গালা গ্রন্থের প্রকাশের জ্বন্ত নিযুক্ত মাছে। ভদ্তির তিনি স্থায়ী তহবিলে যে সাড়ে বার হাজার টাকা দানের অস্পীকার করিয়াছেন, তাহার মধ্যে কতক অংশ সাত্রবাদ শাস্ত্র প্রকাশের জন্ম নির্দিষ্ট করিতে ইচ্ছা প্রকাশ করিষাছেন। পরিষদের পরমহিতৈষী কুমার শরৎকুমার রায় বহুদিন পূর্বে হইতেই ভারতের প্রাচীন শাস্ত্র প্রকাশের প্রবর্ত্তন করিয়াছেন। তাঁহার প্রবর্ত্তনায় বৈদিক ব্রাহ্মণ গ্রন্থের অনুবাদ প্রকাশিত হইতেছে। প্রাচীন বৌক ও হিন্দু তম্ন শাস্ত্র সংগ্রহ ও প্রকাশের জন্ম কুমার বাহাত্র উত্যোগী হইয়াছেন। রাজা যোগেন্দ্রনারায়ণ ও কুমার শরৎকুমার উভয়ের এই একমুখ প্রযন্ত্রের ফল একত্র সমান্ত্ত হইয়া "ভারত-শান্ত্র-পিটক" নামক গ্রন্থাবলী অতঃপর পরিষদ গ্রন্থাবলীভুক্ত হইয়। প্রকাশিত হইবে। পণ্ডিত বিধুশেধর শাস্ত্রীর অনুবাদিত শত পুরু ব্রাক্ষণের প্রথমাংশ পুত বৎসর এই শাস্ত্র পিটকের অন্তর্গত হইয়া বাহির হইয়াছে। ঐতরের ব্রাহ্মণের অনুবাদও সম্পুর্ণ-প্রায়; আগামী বৎসরে এই গ্রন্থও বাহির হইবে। স্থবিশ্বাত রায় বাহাত্র শরৎচক্র দাদের আবিষ্কৃত মহাকবি ক্ষেমেক্র বিরচিত বোধিদত্বাবদান কল্পতা গ্রন্থ—যাহার মূল এশিয়াটিক সোদাইটি কর্তৃক প্রকাশিত হইতেছে—এই গ্রন্থেরও অনুবাদ এই পিটক মধ্যে স্থান পাইবে। রায় বাহাত্র শরচ্চত্র শ্বয়ং উহার অনুবাদ করিতেছেন ও মুদ্রণ কার্যা আরম্ভ হইয়াছে।

অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় যে বাঙ্গালা গ্রাম্য শন্দকোষ সঙ্গলন করিয়াছেন, ঐ গ্রন্থ মুদ্রণার্থ প্রস্তুত। উহার প্রথম সংস্করণ মুদ্রণ ও প্রচারের ভার পরিষৎ গ্রহণ করিয়াছেন। বাঙ্গালা ভাষার সম্পূর্ণ অভিধান সঙ্গলন পরিষদের অন্তত্ম মুধ্য উদ্দেশ্য। এই কোষগ্রন্থে সেই উদ্দেশ্য সাধনে প্রচুর সাহায্য করিবে।

ভারতবর্ষে এতাবং আবিস্কৃত যাবতীয় খোদিত লিপির বিবরণ সঙ্কলন করিবার জন্ত সহকারী সম্পাদক রাধাল বাবু ভার লইয়াছেন। ইংরেজিতে কীলহর্ণ সঙ্কলিত যে গ্রন্থ আছে, তাহা অসম্পূর্ণ। ভারতবর্ষের পুরাতত্ত্ব সঙ্কলনে এই সকল উৎকীর্ণ লিপি প্রধান সহায়। এই বিবরণ সম্পূর্ণভাবে সঙ্কলিত করিয়া প্রকাশ করিতে পারিলে ইতিহাস অনুসন্ধিৎস্কাণের পরম হিত সাধিত হইবে। পরিষৎ এই গ্রন্থ প্রকাশের বায় ভার গ্রহণ করিয়াছেন।

পরিষৎ সম্পাদক পঠিত বৈজ্ঞানিক প্রবন্ধ "মারাপুরী"ও সত্তর গ্রন্থাবলীভূক্ত হইয়া প্রচারিত হইবে।

নগেন্দ্র বাব্র সম্পাদকভায় লালগোলার রাজা বাহাছরের বারে মুদ্রিত নরহরি চক্রবতী প্রাণীত নবদীপ পরিক্রমা গত বংসরে প্রকাশিত হইয়াছে। পণ্ডিত অতুলচক্র গোসামা মহাশন্ম নগেন্দ্র বাব্বেক এই গ্রন্থ সম্পোদনে প্রভূত সাহায্য করিয়াছেন।

শাশগোলার রাজা বাহাছরের ব্যয়ে প্রকাশ্ত সাম্বাদ শ্রীভায়্যের মুদ্রণ কার্য্য অগ্রসর হইতেছে। পূর্ব বর্ষের ন্থান্ন লালগোলার রাজাবাহাত্র এ বংসরও ৮০০ টাকা নার্ধিক সাহায্য দান করিয়াছেন। রাজা বাহাত্রের ইচ্ছামতে উহার মধ্যে ৪০০ পত্রিকা প্রকাশের জন্ম গৃহীত হইরাছে। অবশিষ্ঠ ৪০০ প্রাচীন গ্রন্থ-প্রকাশ তহবিলে দেওয়া হইয়াছে।

মুভিরকা

বঙ্গদেশের প্রধান পুরুষগণের বিশেষতঃ বঙ্গদাহিত্যে খ্যাতনাম। ব্যক্তিগণের স্থাতিচিহ্ন রক্ষার ভার পরিষং গ্রহণ করিয়াছেন। নূতন মন্দিরে প্রবেশের দিন বে সকল মূর্ত্তি ও চিত্র প্রতিষ্ঠিত হইয়াছিল, গত বংসরের বার্ষিক কার্যাবিবরণীতে তাহার উল্লেখ আছে। আলোচ্য বংসরেও ঐরূপ স্থাতিচিহ্ন অনেকগুলি সংগৃহীত হইয়াছে। ইহার অধিকাংশই পরিষং উপহার স্বরূপে পাইয়াছেন। উপহার দাকাদিগের নামসমেত সম্পূর্ণ তালিকা পরিশিষ্টে প্রকাশ্য। এতর্মধ্যে নিম্লিখিত স্থাতি ও চিত্রগুলি উল্লেখযোগ্য।

- ১। রাজ্য রামমোহন রায়ের ব্রেংমাইড চিত্র-পরিষদের বায়ে প্রস্তুত।
- ২। রাজনারায়ণ বহুর তৈল্চিত্র— শ্রীযুক্ত প্রজুলনাথ ঠাকুরের প্রদত্ত।
- ৩। প্যাগীচাঁদ মিত্রের তৈলচিত্র—তৎপৌত্র শ্রীযুক্ত চাক্তক্র মিত্র দত্ত ।
- ম। উমেশচক্র বটব্যালের তৈল্ডিঅ—তংপুঞ্চাণ প্রদত্ত।
- विक क्रेमानहक्त वत्नाभाषात्त्रत्र देवनहित्न-कविभन्न वन्नव वाद्य शक्ष्य ।
- ৬। রামতর শাহিড়ীর বোমাইড চিত্র—তৎপুত্র শ্রীষ্ক্ত শরৎকুমার লাহিড়ী প্রদত্ত। চিত্রশালা

ঐতিহাসিক দ্রব্যাদি সংগ্রহ ও রক্ষার জন্ত চিত্রশালার প্রতিষ্ঠা গত বংসরের অন্ততম মুখ্য ঘটনা। ১৩১৩ সালে কলিকাতার যথন জাতীয় শিল্পপ্রদর্শনী ইইয়াছিল, সেই সময়ে বঙ্গীয়-সাহিত্য-পরিষং একটি ক্ষুদ্র কুঠরিতে বিবিধ ঐতিহাসিক ও সাহিত্যিক দ্রব্য প্রদর্শন করিয়াছিলেন, সেই বংসবের বাষিক কার্য্যবিবর্ণীতে তাহার সবিশেষ উল্লেখ আছে।

সেই সময় হইতে সাহিত্য পরিষৎ এই শ্রেণির বস্তু সংগ্রহ করিয়া একটি চিত্রশালা খুলিবেন, এইরূপ সঙ্গর অনেকের মনের মধ্যে ছিল। ১০১৪ সালের কাশীমবালারে বঙ্গীয়-সাহিত্য-সন্মিলনে পরিষং সম্পাদক শ্রীযুক্ত রামেক্রফুল্বর জিবেদী সারস্বত ভবন প্রতিষ্ঠার সঙ্কর জ্ঞাপন করেন ও তাহা যথারীতি প্রস্থাবিত ও সমর্থিত হয়। কাশীমবালার হইতে প্রকাশিত সাহিত্য-সন্মিলনের রিপোর্টে এতৎসম্বন্ধে সম্পাদকের পঠিত প্রবন্ধানি প্রকাশিত হইরাছে। পরিষদের স্থানাভাবে ঐ সংগ্রহ কার্য্যে এতদিন, হস্তক্ষেপ হয় নাই। নৃতন মন্দির নির্মিত হওয়ার পর পরিষং সংগ্রহ কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, এবং আলোচ্য বৎসরে অভি অর্মনিই যে দকল জ্বা সংগৃহীত হইরাছে, তাহা নিতান্ত অর্মনার । সহকারী সম্পাদক রাখাল বাব্র যত্ন ও উল্লোগ এ বিষয়ে পরিষদের সার্থকতার প্রধান হেতু। গত বৎসর মধ্যে যে দকল ধাতৃ ও পাষাণ নিন্মিত দেবমূর্ত্তি ও স্বর্ণ রৌণ্য তাম্ব মুদ্রা ও অন্তান্ত জব্য সংগৃহীত হইরাছে, তাহার তালিকা পরিশিন্তে প্রকাশিত হইল।

কতিপন্ন দেবমূর্ত্তি সম্পূর্ণ নৃতন; ভারতবর্ষে বা অন্তত্ত অঞ্চ কোন চিত্রশালার তাহা বিভাষান নাই। সংগৃহীত মুদ্রার মধ্যেও কতিপন্ন অতি প্রাচীন মুদ্রা মাছে, এতঘাতীত করেকথানি প্রাচীন তাত্রশাসন ও সংগৃহীত হইরাছে। বে সকল মহাত্রা পরিষংকে এই সকল সংগ্রহের ব্যর নির্কাহে সাহায্য করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষং চিরঋণী থাকিবেন।
শ্রীযুক্ত কাশীমবাজারের মহারাজ ও লালগোলার রাজাবাহাত্রকে যথনই অর্থের জন্ম প্রার্ণনা করা গিয়াছে, তথনই তাঁহারা মুক্ত হত্তে প্রদান করিয়াছেন। একটি গুপ্ত-মুদ্রার জন্ম শালগোলার রাজাবাহাত্র ১১০ ও চারিটি শক-মুদ্রা ও একটি গুপ্ত-মুদ্রার জন্ম মহারাজ বাহাত্র ৩৫১ টাকা দান করিয়াছেন।

আলোচাবর্ধে পর্নীয় রমেশচকু দত্ত ও মহামহোপাধায় চক্রকাও তর্কালকার মহাশ্রহরের পরলোকগমনে ছইটি শোক-সভার অধিবেশন হয়। শেষোক্ত শোক-সভায় কুমার উপেক্রচন্দ্র চৌধুরী বাহাত্র সভাপতির আদন গ্রহণ করেন। এই শাখা-পরিষদের পক্ষ হইতে ভাগল-পুর বঙ্গীয়-সাহিত্য-সন্মিলনে উপস্থিত হইবার জন্ত শ্রীযুক্ত যোগেক্রনাথ গুণ্ড, শ্রীযুক্ত হেমচক্র দাসগুপ্ত, শ্রীযুক্ত রেবতীশঙ্কর রায় ও শ্রীযুক্ত নগেক্রকুমার মজুমদার মহাশয়গণকে প্রতিনিধি ্নির্বাচন করা হয়। আলোচ্যবর্ষে এই শাখা-পরিষদের জন্ত নিম্নণিখিত কর্মচারিগণ নিযুক্ত হইয়াছিলেন :---

শ্রীযুক্ত পরমেশপ্রদন্ন রাম্ব বিএ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট—সভাপতি।

- গিরীশচন্দ্র সেন কবিরত্ন কবিরাজ সহকারী সভাপতি।
- কেদারনাথ মজুমদার এম্ আর এ এম্—সম্পাদক।
- অবিনাশচন্দ্র রায়-সহকারী সম্পাদক।

বাঙ্গালা-সাহিত্যের অকুত্রিম স্থজ্ন রামগোপালপুরের রাজা শ্রীযুক্ত যোগেক্তকিশোর রায় বাহাত্র স্থানীয় শাখা-পরিষদের গৃহনির্মাণ জ্বন্ত শাখা-পরিষদের তহবিলে এক হাজার টাকা দান করিয়াছেন এবং কালিপুরের মহাতম জমিদার খ্রীযুক্ত ধামিনীকান্ত লাহিড়ী চৌধুরী তাঁহার মুলাবান পৃস্তকালয় পরিষদের হতে প্রদান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। শাখা-সভার সভ্যগণ মাসিক চারি আনা হিদাবে চাঁদা দিবেন এই নিয়ম আলোচ্যবর্ষে বিধিবদ্ধ হই-ৰাছে। স্থানীয় কলেজের কর্তৃপক্ষ মাসিক অধিবেশন জন্ত কলেজগৃহে স্থান দান করিয়া পরিষদের বিশেষ ক্রতজ্ঞতা-ভাজন হইয়াছেন।

মন্বমনসিংহ।

ত্রীকেদারনাথ মজুমদার

मन्नीषक ।

শাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

রাজসাহী-শাখা

আলোচাবর্ষে রাজসাহী শাগা-পরিষদের চতুর্থ বংসব শেষ হইল। এ বংসর মাসিক ও বিশেষ মোট ছয়টী অধিবেশন হইয়াছে। সভাগণের গড় উপস্থিতি ৩০ জন। সভাগণের উপস্থিতির উদ্ধি সংখ্যা ১০০ এবং নিম সংখ্যা ৯ জন। মাসিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল।

১। বাঙ্গালীর জাতি গ্র

শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বিএ।

২। শ্রীমৃত্তির বিবৃতি (উপক্রমণিকা অংশ) "অক্ষর্কুমার মৈত্রেয়।

এই তুই প্রবন্ধ বঙ্গ-সাধিতো নুতন গবেষণার স্ক্রপাত করিয়াছে।

वर्त्वभाग वर्ष रञ्जभूत-भाषा-भरित्रामत वर्षां क- अधिर्यात भाषा-भतिष्ठामत अग्राह्म मान्यानक শ্রীষ্ঠ শশ্বর রায় এমুএ, বিএল মহাশর সভাপতিব কার্যা করেন। গৌরীপুরের উত্তর্বজ-সাহিত্য-সন্মিলনে ত্রীস্কু শশুধৰ রায়, ত্রীষ্কু সক্ষরকুমার মৈত্রেয়, ত্রীষ্কু কিশোরীমোহন চৌধুরী মহোদয়গণ এই শাখা-পারষদের পতিনিধি ধরূপ উপত্তত ছিলেন: ই।সুক্ত অক্ষ্য-ক্ষার মৈতেয় বি, এল মণাজিক লাণ্টার্ণের দাগাবেং কতিপথ শ্রীমর্ত্তির আলোকচিত্র প্রদর্শন ক্রিয়া সমবেত সভামগুলাকে স্থ-দরকবেশ শ্রীমৃত্তি রহস্ত বুঝাত্যা দেন। তদনস্তর বঙ্গীয়-সাহিত্য-স্থিত্যনের তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত শশবর রায়, গ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্তেয়, শ্রীযুক্ত কিশোরীমোধন চৌধুরী, শ্রীপুক্ত পঞ্চানন নিয়োগী ও এবুক্ত রমাপ্রদাদ চন্দ এই সভার প্রতিনিধিদরত্ব ভাগলপুরে উপ্রিত ছিলেন। তথায় শ্রীযুক্ত শশধ<mark>র রায় মানবের উৎকর্ষ</mark> পাধন নামক প্রবন্ধের, অধ্যাপক জীয়ুক্ত পঞানন নিয়োগী এম, এ মায়ুর্কেনীয় ঔষধের উপাদান বিষয়ক এবং ঐয়ুকুরমাপ্রসাদ চন্দ বাঙ্গালীর জ্ঞাতি-তত্ত্ব সম্বন্ধে সাস লিখিত প্রবন্ধের সার মর্ম বিবৃত করেন; সম্গাভাবে সম্গ্রপ্রাক্ত পঠিত হইতে পারে নাই। দিনীয়াও তৃতীয়া প্রবন্ধ সম্পূর্ণ মৌলিক গবেষণায় পূর্ণ এবং প্রথম প্রবন্ধে মানব-ভত্তই যে মানবদ্ধাতির বিশেষ ভাবে নালোচা তাহা বুঝাইখা দেওয়া হইয়াছে। এই সম্ফিলনে এীযুক্ত অক্ষর্মার মৈত্তেয় মাজিক লাণ্টার্নের সাহায্যে শ্রীমৃতি ওছক্ত বুঝাইলা দেন। সর্বশেষে বগুড়া রায়কালী সাহত্য-স্মিতির বার্ষিক অধিবেশনে এই সভা হইতে প্রতিনিধি নির্বাচিত ইইয়া প্রীযুক্ত শশধর রায় মহাশ্য বগুড়া গমন করেন এবং তথায় সভাপতি পদে মনোনীত ২ইয়াসভায় সভাপতির কার্যা করেন।

আলোচাবর্ষে রাজনাহী-শাখা-পরিষং হইতে করেকটি মেলিক গবেষণা হইরাছিল।
শীষ্ক্র রমাপ্রদাদ চন্দ জাতি-তন্ত্র বিষয়ে বিবিধ তথা সংগ্রহ করেন এবং তাহারই কিরদংশ
ভাগনপ্র-সাহিত্য-দক্ষিলনে পঠিত হয়। অচিরেত মৌলিক গ্রন্থাকারে এ সকল প্রকাশিত
হইবে। চন্দ মহাশন্তের অসুসন্ধানে বুঝা যাইতেত্ত্বে কুল-শাস্ত্র-বিষয়ক গ্রন্থাদি দম্পূর্ণ নির্ভর্বনাগা নহে এবং কান্তক্জাগত ব্রক্ষাগণের সহিত বন্ধদৌশন্ত ব্যহ্মণগণের দেহে ও
সমাজ্বগঠনে পার্থক্য রহিয়াছে। এই উপলক্ষে তিনি এবং শশধ্রবাব্ নানা জাতির

ম স্কালির পরিমাপ একা করিণাছিলেন, তৎদমুদম্ব ঐ এন্তে প্রকাশিত হটবে। বাঞ্চালী জাতির "মায়ুক্তল" এবং ব-শের কাদর্দ্ধি দল্পরে প্রীযুক্ত শশধর রাম্ব মহাশ্ব মৌলিক গবেষণা আরম্ভ করকঃ অনেক তথা সংগ্রহ করিয়াছেন। এই গবেষণার ফলে যতদ্র বুঝিতে পারা গিয়াছে ভাগতে দেখা যায় যে, তালিকার লিখিত ব্যক্তিগণের এবং দন্তবতঃ বাঙ্গালী জাতির জনন শক্তি হ্রাস হয় নাই, বরং মোটের উপর বৃদ্ধি হইয়াছে। ইহা একটী অতি আশাপ্রান সিরাস্ত।

শাথ। পরিবদের সন্তত্তর সভা অধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন নিয়েংগী মহাশন্ন আয়ুর্বেদীয় ঔষণ সম্বদ্ধে দৌনিক গ্রেষণা করিতেছেন, তাহার ফলে আয়ুর্বেদীয় প্রষণ বিশুদ্ধভাবে প্রস্তুত ক্রিবার উপায় উদ্যাবিত হইতে পারে, আনা ক্রা যায়।

শ্রীযুক্ত অক্ষয়ক্ষার মৈত্রেয় শ্রীমৃত্তি সম্বন্ধে মৌলিক গবেষণার নিষ্ক্ত আছেন। ভাষার ফল যথা সময়ে গ্রন্থাকারে প্রকাশিত হউবে। #

আলোচ্য-বর্ণের শেষভাগে লাজ্যাতা শাখা প্রিয়ালা ক্তিনায় সভা ধারাবাহিকভাবে ববেজ্ঞ ভূমির পাত্র-ভত্ত অনুস্কানের আবগ্র কা অন্ভল করিয়া বরেণ অনুস্থান কার্য্যে মৰতীৰ হয়েন। কুমার জানুক শবংক্ষার রাজ এম এ এই অভ্নন্ধনে কাংগাঁর সমুদ্ধ বাষ্ঠার ও আবোজন ভার গ্রহণ করেন। জীযুক্ত অক্ষরসুহার থৈতের বি এলু মহাশয় ইহার উপ-**দেষ্টা হ**য়েন, এবং শ্রীযুক্ত রমাপ্রদাদ চল বিএ, শ্রীযুক্ত হরিমোছন চৈধুরী বি এল, শ্রীযুক্ত অনাথনাথ নৈত্রেয় প্রভৃতি কভিপয় মহোনয় এ কার্যো উৎসাহ সহকারে যোগদান করেন। কুমার বাহাছর কর্তি সাধ্রে।ন্যাস্ত হইয়া কলিকাতাস্থ ইভিয়ান মিউলিয়মের বিখ্যাত প্রত্তত্ত্বিং এবং মূল পদিসদের সহকারী সম্পাদ হাত্রীযুক্ত রাখালদান ৰন্দ্যোপাধ্যায় এম্ এ, মহাশম্বত এই অনুসন্ধানকালে। সাহায়।র্থ পরন উৎপাত্র যোগদান করেন। কুমার বাহাছরের আহব.নে শাধা-পর্ধনে ব্পার্ক এব্র রাল এন্ এ, বিএলুও এই কার্যো মিলিভ হন। ংঘ তীত মৃনপরিষদের ক্ষেচ্টো আবুকুরামক্মন সিংহ ও কুমার বাহাত্রের সাত্রিক্ষক অত্যাত ব্যক্তি অনুধ্নটেন উপত্তি হিলেন। ১০ই হইতে ১৪ই হৈত প্রায় করেক দিন ধারয়া উহারা রাজসাহা জেলার অন্তর্গত দেওপাড়া, চ'ব্রশনগর, মাড়ইল, জগপ্র, ইটাহার, বিভ্ধনগর, বেত্রি প্রতি গ্রামে অসুবর্ধান করিয়া, বিবিধ ঐতিহাসিক তথ্য আনিকার করেন এবং নিবিধ প্রস্তরমূর্ত্তি ও ভাস্কার্ন্যাদির নমুনা আনম্বন করেন। ঐ সকল দ্রব্য কাপাততঃ কুমার বাহত্ত্রের ইচ্ছা-ক্রেমে রাজ্যাহী শাখা-পরিষদের

^{*} শাখা পরিষদের অগ্যতর সম্পান্ত শীমান্ এজফুলর সাল্লাল এখনও তাঁহার "মুস্লমাম বৈক্ষব কবি" সম্বন্ধে গবেধণা করি: তংছন। শিংবি নবসংগৃহীত বিবরণ সাহিত্য-সন্মিলনের মিতীয় বার্থিক কার্য্য-বিবরণীতে প্রকাশিত হটগাছে। আমাদের ফাশা আছে, ভবিষ্যতে শীমান্ এজফুলর আমাদিগকে আরও বহুতর মুস্লমান বৈক্ষব কবির পরিচর প্রদান ও চাহাদের কবিতা-মাধুব্য প্রদর্শন করতঃ পরিত্থ করিতে সক্ষয় চইবেন।

হত্তে গচ্ছিত এবং বোয়ালিয়া সাধারণ পুস্তকালয়ের গৃহে রক্ষিত হইয়া, প্রীযুক্ত কালীপ্রসন্ধ আচার্য্য বিএল্ মহাশয়ের তরাবধানে রহিয়াছে। ১৬ই চৈত্র তারিখের শাধা-সভার বিশেষ অধিবেশনে ঐ সকল জব্য সাধারণের সমক্ষে প্রনির্দিত হয় ও প্রীযুক্ত কুমার শরৎকুমার রায়, শ্রীযুক্ত অকয়কুমার মৈত্রেয় ও প্রীযুক্ত রমাপ্রসাদ চল্দ মহাশয়গণ তাঁহাদের অকুসন্ধানের বিবরণ ও জব্যগুলির যথাসম্ভব পরিচয় প্রদান করেন। ঐসকল জব্যের বিস্তৃত বিবরণ সহ অক্সন্ধান কল যথাসময়ে পুস্তকাকারে প্রকাশের বাবস্থা হইতেছে। আশা আছে, সেই পুস্তক প্রকাশিত ইইলে বাঙ্গালার পুরাত্ত্ব সম্পর্কে কনেক নৃত্ন তথ্য জানা যাইবে। এই ঐতিহাসিক অকুসন্ধান কর্যের ভার গ্রহণের জন্ত বরেক্ত অনুসন্ধান সমিতির সভ্যগণ ও প্রীযুক্ত রাথালদাস বন্দ্যাপাগ্রায় মহাশয় শাধা-পরিষদের আন্তরিক কৃত্ত্রতা-ভাজন হইয়াছেন।

গত ১৬ই টৈত তারিথের অধ্বেশনে দতা প্রগঠিত ইইয়া টি বিভাগে বিভক্ত ইইয়াছে, —১য় —বিজ্ঞান-শাখা, ২য়—ইতিহান-শাখা, ৩য় — মাহিত্য-শাখা। প্রচ্যেক শাখার বিশেষ বিশেষ সভা মলোনীত ইংয়াছেন। সভার কিলিয়া নিষ্মান্ত বিধিবদ ইইয়াছে। প্রত্যেক সভা সভার উন্নতিকল্লে মাসিক প্রমান তি টালা দিবেন বিশিয়া স্থির করা ইইয়াছে। কম বর্ষের নিমিত্ত কুমার জ্ঞায়ক শরংকুমার রায় সভাপতি, জ্ঞায়ক রায় বাহাতর কুমানিনীকান্ত বলেলাপাঝার এম্বা, ও জ্ঞায়ক কিশোরামোহন চৌনুরা বস্বা, বিএল্ সংকারী সভাপতি, জ্ঞায়ক শাঝার রায় ও জ্ঞায়ক বিজ্ঞানীর সভাপতি, জ্ঞায়ক শাঝার রায় ও জ্ঞায়ক ব্যক্ত কিশোরামোহন চৌনুরা বস্বা, বিএল্ সংকারী সভাপতি, জ্ঞায়ক শাঝার রায় ও জ্ঞায়ক ব্যক্ত ক্রিয়ক প্রস্থানার হিল্পের বিজ্ঞান বিজ্ঞান ও জ্ঞায়ক বিজ্ঞান বি

আলোচ্য বর্ষে সভার সালিভিক্ত সঞ্চীরতা বিল্ফণ পারলাক্ষর ইইরাছে। ইনুকুক কক্ষর ক্ষার গৈতের মহাশ্য যে "ইনুষ্টি বিবৃত্তি" আলোচনা করিতেছেন, তাহ। বাঙ্গালী জাতির মধ্যে প্রায় অভিনব বলিলেও অভ্যাক্ত হয় না। ইসা হইতে বাঙ্গালীর শিল্প-কলার ও ধর্মা বিশ্বাদের ক্রামিক বিবর্ত্তন স্থান্ধররূপে প্রাদশিত ২ইবে, এরূপ আগা আছে। মঙ্গলময়ের ইচ্ছায় আমাদের এই সাহিত্যিক উৎসাহ সফল ২উক। অলগিতি বিস্তরেণ—

बाजमारी २२ टेहज ১৩১৬ শ্রীশশধর রায় সম্পাদক।

বারাণসী-শাখা

১২৮২ ৰঙ্গাব্দে ১৯শে জ্যৈষ্ঠ শিবচক্ত বোষাল, গোপালচক্ত বিখান, দীননাথ চট্টোপাধ্যায়, তারাপ্রদর সাঞাল, প্রদরকুমার ভট্টাচার্য্য, চণ্ডীচরণ ভট্টাচার্য্য মিলিত হইয়া একটি সভা সংস্থাপন করেন। বঙ্গভাষার উত্তম উত্তম পুস্তক সকল সর্ক্যাধারণে স্থলভে পাঠ করিতে পারেন ইহাই এই সভার প্রধান উদ্দেশ্য ছিল। বঙ্গ-দাহিত্য-সমাজ নামক এই পুস্তকালয়টি প্রভিষ্ঠিত হইয়। বিগত ০৪ বংসরের নানা বিবর্ত্তন ও স্থান পরিবর্ত্তনের পর কাশীমপুরের জমিদার শ্রীযুক্ত কেদার প্রসন্ন লাহিড়ী রাম বাহাত্রের মাতৃদেবীর অনুগ্রহে তাঁহার স্তুর্হৎ দেবালয়ের এক কোণে আশ্রয় পাইয়া বঙ্গ-ভারতীর এই প্রাচীন মন্দিরের কার্য্য কোন মতে চলিয়া আসিতেছিল। এমন সময়ে ১৩১৫ বঙ্গান্দে ফাল্পন মাসে বঞ্চীয়-গাহিত্য-পরিষদের অন্তত্ম সহকারী-স্পাদক এীযুক্ত বেগামকেশ মুস্তফী মহাশগ্ধ বারাণদী নগরে উপস্থিত হন। তিনি উহার অন্তিত্ব অবগত হইয়া অতিশয় উৎসাহ প্রদান পূর্বক যাহাতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা স্থাপিত হইয়া উহার কার্যা একত্রে চলে তাহার জন্ম কতিপয় বিশেষ সভ্যের মনোঘোগ আকর্ষণ কবেন। তিনি শাথা পরিষদের ইতি-কর্ত্তবাতা নির্দারণ করিয়া দিলে বন্ধ-সাহিত্য-সমাজের কার্য্য-নির্মাহক স্মিতি কর্ত্তক ১৩১৫ বঙ্গান্দের ২২শে ফাল্পন বারাণদীস্থ বজীয়-দাহিত্য-পরিষং-শাখা গাঠত হইয়া বজ-দাহিত্য-দ্যাজের দহিত মিলিত হয়। পুস্তকালয়টি পরিষৎ শাখারই পুস্তকালয় বলিয়া পরিগণিত হয়। কেবল প্রাচীনের প্রতি সম্মান প্রদর্শনার্থ উহার নামটি অবিকৃত রাধাই গ্রিছয়। ১০ই চৈত্র লিখিত মূল পরিষদের সভাপতি মহাশ্রের পত্রে বঙ্গ-সাহিত্য-সমাজ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা রূপে পরিগৃহীত হয়। উক্ত বর্ষের চৈত্র মাদ মধোই ছুইটি গধিবেশন সাহূত হয়। প্রথম অধি-বেশনে—শ্রীযুক্ত লগিতমে'হন মুখোপাধাার কর্তৃক —"বিক্রমাদিতা প্রদঙ্গে ভোজারাজ ও ধার রাজ)" শীর্ষক একটি প্রবন্ধ পঠিত হয় ও দ্বিতীয় অধিবেশনে মহ-মহোপাধ্যায় কৈলাসচন্দ্র শিরোমণির পরলোকগমনে শোক প্রকাশ করা হয়।

> >> भारत ७ है भाषात्रन व्यक्षित्वमन इत्र ।---

বিষয়।

আলোচক।

১। আমাদের জাতীর জড়তা

এীবুক্ত ফণিভূষণ অধিকারী এমৃএ,

২। মুসলমান শাসন সময়ে ভারতীয়গণের

প্রতিপত্তি

" অখিনীকুমার গঙ্গোপাধ্যায়

৩। আমাদিগের বর্তমান অভাব

" ডाः नौनम् । भान,

৪। কর্ম ও ধর্মশাস্ত্র

পণ্ডিত , কালীকৃষ্ণ সিদ্ধান্তশাস্ত্ৰী

अर्थीय त्राम्याच्या पट्टात क्यांचनो

" বীরেশ্বর গোলামী

ং৮শে কার্ত্তিক ও ৫ই অগ্রহায়ণ ছাত্রদিগকে আহ্বান করিয়া মূল-পরিষৎ সংশিষ্ট ছাত্র-শাধার অনেংশ শাধা-পরিবংশর অপ্রনিবিট একটি ছাত্র-পরিষং গঠিত হইর। প্রতি র বিবারেই ভাগর অধিবেশনের দিন স্থির হয়। ত্রীযুক্ত মোক্ষদাদাস মিয়, ত্রীযুক্ত কেদার প্রসন্ন লাহিড়ী রায় বাগাহর, প্রাযুক্ত চণ্ডীচরণ দেব নজুমদার বিএ. প্রীযুক্ত দীননাথ চট্টোপাধাায়, মহামহো-পাধাায় প্রীযুক্ত ভাকার সভাশচন্দ্র বিআভ্ষণ এম্এ, পি এচ্ছি মহাশন্ধগণকে শাধা-পরিষদের সন্মানিত সভারপে গ্রহণ করা হইয়াছে। প্রীযুক্ত প্রামাচরণ ভট্টাচার্য্য মহাশন্ধ কার্য্যনির্ব্বাহক সমিতির অভ্তম সভারপে গৃহীত হইয়া পুস্তকালয়ের ও নব-প্রতিষ্ঠিত পাঠাগারের পর্যাবেক্ষকরপে ও প্রীযুক্ত নীলকমল ভট্টাচার্য্য এম্এ, মহাশন্ম শাধা-পরিষদের ও ছাত্ত্র পরিষদের অধিবেশন গুলির পর্যাবেক্ষকরপে বৃত্ত হন। আলোচাবর্ষে শাধাসভার ৬টি বিশেষ অধিবেশন হইয়াছিল। পুরাতন পুস্তকালয়টিতে ১৫০ শতের অধিক পুস্তক সংগৃহীত ছিল। আলোচাবর্ষে ২৯ খানি পুস্তক জীত হইগছে ও ১৫০ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছে। এই বর্ষে এই সভায় মোট আয় ১২১৮১৭॥ বায় ১০১৮৭॥ বায় ১০৮১৭॥

বারাণদী

þ

শ্রীললিভমোহন মুথোপাধ্যায়

সম্পাদক।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সন্মিলন

তৃতীয় অধিবেশন

গৌরীপুর রাজবাটী, গোগালপাড়া, আধাম, সভাপতি—শ্রীযুক্ত পল্লনাথ ভটাচার্টা বিভাবিনোৰ এম্ এ প্রথম দিন, শনিবার, ৯ই মাব, ১৩১৬ ; ২২শে জামুয়ারী ১৯১০

পূর্বাহ্— মা টা হইতে ১২ টা

- ১। প্রারম্ভিক শঙ্গীত
- ২। প্রার্থনা-মহামহোপাধ্যার পণ্ডিত শ্রীযুক্ত ধীরেশ্বর কবিরত্ন।
- ৩। আর্ত্তি (ক) সংস্কৃত স্থোত্ত প্রাযুক্ত বরদাকান্ত রায় বিভারত্ত বি,এল্ (দিনাঞ্চপুর)
 (থ) কোরাণ সরিফ হইতে—মৌল ব সহাম্মদ আবত্তল হালিম
- ৪। অভ্যর্থনা-সমিতির সভাপতি রাজা শ্রীর্ক্ত প্রভাতচক্র বড়ুয়। বাহাত্র কর্তৃক সমাগত প্রতিনিধিগণের অভিনন্দন।
 - শৃত্যপত্তি-বরণ -- প্রস্তাবক--- শ্রীষ্ক্ত যোগীক্রচক্র চক্রবর্ত্তী
 সমর্থক--- পণ্ডিত প্রীষ্ক্র তারানাথ স্মৃতিতীর্থ
 অথ্যোদক--- মুন্সী নাজিম উদ্দীন থক্কার

- ৭। নিমলিথিত মহাআধ্রের মৃত্তে সম্মিলন আন্তরিক ছঃথ-প্লকাশ করিতেছেন-
 - (ক) রমেশচন্দ্র দত্ত সি, আই, ই
 - (थ) त्राका महिमादक्षन त्राप्त (ठोधूती (काकिना)

প্রস্তাব क औपूक অক্ষরকুমার মৈতেয় বি, এল্ (রাজদাহী)

ममर्थक - भौयूक भारी नान पछ वि, धन् (धूवड़ी)

- ৮। দাঝিলনীর সম্পাদক শ্রীযুক্ত স্থরেক্রচক্র রায় চৌধুরী কর্ত্ত অনাগত বাক্তিবর্গের টেলিগ্রাম ও পত্রাদি পাঠ এবং তাঁহাদিগকে ধন্তবাদ দিবার প্রস্তাব উপস্থাপন। সর্বসম্মতি-ক্রমে উক্ত প্রস্তাব গৃহীত হইল।
 - ৯। সভাপতির অভিভাষণ।
- ১০। শ্রীষ্ক স্থরেক্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় বিগত বর্ষের সন্মিলনের প্রাস্তাবিত কার্য্যাদি কতদ্র অগ্রসর হইয়াছে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিলে উহা সর্বস্থাতিক্রেমে গুহীত হয়।

প্রতাবক — শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্ এ, বি এল্ (কুচবিধার)। সমর্থক — " অভ্যনাথ চক্র ক্রী (গোলাপুর)। অনুমোদক - "কুপ্রবিধারী মুখোগাধার বিএল্ (রঞ্পুর)।

- ১১। নির্মাণ্থিত প্রবল্প ভালির দার বিজ্ঞ**িপ চ**ংওয়ার পর পঠিত বলিয়া গৃংগত ছইল:---
 - (ক) উত্তর-বঙ্গের ঐতিহাসিক স্থানের বিবর। -- শ্রীযুক্ত কালাকাপ্ত বিশ্বাস।
 - (খ) রাজা বিরাট ও মংস্তাদেশ—শ্রীতিনাদ্বিধারী রায়।

প্রস্তাবক --প্রিত প্রাযুক্ত পরদাচরণ বিভালভার।

সমর্থক —শ্রীপুরু স্বিজেশচক্র চক্রবর্তা এম্ এ, বি এল্. (বেগারীপুর)।

অন্নাদক—শীযুক্ত হরগোপাল দাদ কুঞু (রঙ্গপুর)।

প্রথম দিন, অপরাহ্ন ও ঘটিকা।

- ১২। মৌলবি মংকাদ আকুল হালিম কর্তৃক বক্তা।
- ১৩। প্রবন্ধ-পাঠ (ক) স্থাপ্জ।—এীযুক্ত রাজেক্রলাল আচার্য্য বিএ।
 - (থ) বৈদিক-মাহিত্যের দ্বিতীয় প্রস্তাব (লেখক প্রাকোকিলেখর ভট্টাচার্য্য বিভারত্ব এম্এ)

শ্রীপুক্ত বেশমকেশ মুগুফী কর্তৃক পঠিত।

রাত্তি ৯ ঘটিকার সময় জীযুক্ত অক্ষরকুমার মৈত্তের ও জীযুক্ত রাখালদাদ বল্লোপাধ্যার মহাশর্ষের গৌড়ীয় শিল্প-কলার নিদশন আলোক-চিত্ত দাধা প্রদর্শন করেন।

विजीत पिन, दविवाद २०३ माथ २०२७।

- ১। मङ्गीछ।
- ২। বাণী নদনা--পণ্ডিত প্রাযুক্ত হরশঙ্কর শ**ন্ধর**র।

- ত। শ্রীবুক জগদীঝানাথ মুখোপাধ্যাধ মহাধ্য় কর্তৃক নিম্নলিখিত দ্রব্যাদির (সন্মিলন উপলক্ষে সংগৃহীত) পরিচয়-প্রদান ;—
 - (ক) দের সাহের নামাঙ্কিত ৯৫০ হিজরীর চারি ফিট্ দার্ঘ ৪ ইঞ্চি বেধের মকরমুখ্যুক্ত কামান ১টি।
 - (থ) ১৫১৭ শকে নির্মিত ক্রনারায়ণ দিংখের নানাঙ্গিত মকরম্থযুক্ত ৭ ফিট্ লম্ম ৪ ইঞ্চি বেধের কামান ১টি।
 - (গ) ন ওয়ারা অর্থাং জলঘুদ্ধে বাবস্ত কামান ১টি।
 - (ध) উষ্ট্রোপরি বাহিত ফুদ্র কামান ২টি।
 - (ঙ) গৌধীপুর রাজ অস্ত্রাগারে রফিত মোগলদিগের দম্যে বিচিত্র কারুকার্যাময় নালিকাস্ত্র এবং যোড়শ শতান্দীর ইউরোপীয়গণের দ্বারা নির্দ্ধিত ঐ প্রকারের অধ্য একটি নাশিকাস।
 - (চ) রাণী ভবাণীর পূর্বের উত্তরবঙ্গের সনংম্বতা রাণী স্তাব্দীর স্বাক্ষরিত সনন্দ একথানি।
 - (ছ) রাণী ভবানীর সাক্ষরিত অপর একধানি দ্বিল।
 - (জ) মোগলবাদসাহদিগের পাঞ্জালিত সনলাদি।
 - (ঝ) রাজা মলন রায়ণের প্রদত্ত চানশাসন। মহায়গোপাধ্যায় পণ্ডিত ধীরেশ্বর কবিরত্ব মহাশ্য এই তানশাসন সভায় পাঠ করিয়াছিলেন।
 - (ঞ) লিপিকাবের সহস্ত-এক্ষিত চিত্রাদির সহিত বৃক্ষপত্রোপরি লিখিত আগাম বৃক্জী।
- ৪। প্রথম গ্রন্থাব—পূর্ব্ব পূর্ব্ব দায়েলনে যে সকল গ্রন্থার গৃহীত ইইয়াছে তাহা বিশিষ্ট-ক্রণে কার্য্যে পরিণত করিবার জন্ত একটি কার্য্য-কারিণী সমিতি থাকা মারগ্রুক। এজন্ত স্বতন্ত্র সমিতি গঠিত না করিয়া রঞ্গপুর শাখা সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতিকেই স্থায়িরূপে এই সন্মিলনের কার্য্য-নির্ব্বাহক সমিতিরূপে গণ্য করা হইবে এবং উহারই প্রতি সকল ভার অপিতি হইবে।

প্রস্তাবক---গ্রীষুক্ত কিশোরীমোহন চৌধুবী এম্ এ, বিএল্ (রাজদাহী)

সমর্থক-- "চৌধুরী আমানতুরা খাছাত্মদ (কুচবিছার)

অহুমোদক- "সারদানাথ খান্ বিএল্ (বগুড়া)

৫। দিতীয় প্রস্তাব—সন্মিলনের অনুষ্ঠিত কার্যা নির্কাছের জন্ত অধসংগ্রহের আবশ্যক।
এতদর্থে পৃথক্ ভাবে অর্থসংগ্রহের চেষ্টা কবিয়া কতকার্যা হওয়া সম্ভবপর নহে। অতএব
সম্প্র ভার-বঙ্গ এবং আসামে রঙ্গপুর শাখা সাহিত:-পরিষদের সভ্যসংখ্যা বৃদ্ধি দারা অর্থসংস্থানের চেষ্টা করা হউক।

প্রস্তাবক—শ্রীষ্ক বিধ্রঞ্জন লাহিড়ী এম্এ, বিএল্ (রঙ্গপুর)
সমর্থক— প্রপন্ন প্রায় বোষ বিএল্ (গোয়ালপাড়া)

অনুমোদক -- শীযুক্ত হ্লৱেশচক্ত দাস গুপ্ত বিএল্ (বগুড়া)

৬। তৃথীয় প্রস্থাব--- কিরূপভাবে এই সন্মিলনের কার্য্য পরিচালিত হইবে তাহার প্রশালী নির্দেশের ভার সন্মিলনের কার্যাকারিণী সমিতিরূপে রঞ্গপুর-সাহিত্য-পার্যদের কার্যা-নির্বাহক সমিতি স্থির করিয়া মাগামী দ্যালনে উপস্থিত করিবেন।

প্রস্তাবক-শীযুক্ত শশধর রায় এম্এ, বিএল্ (রাজসাহী)

সমর্থক— " কালীকৃষ্ণ গোস্বামী বিভারত্ব এম্এ, বিএল্ (রঙ্গপুর)
অহুমোদক— " আমননচন্দ্র সেন (গোয়ালপাড়া)

৭। চতুর্থ প্রস্তাব—উত্তরবঙ্গ ও আসামের অশিক্ষিত হিন্দু ও মুস্লমানের মধ্যে শিক্ষা বিস্তারের অভ্যান-সাহিত্য-রচনা বিভাগে আগামী বর্ষে একথানি কৃষি, একথানি ইতিহাস মূলক উপভাস ও একথানি লোক-তত্ত্ব বিষয়ে সংক্ষিপ্ত গ্রন্থরচনা করা হইবে।

প্রস্তাবক—শ্রাযুক্ত অক্ষক্মার মৈত্রের বিএল্, (রাজসাহী)

সমর্থক--- " অতুলচক্র গুপ্ত এম্এ, বিএল্ (রঙ্গপুর)

অনুমোদক— " মহেলুনাথ অধিকারী (কুচবিহার)

৮। এই চারিটী প্রস্তাব যথারীতি গৃহীত হওয়ার পরে শ্রাযুক্ত গোপালরুফ্ত দে মহাশর সন্মিলন-সভাপতি মহাশয়ের রচিত "অসমায়া ভাষা দম্পন্ধে কিছুমান কথা" শীর্ষক একটি আসামীয় ভাষার সহিত প্রবন্ধ পাঠ কড়িলেন।

৯। পরে দে মহাশয় স্বর্গতিত সাদান স্বর্গে একটি বালালা প্রবন্ধ পাঠ করিলেন। কিতীয় দিন, অপরাহ্ন সাড়াই ঘট্কা।

পণ্ডিত শীষ্ক দম্তভূষণ মধিকারী বিএ, কর্ক "কামজপী ভাষা" সম্কীয় পোৰন্ধ পাঠ। সময়ভোব বশত: নিয়িলিখিত প্ৰক্ষণ্ডলি পঠিত বলিয়া গৃহীত হটল ;—

- (क) কামতাবিহারী সাহিত্য-শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্এ, বিএল্।
- (খ) রাজবংশী ভাষা ও জাতিতত্ত্ব—শ্রীযুক্ত চৌধুরী আমানতুলা মহম্মদ।
- (গ) চট্টগ্রামের কথিত ভাষা—শ্রীষুক্ত আবদুল দৈয়দ।
- (ए) भशु वरत्र भूता छवा कृतकान औ युक्त औ ताम रेमर ख इ थान।
- (%) উত্তরবঙ্গীয় সংস্কৃত সাহিত্যের নিবরণ—শ্রীযুক্ত বিপিনচক্র কাব্যরত্ন।
- (চ) দজীব-সাহিত্য---শ্রীযুক্ত সারদানাথ খান্ বিএল।
- (ছ) অসমীয়া ভাষার শিক্ষা-প্রণালী জানৈক আনামবাদী।

অভার্থনা-সমিতির সভাপতি সনারেবল রাজা শ্রীযুক্ত পভাতচক্র বড়ুয়া বাগতর রাজসাহী, পাবনা, রলপুর, দিনাজপুর, বগুড়া, কুচবিহার, নদীয়া, কলিকাতা ও আসাফ হইতে সমাগত, সাহিত্যিকগণের সললাভে এবং এই মিলনের স্বারা উভয় প্রাদেশের স্থাতা বৃদ্ধিতে আননদ্র প্রকাশ করিয়া সাহিত্যিকগণের সঙ্গলাভ নিতান্ত সংকীর্ণ সময়ের কর

ছ ওরার তু: ধ প্রকাশ করিয়া অভার্থনাদিতে যে সকল জ্ঞুটী ইইরাছে তাহা ক্ষম করিবার জ্ঞু স্বিনয় প্রার্থনা করিলেন।

"আসাম এড্ভোকেট" সম্পাদক মহাশয় আসামে "অসমীয়া ভাষার প্রচলন" বিষয়ে কিঞ্জিৎ বক্তৃতা করেন; তৎপরে সম্মিলনের সভাপতি মহাশয়কে ধল্লবাদ প্রদান পূর্মক মালনহবাসীর পক হইতে অনুক্র হইয়া আগামী বর্ষে উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিশনের চতুর্থ অধিবেশন মালদহে আহ্বান করিলেন।

আসামবাসীর পক্ষ হইতে শ্রীযুক্ত মথুরামোহন বড়ুরা মহাশর মালদহবাসীর এই সাদর নিমন্ত্রণ গ্রহণ করিয়া বঙ্গীর সাহিত্যিকগণকে ও রাজাবাহাত্ত্রকে ধন্তবাদ প্রদান করিলেন।

বন্ধীর-সাহিত্য-পরিষদের পক্ষ হইতে সমাগত প্রতিনিধিবর্গের মধ্যে শ্রীষুক্ত ব্যোমকেশ মৃত্তকী মহাশর মৃগ পুরিষদের পক্ষ হইতে র'জা বাহাত্রকে এবং সন্মিলন-সম্পাদক শ্রীষ্ক্ত ক্রেক্সচক্র রায় চৌধুরী মহাশরকে ধ্যুবাদ প্রদান করিলেন।

সন্মিলন-সভাপতি পণ্ডিত শ্রীষ্ক পদ্মাথ ভট্টাচার্যা বিভাবিনোদ এম্এ মহাশয় রাজা বাহাত্র, তাঁহার দেওয়ান প্রম্থ স্থাগ্য রাজকর্মচারিবৃন্দ ও স্বেচ্ছাসেবকগণ ক্ষাণ্ড পরিশ্রমে বাণীসেবকগণের সেবা করার সন্মিলনের পক্ষ হইতে ধন্তবাদ প্রদান করিলে উত্তর-বঙ্গণিহিতা-সন্মিলনের তৃতীয় অধিবেশন সমাপ্ত হইল।

বঙ্গীয়-দাহিত্য-দামালন

তৃতীয় বর্ধ—ভাগলপুর

সভাপতি—শ্রীযুক্ত সাংদাচরণ মিত্র এম্এ, বিএল্,

কার্য্য-বিবরণ

श्रथम पिन, : ला काञ्चन, त्रविवात, अश्रवारः।

- >। श्रानीश्र यूवकशन कर्जृक "वत्न माण्डम्" शान।
- ২। শ্রীযুক্ত বাস্থদেব শর্মা কর্তৃ ক বৈদিক গাথা পাঠ।
- ০। " শ্রামজী পাঁড়ে কর্ত্ত দংস্কৃতে মঙ্গলাচরণ।
- ৪। স্থানীয় কুমারীগণ কর্তৃক গান।
- গতবর্ষের সন্মিলনের সভাপতি ডাক্তার শ্রীযুক্ত প্রফ্রচক্স রায় ডি এস্সি, পিএচ ডি
 মহাশয় কর্ত্তক সভার উব্দোধন ।
- ৬। অভ্যর্থনা-সমিতির সভাপতি ত্রীবৃক্ত চক্রশেধর সরকার এম্এ, বিএল্ মহাশন্ধ কর্তৃক সমাগত ব্যক্তিবর্গের অভিভাষণ।
 - १। সন্মিলনের সভাপতি-বরণ—
 প্রস্তাবক—মাননীয় মহারাজ শ্রীষ্ক্ত মণীক্রচক্র নন্দী বাহাত্র (মুরশিদাবাদ)
 সমর্থক—কুমার শ্রীষ্ক্ত শরৎকুমার রায় এম্এ (রাজসাহী)
 ২৬

পরিপোষক—মাননীয় শ্রীবৃক্ত দীপনারায়ণ সিংহ (বেছারীদিগের পক্ষে) শ্রীবৃক্ত হরেক্তনাল রায় বিএল (প্রবাসী বাঙ্গালীদিগের পক্ষে)

- ৮। সভাপতির অভিভাষণ।
- ৯। সভাপতি মহাশয় কর্তৃক অনাগত ব্যক্তিবর্গের পত্রাদি পাঠ।
- > । সভাপতি মহাশার কর্তৃক নিয়লিখিত সাহিত্যিক ও সাহিত্য-বন্ধুপণের মৃত্যুতে শোক-প্রকাশ :---
 - (ক) মহামহোপাধ্যায় চক্রকান্ত তর্কালভার
 - (थ) द्रायमहत्त्व पछ नि, व्याहे, हे
 - (গ) রাজা মহিমারঞ্জন রায় (কাকিনা)
- ১১। গত বর্ষের রাজসাহী সন্মিলনের সম্পাদক শ্রীযুক্ত শশধর রাম্ব মহাশম কর্তৃক গত বর্ষের কার্য্য-বিবরণ পাঠ।
- ১২। গত বর্ধের সাহিত্যসন্মিলনে সংকলিত কার্যাগুলির মধ্যে,কতগুলি।কার্যা অগ্রসর হটয়াছে তাহার বিবরণ—
- (क) ১ম প্রস্তাব—বৈজ্ঞানিক-পরিভাষা-সমিতির কার্য্য-বিবরণ—শ্রীযুক্ত হেমচক্র দাশগুপ্ত এম্,এ।
- (খ) ২য় প্রস্তাব—মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে বাঙ্গালীর বংশহানি ও বংশবৃদ্ধির গতি পর্যাবেক্ষণের ফলাফল—- প্রীযুক্ত শশধর রায় এম্. এ, বি, এল্
- (গ) ৩য় প্রস্তাব—বাঙ্গালী জাতির উৎপত্তি নির্ণয় জন্ম উত্তরবঙ্গ হইতে উপকরণ-সংগ্রহ—শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ, বি, এ।
- (च) ৬ ঠ প্রস্তাব—বঙ্গীয়-দাহিত্য-দল্মিলনের কার্য্যপ্রণালী স্থিরীকরণ ও তাহার নিরমাবলী—শ্রীযুক্ত রামেক্রস্থলর ত্রিবেদী, এম্এ।
- (৩) ৭ম প্রস্তাব—বিশ্ববিভালয়ের প্রবেশিকা ও মধ্য পরীক্ষায় ইতিহাস, ভূগোল ও প্রণিত-শাল্কের মাতৃভাষায় অধ্যাপনা ও পরীক্ষা গ্রহণের ব্যবহা—ডাঃ শ্রীষ্ক্ত প্রফুল্লচক্র রায়
- ১৩। বঙ্গীয়দাহিত্য দশ্মিশনের আলোচনার্থ দাহিত্য, ইতিহাদ, বিজ্ঞান এই তিন বিভাগের জন্ম তিনটি শাখা-সমিতি গঠনের প্রস্তাব,

প্রস্তাবক—প্রীযুক্ত প্রফুলচন্দ্র রায়, ডি, এস্সি, (কলিকাতা)।

मम्बर्क- " ऋरत्रक्षात्रक तात्र टोध्ती, (त्रक्षभूत)

পরিপোষক—, শশধর রাম্ব, এম্এ, বিএল্, (রাজসাহী)

১৪। বর্ত্তমান সন্মিলনের দিতীয় ও তৃতীয় দিবসের আলোচ্য-বিষয়াদি নির্বাচনের জ্বন্ত "আলোচ্য-বিষয়-নির্বাচনী-সমিতি" গঠন।

প্রস্থাবক—সভাপতি।

षिजीय मिन--- श्रा कांब्रन, मामवात-- श्रुकांडू।

১। সরস্বতী-বন্দনা।

२। मार्थात्रन-मक्क ;---

- (ক) বালাবার মানব-তর্বাবোচনার উদ্দেশ্যে আপাতত: ভাগলপুর জেলার বিভিন্ন ধর্ম, বর্ণ, জাতি ও ব্যবদায়ভূক জনগণের বংশহানি ও বংশবৃদ্ধির গতি পর্য্যবেক্ষণ ব্যবস্থা করিবার নিমিত্ত ভাগলপুরকে অফুরোধ করা হইতেছে।
- (খ) বাঙ্গালী আতির উৎপত্তি-সম্বন্ধে বিহার হইতে উপকরণ-সংগ্রহ পূর্বক গ্রন্থ প্রকাশ করিবার জন্ম ভারগ্রহণে ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে, এবং সংগৃহীত তথ্য আগামী বৎসরের সম্মিলনে উপস্থিত করিবার জন্মত অনুরোধ করা হইতেছে।
- (গ) বাঙ্গালা ভাষার শব্দ-তত্ত্ব সংগ্রহের জন্ম ভাগলপুর ব্লেলার প্রচলিত বাঙ্গালা ও বিহারী ভাষার সংমিশ্রণোৎপত্ন দেকাদেকী ভাষার সর্বনাম ও ক্রিয়াপদের ভিত্ন ভিত্ন বিভক্তি-যোগ রূপভেদ সঙ্কলনের ভারগ্রহণে ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে।
- (ম) বছ-প্রাচীন কীর্ত্তি, ধ্বংদাবশেষপূর্ণ বিহার প্রদেশ হইতে প্রত্নতত্ত্ব ও প্রাচীন শিল্পাদি-বিষয়ক উপকরণ সংগ্রহ করিবার জন্ত ভাগলপুরকে অনুরোধ করা হইতেছে।
- (ও) এই সকল প্রস্তাবাত্মারে কার্য্য করিবার জন্ম উপযুক্ত ব্যক্তিগণ দারা উপযুক্ত উপায়াদি অবলম্বন ও আগামী সাহিত্য-সন্মিলনে এই সকল কার্য্যের বিবরণ উপস্থাপিত করিবার ভার সাহিত্য-পরিষদের ভাগলপুর শাখার প্রতি অর্পিত হইল।

প্রস্তাবক—সভাপতি।

০। ২য় প্রতাব—৮রমেশচন্দ্র দত্ত মহাশরের স্মৃতি-রক্ষা-করে, পূর্বাধিবেশনে পরিগৃহীত "সারস্বত-ভবন" প্রতিষ্ঠার সঙ্করের সহযোগে নিম্নলিখিত সঙ্কর গ্রহণের প্রস্তাব,—"বঙ্গীর-সাহিত্য-সন্মিলনের প্রথম অধিবেশনে "সারস্বত-ভবন" প্রতিষ্ঠার যে প্রস্তাব হইরাছিল, এই সন্মিলন এই অধিবেশনেও সেই প্রস্তাব পূন: সমর্থন করিতেছেন এবং এই সন্মিলন ইচ্ছা করেন যে, ঐ "সারস্বত-ভবন' স্বর্গীর রমেশচন্দ্র দত্তের স্মৃতিচিহ্ন স্বরূপ "রমেশচন্দ্র সারস্বত-ভবন' নামে অভিহিত করা হইবে এবং তজ্জ্য সমস্ত ভারতবর্ষের নিকট আর্থনাহায় প্রার্থনা করা হইবে। এই কার্য্য নির্বাহের জ্ল্য নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইরা "রমেশচন্দ্র স্মৃতি-সমিত্রি" নামে একটি সমিতি গঠিত হউক:—

শ্রীযুক্ত সারদাচরণ মিজ,
ভাক্তার প্রফুলচন্দ্র রাম,
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর,
মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাহর,
" সার প্রভোতকুমার ঠাকুর,
" গিরিজানাথ রায় বাহাহর,

মহারাজ রামচন্দ্র ভঞ্জ দেও, (ময়ুরভঞ্জ),

"নুপেক্তনারাষণ ভূপ, (কুচবিহার),

মহারাজ বীরেক্রকিশোর মাণিক্য বাহাছ্র, (ত্রিপ্রা),

জগদিজনাথ রার, (নাটোর)

মান্নীর মহারাজ রামেশ্বর সিংহ, (ছারবঙ্গ)

,, রণজিৎ সিংহ, (নশীপুর)

মাননীয় রাজা প্রমদানাথ রায়, (দীবাপতিয়া)

" কুমার মহেক্ররঞ্জ গায়, (কাকিনা

রাজা জানকাবল্লভ সেন, (ডিমলা রং পুর)

" বিনশ্বকৃষ্ণ দেব বাহাত্র, (কলিকাতা)

মহারাজকুমার শশিকান্ত আচার্য্য,

কুমার শহৎকুমার রাম,

,, व्यक्षण्डल निःर,

.. মন্মপ্ৰনাথ মিত্ৰ.

त्राञ्च श्रमथनाथ त्राञ्च ८होधूत्री, (मटश्राय),

" वडीक्रनाथ (ठोधूबो, (টाको)

ত্রীযুক্ত প্রফুলনাথ ঠাকুর,

" গগনেক্রনাথ ঠাকুর,

,, দভোক্রনাথ ঠাকুর,

মনেনীর শ্রীর্ক সত্যেক্ত প্রসর সিংহ, মহামহোপাধার বিজয়রত্ব দেন,

प्रश्वास्त्र । प्राप्त अभिनेत्र । प्रश्वास स्वीतः स्वास्त्र ।

ভাকার নাগমংন শমকাণ, কবিরাজ উপেন্দ্রনাথ সেন.

শ্ৰীযুক্ত যোগেন্দ্ৰনাথ দেন বিভাভূষণ,

ু আশুতোষ চৌধুগী,

্ৰ ব্যোমকেশ চক্ৰবৰ্ত্তী

ডাক্তার রাদবিহারী ঘোষ,

এীযুক্ত হুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়,

ু মতিলাল ঘোষ,

শীৰুক্ত করেশচক্র সমাজপাতি,

এতব্যতীত বলদেশের ও ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের কতিপন্ন গণামাক্সব্যক্তিগণকে লইনা এই সমিতি গঠিত হইল :

প্রস্তাবক—শ্রীবৃক্ত রামেক্রপ্লনর জিবেদী, এম্ এ, (মুরশিদাবাদ)
সমর্থক—শ্রীবৃত অকরকুমার নৈজের, এম্ এ, বি এল্, (রাজসাহী।

৪। ৩য় প্রস্তাব—প্রর্মেণ্ট ও বিখ-বিত্যালয়ের বালালা শিক্ষার ও পরীক্ষার প্রশালী, বিশেষতঃ পাঠ্য-পুত্তক নির্বাচন সম্বন্ধে সংস্থার আবশ্রক। এই বিষয়ে বিশেষ বিবেচনার পর কর্ত্তব্য নির্বারণের জন্ম নিয়্লি. থিত ব্যক্তিগণকে লইয়া একটি সমিতি নিয়্ল হউক:—

শ্রীবৃক্ত সারদাচরণ মিত্র, এম্ এ, বি এল্, (সভাপতি)

- , त्रारमञ्जूष्यमत्र जित्यमी, अम् अ
- ু রায় ষতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্
- ু মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন
- , হরেন্দ্রলাশ রায়, বি এল্
- , কুমার শরৎকুমার রায়, এম্ এ
- , ऋरब्रक्ष का बाब को धूबी
- " স্থরেশচন্দ্র সমাব্রপতি (সম্পাদক)

প্রস্তাবক-, স্থরেশচন্দ্র সমাজপতি

नमर्थक-, ऋरबन्डिन बाब ट्रोध्बी

৫। ৪র্থ প্রস্তাব—ভারতবর্ষের ভিন্ন ভিন্ন দেশের ও অন্যান্ত দেশের সাহিত্য ভারতবর্ষের অন্যান্ত প্রদেশে ও অন্যান্ত দেশে পরস্পরের মধ্যে আদৃত হইবার বিবিধ উপান্ত অবলম্বন করা আবশ্রক।

প্রস্তাবক-শীযুক্ত হরেক্রলাল রার, বি এল

সমর্থক— , খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, বি এ

পরিপোষক— " নরেশচক্র সিংহ, এম্ এ, বি এল্

- ৬। অতঃপর নিম্নলিখিত প্রবন্ধ গুলি পঠিত বা পঠিত রূপে গৃহীত চ্ইলঃ--
 - ১। ভাগলপুরের ভূবিতা সম্বন্ধে কম্বেকটি কথা —

শ্রীযুক্ত ললিডমোহন রায়, এম্ এ

- २। वित्यंत्र आकर्षणी मिलि-शोयुक हत्यामथत मत्रकात, अम् अ वि अन
- ৩। রাদায়নিক পরিভাষা—ডাক্তার শ্রীযুক্ত প্রকুলচক্র রায় ও

প্ৰবোধচক্ৰ চট্টোপাধাৰ এম্ এ

- ৪। রাসায়নিক পরিভাষা
- ৫। মকরধ্বজ ও নব্য-বিজ্ঞান প্রীযুক্ত মণীক্রচন্দ্র বন্দ্যোপাধ্যার, এম্ এ,
- ৬। ত্রিহুতে সোরার চাষ
- १। आयुर्व्यत्वत्र तामयनिक मःश्रात-श्रीयुक श्रकानन निरवात्री, अम् अ
- ৮। জাতীয় উৎকর্ষ সাধন-শ্রীযুক্ত শশধর রায়, এম্ এ, বি এল্
- ৯। বাসায়নিক পরিভাষা—শ্রীযুক্ত বঙ্কিমচক্ত মুণোপাধ্যায়, এম্ এ
- ১০। ভারতের প্রাচীন হিমনদী— শ্রীযুক্ত হেমচক্স দাশগুর, এম্ এ
 দিতীয় দিন—অপরাজ

- ১। সঙ্গীত।
- ২। ত্রীযুক্ত অক্ষরকুমার মৈত্রের মহাশর কর্তৃক প্রদর্শনীর ক্রব্যাদির ব্যাখ্যা ।
- ৩। সম্মিলনীর নিষ্মাবলীর পাণ্ডলিপি---

উপস্থাপক—সভাপতি।

প্রস্তাবক-মহারাজ এবুক্ত মণীক্রচক্র নন্দী বাহাতর।

বঙ্গীয়-দাহিত্য সন্মিলনের থসড়া নিয়মাবলী উপস্থাপিত করিয়া মহারাজ শ্রীমুক্ত মণীক্ত চক্র নন্দী বাহাত্ব এই প্রস্তাব উপস্থিত করিলেন,—"দাহিত্য-সন্মিলনের নিয়মাবলীর এই পাণ্ডুলিপি গত বর্ষের এবং বর্ত্তমান বর্ষের উপস্থিত সদস্যগণের নিকট প্রেরিত হইবে এবং ডিন মাসের মধ্যে তাঁহাদের মত লিখিয়া পাঠাইতে অন্তরোধ করা হইবে। নিয়ম-সমিতি ঐ সকল মতামত বিবেচনা করিয়া পাণ্ডুলিপি সংশোধন করা আবশ্রক বোধ করিলে সংশোধন করিয়া আগামী সন্মিলনে উপস্থিত সদস্যগণকে জানাইবেন এবং উক্ত সংশোধিত পাণ্ডুলিপি আগামী সন্মিলনে বিবেচিত হইবে। আপাততঃ আগামী বৎসরে সন্মিলনের সম্পর্কীয় যাবতীয় কার্য্য পরিচালনার ব্যবস্থা করিতে বঙ্গীয়-দাহিত্য-পরিষদের কার্য্য-নির্কাহক সমিতিকে অন্তরোধ করা হউক"।

সমর্থক-কুমার ত্রীযুক্ত শরৎকুমার রাম্ব, এম্ এ।

৪। তিবেতের টাসি লুম্পো বিশ্ববিভালয়ের চিত্র, সেধানকার করেকধানি পুঁথি, আনাম দেশের "বিশুদ্ধিবর্গ" নামক পুঁথি, "অবদান করলতার পুঁথি," প্রভৃতি বছ গ্রন্থ প্রদর্শন এবং তিব্বত, আনাম, কয়োডিয়া প্রভৃতি দেশে সভ্যতা ও ধর্ম বিস্তারে বাঙ্গানীর প্রভাব সম্বন্ধে শ্রীযুক্ত রাম্থ শরচক্র দাস বাহাছরের বক্তৃতা।

ে। প্ৰবন্ধ পাঠ,---

- (১) মুদলমান ভারতের ইতিহাদের উপকরণ— শ্রীবৃক্ত যছনাথ দরকার, এম্ এ।
- (২) বঙ্গের ইতিহাসের এক পৃষ্ঠা--- এযুক্ত পরেশচক্র বন্দ্যোপাধ্যাম, এম্এ বি এল।
- (৩) মালদহে ঐতিহাসিক অনুসন্ধান কার্য্যের পবিচয়—শ্রীযুক্ত বিনয়কুমার সরকার, এম এ।
 - (৪) জাতি-তত্তালোচনা—গ্রীষুক্ত রমাপ্রসাদ চন্দ, বি এ।
 - (e) বঙ্গ সাহিত্যে প্রত্ন-তত্ত্ব ও ইতিহাস—শ্রীযুক্ত নিধিলনাথ রার, বি এল।
 - (৬) বিষ্ণু-মূর্ত্তি পরিচয়—(রচিন্নতা পণ্ডিত গ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ) পাঠক গ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্তের, বি এল্।
 - (१) খেতুরি ভাতি--- শ্রীযুক্ত নরেশচন্দ্র সিংহ, এম্ এ, বি এল।
 - (৮) সাঁওতালগণের বিবরণ—শ্রীযুক্ত প্রভাসচক্র পাল।
 - (a) রাজবল্লভের কীর্ত্তি পরিচয়—শ্রীযুক্ত যোগে**ন্দ্রনা**থ গুপ্ত।
 - (১০) কোটালিপাড়ার কৃটশাসন--- শ্রীযুক্ত রাধালদাস বন্দ্যোপাধ্যার,।
- (১১) ভাগলপুরের ইতিহাস—শ্রীবৃক্ত কালিদাস ভাগ্নড়ী। তৃতীর দিবস—৩রা ফান্তন ১৩১৬—মঙ্গলবার, ৭॥॰ হইতে ১॥০টা পর্যাক্ত।

১। ইক্টাড।

২। ১ম শুরুর্-সাহিত্যের সঙ্গে শির ও বিজ্ঞানের উন্নতি সাধন, বৈজ্ঞানিক সত্য সমুদারের প্রগাঁচ অনুসন্ধান করিবার নিমিত্ত বাবহারিক শির-শাস্ত্র সঙ্গলন ও শির-পাঠাগার প্রতিষ্ঠা ও তহুপরোগী ধরাদি নির্মাণ করিবার চেষ্টা করা আবশুক।

> প্রস্তাবক—মহারাক শ্রীবৃক্ত মণীন্তচক্ত নন্দী বাহাহর। সমর্থক—ডাক্তার ু প্রক্রচক্ত রার, ডি এসুসি।

৩। ২র প্রস্তাব—বঙ্গের অধিতীয় মহাকবি কাশীরাম দানের বাস্তভিটা আবিষ্কৃত ও নির্শীত হইরাছে; তথার তাঁহার উপযুক্তরূপে স্থৃতি রক্ষার স্ক্রাবস্থা করা আবস্তুক।

> প্রস্তাবক—শ্রীযুক্ত কালীপ্রসন্ন বন্দ্যোপাধায়, বি এ। সমর্থক—শ্রীযুক্ত স্থরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী।

- ৪। প্রবন্ধ পাঠ---
 - (b) বর্ত্তমান সাহিত্যের গম্ববা পথ—শ্রীষ্ক জ্ঞানেক্রলাল রায়, বি এল।
 - (২) শিক্ষা ও তাহার সংস্কার— শ্রীযুক্ত থগেক্তনাথ মিত্র, এম্ এ।
 - (৩) বাঙ্গালা ভাষা ও অসমিয়া ভাষা—শ্রীযুক্ত ভারা প্রসন্ন ঘোষ বিস্তাবিনোদ।
 - (8) वाकाला मरवाधन ब्रह्म श्रीवृक्त व्यामरकम मुखको।
 - (e) বর্ণমালার অভিযোগ— শ্রীযুক্ত ললিত কুমার বন্দ্যোপাধ্যার, এম্ এ।
 - (%) (बर्प अधिवी महना-श्रीयुक्त विस्तानविशाती ताम।
 - (৭) কবি কালিদানের চিতাভূমি ও তাঁহার শেষ কবিতা—মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীষ্ক্ত সভীশচক্ত বিভাভূষণ, এম্ এ, পিএচ্ ডি।
 - (৮) ধ্মকেতু—শ্রীষ্ক্ত যোগেশচক্ত রায়, এম্ এ।
- ে। ঐীবুক রবীক্রনাথ ঠাকুর মহাশরের বক্তা।
- ৬। সভাপতির শেষ কথা।
- ৭। অভার্থনা সমিতির সভাপতির শেষ নিবেদন।
- r। धन्नवाम প্রস্তাব--
 - (ক) প্রতিনিধিবর্ণের ও অভ্যাগতবর্ণের পক্ষ হইতে অভ্যর্থনা সমিতি ও সেচ্ছা-সেবকগণকে ক্লভজ্ঞভা জ্ঞাপন।

প্রস্তাবক—শ্রীষ্ক রাধেশচক্র শেঠ, বি এল্ (মালদছ)।

ममर्थक-- , कौरताम श्रमाम विष्यावित्नाम, वम् व।

- " স্থরেশচক্র সমাজপতি।
 - ু সতীশচক্র দাস, (গোহাটী)।
- (খ) সভাপতি মহাশন্ধকে ক্বতজ্ঞতা জ্ঞাপন—
 প্রস্থাৰক— শ্রীযুক্ত চন্দ্রশেধর সরকার, এম্ এ, বি এল্।
 সমর্থক— "হরেক্রলাল রাম, বি এল্।
 পরিপোষক— অক্যকুমার মৈত্রেম, বি এল্।

৯। নিম্ত্রণ

ষয়মনসিংহবাসীদিগের পক্ষ হইতে নিমন্ত্রণ— শ্রীযুক্ত বোগেন্দ্রনাথ গুপ্ত।

अञ्चलांक , (इमहत्त नांच खरी, धम् এ।

গোরীপুর উত্তর-বঙ্গ-সাহিত্য-সন্মিলনে উপস্থিত পরিষদের প্রতিনিধিগণ

রাজা প্রীষ্ক প্রভাতচন্দ্র বড়ুরা বাহাত্র (পৌরীপুর) শ্রীষ্ক পদ্মনাথ ভট্টাচার্দা বিস্থাবিনোদ এম এ, (গোহাটী) শ্রীষ্ক স্করেক্রচন্দ্র রায় চৌধুরী—(রঙ্গপুর) শ্রীষ্ক দিক্ষেশচক্র চক্রবর্তী এম্ এ, বি এল্, (গৌরীপুর) শ্রীষ্ক পঞ্চানন সরকার এম্ এ, বি এল্, (রঙ্গপুর) শ্রীষ্ক্র সতীক্রদেবক নন্দী, শ্রীষ্ক্র রাধালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীষ্ক্র বোমকেশ মৃক্তফী কলিকাতা।

ভাগলপুর বঙ্গায়-সহিত্য-সন্মিলনে উপস্থিত সাহিত্য-পরিষদের প্রতিনিধিগণ

প্রীবৃক্ত সারদাচরণ মিত্র, মহারাজ শ্রীবৃক্ত মণীক্তচক্র নন্দী বাহাত্র, কুমার শ্রীবৃক্ত শরৎকুমার রাম, ত্রীযুক্ত রবীল্রনাথ ঠাকুর, ডাঃ প্রফুল্লচক্ত রাম, জীযুক্ত প্রফুলনাথ ঠাকুর, পল্লনাথ ভট্টাচার্য্য, স্থরেক্সচক্র রায় চৌধুরী, স্থরেশচক্র সমাজপতি, লগিতকুমার বন্দ্যোপাধ্যাধ, গ্রায नंबक्तक पान वाहांद्रव, किर्नाबीत्याह्न ट्वियुबी, नन्धव बाब, बमा श्रमान हन्त, नकानन निर्वाधी, बराक्तनाथ हर्द्धालाशाञ्च, मरहळनाच मृत्यालाशाञ्च, मणेळहळ वरकालाशाञ्च, अत्वाधहळ **हट्हाशाधाव, व्याप्त मृत्याशाव, वाधाकुमूल मृत्याशावाव, विनवकुमात महकात, विनवकुमात ट्रिन, बराज्यनांव मिळा,** विभिनविद्याती खेळा, कांनी श्रमन वत्नांभाषात्र, निविननांव तात्र, बक्नांच महकाव, अभूमाहत्रन (बाव विकाज्यन, हाकहत्त्व मिळ, कीरवान अमान विकादिरनान, टेनलमहत्त्व मञ्जूमनात्र, बागीनाथ नन्ती, कूमात्र ब्लान्सहत्त्व शीएड, कूमात्र व्यकारभव्यकत्त्व शीएड, রামকমল সিংহ, সতীক্রসেবক নন্দী, বোগেক্রনাথ গুপ্ত, তারাপ্রসন্ন ঘোষ বিভাবিনোদ, বৈগ-नाथ माहा, त्याजिः अमान मिःह, मथुतानाथ मिःह, वमखब्रबन बाह, ह्यांनाम बाह, अगरीननाथ मृत्यानायात्त्र, इतर्गानान मान-कूछु, भारतीनकत मान छन्न, त्रार्थमहन्त्र त्मर्थ, वरकान-शांशांत्र. ऋरत्रस्मनाथ ठरहोां शांशांत्र, तामविशात्री वरन्ताशांशात्र, हरत्रक्रतः लाहिष्ठी, यांशीळ-প্রসাদ মৈত্র, বসন্তকুমার মিত্র, সঙ্গাপ্রসন্ধ বোষ, মহাশর তারকনাথ ঘোষ, সৌরেক্রমোহন निःइ, नरत्रमहत्त निःइ, देखनात्राद्य (चाय, भरत्रमहत्त वरन्त्राभाषात्र, स्वात्र नाथ मङ्ग्यनात्र, মণীজনাথ প্রলোপাধ্যার, হরেজ্বাল রার, দাশরাথ দিংহ ব্যোমকেশ মুক্তফী, রাধালদাস बक्काभाशांत्र, त्रारमञ्जूकत जित्तनी, (हमहज्ज नाम खर्थ,।

বঙ্গীয়-সাহিত্য-পরিষণ।

বর্ত্তমান বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্তৃক নিম্নোক্ত বিষয় সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধের জন্ম নিম্নলিখিত পদক ও পুরস্কার প্রদত্ত হইবে।

- (১) হেম্চন্দ্র নিগ্র-প্রাপ্ত নিষ্ণা ক্রির হেম্চন্দ্রের ক্রিভার ছন্দ ও অলম্বার। হেম্চন্দ্র-শ্বতি-রক্ষা-তহবিলের আম হইতে প্রান্ত হইবে।
- (২) বীরেশ্বর পাঁতে পুরক্ষার—মূল্য নগদ ১০০, একশত টাকা।
 বিষয়,—বেদে (অর্থাৎ মপ্তরান্ধণাত্মক সমস্ত বৈদিক সাহিত্যে) উক্ত দেবগণের রূপ করনা।
 পুরস্কারদাতা শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে।
- (৩) কৃষ্ণ বিশোদিনী অর্প পদক। বিষধ,—বাঙ্গালার বাউন সম্প্রদারের ইতিবৃত্ত। প্রস্কারদ্ধাতা শ্রীবৃক্ত হ্ববীকেশ মিত্র।
- (৪) প্রভাবতী পুরক্ষার—৪° চিন্নণ টাকা ম্ল্যের পুস্তক। রিবর,—
 প্রচলিত বালালা ব্রতক্থা অবলয়নে নারীজাতির গার্হস্থা ধর্ম। পুরস্থারদাতা শ্রীকৃক্ষ রাজবল্লভ মিত্র।
- (৫) রজনীকান্ত রৌপ্য পদক। বিষয়—৮ কবিবর রজনীক্ষান্ত গেন। পুরস্কারদাতা 'পাবনা ইউনিয়ন' সভা।

প্রবন্ধ গলিতে পরিশ্রম ও অনুসন্ধানের পরিচয় থাকা চাই। পরিষদের নির্ক্ত পরীক্ষকগণের অনুমোদিত না হইলে কোন প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইবে না। বিতীর,
তৃতীয় ও পঞ্চম প্রবন্ধ যে কোন ব্যক্তি লিখিতে পারিবেন; প্রথম প্রবন্ধ কুল কলেজ
চতুম্পাঠী মাদ্রাদার ছাত্র ব্যতীত এবং চতুর্থ:প্রবন্ধ মহিলা ব্যতীত অন্ত কেহ-লিখিতে
পারিবেন না। প্রবন্ধ গুলি আগামী ফান্তণের মধ্যে ভাল কাগজের এক পৃষ্টে পরিচ্ছয়েরণে
লিখিরা ২৪০০০, আপার সাক্লার রোড সাহিত্য-পরিষৎ-মন্দিরে পরিষ্ৎ-সম্পাদকের
দিকট পারিইতে হইবে।

সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

বঙ্গীর-সাহিত্য-পরিষদের

সপ্তদশ সাৎবৎসরিক কার্য্য-বিবরণী

২৪৩)১ অপার সার্কার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মান্দর হইতে শ্রীরামকমল সিংহ কর্ত্তক প্রকাশিত

কলিকাতা

তুমি বিজ্ঞা তুমি ধণ্ম
তুমি হৃদি তুমি মণ্ম
ত্বংহি প্রাণাঃ শরারে।
বাহুতে তুমি মা শক্তি
হৃদয়ে তুমি মা ভক্তি
তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে॥



Printed by Jyotish Chandra Ghosh 57, Harrison Road, Calcutta.

সাহিত্য-পরিষৎ-পত্রিকার উদ্দেশ্য ও নিয়মাবলী

- >। কোনরপ মৌলিক অমুসন্ধানের পরিচয় না থাকিলে কোন প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হয় না। মৌলিক অমুসন্ধান দ্বিধ—(ক) লুপ্ত তথ্যের উদ্ধার, (ধ) অভিনব সত্যের আবিষ্কার।
 - २। पृष्टोख्यक्रभ, निम्निविष्ठ विषय स्मोनिक अन्नम्कान विस्वविधार श्रार्थना कवि:---
 - (ক) ভাষাতত্ত্ব, ভাষাবিজ্ঞান, ব্যাকরণ, অভিধান, প্রাদেশিক শব্দসংগ্রহ, পরিভাষা ইত্যাদি।
 - (খ) প্রাচীন গ্রন্থাদির আলোচনা, প্রাচীন কবিগণের বিবরণ, অমুদ্রিত বাঙ্গাল। পুথি প্রকাশ এবং ওৎসপ্তরে আলোচনা ইত্যাদি।
 - (গ) পুরাতত্ত্ব, প্রাচীনকীর্ত্তির বিবরণ, প্রাচীন ঐতিহাসিক স্থানের বিবরণ, প্রাচীন শিলালিপি, তাদ্রলেখ ইত্যাদির আলোচনা।
 - (घ) কথা, কাহিনী, প্রবচন প্রভৃতি গ্রাম্য-সাহিত্যের আলোচনা।
 - (ঙ) উদ্ভিদ্-বিস্থা, জীববিস্থা, ভূ-বিস্থা, রসায়ন, জ্যোতিষ, চিকিৎসা প্রভৃতি প্রাকৃতিক ও পদার্থবিস্থাবিষয়ক মালোচনা।
 - ৩। অভিজ্ঞ ব্যক্তিগণের সাহায্য গ্রহণ করিয়া প্রিকা-সম্পাদক প্রবন্ধ-নির্বাচন করেন।
- ৪। সাধারণতঃ প্রবন্ধর প্রফা লেখকগণের নিকট পাঠান হয় না, স্কুতরাং লেখকগণ কাগজের এক পিঠে প্রবন্ধাদি স্পষ্ট করিয়া পাঠাইবেন।
- ৫। বাঙ্গালা ভাষার সাহায্যে যে সমুদ্র নৃতন আবিস্তুত সত্য এবং মৌলিক প্ৰেৰণ।
 প্রকাশিত হন্ন, তাহার সহিত পরিচিত হওয়। প্রত্যেক বঙ্গভাষাভাষীর অবশু কর্ত্তবে। বাঙ্গালাসাহিত্যে এই উদ্দেশ্য-সাধনার্থ আর কোন দ্বিতীয় পত্তি হা নাই। এই পত্তিকার পৃষ্টিবিধান
 ও বহুল প্রচারকল্পে সকলকে আয়াস শ্বীকার ক্রিতে সাম্নয় আম্বোধ করা ঘাইতেছে।
 - ৬। ডাক্মাণ্ডল সমেত সর্বাত্ত বার্ষিক মূল্য এপ আনা। ইহা ত্রৈমাাসক প্রকাশিত হয়।

শ্রীনগেন্দ্রনাথ বস্ত্র পত্তিকা-সম্পাদক।

সূচী **প্রথম খণ্ড**

ৰিষয় ্	পৃষ্ঠা	विवन	পৃষ্ঠা				
দিন পঞ্জিকা		সভ্যতালিকা—					
निष्याचनी निष्याचनी		বিশিষ্ট	৩৮				
কর্মচারিগণের আগুস্ত তালিকা	> 0	আন্দীবন	৩৮				
বৰ্ষশেষে সভ্যসংখ্যা ও বাৰ্ষিক আৰু	25	বিশেষ	৩৯				
স্থানী ধন-ভাগুারে দান	20	সাধারণ (ক লিকা তা)	৩৯				
সাহিত্য-পরিষং-গ্রন্থাবলী	28	,, (यकत्रन)	63				
পত্তিকায় প্রকাশিত প্রবন্ধ	२•	हांब	4				
অধিবেশনে পঠিত "		শাখা-পরিষদের নিম্নাবলী	49				
গ্ৰন্থ-প্ৰকাশ-সমিতি	99	১৩১৮ वजारकत्र कर्माठादिशंव	22				
শক্-সমিতি		পত্রিকা-পরিচালন-সমিতি	३ २				
পরিভাষা-সমিতি	96						
দ্বিতীয় খণ্ড							
	•	1 43					
বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা				
সপ্তদশ সাংবৎসরিক কার্য্যবিবরণী	>	নবীনচক্ত স্মৃতি-রক্ষা তহবিলে দান	82				
পরিশিষ্ট—		র্ষেশ ভবন তহবিল	88				
বিনিময়ে প্রাপ্ত পত্রিকাদি	•	গ্ৰন্থকাশ ভহবিশ	88				
১৩১৭ বঙ্গান্ধের আন্ত-ব্যন্ত বিবরণ	೨೨	হেষ্চন্দ্ৰ স্থৃতি তহবিল	89				
১৩১৮ ় আতুমানিক আয়-ব্যয়	98	স্থায়ী তহবিল	81				
দেনা পাওনার বিবরণ	98	রশনীকাম্ভ সেন স্মৃতি-তহবিল	88				
গৃহ-নিৰ্ম্মাণ ভহবিল	೦ನಿ	শিশিরকুমার স্মৃতি তহবিল	6 .				
গৃহ-নিশ্বাণ তহবিলের দেনা-পাওনা ৪ •		পোষ্ট-অফিন দেভিংদ্-ব্যাঙ্ক	(•				
মধুস্দন স্মৃতি-রক্ষা তহবিশ ৪১							
ততীয় খণ্ড							
6-m	পৃষ্ঠা	विषय	cu hi				
বিষয়	ر آھا	ापपत्र त्राक्रमारी भाषा	পৃষ্ঠা ২•				
- No Translitti		त्राजनारा नापा वात्रावनो "	22				
ছাত্ত সভা র কার্য্যবিষরণ ২ সাহিত্য-পবিষৎ-পর্যকালয় ৬		বাসাণণ। " উত্তর ৰঙ্গ সাহিত্য-সন্মিশন (মালদং)	२ ०				
সাহিত্য-পরিবৎ-পুস্তকালর চিত্ত শালা—	9	বঙ্গীয়-সাহিত্য-সন্মিলন (ময়মনসিংহ)	24				
	Ą	মালদহ সন্মিলনে উপস্থিত পরিষদের	40				
মুদা মুর্ক্তি প্রভৃতি		याणगर गात्रगटन जगाङ्कः गात्रवटन प्र श्रीकिंगिर्ध	99				
শৃষ্ট এড়াত শাধা-পভার কার্যাবিবরণ	>•	•	01				
ব্ৰহ্পপুর শাধা		মন্ত্রমনসিংহ সন্মিলনে উপস্থিত পরিষদের প্রতিনিধি	৩)				
·	>8		91				
ভাগলপুর শাধা	76	মালদহ জাতীর- শিক্ষা- সমিতির	•				
বহুরমপুর শাখা ১৯		সাহিত্যাগোচনা বিভাগ	70				
মন্ত্ৰমনসিংহ শাখা	₹•						

সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

অষ্টাদশ বৰ্ষ

১৩১৮ বঙ্গান্দ, ১৮৩৩ শকান্দ, ১৯১১-১৯১২ খ্টান্দ

প্রথম খণ্ড

- your

দিন-পঞ্জিকা

পর্বাদিন

প্রতি সপ্তাহে বৃহস্পতিবার এবং নিম্নোক্ত পর্কদিন ব্যতীত প্রতাহ সম্পাদক কর্তৃক নিদ্ধারিত সময়ে (বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্যান্ত) সাহিত্য-পরিষদের কার্যালয় থোলা থাকিবে।

নববৰ্ষ	১ বৈশাৰ	हे न ल फिरत्	৮ আধিন
সত্রাটের জন্মদিন	৮ আষাঢ়	বড়দিন	৯ পৌয
রথযা ত্রা	১০ আষাঢ়	মহরম	১৬ পৌষ
জনাষ্টমী	৩২ শ্ৰাৰণ		
হৰ্গোৎসৰ	১১২৫ শে আধি	म	
রাধীদংক্রান্তি	৩০ আধিন	•	
খামাপুজা	৪ কার্ত্তিক		
ভাতৃদ্বিতীয়া	৬ কাৰ্ত্তিক		
জগদাত্ৰীপূঞ্জা	১৪ কার্ত্তিক		
কাৰ্ত্তিকপূ জা	৩• কাৰ্ত্তিক		
সরস্বতীপূ জা	১০ মাৰ		
দোলষাত্রা	२० काञ्चन		
यहां विश्व - मः का श्रि	20 7576		

		বৈশা	থ				6	ब्हा र्छ		
সোম		8	>>	: b	ર∉	>	ь	>¢	२२	২৯
মঙ্গল		Œ	53	\$2	२७	ર	۵	>4	२७	•
বুধ		9	30	२०	२१	•	>•	29	₹8	92
বৃহস্পতি		٩	28	۲۶	२४	8	>>	74	20	७२
9 4	>	ъ	>6	२२	२२	æ	>5	29	२७	
শ্নি	ર	৯	১৬	२ ७	9.	৬	20	₹•	२१	
রবি	•	٥٠	>9	₹8	٥٥	٩	8 €	45	21	
		আষা	ঢ় -	٠,			Œ	াবণ		
সোম		8	>>	2F	ર¢	>	ь	>@	२ २	२३
মঙ্গল		¢	>5	29	२७	ર	8	36	२०	.00
বুধ		4	20	२०	२१	•	>•	39	₹8	ره
বৃহস্পতি		٩	>8	२५	२৮	8	>>	24	3 ¢	૭ર
শুক্র	>	ъ	>4	२२	२२	¢	>5	6 <i>c</i>	२७	
শনি	ર	\$	74	२०	٥.	9	20	२०	२१	
রবি	9	>•	39	₹8	9>	٩	>8	२১	२४	
		ভাত	Ī				আ	শ্বিন		
দোম		8	٠,	24	₹ ¢	>	ь	>¢	२२	२३
মঙ্গল		•	>5	79	२७	ર	8	>0	२७	•
বুধ		৬	>0	5 0	२१	•	> •	>9	₹8	
বৃহস্পতি		٩	>8	٤5	२४	8	22	74	२€	
শুক্র	>	r	>4	२२	२৯	¢	>>	79	२७	
শনি	5	ત	>७	२७	•	৬	20	२०	२१	
রবি	9	> •	>9	\$ 8	9>	٩	28	२५	54	

রঙ্গলাল বন্দ্যোপাধ্যারের মৃত্যু, ১লা বৈশাথ ১২৯৪
বন্ধীয়-দাহিত্য-পরিনদের প্রতিষ্ঠা, এই বৈশাথ ১২০১
বিহারীলাল চক্রবর্তীর জন্ম, ৮ই জ্যৈষ্ঠ ১২৮০
বিহারীলাল চক্রবর্তীর মৃত্যু ১১ জ্যৈ ১৩০১
রজনীকান্ত গুপ্তের মৃত্যু, ৩০ ল্যেষ্ঠ ১০০৭
অক্ষর্কুমার দত্তের জন্ম, ১ শ্রাবণ ১২২৭
র জেশ্রলাগ মিত্রের মৃত্যু, ১১ শ্রাবণ ১২৯৮
কালীপ্রসার গোবের মৃত্যু, ১৩ শ্রাবণ ১২১০

হেমচন্দ্ৰ ব ন্দ্যাপাধ্যায়ের জন্ম, ৬ই বৈশাখ ১২৪৫
ভূ:দব মুখোপাধ্যায়ের মৃত্যু, ১লা জ্যৈষ্ঠ ১৩০১
হেমচন্দ্ৰ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১০ই জ্যাঠ ১৩১০
অক্ষক্মার দত্তের মৃত্যু, ১৪ জ্যোঠ ১২৯৩
মধুস্থান দত্তের মৃত্যু, ১৬ আবাঢ় ১২৮০
Bengali Academy of Literature প্রতিঠা,
৮ শ্রাবণ ১৩০০

ঈখরচন্ত্র বিভাসাগরের মৃত্যু, ১৩ শ্রাবণ ১২৯৮

		কাৰি	ৰ্ভ্তক					অ	গ্ৰহায়ণ		
গো		৬	20	२०	२१			8	>>	> b	₹€
মঙ্গল		9	>8	२५	34			·	3 5	>>	२७
ৰুধ	>	ь	50	२२	২ ৯			s	20	२ ०	29
বৃহস্পত্তি	ર	>	20	२७	৩۰			9	38	25	२৮
প্তক	9	>•	>9	₹8			>	6	30	२२	₹\$
শনি	8	22	76	₹#			ર	8	36	ર૭	٥.
রবি	¢	\$5	79	₹.9			•	>•	39	₹8	
		পে	ষ						শ্বাঘ		
গোম ়		ŧ	۶	>9	२७	•	>	ь	36	૨ ૨	२क
মঙ্গণ		•	>•	59	₹8		2	৯	> ક	ર૭	
বুধ		, 8	>>	74	२৫		•	>•	39	28	
বৃহস্পতি		a	>>	>>	२७		8	>>	74	₹¢	
শুক্র		•	20	२०	29		Œ	32	>>	25	
শৰি		٩	28	२১	२৮		•	20	२०	29	
রবি	>	۶	36	२२	२२		٩	>8	२५	२৮	
		ফাল্প	ন					5	চত্ৰ		
সোম		٩	>8	25	२৮			œ	>>	\$5	২৬
মঙ্গ ল	>	ь	> ¢	૨ ૨	२ रु			હ	20	२०	૨ ٩
বুধ	ર	8	36	२७	o .			٩	28	52	२४
বৃহস্পত্তি	9	>•	>9	₹8			>	ь	> ¢	२२	; >
শুক্র	8	>>	72	२৫			\$	જ	3.9	२७	•
শনি	¢	25	>>	२७			•	> 0	>1	₹8	৩১
त्रवि	৬	>9	२०	२१			8	>>	34	₹¢	

ষারকানাথ বিস্তাভূষণের মৃত্যু, ৮ ভাদ্র ১২৯৩ দীনবন্ধু মিত্রের মৃত্যু, ১৬ কার্ত্তিক ১২৮০ কেশবচন্দ্র সেনের মৃত্যু, ২৫ পৌষ ১২৯• পশরচন্দ্র গুপ্তের মৃত্যু, ১০ মাঘ ১২৬৫ मधूर्मन माख्त जना, ১२ माच ১२७० নবীনচক্র সেনের জন্ম, ২৯ মাঘ ১২৫৩ वाष्ट्रक्रमान भिरव्यव खन्म, ৫ काञ्चन ১২২৮ <mark>জাতীয় শিক্ষা পরিষৎ প্রতি</mark>ঠা, ২৭ ফাব্তন ১৩১২ রামনিধি গুপ্তের মৃত্যু, ২১ চৈত্র ১২৪৫ ব্দিমচন্দ্র চট্টোপাধ্যান্নের মৃত্যু, ২৬ চৈত্র ১৩০০

রজনীকান্ত গুপের জন্ম, ২৯ ভার ১২৫৬ প্যারীটান মিজের মৃত্যু, ১১ অগ্রহান্ত্রণ ১২৮৭ দেবেক্রনাথ ঠাক্রের মৃত্যু, ৬ মাখ ১৩১১ নবীনচক্র সেনের মৃত্যু, ১০ মাঘ ১৩১৫ গৌরীশকর ভট্টাচার্য্যের মৃত্যু, ২৫ মাম ১২৬৫ ভূদেব মুখোপাধ্যায়ের জন্ম, २ कोञ्जन ১২৩২, ঈবংচন্দ্র গুপ্তের জন্ম, ২৫ ফাল্পন ১২১৮

বঙ্গীয়-দাহিত্য-পরিষদের নিয়মাবলী

সভার উদ্দেশ্য ও নাম

- ১। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও সাহিত্যের অনুশীলন ও উন্নতি সাধনাই পরিষদের উদ্দেশ্য। সভার নাম--বঙ্গীয়-সাহিত্য-পরিষ্থ।
- ২। এই উদ্দেশ্য-সাধনার্থ নিম্নলিখিত ও আবেশুক হইলে তদতিরিক্ত উপায়সমূহ সঙ্কলিত হইবে: যথা,---
 - (क) বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান-সঙ্গলন।
 - (थ) देवळानिक ९ मार्गनिक मंत्म्त পরিভাষা সঙ্কন।
 - (গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।
- (%) দর্শন, বিজ্ঞান, ইতিহাস কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থানির প্রকাশ।
- (5) "গাহিত্য-পরিষং-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একথানি সাময়িক পত্রিকা-প্রচার। পত্রিকাথানি আবশুকমত মাসিক বা ত্রৈমাসিক হইবে।

উপরোক্ত বিষয়-সমূহ সম্বন্ধে যথন যাহা সংগৃহীত হইবে, তাহা পরিষথ-পত্রিকার প্রকাশিত হইবে; কিন্তু আবশুক বোধ হইলে, সংগৃহীত বিষয়সকল পত্রিকার প্রকাশিত না হইয়া স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত হইতে পারিবে। কার্য্য-নির্বাহক-সমিতির সম্মাতি ভিন্ন কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা বা সমালোচনা হইবে না।

- ছে) পরিষদের উদ্দেশ্যের অন্তর্গত (গ) ধারার কার্য্য-সম্পাদনের নিমিত্ত "প্রাচীন-বাঙ্গালা-গ্রন্থবিলী" নামে একথানি বৈমাসিক পত্র প্রকাশিত হইবে। উহাতে অমুদ্রিত ও অপ্রকাশিত প্রাচীন বাঙ্গালা-গ্রন্থবিলী থগুণঃ প্রকাশিত হইবে।
 - (জ) আবগুক্ষত প্রাচান-বাঙ্গালা-গ্রন্থাবলী সম্পূর্ণ গ্রন্থাকারেও প্রকাশিত হইবে।
 প্রিথদের অধিবেশন
- ০। কলিকাতার হালশীবাগান ২৪০।১ অপার সার্কুলার রোড সাহিত্য-পরিষৎ-মন্দিরে প্রতিমাদের শেষ সপ্তাহের রবিবারে বা প্রয়োজন হইলে মন্ত্রায়ে ও অন্তর্জ অপরাহে সম্পাদকের আহ্বানে পরিষদের সাধারণ প্রধিবেশন হইবে। তদ্ভিন্ন কোন বিশেষ প্রয়োজন উপস্থিত হইলে, অপবা অস্ততঃ দশজন সভা হেতুনির্দ্দেশপূর্কক প্রস্থারা অভিপ্রায় প্রকাশ করিলে, সম্পাদকের আহ্বানে বিশেষ সাধারণ সভা আহ্ত হইবে। অনিবার্য্য কারণে কোন মাসিক অধিবেশন স্থগিত থাকিতে পারিবে।
 - ৪। পরিবদের কার্যা-বিবরণ উক্ত পরিষং-পত্তিকাম্ব প্রকাশিত হইবে।
 - ৫। স্বাদশব্দন সভা উপস্থিত হটলে পরিষ্দের কার্য্যারম্ভ হইবে।
 - ७। गांत्रिक अधिरवन्दन श्रेथान छः "नाहिज्यानि" नम्रदक्ष बारलाहना इहेरव ।
- ৭। সভাপতি পরিসদের ক্ষ্যারন্তের অনুমতি প্রদান করিলে, নিম্লিখিত প্রকারে কার্য্য আরম্ভ হইবে।
 - (ক) পূর্বে অধিবেশনের কার্য্য-বিবরণ পাঠ ও অনুমোদন।
 - (थ) मछा-निर्माहन।

- (গ) সভার বিজ্ঞাপিত কার্য্য।
- (খ) কার্য্য-নির্কাহক-সমিতি কিংবা সভাপতিকর্তৃক নির্দারিত কোন বক্তা বা প্রবন্ধ পাঠ।
- ৮। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময়ে কোন সভা সেই বিষয় সম্বন্ধে একবার এবং প্রস্তাবক ত্রহ্বারের অধিক বক্তবা প্রকাশ করিতে পারিবেন না; তবে অধিকাংশ সভাের মত বা সভাপতির অনুমতি পাইলে এই নিয়মের বাতিক্রম ছইতে পারিবে।

সভা

- ন। বাঙ্গালাদাহিত্যামুরাগী শিক্ষিত বা দাহিত্যদংদারে লক্ষপ্রতিষ্ঠ ব্যক্তিমাত্রই পরিষদের 'দাধারণ সভা' নির্বাচিত হইতে পারিবেন। নির্বাচিনের প্রণালী এইরপ্রহুটবে;—পরিষদের দাধারণ অধিবেশনে একজন সভা কর্তৃক তাঁহার নির্বাচন প্রস্তাবিত অপর সভাকর্তৃক সমর্থিত এবং সভাকর্তৃক অনুমোদিত হইলে, তিনি দাধারণ সভারপে গণ্য হইবেন।
- (ক) যথারীতি নির্মাচনের পর সম্পাদক নির্মাচিত ব্যক্তির নিকট তাঁহার নির্মাচন-সংবাদ ও তৎসহ সেই সময়ে প্রচলিত নিয়মাবলীর একখণ্ড পাঠাইবেন।
- (খ) উক্ত ব্যক্তি তাহার নির্মাচন-সংবাদ প্রাপ্তির একমাস মধ্যে প্রবেশিক। ১ এক টাকা প্রদান না করিলে, সভ্যশ্রেণীভূক্ত হইবেন না এবং সভ্যের কোন অধিকার প্রাপ্ত হইবেন না।
- > । পরিষদের ব্যশ্বনির্বাহার্থ প্রত্যেক সাধারণ সভ্যকে প্রবেশিকা ১ এক টাকা এবং অন্ততঃ ॥ । আটে আনা করিয়া মাসিক চাঁদা দিছে হইবে।
- ১১। খ্যাতনামা লেখকগণ বঙ্গায়-সাহিত্য-পরিষদের "বিশিষ্ট-সভ্য" নির্বাচিত হইতে পারিবেন। ানর্বাচনের প্রাণালা এইরপ গ্রুবে ,— মন্।ন পাঁচজন সভ্য কোন ব্যক্তিকে বিশিষ্ট সভ্য করিবার প্রভাব প্রস্থারা জানাইলে, পরিষদের সাধারণ অধিবেশনে ঐ প্রস্থাব "বালেট" দারা বিবেচিত হইবে। যদি সভা ঐ প্রস্থাবের অন্থমাদন করেন, তবে প্রস্থাবিত সভ্যান নাম প্রবারা সমস্ত সভ্যের নিকট প্রেরিত হইবে। তাঁহাদের নিকট গ্রুতে বে স্থাবিত প্রতার বাহিবে, তাহার জি-চতুর্থাংশের সম্মতি- মন্স্যাবে সেই সভ্যকে বিশিষ্ট সভারপে নির্বাচিত কর। হইবে।
 - (Ф) বিশিষ্ট সভ্যের সংখ্যা ১২ জনের অধিক হইবে না।
- (খ) যাঁহার। পরিষদে অর্থনাহায় ভিন্ন অন্ত উপায়ে বিশেষভাবে পরিষদের উপকার করেন বা যাঁহাদের নিকট পরিষৎ এরপ কোন উপকারের আশা করেন, তাঁহারা সাধারণ সভ্যরূপে নির্বাচিত হইতে অক্ষম হইলে, গাঁহাদিগকে "বিশেষ সভ্য" কপে নির্বাচন করা হইবে।
- (গ) বিশেষ সভাগণ পরিষদের উদ্দেশ্য সম্প্রণজন্ত পরিষদের কোন না কোন কার্য্যে নিষ্ক্ত থাকিবেন।
- ১২। সাধারণ সভা, বিশিষ্ট সভা ও বিশেষ সভা ভিন্ন "ছাজ-সভা" নামে পরিষদের ভার এক শ্রেণীর সভা থাকিবেন।

(ছाजमञा-मरकान्ध विरमय निष्ठमानि এই निष्ठमावनौत्र रमवाराम जहेवा)

সভোর অধিকার

- ১০। পরিষৎকর্ত্ক বাহা কিছু মৃদ্রিত ও প্রকাশিত হইবে, প্রত্যেক সভ্য তাহার এক এক থণ্ড বিনামৃশ্যে প্রাপ্ত হইবেন; কিন্তু সাহিত্যাদি বিষয়ে বাহা স্বভন্ত প্রকাকারে প্রকাশিত হইবে, তাহা এ নির্মের অন্তর্গত নহে।
- কে) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" এবং "প্রাচীন-বাঙ্গালা-গ্রন্থাবলী" ছাত্রসভ্যগণ বাতীত সকল সভাই বিনামূল্যে এবং বিনাব্যন্ত্রে পাইবেন।
- (খ) কোন সভ্যের পত্তিকার পুরাতন খণ্ড বা সংখ্যা প্রয়োজন হইলে তাঁহাকে তাহা অর্দ্ধস্লো ক্রের করিতে হইবে।
 - (१) श्रष्टावनीत मःथा व्यक्तमृत्ना (म अद्रा हहेरव ना ।
- ১৪। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা মৌখিক প্রশ্নদারা সভার অবস্থা, বিধি-ব্যবস্থা ও অক্সান্ত সংবাদ জ্ঞাত হইবার এবং সভার কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও গ্রন্থাদি দেখিবার অধিকার সকল সভ্যেরই রহিবে।
- ১৫। কোন সভ্যের দেয় টাকা ছয় মাস কাল ব্দত্ত থাকিলে তাঁহার নাম কার্য্য-নির্বাহক-সমিতির সম্মতিক্রমে সভার তালিকা হইতে উঠাইয়া দেওয়া যাইবে।
- (क) যাঁহাদের নিকট সভার চাঁদা নিয়মিতরপে আদায় না হইবে, তাঁহাদিগকে বিনামূল্যে "প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলী" দেওয়া হইবে না।
- (খ) যে সভ্যের চাঁদা ছয়মাস কাল বাকি থাকিবে, তিনি কার্য্য-নির্বাহক-সমিতির সভ্য হইতে পারিবেন না।
- (গ) কার্য্য-নির্প্রাহক-সমিতির কোন নির্প্রাচিত বা মনোনীত সভ্য যদি ছয় মাস পর্যায় টাদা বাকি রাথেন, তবে কার্য্য-নির্প্রাহক-সমিতি তাঁহার স্থানে অপর একজন সভ্য মনোনীত করিতে পারিবেন।
- ১৬। পরিষদের ন্তন সভ্যগণ নির্দাচন-সমরের পর হইতে অর্থাৎ যিনি যে সময়ে সভা হইবেন, সেই সময়ের পরবর্তী সংখ্যা ১ইতে প্রিকা ও গ্রন্থালী পাইবেন। তৎপূর্ববর্তী সংখ্যা বা খণ্ড লইতে হইলে, তাহা অর্দ্ধম্লো ক্রেয় করিতে হইবে। গ্রন্থালী অর্দ্ধ্যাল দেওয়া হইবে না।
- ১৭। পরিষদের উন্নতিকল্পে যাঁহারা পরিষদের সাধারণ তহবিলে এককালে ৫০০ বা তদতিরিক্ত টাকা দান করিবেন, তাঁহারা আজীবনকাল পরিষদের সভা বলিগা গণ্য হইবেন।
- (ক) বিশেষ বিশেষ কার্যোর জন্ম পরিষদের যে সকল স্বতম্ব তহবিল আছে অর্থাৎ গ্রন্থ-প্রকাশ তহবিল, গৃহনিশ্বাণ-তহবিল, বাক্তিবিশেষের স্মৃতিচিক্স্থাপন-তহবিল বা পুরস্কার-প্রবন্ধের তহবিল,—এই সকল তহবিলে ৫০০ টাকা পরিমাণ দান ১৭ নিয়মের অন্তর্গত বলিয়া গণা হইবে না।

পরিষদের পরিপোষক

১৮। পরিষৎ ইচ্ছা করিলে, এক বা একাধিক ব্যক্তিকে পরিপোষক মনোনীত করিতে পারিবেন।

পরিষদের কর্মচারী

১৯। পরিষদের কার্য। স্কুচারুক্কপে নির্বাহার্থ দাধারণ সভাকর্তৃক সভ্যশ্রেণী হইতে নিম্নলিথিত কর্মচারিগণ এক বৎসরের নিমিত্ত নিযুক্ত হইবেন।

সভাপতি	•••	•••	•••		> জন
সহকারী সভাপতি			•••	•••	•
	•••	•••	•••	•••	० जन
সম্পাদক	•••	•••	•••	•••	> জন
স্হকারী সম্পাদক	•••	•••	•••	• • •	c 97
পত্ৰিকা-সম্পাদক	•••	•••	•••	•••	> कन
ধনরক ক	•••	•••		•••	১ জৰ
গ্রন্থরক্ষক	•••	•••			> कन
ছাত্র-সভ্যগণের পরিদ	4 =		•••	•••	. ज्
		•••	•••	••	> जन
কাৰ্য্য-নিৰ্ব্বাহক-সমিত্তি	চর সভ্য	•••	•••	•••	১২ জন
আন্ধ-ব্যয়-পরীক্ষক	•••	• • •			২ জন
					1 24.1

এই নিয়োগ-কার্য্য সাধারণতঃ বার্ষিক অধিবেশনে সম্পন্ন হইবে। কেবল কোন কর্মনিরীর পদ বৎসরের মধ্যে শৃক্ত হইলে, অক্ত মাসিক অধিবেশনেও সেই পদে কর্মনারী নিষ্ক্ত হইতে পারিবে।

- ২০। কার্য্য-নির্ন্ধাহক-সমিভির বারজন সদস্য এইরূপে নিযুক্ত হইবেন—কার্য্য-নির্ন্ধাহক-সমিভির সভ্যোরা, আপনাদিগের মধ্য হইতে চারিজনকে মনোনীত করিবেন। যদি উক্ত চারিজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে পদ গ্রহণ করিতে না পারেন, তবে কার্য্য-নির্ন্থাহক-সমিতি পুনর্মনোনয়ন দারা সেই সংখ্যা পুরণ করিবেন।
 - (ক) স্মৰশিষ্ঠ আটজনের সম্বন্ধে নিম্নলিখিত প্রণালী স্মবলম্বিত হইবে ;---

ফান্তন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক পরিষদের প্রত্যেক সভাকে পত্রদ্ধারা জিপ্তাসা করিবেন যে, তিনি এই সমিতির সদস্য হইতে সম্মত আছেন কি না ও সম্মত থাকিলে ছই সপ্তাহ মধ্যে পত্রদারা তাঁহাকে সম্মতি জ্ঞাপন করিবেন। যাঁহারা সম্মত বলিয়া উত্তর দিবেন, তাঁহাদের নামের একখানি তালিকা মুদ্রিত করিয়া, চৈত্রের প্রথম সপ্তাহ-মধ্যে প্রতি সভ্যের নিকট এই প্রার্থনাসহকারে প্রেরিত হইবে যে, প্রত্যেক সভ্য ঐ তালিকার মধ্যে নিজ মনোনাত আটজনের নামের পার্শ্বে নিজ নিজ নাম স্বাক্ষর করিয়া চৈত্রের দিত্রীয় সপ্তাহ মধ্যে যেন সভাপতির নামে পাঠাইয়া দেন; অথবা বার্ষিক অধিবেশনে স্বয়্বং উপন্থিত হইয়া সভাপত্রির হত্তে অর্পণ করেন। যে আটজনের নামে অধিকাংশ সভ্যের মত পাওয়া যাইবে, তাঁহারাই নির্বাচিত হইবেন। যদি উক্ত আটজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে এই সমিতির সদস্ত-পদ গ্রহণ করিয়াছেন, তাঁহারা ব্রথাক্রমে নির্বাচিত হইবেন।

- (খ) বর্ষারস্তের পর যদি কোন কারণে কাগ্য-নির্বাহক-সমিতির সদস্ত-পদ শৃত্য হয়, তবে পরিষদের পরবর্তী সাধারণ অধিবেশনে ঐ পদ পুরণ করিতে হইবে।
- ২১। কার্যা নির্বাহক-সমিতির মনোনীত ও নির্বাচিত সভাগণের মধ্যে যে কেহ যদি জমান্তরে চারি মাস কাল অধিবেশনে অমুপস্থিত হন, তবে তাঁহার পদ শৃক্ত হইবে।
 - ২২। পরিবদের সভাপতি, সহকারি-সভাপতিত্তর, সম্পাদক, সহকারি-সম্পাদকপণ,

পত্রিকা-সম্পাদক, ধনরক্ষক, গ্রন্থরক্ষক এবং ছাঞ্জ-সভ্যদিগের পরিদর্শক কার্য্য-নির্বাহক-সমিতির সভ্যরূপে গণ্য হইলেন।

ত। পরিষদের সভাপতি, সহকারি-সভাপতিত্ত্ত্বন্ধ, সম্পাদক এবং সহকারি-সম্পাদকগণ কার্যা নির্বাহক-সমিতির সেই সেই সেই পদে নিযুক্ত থাকিবেন। তাঁহাদের অনুপত্তিতে উপস্থিত সভামগুলী হইতে মনোনীত হইয়া সেই দিবসের অধিবেশনের নিমিত্ত একজন সভাপতি হইবেন ও একজন সম্পাদকের কার্য্য করিবেন।

সভাপতির অধিকার

২৪। কোন বিষয়ের মত গ্রহণ কালে ছই পক্ষে সভ্য-সংখ্যা সমান হইলে সভাপতির একটি অতিরিক্ত মত দিবার ক্ষমতা থাকিবে।

সম্পাদকের কার্য্য ও অধিকার

- ২৫। সম্পাদক প্রত্যেক অধিবেশনের সময় নিদ্ধারণপূর্বক অম্বতঃ চারি দিন পূর্বে পত্র ছারা সভাগণকে জ্ঞাপন করিবেন।
- ২৬। সম্পাদক, পরিষদের সভ্য বা অন্তের প্রেরিত প্রাদি প্রাপ্ত ২ইলে, তৎসপ্রের আপন বিবেচনাত্রসারে বা কার্য্য-নির্বাহক-সমিতির মতাত্রসারে কার্য্য করিয়া তাহার ফল প্রা-প্রেরককে জানাইবেন।
- (ক) অন্যুন দশজন সভ্য উক্ত পজাদি সাধারণ অধিবেশনে উপস্থিত করিবার জন্ত পজারা অমুরোধ করিলে, সম্পাদক কার্য্য-নির্বাহক সামতির মন্তব্য সহ তাহা সাধারণ অধিবেশনে উপস্থিত করিবেন।
- ২৭ ৷ সম্পাদক প্রতিমাদে পরিষদের আয়-ব্যয়-বিবরণী প্রস্তুত করিয়া কার্য্য-নির্কাছক-স্মিতিতে অর্পণ করিবেন :
- ্চ। সম্পাদক কার্য্য-নির্বাহক-সমিতির নির্দ্ধেশার্থায়া নিয়মিত ব্যয় বাতীত ১০ টাকা পর্যান্ত ব্যয় নিজে করিতে পারিবেন; কিন্তু উক্ত সমিতির পরবর্তী অধিবেশনে ঐ ব্যয় অনুমোদত করাইয়া লইবেন।
- ২৯। যদি কোন অনিবার্য্য কারণে কার্য্য-নির্বাহক-সমিতির মত না লইখা সম্পাদককে কোন কার্য্য করিতে হয়, তাহা হইলে, তিনি তজ্ঞপ করিয়া পরে কার্য্য-নির্বাহক-সমিতি দারা ঐ কার্য্য অনুমোদিত করাইয়া লইবেন।
- ৩০। সম্পাদক চৈত্র মাসের সাধারণ অধিবেশনের পুর্ব্বের, পরিষদের বাৎসরিক আয়-ব্যয়-তালিকা প্রস্তুত করিয়া নিজের ও কার্য্য-নির্বাহক-সমিতির সভাপতির স্বাক্ষর এবং আয়-ব্যয় পরীক্ষকদিগের মস্তব্যসহ তাহা ঐ অধিবেশনে উপস্থিত করিবেন। সেই সঙ্গে কার্য্য-নির্বাহক-সমিতির অন্যুমাদিত বার্ষিক কার্য্য-বিস্তব্যাহিত দিবেন।
 - ৩১। পরিষদের নিমিত্ত আভপ্রেত অর্থাদি সম্পাদকের নামে পাঠাইতে হইবে।

धन-ब्रश्नाकत कार्या ଓ अधिकात

৩২। পরিষদের প্রাপ্ত অবর্থ যে স্ত্রে যথা হইতে আফুক, সমস্তই ধন-রক্ষকের নিকট পরিষদের তহবিলে জ্বমা হইবে। মাসিক প্রচ বাদে ২০০১ হুই শত টাকা উদ্বৃত্ত হইবে, ভাহা তিনি নিজ নামে বেঙ্গল ব্যাক্ষে জ্বমা রাখিবেন। ৩৩। পরিষদের সম্পাদকের স্বাক্ষরিত নিদর্শন পত্র (ভাউচার) ভিন্ন ধনরক্ষক কাছাকেও কিছু দিবেন না এবং কোনরূপ বাস্ত্র করিবেন না।

আর-ব্যয় পরীক্ষকের কার্য্য ও অধিকার

 - ু স্থীরচন্দ্র সেন গুপু বাবুরণাড়ী, আউটগাহি, ঢাকা।
 - "চক্রশেষর রায়, ২য় বাঘিকশ্রেণী, রিপণ কলেজ কলিকাভা।

৬৬.৪।২ বেপিয়াটোলা লেন।

- ,, धौरद्रस्थनाथ ठळवडी, ८०।: अर्घानः हेन श्रीहे, कानका छ।।
- " कालीम्प्राण ভট্টাচার্য্য, তুলবসস্তপুর, পাবনা।

- ৮৫ শ্রীযুক্ত রাস বিহারী চট্টোপাধাার, ৮৭৮৮৮ মসজিদ্বাড়ী খ্রীট, কলিকাতা।
 - ু শহীহলাহ্বি, এ, ১৮ ২ ছকুধানদামার লেন, কলিকাতা।
 - ,, ষতীক্রমোহন সিংহ, ১নং রমেকান্ত মিল্লীর পেন, কলিকাতা।
 - ু হীরালাল দাস গুপ্ত, ২০নং মিজ্জাফর্স লেন, কলিকাতা।
 - , অপ্রকাশচন্ত্র মাহাতা, ১৫নং কারবালা ট্যাঙ্ক লেন, কলিকান্ডা।
- a. ুকুম্**দবন্ধু রায় গুপ্ত**, ৪৪!৩ হারিদন রোড, কলিকাতা।
 - ু দীননাথ মজুমদার, ১৯নং বাহড়বাগান লেন, কলিকাতা।
 - ু রমেশচন্দ্র বস্থা, ২৭নং ন ক্লেশ্বর ভট্টাচার্যোর খ্রীটা, কালীঘাটা, কলিকাতা।
- ৯৩ , যোগেশচন্দ্র বস্থা, কাথি, মেদিনীপুর।

শাখা-সভার নিয়মাবলী

- ১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও ব্যব্দির জন্ম ভিন্ন স্থানে শাখা-পরিসং স্থাপিত হইতে পারিবে। সাধারণতঃ বিশেষ কারণ ব্যতীত এক জেলার মধ্যে একাধিক শাখা স্থাপিত হইবে না।
- ২। হু†ুনর নামানুদারে ঐ শাধা "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ,—শা**ধা**" **এই নামে** প্রিচিত হুইবে।
- ত। শব্যে উদ্দেশ ও কার্যপ্রণালী সর্বাংশে বস্পীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অনুকৃত্য হইবে। রাজনীতি, সমাজ-সংস্থার বা ধ্য-সংস্কার বিষয়ে পরিষদের কোন শাখা কোনরপে লিপ্ত হইবেন না।
- ৪। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও ৰাজ্যলা সাহিত্যের অনুশীলন এবং উল্ভিসাধনই পরিষদের উদ্দেশ্য । এই উদ্দেশ্য সাধনের অভ্য প্রধানতঃ সাহিত্য, দুর্শন ও বিজ্ঞানাদি শাস্তের আলোচনার সৃহিত শাখা-পরিষ্ণস্থ বিশেষভাবে নিম্লিখিত উপায়গুলিও অবলম্বন ক্রিবেন:—
 - (क) স্থানীয় প্রচৌন পুথির অনুসন্ধান, সংগ্রহ ও প্রকাশ এবং ইছার বিবরণ-প্রকাশ।
- (থ) স্থানীয় প্রাচীন গ্রন্থকারাদির জীবন-চরিত, প্রতিক্ষতি, ও অস্তান্ত স্থাতি-নিদর্শন সংগ্রহ।
- (ঘ) স্থানীয় ভাষায় চলিত প্রাদেশিক শক্ত-সংগ্রহ এনং তৎসহ ক্ষি, শিল্প, বাৰদায়, গৃহসজ্জা, উদ্ভিদ, জ্ঞাব প্রভৃতি সংক্রান্ত পাতিভাষিক শক্ষের সংগ্রহ।
 - (৫) সর্বনাম, ক্রিয়াপদ প্রভাতর উত্তর বিভক্তি-যোগে প্রাদেশিক রূপভেদ সঙ্কলন।
 - (b) স্থানীর ভৌগোলিক বিবরণ-সংগ্রহ।
 - (ছ) স্থানীয় ইতিহাস ও প্রস্তুত্ত্ব সংগ্রহ এবং তৎসহিত তীর্থস্থান, মন্দির, তুর্ণ প্রভৃতির

ছায়াচিত্রানি সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্তি, ঝোদিত-লিপি, তান্ত্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।

- (জ) স্থানীয় ধর্মদম্প্রদায়ের ও ভিন্ন ভিন্ন জাতির বাসম্প্রদায়ের সামাজিক আচার-বাবহার ও উৎস্বাদির বিবরণ সংগ্রহ।
 - (ঝ) প্রাচীন ও আধুনিক শিল্প ও বিবিধ কলাবিস্তার বিবরণ ও নিদর্শন সংগ্রহ।
 - (ঞ) স্থানী গ গাঁব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।
- ে। শাথার সম্দর কার্য্, বিশেষ আবিগ্রক না হইলে, বাঙ্গালা ভাষার সাহায্যে নির্বাহিত হইবে।
- ৬। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্যানা হইলে কোনও ব্যক্তি শাণা সভার সম্পাদক হইতে পারিবেন না।
- ৭। শাখা-পরিষদের কর্মচারী ও কার্যা-নির্কাহক-স্থিতির নিয়োগ বিষয়ে মূল পরিষদের নিয়ম যথাসন্তব অনুস্ত হইবে।
- ৮। শাখা-সভার নিষ্ণাবলী মূল পরিষদের অনুমোদিত হওয়া আবশ্যক। এইকপ অনুমোদিত নিষ্ণাবলীতে যথন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্যক হইবে, তথন ভাগা মূল পরিষদের অনুমোদিত করাইয়া লইতে হইবে। পরিষদের উদ্দেশ্যের প্রতিকুল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাগাস কার্য্যপ্রণালীর স্বাধীনভায় মূল পরিষং কোন ব্যাঘাত দিবেন না।
- ৯। প্রত্যেক শাখা-পরিষং মূল পরিষদের কার্য্য-নির্ন্ধাহক-সমিতিতে এ চন্ধন পতি-নিধি নির্বাচন কবিবেন। এই প্রতিনিধি শাখা-পরিষদের কার্য্য-নির্ন্ধাহক-সমিতির অন্তথ সভাহওয়া থাবশ্যক।
- ১০। প্রতিবংসর বৈশাখের প্রথমাদ্ধ মধ্যে শাখা-পরিষদের সম্পাদক গত বংসরের কৃত কম্মের সংক্ষিপ্ত পরিচয়, সভাগণের ও কর্মচাট্টগণের নাম এবং আয়-বায়ের হিসাব সহ সংক্ষিপ্ত কাশ্য-বিবরণ মূল পরিষদের সম্পাদকের দিকট প্রেরণ করিবেন। মূল পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী বা তাহার মাবগুক অংশ দাহিত্য-পরিষদের কার্য্য-বিবরণীর প্রিশিষ্ট-ক্রপে পরিষৎ পঞ্জিকায় প্রকাশ করিবেন।
- ১১। মূল পরিষদের কার্যা-নির্কাহক-শামতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-পাত্রকা, সাহিত্য-পরিষৎ-পাত্রকা, ও পরিষং কর্ত্তক প্রকাশিত গ্রন্থবেশীর কতিপম্ব ও মূল পরিষদের প্রত্যেক শাথা-সভা বিনামূল্যে প্রপ্ত হইবেন এবং শাথা সভার প্রকাশিত গ্রন্থাদিও মূল পরিষৎ এই নিম্নে পাইবেন।
- ১২। মূল পরিষদের কার্যানির্বাহক সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থানা থাকিলে মূল ও শাথা পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।
 - ১৩। শাথা-সভার কার্গ্য-নির্ব্ধাহক-সভা কোন প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্তিকায় প্রকাশার্থ

পাঠাইলে, ঐ প্রবন্ধ মূল পরিষদের পত্তিকা-প্রকাশ-সমিতি সভার উদ্দেশ্যের অনুকৃত বিশেচনা করিলে পত্তিকার প্রকাশিত হইবে।

১৪ মূল পরিষদের কার্যা-নির্বাহক-সমিতি কার্য্যকারিতা দেখিরা অস্ত সভাকে শাখা-রূপে গণ্য করিবেন এবং এই কার্য্যকারিতার অভাব সমাক্রপে প্রতিপন্ন হইলে, ইহাকে শাখার অধিকারে বঞ্চিত করিতে পারিবেন।

কার্য্য-নির্বাহক সমিতি আবশুক হইলে শাখা-সভাগুলির সহিত পরামর্শ করিয়া এই নিয়মাবলী সংশোধন করিতে পারিবেন।

১৩১৮ বঙ্গান্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ সভাপতি।
নিনীয় মহারাজ শ্রীযুক্ত নণীক্রচন্দ্র নন্দী বাহাহর—(সহকারী সভাপতি)।
শ্রীযুক্ত রায় যতীক্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্ ঐ ।
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ ঐ
শ্রীযুক্ত রামেক্তস্কর ত্রিবেদী এম্ এ—সম্পাদক।

- " ব্যোমকেশ মুক্তফী-সহকারী সম্পাদক।
- ু হেমচক্র দাশ গুপ্ত এম্ এ, ঐ।
- " রাখালদাস বন্দ্যোপাধাায় এম্ এ—ঐ।
- " তারাপ্রদান গুল*ি*ব এ—ঐ।
- ,, বিনম্বুমার সরকার এম্ এ ঐ।
- ,, নগেক্রনাথ বস্থ প্রাচ্য-বিস্তামহার্ণব—পত্রিকা-সম্পাদক।
- " शैरतक्तनाथ मंख रामास्वत्रक अम् अ, वि अन्, अवैनि-भनतक्त ।
- " অসিতকুমার মুঝোপাধ্যায় বি এ—গ্রন্থ-রক্ষক।
- ,, থগেন্দ্রনাথ মিত্র এম্ ৭—ছাত্র-সভ্য-পরিদর্শক।

ৰিৰ্বাচিত-ম্ভা

মহামহোপাধ্যায় প্রীযুক্ত ডাক্তার দতীশচক্র বিস্তাভূষণ এম্ এ, পিএচ ডি:

, স্থরেশচন্দ্র সমাজপতি।

কুমার

" শরৎকুমার রার এম্ এ।

কুমার

, অবরুণচক্র সিংহ।

,, कौरबाम श्रमान विश्वावित्नाम अम् ।

" अभूगाहत्रन (चार विश्वाकृष्य ।

,, খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্ণি।

,, বনওয়ারিলাল চৌধুরী বি এ, বি এস্সি।

মনোৰীত-সভা

শীযুক্ত মন্মধমোহন বস্থ এম্ এ।

- " रेनरनमहन्त्र मञ्जूमहात्र ।
- " (मवक्षात त्रात्र कोधूती।
- ,, চারুচন্দ্র বস্থ এম্ আর এ এস।

পত্রিকা-পরিচালন-সমিতি

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্এ ,, ভাক্তার ,, সতীশচক্র বিছ্যাভূষণ

এম্এ, পিএচ্ডি,

শ্ৰীৰুক্ত হীরেক্সনাথ দত্ত বেদাস্তরত্ব এম্এ, বিএদ্ সি,

- ,, वन श्यादिमान कोधूदी वि.व., वि.व.म मि
- " অমূল্যচরণ ঘোষ বিজাভূষণ
- " वारमक्क्सन्तव विदयमी अम्अ
- " রাথালদাস বল্যোপাধ্যায় এম্এ
- ,, নগেন্তনাথ বস্থ প্ৰাচ্যবিভামহাৰ্থৰ

সাহিত্য-পরিষৎ পঞ্জিকা

3

বঙ্গীয়-সাহিত্য পরিষদের

मश्रमण मार्यरमित्रक कार्याविवत्रनी

দ্বিতীয় গণ্ড

২৪৩% অপার সাকুলার রোড, সাহিত্য-পরিবং-মন্দির হইতে শ্রীরামকমল সিংহ কর্তুক প্রকাশিত

> কলিকাতা, ইণ্ডিরা প্রেস, ২৪নং মিডিল বোড, ইটালী। শ্রীকৃত্বমকুমার ভট্টাচার্যা কুর্ত্ব মুক্তিত।

তুমি বিদ্যা তুমি ধর্ম্ম
তুমি হৃদি তুমি মর্ম্ম
তং হি প্রাণাঃ শরীরে।
বাহুতে তুমি মা শক্তি
ক্ষদয়ে তুমি মা ভক্তি
তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে॥

INDIA PRESS,

Printed by Kusum Kumar Bhattacharyya,

24, Middle Road, Entally, Calcutta.

দ্বিতীয় খণ্ড

সপ্তদশ সাংবৎসরিক কার্য্যবিবর্ণী

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সপ্তদশ বর্ষ অতিক্রম করিয়া অষ্টাদশ বর্ষে পদার্পণ করিলেন্। বর্ত্তমান করিছেন, বর্ত্তমান করিছেন, এবং বাঙ্গালা সাহিত্যের উন্নতি সাধন দারা স্কুধীসমাঞ্চের দিন দিন অধিকতর শ্রদ্ধা ও অঞ্বাগ আকর্ষণে সমর্থ হইতেছেন; এ বিষয়ে বাগ্বাহল্য অনাবশ্যক।

সভাসংখ্যা

গত বংসরের আরম্ভে শ্রেণিভেদে পরিষদের সভাসংখ্যা এইরূপ ছিল :---

আজীবন সভা ১
বিশিষ্ট সভা ৯
বিশেষ সভা ১

সাধারণ সভা ১২৪৮
কলিকাতা ৫৫১
মফস্বল ৬৯৭

माकत्ना ১२७৮

তলপো আজাবন সভোৱ সংখ্যা একই আছে। বিশিষ্ট সভোৱ মধ্যে তই জনের পর-লোকগননে সংখ্যা ৭ ইইয়াছে; ৩ জন বিশেষ সভ্য নৃত্ন নির্বাচিত হইয়াছেন। কলিকাতাবাদী সাধারণ সভা বর্ণারন্তে ৫২১ জন ছিলেন; তল্পধ্যে পদত্যাগ বা চাঁদা জনাদার হেতৃ ১৭ জনের নাম গিয়াছে; ৬ জনের মৃত্যু ইইয়াছে, ১৫ জন মকস্বলে গিয়াছেন। নবনির্বাচিত ১৩৪ জনের মধ্যে ১ জন পদত্যাগ করিয়াছেন, ৩ জন মকস্বলে গিয়াছেন এবং মক্ষল হইতে ৮ জন কলিকাতা আদিয়াছেন। এইরূপে বর্ণান্তে কলিকাতাবাদী সভোর সংখ্যা ৬২১ দাঁড়াইয়াছে। মকস্বলের সভ্যসংখ্যা বর্ধারন্তে —৬৯৭ ছিল, তল্পধ্যে পদত্যাগ বা চাঁদা অনাদায় হেতৃ ২২ জনের নাম গিয়াছে, ৮ জনের মৃত্যু ইইয়াছে, ৭ জন কলিকাতায় আদিয়াছেন; ১৮ জন কলিকাতা হইতে মফস্বলে পাদিয়াছেন, ১ জন বিশেষ সভ্য নির্বাচিত হইয়াছেন, নব নির্বাচিত ১৯৫ জন মধ্যে ১ জনের কলিকাতায় ঠিকানা পরিবর্ত্তন ঘটিয়াছে। এইরূপে বর্ধশ্বে মফস্বলের সভ্যসংখ্যা ৮৭১ দাড়াইয়াছে। কলিকাতা ও মক্ষলে একরেণেও সাধারণ সভ্য সংখ্যা ব্র্ধশ্বে ১৫২২ জন দাড়াইয়াছে; ই হাদের শ্রেণিভেদ এইরূপঃ—

ক:জীবন সভা ১ বিশিষ্ট সভা ৭ বিশেষ সভা ১৩ সাধারণ সভা ১৫২২ কলিকাতা ৬৫১ মফশ্বল ৮৭১

সাকল্যে ১৫৪৩

এস্ ফ্রেণ্ডস্ কোম্পানির স্বছাধিকারী পরিষদের হিতৈষী সভ্য শ্রীষ্ক্ত স্থরেক্সনাথ গঙ্গোপাধ্যাথের প্রস্তাব ক্রমে অনেকগুলি সভ্য পরিষদে যোগ দান করিয়াছেন। পরিষৎ স্থরেক্সবাবুর নিকট ডজ্জা কৃতজ্ঞ।

১০১৫ সালের অগ্রহায়ণ মাসে পরিষং নৃতন মন্দিরে প্রবেশ করেন; সেই বংসরের শেষে সভাসংখ্যা ১০০২ ছিল; তুই বংসর পরে সভাসংখ্যা প্রায় দেড় গুণ ইইয়াছে, ইহাতেই পরিষদের বলর্দ্ধির সম্যক্ পরিচয় পাওয়া য়াইতেছে; পরিষং দেশের সাধারণ শিক্ষিত সমাজের অফ্রাগ আকর্ষণে কতদ্র সমর্থ ইইয়াছেন, তাহা পরিমাপেরও ইহা অপেক্ষা সহজ্ব উপায় নাই। শিক্ষিত সমাজের সর্বাগ্রেণির লোকেই পরিষদের সভাশ্রেণিতে ভুক্ত ইইতে আগ্রহ প্রকাশ করিতেছেন, ইহাও পরিষদের পক্ষে অভিশয় আনন্দের ও স্পদ্ধার বিশয়। বঙ্গীয়-সাহিত্য পরিষং বঙ্গদেশের সমগ্র পণ্ডিতসমাজ ও শিক্ষিতসমাজের প্রতিনিধি ও মুধপাত্ররূপে গণ্য ইইবার স্পদ্ধা করেন। এই স্পদ্ধার সম্চিত হেতু জন্মিয়াছে, তাহাতে সংশব্যের কারণ নাই।

এই প্রসঙ্গে একটি কথা বক্তব্য আছে। বক্তদেশের অধ্যাপক পণ্ডিতগণ, যাঁহারা সংক্ষত শাল্পের আলোচনায় জীবন উৎসর্গ করিয়াছেন, —তাঁহারা আধুনিক শিক্ষিত সমাজের সহিত্য ঘনিষ্ঠভাবে যোগ দিতে নানা কারণে সঙ্গেচ বোধ করেন। অথচ অদ্যাপি বন্ধীয় সমাজের তাঁহারা শিরোভ্যণ বলিলেও অত্যুক্তি হয় না। সংস্কৃত ভাষা ও সাহিত্যের সম্পর্ক বিবেচনা করিলে বন্ধীয়-সাহিত্য-পরিষদের প্রতি তাঁহাদের অন্তর্গা আকর্ষণ সর্কাতোভাবে বাঞ্চনীয় সন্দেহ নাই। বর্ত্তমান নিয়মান্ত্রসারে সেই শ্রেণির পণ্ডিত-গণের কোন কোন ব্যক্তিকে বিশিষ্ট সভ্যরূপে নির্কাচন করিয়া পরিষৎ ধন্ম হইয়াছেন; কিন্তু তাঁহাদের প্রতি যথোচিত সম্মান পদর্শনের অথবা তাঁহাদিগকে অন্তরন্ধ বন্ধুরূপে পাইবার সমুচিত ব্যবস্থা এ পর্যান্ত হয় নাই। এ বিষয়ে সাহিত্য-পরিষদের দৃষ্টি আরুষ্ট হয়, ইহা প্রার্থনীয়। পরিষদের বয়ঃক্রম বৃদ্ধি ও কার্যাক্ষেত্রের প্রসার হেতু পরিষদের কার্য্যপ্রণালী পরিচালনার জন্ম স্বীকৃত নিয়মাবলীর সংশোধন ও পরিবর্ত্তন আবশ্যক হইয়াছে। নিয়মাবলী সংশোধন ও পরিবর্ত্তন আলা করা যায়।

মৃত-সভাগণ ও সাহিত্যসেবিগণ

গত বৎসর বাঙ্গালা সাহিত্যের আকাশ হইতে কতিপয় উজ্জ্বল নক্ষত্র খসিয়াছে। 'বঙ্গ-দর্শন' প্রকাশের পর বঙ্গ-সাহিত্যের নবাভ্যাদয় কালে যাঁহারা সাহিত্যনায়কপদে অধিষ্ঠিত ছিলেন. তাঁহাদের মধ্যে একাধিক ব্যক্তির এই বংসর তিরোধান ঘটিয়াছে। বাঙ্গালা

সাহিত্যের গঠনকার্য্যে ইহাদের নাম স্মরণীয় হইয়। রহিয়াছে। এতগুলি প্রাচান প্রধান লব্ধ-প্রতিষ্ঠ সাহিত্যসেবীর পরলোক-বার্ত্তা বোধ করি আর কথনও ঘোষণা করিতে হয় নাই। ইহাদের মধ্যে অনেকেই বঙ্গীয়-দাহিত্য-পরিষদের সহিত্ত অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ ছিলেন, অনেকেই পরিষদের হিতাকাজ্জী স্কং ছিলেন। তাঁহাদের মৃত্যুবার্ত্ত। ঘোষণা করিয়া পরিষং নিতান্ত পরিতাপ বোধ করিতেছেন।

চন্দ্রনাথ বস্থ -- ৺চন্দ্রনাথ বস্থ মহোদর বাঙ্গালা সাহিত্যের অতি উচ্চাসনে অবস্থিত ছিলেন। পাশ্চাত্যবিদ্যায় যশোলাভ করিয়া তিনি উত্তরকালে বাঙ্গালা সাহিত্যের সেবায় আপনার প্রতিভা সর্বতোভাবে বিনিয়োগ করিয়াছিলেন, এবং নানা গ্রন্থ রচনায় বঙ্গসাহিত্যকে পূর্ণ ও সমৃদ্ধ করিয়া গিয়াছেন। তাঁহার শনুস্থলা-তত্ত্ব' গ্রন্থ তাঁহাকে চিরঙ্গীবী করিবে। সাহিত্য-পরিষদের স্বষ্টি হইতেই তিনি অক্যতম বিশিষ্ট সভ্য ছিলেন; সাহিত্য-পরিষদের দিতীয় বর্ষের মধ্যভাগে ৺রমেশচন্দ্র দত্ত মহোদয়ের পরই সাহিত্য-পরিষং তাঁহাকে সভাপতিপদে বরণ করিয়া রুতার্থ ইইয়াছিলেন। তৃতীয় বর্ষের শেষ পর্যান্ত তিনি সভাপতির আদন অলঙ্গত করিয়াছিলেন এবং তাঁহার যত্ত্বে শিশু পরিষং জীবনের আরম্ভকালে লালিত ও বন্ধিত হইয়া বল লাভ করিয়াছিল। স্বাস্থোর অভাব ও সরকারি কার্যোর পরিশ্রন হেতৃ তিনি আরও অধিক দিন সভাপতির পদে আদীন থাকিবার স্থযোগ পান নাই; কিন্তু পরিষং কথনই তাঁহার অনুরাগ ও উপদশেন লাভে বঞ্চিত হন নাই। তাঁহার পরশোকগমনের পর মাহিত্য-পরিশং বিশেষ অধিবেশনে শোক্ষভার আহ্বান করেন; এই উপলক্ষে শ্রিফু থগেন্দ্রনাথ মিত্র মংশার্ষের পঠিত প্রবন্ধ মৃত্রিত ইইয়াছে। পরিষং নিজ্বায়ে মৃত্র মহায়ার তৈল চিত্র প্রস্তুত করিয়াছেন; এই বার্ষিক অধিবেশনে উহা উর্যোচিত হইয়া পরিষং মন্দিরকে স্থোভিত করিবে।

কালাপ্রসন্ধ বিভাগাণর—'বান্ধন' পরের দেশবিখ্যাত সম্পাদক ত কালীপ্রসন্ধ ঘোষ মহাশয়কে হারাইয়া বঙ্গসাহিত্য যে অভাব বোধ করিয়াছেন তাহা সময় পূর্ব হইবার নহে। বাঞ্চালা পাহিত্যের ইতিহাসে তাঁহার নান চিরস্থায়া ইইবে। তংপ্রদর্শিত রচনারীতি বছ্দংখ্যক লেখকের পথপ্রদর্শকের কার্য্য করিয়াছে। তিনি যে সকল সারগর্ভ সন্দর্ভ রচনা করিয়া বাঙ্গালা সাহিত্যকে অলক্ষত করিয়া গিয়াছেন, তাহা পাঠ করিয়া বছকাল বাঙ্গালী পাঠক শিক্ষা ও আনন্দলাভ করিছে। 'জন্মদেবপুর সাহিত্য-সমালোচনী সভার' প্রতিষ্ঠাতা ও সম্পাদকরূপে তিনি বাঙ্গালা সাহিত্যের উৎসাহদাতা ছিলেন। বাঙ্গালা সাহিত্যের প্রতি তাঁহার হাদয়ে অমুরাগ অন্তের আদর্শ ছিল। বঙ্গ সাহিত্যে তাঁহার উন্নত স্থান স্বীকার করিয়া গবর্গমেন্ট তাঁহাকে রায়বাহাত্র ও সি, আই, ই উপাধিতে ভৃষিত করিয়াছিলেন, এবং অধ্যাপক পণ্ডিতসমাজ তাঁহাকে বিদ্যাসাগ উপাধিমণ্ডিত করিয়াছিলেন। বাঙ্গালা সাহিত্যের ক্ষেত্রে তিনি যে স্থায়ী পদান্ধ রাখিয়া গিয়াছেন, তাহার ক্ষুসরণকারীদিণ্ডের নিকট তাঁহার নামগোরব ঐ সকল উপাধি গৌরবের অপেক্ষা কোন ক্রমেই হীন হইবে না। কলি-কাতার অধিবাসী না হওয়ায় সাহিত্য-পরিষৎ তাঁহাকে কথনই সভাপতিরূপে পাইবার স্বযোগ

পান নাই; তবে কয়েকবার সহকারী সভাপতিরূপে স্বীকার করিয়া গৌরব বোধ করিয়া-ছেন। পরিষদের জীবনের আরম্ভকালেই তাঁহাকে বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করিয়া পরিষৎ তাঁহার সম্বন্ধনা করিয়াছিলেন। ১৩১০ সালের আযাঢ় মাসে তিনি যথন ঘটনাক্রমে কলিকাতা আসেন, তথন পরিষৎ তাঁহার অভ্যর্থনায় যোগদান করিয়া সম্মান প্রদর্শন করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর বিশেষ অধিবেশনের কার্য্যবিবরণী সহিত শ্রীযুক্ত চক্রশেথর কর মহাশয় পঠিত প্রবন্ধ মুক্তিত হইয়া পরিষদ্ গ্রন্থাবলীভূক্ত ও পরিষদের সভ্যগণের নিকট প্রচারিত হইয়াছে। তাঁহার স্থৃতিরক্ষার জন্ম পরিষৎ নিজ্বায়ে তৈল চিত্র প্রস্তুত করাইতেছেন।

ইন্দ্রনাথ বন্দোপাধ্যায়—অদ্বিতীয় পরিহাস-রসিক ৺ ইন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের মৃত্যুতে বঞ্চ সাহিত্য আর একজন প্রবীণ সাহিত্য-নেতাকে হারাইয়াছেন। ধর্মনীতি, সমাজ-নীতি প্রভৃতি গন্ধীর বিষয়ে হংগভীর ভাবৃকতার ও চিন্তা শীলতার পরিচয় দিলেও তিনি সর্বসাধারণের নিকট বাঙ্গালা সাহিত্যে ব্যঙ্গ-কাব্যের রচয়িতাদের শিরোমণি বলিয়া প্রশিদ্ধ ছিলেন। তাঁহার রচিত 'ভারত উদ্ধার' সাহিত্যের এই অত্যাবশ্যক অংশের প্রেষ্ঠরত্ম বলিলেও অত্যুক্তি হইবে না। 'পঞ্চানন্দের' সম্পাদকর্মণেও তাঁহার নাম চির্ম্মরণীয় হইবে। বর্ষশেষকালে বঙ্গ-সাহিত্যু তাঁহাকে হারাইয়াছে ; পরিষং আগামী বংসরের প্রারম্ভে তাঁহার জন্ম ঘথাবিধি শোক-প্রকাশের ও তাঁহার স্মৃতিরক্ষার ব্যবস্থা করিবেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার বহু-কালের প্রীতিসম্পর্ক ছিল। বাঙ্গালা রচনারীতির বিশুন্ধি, বাঙ্গালা ব্যাকরণের বিশিষ্ঠতা ও বাঙ্গালা শব্দের উচ্চারণ ও বানান এই সকল বিষয়ে তিনি প্রচুর চিন্তা করিয়াছিলেন। সাহিত্য-পরিষদের কতিপয় বিশেষ অধিবেশনে তিনি তাঁহার স্বভাবদিদ্ধ মধুর ও সরস ভাষায় ঐ সকল নীরস তব্বের আলোচনা করিয়া সভ্যগণকে মুগ্ধ করিয়াছিলেন।

রজনীকান্ত সেন—কবিবর ৺ রজনীকান্ত সেন সাহিত্য-পরিষদের সভ্য ছিলেন না; কিন্তু তাঁহার শোকাবহ মৃত্যুতে বঙ্গের সাহিত্য-সমাজ ও পাঠক-সমাজ যেরপ নিচলিত হইয়াছিলেন, তাহা অত্য কোন সাহিত্যসেধীর মৃত্যুতে ঘঠিয়াছিল কি না সন্দেহ। তাঁহার কবিত্বের সমালোচনা প্রচুর পরিমাণে হইয়াছে; এবং বঙ্গের কবিসমাজে তাঁহার আসন অতি উরত্বলিয়াই স্বীকৃত হইয়াছে। পরিষদের নবগৃহ-প্রবেশের দিনে তিনি রাজসাহী হইতে আসিয়া মহানন্দে উৎসবে যোগ দিয়াছিলেন, এবং স্বরচিত গান গাহিয়া শ্রোত্বর্গকে মৃথ্ব করিয়াছিলেন, ইহাতেই পরিষদের প্রতি তাঁহার শ্রন্ধার ভাব প্রকাশিত হইয়াছিল। তাঁহার অকালমৃত্যুর পর পরিষৎ শোকসভা আহ্বান করিয়া স্মৃতিরক্ষার উদ্যোগ করিয়াছেন।

শিশিরকুমার ঘোষ—সাহিত্য-পরিষদের সভ্য না হইলেও বাঙ্গালা অমৃতবাজার পত্রিকার জনক ও পরিচালকরপে ও 'অমিয়-নিমাইচরিত' প্রভৃতি সারবান্ গ্রন্থের রচিয়তারপে বাঙ্গালা সাহিত্যে সম্মানের আসন গ্রহণ করিয়াছিলেন। বঙ্গদেশের রাজনৈতিক ইতিহাসে তাঁহার উচ্চ স্থান সম্বন্ধে আলোচনা করিতে সাহিত্য-পরিষদের অধিকার নাই; কিন্তু বঙ্গের আপু-নিক বৈঞ্ব-ধর্ম-সাহিত্যে তিনি যে নৃতন শক্তি সঞ্চালন করিয়া গিয়াছেন. বঙ্গীয়-সাহিত্য-পরিষ্থ তাহা স্বীকার করিয়া তাঁহাকে সম্মান দিতে বাধা। তাঁহার পরলোকগ্যনের পর

আহ্ত বিশেষ অধিবেশনে দেশের মান্যব্যক্তিগণ মৃক্তকণ্ঠে তাঁহার নিকট বাঙ্গালা সাহিত্যের ঋণ স্বীকার করিয়াছেন এবং সাহিত্য-পরিষ্থ-মন্দিরে তাঁহার সমূচিত স্থৃতিরক্ষার আয়োজন করিয়া তাঁহার প্রতি সম্মান প্রদর্শন করিয়াছেন। তাঁহার তৈলচিত্র অচিবে পরিষ্থ-মন্দির অলম্বত করিবে।

এতদ্বির নিয়োক্ত সভাগণের ও সাহিত্যদেবীদিগের মৃত্যুতে পরিষং শোক-সম্ভপ্ত হইয়াছেন।

নেগনাদ ভট্টাচার্য্য—অব্যাপক মেখনাদ ভট্টাচায্য মহাশয় জয়পুর রাজকলেজে অধ্যাপনা করিতেন। সেই দ্ববর্ত্তী স্থান হটতে তিনি সাহিত্যপরিষ্য-পত্রিকার জন্ম বিবিধ সারগর্ভ প্রবন্ধ পাঠাইতেন। তাঁহার রচিত 'জয়পুরের জ্যোতিধিক যন্ত্রালয়,' বাঙ্গালা আরবি ও পরেদী শব্দের আলোচনা প্রভৃতি প্রবন্ধ পরিষ্য-পত্রিকায় সাদরে প্রকাশিত হইয়াছিল। জয়পুরনগর নির্মাতা বাঙ্গালী ইঞ্জিনীয়ার বিদ্যাপরের পরিচয় তিনিই প্রকাশ করেন। তাহার মৃত্যুতে পরিষ্য প্রম্বর্গ সংহা্যা ও অনুগ্রহ বঞ্চিত হইয়াছেন।

- ২রিনারায়ণ মিশ্র—তুলদীদাদের ঝামায়ণের বাঙ্গাল। অত্বাদ করিয়া বিনামুল্যে বিতরণ করিয়াছিলেন; ঐ রামায়ণ এখন বঙ্গবাদী-কার্য্যালয় কন্তৃক প্রকাশিত হইতেছে।

কুমার পূর্বেন্দুনারায়ণ রায়—মূর্নিদাবাদ জেলার এক প্রাচীন জমিদার বংশের ভূষণ চিলেন। কলিকাতা আসিলে তিনি পরিষদের অধিবেশনে উপস্থিত হইতে ভূলিতেন না। স্ব্যুহ্পিত পুরাতন বিষ্ণুমূর্ত্তি উপহার দিয়া তিনি পরিষদের প্রতি শ্রদা প্রকাশ করিয়াছিলেন।

উপেক্রনাথ মৈত্র, এম্, এ,—মহাশয় যশস্বী অধ্যাপক ছিলেন। পরিষদের অধিবেশনাদিতে উপস্থিত হইতে না পারিলেও তাঁহার পরিষদের প্রতি অকুরাগের অভাব ছিলনা।

্যাবীলাল হালদার—অল্পদিন হইল সভ্যপদ স্বীকার করিয়া পরিষদের গৃহনিন্দাণে সাহায্য করিয়া শ্রদা প্রকাশ করিয়াছিলেন।

পৃত্তিত তুর্গাপ্রদাদ মিশ্র—পাঞ্চাবা পণ্ডিত ছিলেন। বাঙ্গালা সাহিত্যেও তাঁহার অন্তবাগ ছিল এবং পরিষদের সভা না হইলেও পরিষদের তিনি শুভান্থবাদ্ধী বন্ধু ছিলেন। প্রশানতঃ তাঁহার সাহায়েই পরিষ্থ শীল শ্রীযুক্ত কাশ্মীরাধিপতির অন্তক্ষপা আকর্ষণে সমর্থ ইইয়াছিলেন।

শশিভ্যণ চৌধুরী (জজ্), প্রমথনাথ মিত্র (ব্যারিষ্টার), অক্ষয়কুমার ঠাকুর, হরিপদ আচার্য্য, প্রভৃতি হিতৈষী সভ্যগণের মৃত্যুতে পরিষং শোক প্রকাশ করিয়াছিলেন।

কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় পরিষদের সভা ছিলেন না। কিন্তু বঙ্গবাসী ও জন্মভূমি পত্রিকার সম্পর্কে বন্ধ সাহিত্যে তিনি স্থ-পরিচিত ছিলেন। তাঁহার মত সাহিত্যসেবীর মৃত্যুতে পরিষৎ গুঃখিত।

ধারে জনাথ পাল বছ গ্রন্থের রচনা করিয়া খ্যাতিলাভ করিয়াছিলেন। পরিসদের সভ্য না হইলেও তঁহার অকাল মৃত্যুতে পরিষৎ দন্তপ্ত।

ষোড়শ বার্ষিক অধিবেশন

গত বংসর ২ংশে বৈশাথ তারিথে পরিষদের মোড়শ বাষিক অধিবেশন অন্পৃষ্টিত হয়।
সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তৎকর্ত্বক প্রবর্ত্তিত বার্ষিক অভিভাষণ পাঠ করেন
এবং শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় পূর্ববর্ষের বাঙ্গালা সাহিত্যের বিবরণ পাঠ
করেন। ঐ অধিবেশনে পূর্ববর্ষের কার্যাবিবরণ পঠিত ও গৃংগত হয়; এবং নৃতন বংসরের
জন্ম কর্মচারিগণের ও কার্য্য-নির্বাহক-সমিতির সভ্যগণের নিয়োগ হয়।

নাসিক অধিবেশন গত বংসরের মাসিক অধিবেশন, যথা :---প্রথম অধিবেশন—২৬ অংষাত রবিবার— **설착 : --**(১) ভগবদ্-গাঁভাব নৃতন শ্লোকের এবং অভিনব গুপ্তের নৃত্ন টীকার আবিষার-- শ্রীযুক্ত হুর্গানারায়ণ সেন শাসী ৷ (২) বাদালা বিশেষণ রহস্য—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী। ২৯ শ্রাবণ রবিবার দ্বিতীয় --(১) শহরাচাব্যের গুরু পরম্পরা---শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ ঘোষ। (:) আয়ুর্কেদের উৎপত্তি — শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী। ২৬ ভাদ্র রবিবার তৃতীয়---(১) ব্রাহ্মণ্য ধর্ম সম্বন্ধে অলিক্সন্দরের মত—শ্রীযুক্ত রায় শরচন্দ্র বাহাতুর। দলবদ্ধ উদ্ভিদের সাহায্য বিনিময়— শীযুক্ত নিবারণ চক্র ভট্টাচার্য্য। (১) বাঙ্গালা ক্রিয়াপদ--১৫ আখিন রবিবার চতুর্থ---শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র (২) ভারতে লিপির প্রাচীনতা---শীযুক্ত অমূল্য চরণ ঘোষ বিদ্যাভূষণ। ১১ অগ্রহায়ণ 어캬시---(১) জয় বেতদ—শ্রীযুক্ত তুর্গানারায়

সেন শান্তী

- (২) ধর্মপালের গড়—-শ্রীযুক্ত কৃষ্ণ-বিহারী গুপ্ত।
- (৩) রান্ধবংশী ভাষা ও সাহিত্য— শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত।
- (৪) কালিদাস—শ্রীযুক্ত সারদাপ্রসাদ কবিরত্ব।
- যষ্ঠ অধিবেশন ১৭ পৌষ রবিবার প্রবন্ধ (১) বঙ্গের আদিম সপ্তশতী ব্রাহ্মণ ও শাকদীপী ব্রাহ্মণ— শ্রীযুক্ত শরচক্র শান্তী।
 - (২) বুদ্ধগয়ার তিনখানি শিলালিপি— শ্রীয়ক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ।
 - (৩) বঙ্গে পর্ত্তনীজ প্রভাব ও বঙ্গ-ভাষায় পর্ত্তনীজ পদাক্ষ--শ্রীমৃক্ত অবিনাশচক্র ঘোষ
- সপ্তম ,, ১২ মাঘ রবিবার প্রবন্ধ (১) বাঙ্লা ব্যাকরণের একাংশ শ্রীযুক্ত মোহিনীমোহন চট্টোপাধ্যায়
 - (২) কবি কৈলাদেশবের দংক্ষিপ্ত জীবনী
 —-- শ্রীযুক্ত ভুবনমোহন বস্থ
- শ্বর্টম ,, ২৯ মাঘ রবিবাব প্রবন্ধ (১) বাঙ্গালার সঙ্গীত সাহিত্যের উপ-ক্রমণিকা—শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যো-পাধ্যায
 - (২) গৌড়ীয় মঙ্গলচণ্ডীগীতে বৌদ্ধভাব
 —শ্রীযুক্ত হরিদাস পালিত।
- নবম ,, ২৮ ফাল্পন রবিবার প্রাবন্ধ (১) দাবিড় ভ্রমণ শ্রীযুক্ত যজেশ্বর বন্দ্যোপাধ্যায়
- দশম ,, ১২ চৈত্র রবিবার প্রবন্ধ (২) ব্যাকরণের সন্ধি—শ্রীযুক্ত বিজয়চজ্র মজুমদার।
 - (৩) প্রাচীন পদাবলী ও পদকর্ত্তগণ— শ্রীযুক্ত সভীশচন্দ্র রায়।

এতদ্বাতীত ঐ সকল শিধিবেশনে নিম্নোক্ত দ্রব্যগুলি প্রদর্শিত হয়:—
প্রথম অধিবেশনে— লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাত্রের প্রদত্ত
আকবর শাহের ও শের শাহের স্বর্ণমূলা।

দিতীয়—,, মহামহোপাধ্যায় এীযুক্ত হরপ্রসাদ শাখ্রী, এম্, এ. মহাশয়ের প্রাদত্ত

বৌদ্ধ ঘণ্টা ও বৌদ্ধ মৃক্ট (তা এনির্মিত); রাজা প্রীযুক্ত যোগেল্পনারায়ণ রায় বাহাত্রের প্রদন্ত গৌড়ের ইষ্টক; প্রীযুক্ত নুপতিনাথ
কিবেদী মহাশ্যের প্রদন্ত ম্রশিদাবাদ মহিষ্প্রামে প্রাপ্ত বিষ্ণুমূর্তি;
শ্রীযুক্ত জানকীনাথ গুপু, এম্. এ, মহাশ্যের প্রদন্ত হুগলী নছিপুরের
শিব মন্দিরের মৃত্তিযুক্ত ইষ্টক; প্রীযুক্ত মনোমোহন চক্রবর্তী মহাশ্যের
প্রদন্ত ভূষণার ইষ্টক; প্রীযুক্ত অতুলচক্রপিংহ মহাশ্যের প্রদন্ত বিষ্ণুপুরের মৃত্তিযুক্ত ইষ্টক, কামানের গোলা ও সাঁজোয়া; প্রীযুক্ত চাক্লচক্র
দন্ত মহাশ্যের প্রদন্ত কামাথা। মন্দিরের ইষ্টক।

ততীয় অধিবেশন

কাদিমবাজারের মাননীয় মহারাজ্ব শ্রীযুক্ত মণীক্রচন্দ্র নন্দী বাহাতুরের পদত্ত দেবক্ণগ্রামে প্রাপ্ত প্রস্তরময় গঙ্গাম্তির ভগার্দ্ধ; শ্রীযুক্ত থোগেল্দ্রনাথ গুপ্ত মহাশয়ের প্রদত্ত প্রস্তরনির্মিত স্তৃপ-বর্ত্তুলের ক্রমিংশ; ও শ্রীযুক্ত যতীক্রমোহন বাগচী, বি. এ, মহাশয়ের প্রদত্ত তাঁতিপোকা নির্মিত বস্ত্র।

চতুর্থ—,,

ভাক্তার শ্রীযুক্ত সরসীলাল সরকার মহাশয়ের প্রদত্ত ঘাটাল শ্রামস্থলর পুর গড়ে প্রাপ্ত রিন্দু রাজার কামান; শ্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রদত্ত হুসেনশাহী মুদ্রা; শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত প্রদত্ত কতকগুলি তামমুদ্রা; শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রদক্ত বৌদ্ধাসন।

পঞ্চম--,,

ডাক্তার শ্রীযুক্ত সরসীলাল সরকার মহাশয়ের প্রদত্ত বৌদ্ধ স্তুপাংশ এবং তৃইটি শালগ্রাম শিলাবং জীবাশ্ম, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ ঘোষ মহা-শয়ের প্রদত্ত ব্রহ্মদেশীয় বৃদ্ধমূর্ত্তি এবং পরিষং কর্তৃক কামাথ্যা হইতে সংগৃহীত প্রস্তুরময়ী হরগৌরী মৃত্তি।

সপ্তম---,,

শীযুক্ত সারদানাথ থা, বি, এল্, মহাশরের প্রদত্ত বগুড়া-কানাড় গ্রামে প্রাপ্ত পিত্তলের হরগৌরী মৃতি; শীযুক্ত হেমদাকান্ত চৌধুরী মহাশরের প্রদত্ত ধ্যানীবৃদ্ধমৃত্তি-খোদিত গোলাকার স্তন্তাংশ, শীযুক্ত ব্যোমকেশ মৃস্তফী মহাশয়ের প্রদত্ত গৌড়পা গুয়ায় প্রাপ্ত মিনাকর। ইষ্টক।

অষ্ট্রয়—,,

শ্রীযুক্ত মদেক্রমোহন ঠাকুর মহাশরের প্রদত্ত বিষ্ণুমূর্ত্তি; শ্রীযুক্ত জিতেক্রনাণ সেনকর্তৃক সংগৃহীত গৌড়দূর্গে প্রাপ্ত গজদন্ত।

নৰম----,,

শীযুক্ত যোগীক্তনাথ সমাদার মহাশয়ের প্রদত্ত রাজা সীতারাম রায়ের মন্দিরাদিন মৃত্তি ও নক্সাযুক্ত ইষ্টক, শীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রদত্ত ঐরপ ইষ্টক; শীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয় প্রদত্ত সংগ্রোমের পীর জামালুদীনের ক্বরের ইষ্টক ও শীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রাদন্ত বৃদ্ধিমচন্দ্র, হেমচন্দ্র প্রাভৃতির স্বহন্তলিখিত ক্ষেক্থানি পত্র।

F-47-,

লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেক্রনারায়ণ রাম বাহাত্রের প্রদন্ত সমুস্ত গুপ্তের অথনেধের অথচিফ্রান্ধিত স্বর্ণমুদ্রা; শ্রীযুক্ত রাধালদাস বন্দ্যোপাধায় মহাশয়ের প্রদন্ত কতকগুলি প্রস্তরম্য চৌক্রের প্রদন্ত বৌদ্ধ-মন্দিরদারের প্রস্তরময় চৌক্রের একাংশ ও কাটোয়ার ডেপ্টা ম্যাজিস্ট্রেট শ্রীযুক্ত তারকচন্দ্র রাগ্ন মহাশয়ের প্রেরিত বল্লালসেনের তাথশাসনের ফটোগ্রাফ।

বিশেষ অধিবেশন

গ্রবংসর পরিষদের অনেকগুলি বিশেষ অধিবেশন হইয়াছিল; নিম্নে সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল।

৯ই বৈশাগ তারিথে কাশীরামদাদের স্থৃতিরক্ষার ব্যবস্থার জন্ম বিশেষ অধিবেশন আছত হয়। কাটোয়ার নিকটবর্ত্তী শিক্ষি গ্রামে কাশীরামদাদের বাদস্থান ছিল। কাটোয়ার निकरेवर्खी कान कान लाक्त উत्पाति किङ्गान स्टेट উक्तथारम कानीमात्मत কোনরূপ স্মৃতিচিক্ত স্থাপনের উল্যোগ হইতেছিল, এবং উল্যোগকারীরা এ বিষয়ে পরি-নদের সাহাযাপ্রার্থী হইয়াছিলেন। মহাভারত-কারের বাসস্থান শিক্ষিপ্রাম বা সিদ্ধিপ্রাম ১৩১৬ সালে এই তর্ক উপস্থিত হওয়ায় স্মৃতিরক্ষা প্রস্তাব গ্রহণে কিছু বিলম্ব ঘটে। স্থানীয় লোকের সাহায়ে যথাসম্ভব প্রমাণ সংগ্রহ করিয়া শিক্ষিগ্রামের পক্ষেই মীমাংসা হয়। প্রকৃতপকে দিদ্ধিগ্রামের অন্তিম ঠিক্ খুজিয়া পাওয়া যায় নাই। ভাগলপুর সাহিত্য-স্মালনে স্মৃতিরক্ষার প্রস্তাব গৃহীত হয়, এবং স্মালন এই কার্য্যের ভার সাহিত্য-পরিষদের উপর অর্পণ করেন। তদকুসারে পরিষদের এই বিশেষ অধিবেশন ঘটে। কাটোয়া অঞ্ল হইতে অনেকগুলি ভদলোক সভায় উপস্থিত হইয়াছিলেন, এবং পরিষং তাঁহাদের সমুচিত অভ্যর্থনার ব্যবস্থ। করিয়াভিলেন। ইহাদের মধ্যে প্রস্থন সম্পাদক শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহের নাম সবিশেষ উল্লেখযোগ্য। তিনি শারীরিক অক্ষমতা সত্ত্বেও বেরূপ উংসাহ সহকারে ভাগলপুরে ও কলিকাতায় উপস্থিত **হইয়াছিলেন** তাহা প্রকৃতই বিশ্বয়জনক। কাটোয়া মহাকুমার মাাজি^{কেট} শ্রীযুক্ত তারকচন্দ্র রায় মহাশয়ও এ বিষয়ে সবিশেষ উদ্যোগী। বিশেষ অধিবেশন জনপূর্ণ হইয়াছিল এবং শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন কাশীদাস সম্বন্ধে একটি সারগর্ভ প্রবন্ধ পাঠ করিয়াছিলেন। স্মৃতিরক্ষার ব্যবস্থার জন্ম সভান্ত সমিতি নিযুক্ত হইয়াছে, এবং শ্রীযুক্ত রায় যতান্ত্রনাথ চৌধুরী, এম্, এ, বি. এল. মহোদয় ঐ সমিতির সম্পাদক নিযুক্ত হইয়াছেন। স্বয়ং সভাপতি মহোদয় মহাবাজ প্রীষ্ক মণীশ্রতক্স বেধানে উল্যোগী আছেন, তথন বঙ্গের প্রাচীন কবির জন্মস্থানে কোনরূপ নিদর্শন রক্ষার ব্যবস্থা হইবে এরূপ আশা করা ধায়।

প্রথম অধিবেশন --

েই ভাদ তারিখে স্বর্গীয় চক্র নাথ বস্থ মহাশ্যের জন্ম শোক-প্রকাশার্থ বিশেষ অধিবেশন আহ্নত হয়। সভাপতি মহাশয় অনিবার্য্য-কারণে উপস্থিত হইতে না পারায় সার গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহোদয়ের প্রতাবে শ্রীযুক্ত শিবাপ্রসন্ধ ভট্টাচার্য্য মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র মহাশয় স্বর্গীয় মহাত্মার সম্বন্ধে প্রবন্ধ পাঠ করিলে সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, রায় যতীন্দ্রনাথ চৌধুরী প্রভৃতি মহোদয়গণ চন্দ্রনাথ বস্থ র জীবন চরিত আলোচনা করিয়া আক্ষেপ প্রকাশ করেন। তৎপরে শোক-প্রকাশের ও স্বৃতিরক্ষার প্রতার গৃহীত হয়। তদস্পারে পরিষদের ব্যয়ে চন্দ্রনাথ বস্থর তৈল চিত্র প্রস্তৃত হইরাছে, উহা শীঘ্রই মন্দিরে প্রতিষ্ঠিত হইবে। থগেন্দ্র বাবুর প্রবন্ধ প্রকাকারে প্রচারিত হইয়াছে।

দ্বিতীয় অধিবেশন---

১২ই ভাদ্র তারিথে রায়বাহাত্র ৺কালীপ্রসন্ন ঘোষ বিভাসাগর মহাশ্যের জন্য শোক সভা আহ্ত হর। সভাপতি মহাশন্ধ স্বয়ং এবং বহু গণ্য মান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত চক্রশেশ্বর কর মহাশন্ধ প্রবন্ধ পাঠ করিলে সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ডাক্তার সতীশচক্র বিদ্যাভ্যণ, শ্রীযুক্ত বিহারীলাল সরকার. অমৃতলাল বন্ধ, ক্ষীরেশদপ্রসাদ বিদ্যাবিনাদ, য়োগীক্রনাথ গুপ্ত প্রভৃতি তাঁহার জীবনের আলোচনা করিয়া শোক প্রকাশ করেন। শোক-প্রকাশ ও শ্বতিবক্ষার প্রস্তাব যথারীতি গৃহীত হয়। চক্রশেশর বাব্র প্রবন্ধ পুত্রকাকারে প্রচারিত হইয়াছে এবং কালীপ্রসন্ধ বাব্র তৈলচিত্র পরিষদের বায়ের অভিত হইবে।

তৃতীয় অধিবেশন-

১৮ই অগ্রহায়ণ তারিখে কবিবর ৺রজনীকাস্ত সেনের জন্ত শোক সভা আহত হয়। সভাপতি মহাশয় সভা পরিচালন করেন। কবিবরের শোকাবহ অকালমুভূতে সাধারণে কিরপ বিচলিত হইয়াছিলেন, তাহা সভাস্থ জনতা দেপিয়াই ব্ঝা গিয়াছিল। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত কবির সম্বন্ধে প্রবন্ধ পাঠ করেন এবং শ্রীযুক্ত রায় য়ভীন্ধনাধ, শ্রীয়ক্ত বিহারীলাল সরকার, শ্রীয়ুক্ত মহেল্ডনাথ বিদ্যানিধি প্রভৃতি কর্তৃক আলোচনার পর শোক-প্রকাশ ও স্মৃতিরক্ষার প্রভাব গৃহীত হয়। সভাপতি মহাশয়ের আহ্বানে সভাস্থলেই কিছু অর্থ সংগৃহীত হইয়াছে। ৮ই মাঘ তারিখে স্বর্গীয় শিশিরকুমার ঘোষ মহোদয়ের জন্ত শোক সভা আহ্ত হয়। সভাপতি মহাশয় সভার নেতৃত্ব করেন এবং বছ

চতুর্থ অধিবেশন-

সন্ধান্ত লোক মৃত মহোদ্যের প্রতি সম্মান প্রদর্শনার্থ উপস্থিত হইয়াছিলেন। সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, রায় যতীক্রনাথ চৌধুরী, নগেক্স
নাথ বস্থ, অমৃতলাল বস্থ, অতুলক্ষণ গোস্বামী, হীরেক্সনাথ দন্ত,
রিসিক্মোহন চক্রবর্ত্তী প্রভৃতি শিশির বাবুব নানা গুণরাশির বর্ণনা
করিয়া শোক-প্রকাশ করেন। শোক প্রকাশের ও স্মৃতিরক্ষার প্রস্তাব
যথারীতি গৃহীত হইলে সভ:পতি মহাশ্যের আহ্বানে সভাস্থলেই প্রায়
ছই শত টাকা স্বাক্ষরিত হয়। সংগৃহীত অর্থে পরিষ্থ-মন্দিরে
প্রিচ্ঠার স্বয় চিত্রপটি প্রস্তত হইতেছে।

কংগানিকাহক সমিতি

আলোচ্যবর্ষে নিম্নোক্ত বাক্তিগণ কার্য্যনির্বাহক সমিতির সভা ছিলেন। তন্মধো বংসরের শেষভাগে শ্রীযুক্ত যোগেল্ডচন্দ্র বহু, বি, এ, মহাশয় কলিকাতার অন্থপস্থিতির কারণ প্রত্যাগ করায় কার্য্যনির্বাহক সমিতির প্রস্তাবক্রমে ও সাধারণ সভার অন্থ্যোদনে শ্রীযুক্ত কুমার অকণচন্দ্র বাহাত্র তাঁহার স্থানে নির্বাচিত হন।

```
১। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্, এ, বি, এল্. — সভাপতি।
       মাননীয় মহারাজ ঐযুক্ত মণীক্রচন্দ্র নন্দী বাহাহর—
শ্রীযুক্ত রাঘ যতীক্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্, এ, বি, এল্,— সহকারী সভাপতি।
       ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, ডি, এস্সি,—
       শ্রীযুক্ত রামেন্দ্রফুলর ত্রিবেদী, এম্, এ, · · · সম্পাদক।
       ্ল ব্যোমকেশ মৃস্ফী ··· ·· ·· ।

" হেমচন্দ্ৰ দাস গুপ্ত, এম্. এ, ··· ·· সহকারী সম্পাদক।

" রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্. এ. ··· সহকারী সম্পাদক।
 61
  9 1
 b 1
        " তারাপ্রসন্ন গুপ্ত, বি, এ, ... ...
 21
          ,, নগেন্দ্রনাথ বস্থ, প্রাচ্যবিদ্যামহার্ণব –পত্রিকা-সম্পাদক।
106
          " हीदब्रस्ताथ प्रख द्यपास्त्रवर्, अम्, अ, वि, अन्,—धनब्रक्षक
221
          ্ৰ অসিতকুমার মূথোপাধ্যায়, বি, এ,—গ্ৰন্থরক্ষক।
>२ ।
              খগেন্দ্রনাথ মিত্র, এম, এ, ——ছাত্র পরিদর্শক।
106
১৪। মহামহোপাধ্যায়---
       ডাকার শ্রীযুক্ত সতীশচক্ত বিদ্যাভূষণ, এম, এ, পিএচ্.ডি,—
১৫ | কুমার " শরংকুমার, রায়, এম্, এ, …
         রায় " বৈকুণ্ঠনাথ বস্থ বাহাত্তর ···
186
```

391	শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী	•••	•••
361	" স্থরেশচন্দ্র স্মাব্রপতি	•••	•••
1 6¢	"कौरवामल्यमाम विमाविस्माम, धम्	এ,	•••
२० ।	" শৈলেশচন্দ্র মজ্মদার		•••
२५ ।	" অম্লাচরণ ঘোষ বিদ্যাভূষণ	•••	•••
२२ ।	,, মন্নথমোহন বস্থ, বি, এ,		•••
२७।	,, যোগেন্দ্রচন্দ্র বস্থ, বি, এ,	•••	•••
२8 ।	,, विश्वीनान मर्वेकाव	•••	•••
२ ৫ ।	" চারুচন্দ্র বস্থ, এম্, আর্, এ, এস্,	•••	
	9		

২৬। কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ (থোগেন্দ্রবাব্র পদত্যাগের পর)

এতধ্যতীত শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে ও শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় আয়-বায় পরীক্ষক ছিলেন। আলোচাবর্বে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৮টি অধিবেশন হয়। তুইটি অধিবেশন একাধিক দিন ঘটিয়াছিল। একটি অধিবেশন কাশীমবাজার মহারাজের কলিকাতাস্থ ভবনে ঘটিয়াছিল। সভাপতি মহাশয় নানাকার্য্যে ব্যাপৃত থাকিয়াও অধিকাংশ অধিবেশনেই স্বয়ং উপন্থিত ছিলেন; তাঁহার নিকট সম্যক ক্রতজ্ঞতা প্রকাশ পরিষদের অসাধ্য। কার্য্যনির্বাহক-সমিতির সভ্যগণও যথাসময়ে উপস্থিত হইয়া স্কশুন্দ্রলার সহিত কার্য্য নির্ব্বাহ করিয়াছেন। আলোচ্যবর্ষে নানাবিধ কার্য্য কার্যনির্ব্বাহক-সমিতিরে বিচারের জন্ম উপস্থিত হইয়াছিল। অনেক কার্য্যে কার্যনির্ব্বাহক-সমিতিকে বিশেষ বিবেচনা ও পরিশ্রম করিতে হইয়াছে। তমধ্যে শাখা-সভা সংক্রান্ত নিয়মাবলী, পুস্তকালয় সম্বন্ধে নিয়মাবলী এবং সাহিত্য-সন্মিলন সম্প্ত্রু নিয়মাবলীর প্রণয়ন, সংশোধন ও শেষ মীমাংসা বিশেষ উল্লেখযোগ্য। ভাগলপুর সাহিত্য সন্মিলনের নির্দ্বোহ্বাহক-সমিতি ভার পাইয়াছিলেন; সেই জন্ম কার্যনির্ব্বাহক-সমিতিকেই সন্মিলনের নিয়মাবলী সংশোধনের ভার লইতে হয়, এবং ময়মনসিংহে সাহিত্য সন্মিলনের আয়োজন করিতে হয়। সমুদয় কার্য্য স্বশুভালে সম্পাদিত হইয়াছে।

কার্যালয়

পরিষদের কার্যাক্ষেত্র বিস্তৃত হওরায় গত বাদিক অধিবেশনে একজন নৃত্তন সহকারী সম্পাদক নিয়োগের ব্যবস্থা হয়। শ্রীযুক্ত তারাপ্রসম গুপ্ত, বি, এ, মহাশয় ঐ নৃত্তন পদে নির্বাচিত হইয়াছিলেন। তাঁহার উপর আয়-বয়য় ও হিসাব পরিদর্শনের ভার অপিত হইয়াছিল। অন্য সহকারী সম্পাদকগণের মধ্যে রাগাল বাবু চিত্রশালার অধ্যক্ষতা করিয়াছিলেন, এবং সংগৃহীত পুথির রাশি বাছিয়া গোছাইয়া তালিকা প্রস্তুত করিতে নিয়ুক্ত ছিলেন। শ্রীযুক্ত হেমচক্র দাস গুপ্ত চিঠি পত্রের আদান প্রদান ও সভা-সমিতির অধিবেশনাদির পরিদর্শন করিয়াছেন। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তাফী মুখ্যতঃ সাহিত্য সম্মিলন

সংক্রান্ত কার্য্যে নিযুক্ত ছিলেন। সহকারী সম্পাদকগণের ঐকান্তিক যত্ব ও পরিশ্রম ব্যতিরেকে পরিষদের বহু বিস্তৃত কর্ম কিছুতেই স্বষ্ঠভাবে নিম্পাদিত হইত না। তজ্জ্য তাঁগারা সকলেই পরিষদের ক্বজ্ঞতা-ভাজন। পরিষদের কর্মভার দিন দিন যেরপ বৃদ্ধি পাইতেছে, তাহাতে বর্গণেষে আর এক জন সহকারী সম্পাদক নিয়োগের আবশ্যকভা কাষ্য-নির্বাহক-সমিতি অন্তত্তব করিয়াছেন এবং তদমুবায়ী প্রস্তাব বার্ষিক অবিবেশনে উপস্থিত করা হইবে।

এীযুক্ত রামকমণ দিংহ পুর্বের তাম কার্যালয়ের প্রধান কর্মচারী নিযুক্ত ছিলেন। বংসরের শেষ ভাগে তিনি তিন্মাদের জন্ম ছুটি প্রার্থনা করায় তাঁহার স্থানে শ্রীযুক্ত ক্ষেত্রগোপাল দেন গুপ্ত মাদিক ৬০ ্টাকা বেতনে তিন মাদের জ্ব্য অস্থায়ীভাবে নিযুক্ত হইয়াছেন। শ্রীবিনোদবিহারী গুপ্ত মাদিক ২৫ টাকা বেতনে লেখকের কার্যা করিয়াছেন। শ্রীকৃষ্ণচন্দ্র ণোষকে লাইত্রেরির কর্ম হইতে স্বাইয়া, রাখাল বাবুর অধীনতায় পুঁথির তালিকা প্রস্তুত কবিবার কার্যো নিযুক্ত করা হয়। তদাতীত তিনি কার্যালয়েও সাহাযা করিয়াছেন। মাসিক ১৫ ্টাকা বেতনে তিনি এই সমন্ত কার্য্য করিয়াছিলেন। বংসরের শেষ ভাগে অস্তস্থ হইয়া তিনি বিনা বেতনে প্রায় হুই মাদ অনুপস্থিত ছিলেন। তজ্জন্ত অন্তলোক নিযুক্ত করা হয় পূর্ব্ববংসরের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অহুমোদনক্রমে শ্রীসূর্য্যকুমার পালকে স্থায়ী ভাবে ১৫১ টাকা বেতনে নিযুক্ত করা হইয়াছে, তিনি হিসাবের ও আদায়ের কার্য্যে মুখাতঃ নিযুক্ত আছেন। তদাতীত লাইত্রেরিয়ান অসিতবাবুকে সাহায্য করিবার জন্ত শীনলিনীকান্ত চট্টোপাধ্যায় ১৫/টাকা বেতনে স্থায়ী ভাবে নিযুক্ত হইয়াছেন। সংখ্যাত্মপারে লাইবেরির ক্যাটালগ সম্পূর্ণ করিয়াছেন; এবং সম্প্রতি পুস্তকের শ্রেণিভেদে ও গ্রন্থকারদিগের নামামুসারে ভিন্ন ভিন্ন তালিকা প্রস্তুত করিতেছেন। এতগুলি লোক কার্য্যা-লয়ে নিযুক্ত করিতে হওয়ায় পরিষদের বায়ের পরিমাণ অত্যন্ত বাড়িয়া গিয়াছে, কিন্তু কার্য্যের পরিমাণ বৃদ্ধি দেখিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই বায় স্বীকারে বাধ্য হইয়াছেন।

কলিকাতা ও মফস্বল সর্ব্বত্র সভ্য-সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আদায়কারী পিয়নের সংখ্যাও বাড়াইতে হইয়াছে।

কর্মচারীরা সকলেই প্রচুর যত্ন ও পরিশ্রম করিয়া কল্পপটুতা দেখাইয়াছিলেন। কার্য্য-নির্বাহক-সমিতি কর্মচারীদের যোগ্যতাহ্নসারে আগামী বংসরে বেতন বৃদ্ধির প্রস্তাব অন্থ্যোদন করিয়াছেন।

পরিষৎ-মান্দর

পরিসং-মন্দিরের এগনও নানা অভাব রহিয়াছে। অর্থা গাবে এই সকল অভাব দ্র করিতে পারা যাইতেছে না। অদ্যাপি ভূতা ও পিয়নদের থাকিবার স্থান হইল না। ইলেক্ট্রিক ফ্যানের ব্যবস্থা হয় নাই। পুর্বিগুলি অষত্নে স্তৃপীক্বত হইয়া আছে; ভাহার জন্ম র্যাক্ তৈয়ার হইয়াছে, আগামী বৎসবের আরছে উহা থাটান হইবে। মুদ্রিত পজিকা ও গ্রন্থাদি বক্ষার জন্ম রাাক্ অদ্যাপি প্রস্তুত করিতে পারা যায় নাই।

দেগুলি অধ্যে ককিত আছে। লাইবেরির জন্ম আবশুক্মত আলমারি নগদ মূল্যে

থরিদ হইয়াছে। কিন্তু চিত্রশালার সংগৃহীত প্রবাগুলি রক্ষার সম্চিত ব্যবস্থা হয় নাই।

রক্ষার ব্যবস্থা নাথাকায় নৃতন দ্রব্য সংগ্রহে সাহস হইতেছে না। অধিবেশনের জন্ম

অভিরিক্ত চেয়ার এখনও ভাড়া করিয়া আনিতে হইতেছে, তজ্জন্ম বায়-বাহুলা হইতেছে।

পরিষ্থ-মন্দিরের ন্তন অলঙ্কারের মধ্যে দেবাব্রত শ্রীযুত শশিপদ বন্দ্যোপাধ্যাষ মহোদয় কর্তৃক প্রদন্ত মেরি কার্পেন্টারের স্বহন্তান্ধিত চিত্রপট —ক্লিফটন নগরে ষ্টেপল্টন উদ্যানে বেখানে রাজা রামমোহন রায় প্রথমে সমাহিত হইয়াছিলেন—উল্লিখিত হইতে পারে। তদ্বাতীত ৺চন্দ্রনাথবস্থর চিত্রপট অলিত হইয়াছে। মাইকেল মধুস্থদনের ও ৺শিশিরকুমার বোষের চিত্র পট অলিত হইতেছে, এবং ৺কালীপ্রসন্ধ ঘোষের চিত্র অল্পনের শীঘ্রই ব্যবস্থা হইবে। কবিবর নবীনচন্দের মর্মার প্রস্তর-নির্মিত মূর্ত্তি প্রস্তুত করিবার ব্যবস্থা হইয়াছে। যথাকালে এই সকল দ্বরু পরিষ্থ-মন্দিরের শোভাবর্দ্ধন করিবে।

আলোচাবর্ধে কায়স্থ সভা, মোদক জাতীয় সভা প্রভৃতি কত্তক পরিযং-মন্দির ব্যবহৃত হইয়াছিল। বিশ্বমচন্দ্রের স্থগারোহণ-দিনে তাঁহার স্মৃতিরক্ষার্থে সাধারণ সভারও পরিষং মন্দিরে অধিবেশন হয়।

निक्काना*र*नाहना

পূর্ববংশর বিবিধবিজ্ঞান সম্বন্ধে ধারাবাহিক প্রবন্ধ পাঠের বা বক্তৃতার ব্যবস্থা হইয়াছিল। ভদস্পারে আলোচ্য বংশরে প্রেসিডেন্সি কলেকে ভূবিদার অধাপক ও পরিষদের অগুতম সহকারী সম্পাদক প্রীযুক্ত হেমচন্দ্র দাস গুপ্ত মহাশয় ভূবিদা। সম্বন্ধে তিনটি বক্তৃতা করেন: "অতীত যুগের মানব" তাঁহার আলোচ্য বিষয় ছিল। প্রাচীনকালের জীবজন্তর অন্থিকলাল ও ভাহার প্রতিক্তি প্রদর্শন করিয়া তিনি আলোচ্য বিষয় সাধারণের স্থবোধ্য ও মনোল করিতে চেষ্টা করিয়াছিলেন। এই বক্তৃতাগুলি সম্পূর্ণ হইয়া পুরকাকারে প্রচারিত হইলে বান্ধালায়, বৈজ্ঞানিক সাহিত্যের সৃষ্টি হইবে। সাহিত্য-পরিষ্থ এজন্ম হেমবাবুর নিকট ক্তিজ্ঞ।

পুস্তকালয় ও পাঠাগার

গ্রন্থকক প্রীযুক্ত অসিতকুমার ম্থোপাধ্যায় মহাশ্যের তত্ত্বাবধানে বান্ধালা পুস্তকের সংখ্যাস্থায়ী ও বর্ণমালাস্থায়ী তালিকা সম্পূর্ণ হইয়াছে ও অক্সান্ত তালিকা প্রস্তুত হইতেছে। গ্রন্থকক মহাশ্য পূর্বের ক্যায়ই অক্লান্ত অধ্যবসায়ের পরিচয় দিয়াছেন। গ্রন্থকারদিগের নামাস্ক্রমে তালিকা সমাপ্ত হইয়াছে, এক্ষণে আধুনিক গ্রন্থকারগণের রচিত যে সকল গ্রন্থের অভাব আছে, তাহা প্রণের ব্যবয়া হইবে; এবং আগামী বংসরে এইরূপে পুস্তকালয়ের পূর্ণতাসাধনের স্থাগে হইবে আশা আছে। তালিকার অভাবে এপর্যাস্ত পুস্তকালয়ের অবস্থা জানিবার উপায় পর্যন্ত ছিল না। আলোচ্য বর্ষের শেষভাগে কলিকাতা মিউনিসিণালিট অ্যাচিত হইয়াও পরিষদের পুস্তকালয়ে ৭৫ টাকা সাহায্য করিয়াছেন; এজন্ম পরিষং কৃতজ্ঞ। পরিষং পূর্ব্ব পূর্ব্ব বংসরের ন্তায় কোন নৃতন গ্রন্থ করের করিছেন নাই। কেবল দক্ষিণাপথে প্রকাশিত শঙ্করাচার্য্যের গ্রন্থাবলী ও মহাভারত গ্রন্থ করে করিয়াছেন মাত্র। বজেটে যে সামান্ত টাকা নির্দ্ধিষ্ট থাকে, তাহা পুরাতন তুম্পাপ্য গ্রন্থের ক্রয়েই ও পুরাতন পুস্তকের বাঁধান খরচেই ব্যয়িত হইয়া যায়। যাহা হউক, বন্ধীয় সাহিত্য-পরিষদের পুস্তকাগারে প্রাচীন বান্ধাল। তুম্পাপ্য গ্রন্থের যেরূপ সংগ্রহ হইগ্নছে, তাহা তুর্ল ও মহামূল্য। আর কোথাও এরূপ সংগ্রহ মিলিবে না।

সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় সংগৃহীত পুঁথির তালিকা করিতেছেন। এই কার্যান্ত এ বংসর অনেক দ্র অগ্রসর হইয়াছে। সংগৃহীত পুঁথির মধ্যে লালগোলার রাজাবাহাত্ব প্রদন্ত এবং পরিষদের ক্ষমতাপ্রাপ্ত পুঁথি সংগ্রাহক শ্রীযুক্ত বসন্তরন্ধন রাম্ব মহাশয় সংগৃহীত পুঁথির রাশি বিশেষভাবে উল্লেখযোগ্য। এতদ্তির অক্যান্ত বন্ধুগণ্ও পুত্তক ও পুঁথি উপহার দিয়া পরিষংকে অন্ধৃগণ্ড করিয়াছিলেন। এ বিষয়ে পরিশিষ্টে গ্রন্থরক্ষক মহাশয়ের রিপোর্ট ক্রেব্য।

পাঠাগার পূর্বের মত জনসাধারণ কর্তৃক অপরাহে ব্যবহৃত হইতেছে। যে সকল সাময়িক পত্রিকা পাঠাগারে রক্ষিত হয়, তাহার তালিকা পরিশিষ্টে দুইব্য।

বধশেষে পরিষদের লাইত্রেরি সংক্রান্ত নিয়মাবলী কার্যানির্বাহক-সমিতিকর্ত্ব প্রস্তুত ও অন্নাদিত হইয়াছে। তদকুসারে পুস্তকালয়ের ওত্তাবধানের জন্ম একটি শাপা-সমিতি গঠিত হইয়াছে।

বিদ্যাসাগর লাইব্রেরি

গতবংসর বিদ্যাসাগর লাইব্রেরি রক্ষা সম্বন্ধে যে আশার উল্লেখ ছিল, তাহা সফল হইয়াছে। বিদ্যাসাগর মহাশ্যের উত্তরাধিকারীদের উত্তমর্ণের নিকট যে ঋণে উক্ত লাই-ব্রেরি আবদ্ধ ছিল, লালগোলার স্থনামধন্য রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাত্বর সেই ঋণ সমৃদ্য পরিশোধ করিয়া দিয়াছেন; এইরপে এই মহামূল্য সম্পত্তি ধ্বংসমূধ হইতে রক্ষিত হইয়াছে ও বাঙ্গালী জাতির কলঙ্ক নিরাক্বত হইয়াছে। পুন্তকালয় রাজাবাহাত্বর কর্তৃক পরিষ্থ-মন্দিরেই রক্ষিত আছে।

চিত্ৰশালা

পরিষদের চিত্রশালায় নানাবিধ দ্রব্য ক্রমশঃ সংগৃহীত হইতেছে। পরিষদের বন্ধুগণ প্রায় প্রতিমাদেই ন্তন নৃতন মূল্যবান শিক্ষাপ্রদ দ্রব্য সংগ্রহ করিয়া চিত্রশালায় পাঠাইতে-ছেন। প্রতি মাদিক অধিবেশনে এইরূপে প্রাপ্ত দ্রব্যগুলি প্রদর্শিত হইয়া থাকে। নানারপ ঐতিহাদিক দ্রব্যের ভাগুার-স্বরূপ হইয়া পরিষদের কৃদ্র চিত্রশালা পণ্ডিতগণের শ্রদ্ধা আকর্ষণে সমর্থ হইয়াছে।

ইণ্ডিয়ান মিউজিয়ানের স্বধোগ্য কর্মচারী এবং আমাদের অন্ততম সহকারী সম্পাদক

বিখ্যাত প্রত্নতবিং শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের যত্বে ও তত্ত্বাবধানে দিন দিন চিত্রশালার গৌরব বৃদ্ধি হইতেছে। তল্লিখিত চিত্রশালার বিশেষ বিবরণ পরিশিষ্টে প্রষ্টব্য। আলোচ্যবর্ষে চিত্রশালায় সংগৃহীত বিবিধ প্রব্যের মধ্যে কতিপদ্ম প্রব্য বিশেষভাবে উল্লেখ যোগ্য;—

- (১) তর্পণদীঘিতে প্রাপ্ত লক্ষ্মণদেনের তামশাসন,—বহুপুর্বে প্রাদিদ্ধ ওয়েইম্যাকট সাহেব এসিয়াটিক সোনাইটির জর্ণালে এই তামশাসনের আবিজ্ঞারবার্ত্তা প্রকাশ করিয়া ইহার পাঠ প্রকাশ করেন। পুরাত্ত্ববিদ্গণ যে কয়থানি তামশাসন অবলম্বনে সেনরাজ্ঞ্গণের ইতিবৃত্ত রচনা করেন, এই তামশাসন তন্মধ্যে অক্তম। ওয়েইমাাকট সাহেব অবসর লইবার সময় তামশাসনগানি লইয়া বিলাতে যান, তদবধি তামশাসনথানি লপ্ত হইয়াছিল। গত বংসর ওয়েইমাাকটের কোন উত্তরাধিকারী এই তামশাসনথানি ভারতবর্ষে বহুমূল্যে বিক্রীত হইবে ভাবিয়া উহা লইয়া কলিকাতা আসেন। পরিষদের চিরহিতৈষী মহারাজ মণীক্রচক্র নন্দী বাহাত্তর এই সংবাদ অবগত হইয়া ৩৮৫ মূল্যে তামশাসনথানি ক্রয় করিয়া পরিষৎকে দান করিয়াছেন।
- (২) শেরদাহী ও আক্রবরদাহীর স্বর্ণমূদ্র।—পরিষদের পরম বন্ধু লালগোলার রাজাবাহাত্র ১১০ মূল্যে এই মূদ্রা তুইটি ক্রয় করিয়া পরিষদে দান করিয়াছেন।
- (৩) সমুদ্রগুপ্তের স্বর্ণমুদ্রা—মহারাজাধিরাজ সমুদ্রগুপ্ত অশ্বমেধ যজ্ঞকালে এই স্বর্ণমুদ্রা প্রচারিত করিয়াছিলেন। ইহার এক পৃষ্ঠে যুপ্রদ্ধ যজ্ঞিয়াশ অস্কিত আছে। লালগোলার রাজা-বাহাত্ব পৌত্রীগণের বিবাহ উপলক্ষে ২৫০১ মূল্যে এই মুদ্রাটি ক্রয় করিয়া উপহার দিয়াছেন
 - (8) কিদার ও গোবিন্দচক্রের স্বর্ণমূক্রা-- শ্রীযুক্ত পূরণচাঁদ নাহার প্রদত্ত।
 - প্রথম কণিক্ষের স্বর্ণমূক্রা—শ্রীষক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় প্রদত্ত।
- (৬) বৌদ্ধ ঘণ্টা ও তাত্রমুকুট —মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রশাদ শান্ধী মহাশয় ইহা নেপালে সংগ্রহ করিয়াছিলেন এবং প্রীতিনিদর্শনম্বরূপ পরিষংকে উপহার দিয়াছেন।
- (৭) হিন্দু তুর্গের কামান—ঘটিালের শ্রামন্থনরপুর হইতে ডাক্তার স্বসীলাল স্বকার কর্ত্তক সংগৃহীত ও প্রেরিত।
- (৮) বল্লালদেনের তামশাদনের ফটো গ্রাফ —কাটোয়ার নিকট এই তামশাদনের আবিষ্ণার অতি প্রধান ঘটনা—কেননা এ পর্যান্ত এই হিন্দু নরপতির কোন তামশাদন আবিষ্কৃত হয় নাই। স্থানীয় জমিদার শ্রীযুক্ত বৈদ্যানাথ চট্টোপাধ্যায় মহোদয়ের ইহা পরিষদে দিবার ইচ্ছা ছিল, কিন্তু গ্রবনিদট তামদাশনথানি গ্রহণ করায় দে ইচ্ছা পূর্ণ হয় নাই। মহাকুমার ম্যান্সিষ্ট্রেট্ শ্রীযুত তারকচন্দ্র রায় মহাশয়ের অন্ত্রাহে ইহার উৎকৃষ্ট ফটোগ্রাফ পরিষদের চিত্রশালায় দংগৃহীত হুইয়াছে।

পরিষদের চিত্রশালা অদ্যাপি ক্ষুদ্রয়তন কিন্তু ইহারই মধ্যে ইহা স্বদেশের ও বিদেশের প্রত্তম্ববিং কলাতম্ববিং পণ্ডিভগণের শ্রদ্ধার সামগ্রী হইয়াছে। আলোচ্য বংসরে এরপ অনেকেই আগ্রহের সহিত স্বতঃপ্রবৃত্ত হইয়া পরিষদের চিত্রশালা দর্শন করিতে আইসেন, এবং সংগ্রহ দেখিয়া আনন্দ প্রকাশ করিয়া যান।

শ্রীমতী ভগিনী নিবেদিতা চিত্রশালার দ্রব্যঙ্গাতের বহু প্রশংসা করিয়া যান ও পরে সন্ত্রীক ডাকার কুমারস্বামীকে সঙ্গে লইয়া পুনরায় দেখিতে আসেন।

ডাঃ কুমারস্বামী চিত্রশালার প্রতি এমন শ্রদ্ধান্থিত হইয়া গিয়াছেন, যে তিনি এলাহাবাদ শিল্প-প্রদর্শনীতে সংগৃহীত পাঁচটি প্রাচীন স্বর্ণমূলার (ভন্নধ্যে চারিটি প্রপ্ত মূলা) সংবাদ শ্রীমতী নিবেদিতা দ্বারা পরিষং-সম্পাদককে প্রেরণ করেন এবং পরিষং উহা ক্রয় করিয়া চিত্রশালার গৌরব বর্জন করিবেন এই অভিপ্রায়ে রাখিয়া দেন। উহা পরিষং ক্রয় করিয়াছেন। ইণ্ডিয়া গবর্ণমেন্টের প্রস্কুত্ব বিভাগের অধ্যক্ষ ডাক্রার ভোগেল ক্রশিয়া দেশবাসী পণ্ডিত শিয়ার ভাট্সি মহাশম্বকে সঙ্গে লইয়া চিত্রশালা পরিদর্শনে আসেন এবং বহুক্রণ পরিদর্শনের পর আনন্দ প্রকাশ করিয়া যান। ইণ্ডিয়া সোগাইটীর সভাপতি কলাবিদ্যাবিং পণ্ডিত রদেনই।ইন তংপরে পরিদর্শনে আসেন। সাগরদীঘির নিকট প্রাপ্ত ও পরিষং-সম্পাদকের উদ্যোগে কান্দিনিবাসী শ্রীমৃক্ত কিশোরীমোহন সিংহ কর্তৃক প্রদন্ত ধাতুনির্মিত দেবমুর্জিত্রয়ই এই সক্র স্থাগণের বিশেষভাবে চিত্তাকর্ষণ করিয়াছিল। শ্রীমৃক্ত বদেনষ্টাইন ঐ মূর্জিত্রয় সম্বন্ধে যে মন্তব্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা প্রকাশের প্রলোভন সংবরণ অসাধ্য। এই মন্তব্য পাঠে পরিদদের সভ্যমাত্রই গর্মিত হইবেন সন্দেহ নাই—পরিদর্শন পুস্তকে এই মন্তব্য তৎকর্ত্বক লিপিবদ্ধ হইয়াছে।

I have just seen 3 bronzes in this small museum which it would be impossible to match, I think, anywhere in the world. I cannot concieve anything more noble and beautiful to exist than these 3 figures, and I think the day will come when full justice will be done to the genius of the people which has produced them and so many other admirable things.

(Sd.) WILLIAM ROTHENSTEIN

February 21-1911.

PRESIDENT,

SOCIETY OF INDIA,

Great Britain and Ireland.

পূর্ব পূর্ব বংসরের ন্যায় এ বংসরও লালগোলার রাজাবাহাত্র গ্রন্থ প্রকাশার্থ ৮০০ দান করিয়াছেন। অন্য বংসর তাঁহার অনুমতি অনুসারে এই ৮০০ মধ্যে ৪০০ টাকা পত্রিকা-মৃত্তবের জন্ম পরিষধ গ্রহণ করিতেন, এ বংসর পরিষধকে তাহা গ্রহণ করিতে হয় নাই।

পরিষ্থ-সম্পাদকের অন্থ্যাদিত (ঐতরেয় ব্রাহ্মণের) মুদণকার্য এবংসর সম্পন্ন ইইয়াছে; এবং ১৩১৮ সালের বৈশাথ মধ্যেই গ্রন্থ-প্রকাশিত হইবে। ঐ গ্রন্থের ভূমিকা এরপ রহদায়তন ইইয়া পড়িয়াছে, যে তাহা স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশের ব্যবস্থা ইইতেছে। এই গ্রন্থের

মুক্র বার শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায় বহন করিয়াছেন। তাঁহার ও লালগোলার রাজাবাহাত্তরের একথোগে প্রবর্ত্তিত (ভারতশাস্ত্র-পিটক) নামক গ্রন্থাবলীর অন্তর্গত প্রথম পুস্তক-রূপে ইহা সাহিত্য-পরিষদ্ গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইতেছে।

ঐ শান্ত পিটকের বিতীয় গ্রন্থ শতপথ ব্রাফারে প্রথম থণ্ড গতবর্ধে প্রকাশিত হইয়াছে; বর্ত্তমান বংসরে দিতীয় থণ্ডের মৃদাঙ্গণ অগসর হইয়াছে; কিন্ত প্রকাশ করিতে পারা যায় নাই।

রন্ধত্তের রামান্ত্র ভাষ্যের মূলসহিত অন্ত্বাদের মূদ্রণকার্যাও অনেক দ্র অগ্রসর হইয়াছে। এই বিপুলগ্রন্থ বাহির করিতে বিলম্ব আছে। লালগোলার রাজাবাহাত্র পৃথক্
অর্থ বায় ধারা ইহা প্রকাশের ব্যবস্থা করিতেছেন।

কবিক্ষণ চণ্ডীর মূলপুন্তক দৈবগত্যা পরহন্ত হইতে এখনও উদ্ধার করিতে না পারায় উহার মূণণ আরম্ভ করিতে পারা যায় নাই। কাশীদাগী মহাভারত পুরাতন পুঁথির অভাবে প্রকাশের ব্যবস্থা হইতেছে না। অধ্যোষের বৃদ্ধ চারিত ও সয়ক্ষল মোতাধ্রীণ গ্রান্থর কাপি প্রস্তুত আছে, কিন্তু নানা বিদ্ধু ঘটায় মূলাক্ষণ আরম্ভ হয় নাই।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উৎকীর্ণ লিপিসংগ্রহ ক্রতবেগে অগ্রসর
হইতেছে। পরিষৎ মাসিক ১৫ বেতনে লেথক নিযুক্ত করিয়া উহার কাপি প্রস্তুত করাইতে-ছেন। আগামী বংসর উহা মুদ্রাষত্ত্রে দেওয়া যাইতে পারিবে।

রায়বাহাত্র শ্রীযুক্ত শরচ্চক্র দাস কর্তৃক অবদান-কল্পণতার অহ্ববাদ কার্য্য জ্রুত অগ্রসর ইইতেছে। এই বৃহৎ গ্রন্থের প্রকাশও সময় সাংক্ষেত্র

ই যুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয়ের বাঙ্গালা শন্ধকোষ যন্ত্র। নৃত্ন অক্ষর তৈয়ার করিবার হাঙ্গামায় উহা ছাপিয়া সম্পূর্ণ করিতে বিলম্ব ঘটিতেছে। ঐ কোষ-গ্রন্থের ভূমিকাম্বরূপ সঞ্জনকার বাঙ্গালা ব্যাকরণ সম্বন্ধে যে বৃহৎ প্রবন্ধ লিথিয়াছেন, তাহা মূজায়ায়ে দেওয়া ইইয়াছে। কোষ্প্রত্ প্রকাশের পূর্বেই এই অংশ বাহির করিবার ব্যবস্থা ইইতেছে।

বর্ত্তমান বর্ষে পরিষং অনেকগুলি নৃত্ন গ্রন্ধ প্রকাশের ভার গ্রহণ করিয়াছেন। শ্রীযুক্ত নীলরতন মুখোপাধাায় চণ্ডীদাদের বহুসংখ্যক নৃত্ন পদ আবিদ্ধার করিয়াছেন; ইহার কতক বহুপুর্বের সাহিত্য-পরিষং-পত্রিকায় ও অক্যান্ত পত্রে প্রকাশিত হইয়াছিল। এই সমস্ত নবাবিষ্কৃত পদ সংগ্রহ করিয়া পরিষদের প্রাচীন সভ্য নীলরতনবাবু চণ্ডীদাদের পদাবলী প্রকাশ করিতেছেন। পরিষদের ব্যয়েই ইহা মুদ্রিত হইতেছে। বিদ্যাপতির পদাবলীর মত রহং আকারে ও উৎকৃত্ত অক্সরে ইহা ছাপিবার ব্যবস্থা হইয়াছে। চণ্ডীদাদের পদাবলীর যে সকল সংস্করণ এতদিন বাহির হইয়াছে, এই নৃত্ন সংস্করণ তাহা অপেক্ষা আয়তনে রহত্তর হইবে। শ্রীযুক্ত অম্লাচরণ ঘোষ বিদ্যাভূণ মহাশয়, এ পর্যান্ত যত বাঙ্গালা গ্রন্থ মৃদ্রিত হইয়াছে, তাহার তালিকা সন্ধলিত করিয়া পরিষদের ব্যয়ে মুদ্রিত করিতেছেন। তাঁহার বিপুল পরিশ্রমের ফল প্রকাশিত হইলে বাঙ্গালা সাহিত্যের আধুনিক ইতিহাস সন্ধলনে সর্ব্বেখান অবলম্বন হইবে। গ্রন্থকারের নাম, প্রকাশের হান ও তারিথ প্রত্যেক গ্রন্থর

নামের সহিত দেওয়া হইয়াছে। এই গ্রন্থ প্রকাশিত করিয়া পরিষৎ গর্কিত হইবেন। পুরাতন মৃশ পুঁথির অভাবে ক্তিবোদের রামায়ণের অঘোধ্যাকাও ও উত্তরকাও ভিন্ন অন্ত অন্ত অংশ এ পর্যন্ত প্রকাশ করিতে পারা যায় নাই। সম্প্রতি লগ্গাকাণ্ডের কাপি প্রস্তুত হইয়াছে। উহা সম্বর্ষশ্বস্থ হইবে।

উল্লিপিত গ্রন্থ জিলার মধ্যে অধিকাংশই যন্ত্র। বর্ত্তমান বর্ষে পরিষদ্-গ্রন্থাবালীভুক্ত হইয়া নিমোলিথিত গ্রন্থ কয়খানি বাহির হইয়াছে।

(১) বিষ্ণুম্ভি পরিচয়—পুরাণে বিষ্ণুম্ভির বিবিধ প্রকারভেদ বণিত আছে। নারায়ণের সাধারণ চতুর্কিংশতি মূর্লিই নানা পুরাণে উল্লিখিত আছে। এক এক মূর্ভি এক এক নামে পরিচিত, এবং করচতুইয়ে প্রহরণাদির সংস্থানভেদে ভিন্ন ভিন্ন নামে পরিচিত। তদ্তিন্ন নারায়ণের পার্যানির ভেদক্রমে নানারপ বিশেষ মৃত্তিরও বর্ণনা আছে। পুরাণোক্ত এই মৃত্তি-সকল একালের পণ্ডিতগণেরও অজ্ঞাত। অথচ প্রাচীনকালে পুরাণোক্ত বর্ণনা অমুসারে এই সকল ভিন্ন মূর্ত্তি ভাদ্দরগণ দার। নির্মিত ও গৃহস্থগণের মন্দিরে পু্দ্ধিত হইত। এইরপ অনেক ওলি পাষাণ বা ধাতুনির্মিত মূর্ত্তি মাছে। পণ্ডিত বিনোদবিহারী কাব্য-তার্থ নানা পুরাণ হইতে প্রমাণ সংগ্রহ করিয়া এই সকল মূর্ত্তির বিবরণ দিয়াছেন, এবং তৎ-গহিত বার্থানি মূ্ত্তির ফটোগ্রাক দিয়াছেন। পরিষদের প্রমাহিতিদী কুমার শর্থকুমার রায় মহাশ্যের ব্যয়ে এই উপাদেয় গ্রন্থ মূদ্রিত হইয়া সভাগণের নিকট বিতরিত হইয়াছে; আশা আছে এই গ্রন্থ যথোচিত সমাদৃত হইবে।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার, এম্. এ, মহাশয় স্বচরিত "গ্রীক্দিগের জাতীয় শিক্ষা" নামক উপাদের গ্রন্থ নিজবায়ে মুজিত করিয়া প্রথম সংস্করণের স্বস্থ সাহিত্য-পরিষদে দান ক্রিয়াছেন। বাঙ্গালা ভাষায় এই শ্রেণীর গ্রন্থ এই নৃতন। পরিষ্থ ঐ গ্রন্থ গ্রন্থ বিশ্বাক্তিক করিয়া বাহির করিয়াছেন।

গত বংশর পরিষং-প্রবৃত্তিত বৈজ্ঞানক প্রবন্ধাবলী পাঠের উপক্রমণিকার স্বরূপে বর্তুমান পরিষং-সম্পাদক যে প্রবন্ধ পাঠ করিয়াছিলেন, উহা "নায়াপুরী" নানে তাঁহার নিজ ব্যয়ে মুক্তিত হইয়া সভাগণের নিকট বিতরিত হইয়াছে।

এতদ্যতীত শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র মহাশয় পঠিত "পরলোকগত চন্দ্রনাথ বস্থ" এবং শ্রীযুক্ত চন্দ্রশেথর কর মহাশয় পঠিত "পরলোকগত কালী প্রদন্ধ ঘোষ বিদ্যাসাগন্ধ" প্রবন্ধদন্ধ প্রতিকাকারে গ্রন্থাবলীভূক্ত হইয়া প্রকাশিত হইয়াছে। উভয় গ্রন্থই সভ্যগণ বিনামুল্যে পাইয়াছেন।

প্রদক্ষক্রমে দভাগণের অবগতির জন্ম একটা কথা বলা আবশুক। প্রাচীন বা আধুনিক গ্রন্থ প্রকাশের ব্যয় স্বীকারে পরিষং দম্প্রতি অক্ষম। পরিষদের দাধারণ তহবিলে দেরপ অর্থ নাই; এক লালগোলার রাজা বাহাত্ব পাচীন গ্রন্থ প্রকাশের জন্ম পরিষংকে বার্ধিক দাহায়া দিয়া আদিতেছেন, দেই অর্থের কিয়দংশে মুক্তিত গ্রন্থ বিনামূলো সভাগণকে দেওয়া হয়।

ভিত্তির পরিষং-প্রকাশিত অন্যান্য গ্রন্থের অধিকাংশই অন্যের অর্থে মৃদ্রিত। প্রন্থের মৃদ্য ও স্বত্তাধিকার সম্বন্ধে তাঁহারা যে নিয়মে পরিষদ্কে বাধা করিয়াছেন পরিষং সেই নির্মেই বাধা অংছেন। কাজেই সে সমন্ত গ্রন্থ বিনা মূল্যে বিতরণ করিতে পরিষং পারেন না; কোন কোন স্থলে বায়ভার-গ্রহণকর্তার অন্থমতি ক্রমে সভ্যগণকে কিছু অল্প মূল্যে দিতে পারেন মাত্ত। গ্রন্থাবলীভূক্ত গ্রন্থের অধিকাংশেই যে মূল্য নির্দ্ধারিত আছে, ইহার হেতু এই।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বংসরে সাহিত্য-পরিষ্-পত্রিকা আপনার গৌরব অক্ষন্ত রাখিয়াছে। এমন সময় ছিল, যথন প্রবন্ধের অসদ্ভাবে পত্রিকা প্রকাশে বিলম্ব ঘটিত। এখন প্রবন্ধের অসদ্ভাব ঘটে না, বরং প্রবন্ধের এত প্রাচ্যা ঘটিয়াছে যে পত্রিকা-সম্পাদককে প্রবন্ধ নির্ম্বাচনে সাহায্য করিবার জন্য কার্যা-নির্ব্বাহক-সমিতি একটি শাখা-সমিতি নিয়োগে বাধ্য ইইয়াছেন। এই শাখ। সমিতি মধ্যে বিবিধ বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি আছেন; যিনি যে বিষয়ে অভিজ্ঞ, তাঁহার পরামর্শ লইয়া পত্রিকা-সম্পাদক পত্রিকা নির্মাচন করেন; এবং পত্রিকা সম্পাদক এবং বিশেষজ্ঞের মধ্যে মতভেদ উপস্থিত হইলে সমিতির পরামর্শ গ্রহণ আবশুক হইয়া উঠে। যেখানে নানাশ্রেণির লোকের নিক্ট হইতে নানা বিষয়ে বহু প্রবন্ধ আদে, সেখানে এইরপ শাখা-সমিতির সাহায়া ব্যতিরেকে সম্পাদকের কার্য্য তুরুহ হইয়া উঠে। পক্ষান্তরে এই কারণে নির্মাচিত প্রবন্ধের প্রকাশেও বিলম্ব ঘটিয়াছে। পত্রিকা ত্রৈমাদিক, আকারে আটি ফর্মা মাত্র, বিশেষ সাবধানে প্রবন্ধ নির্বাচন না করিলে পত্রিকার গৌরব থাকে না, অথচ বিলম্বের জন্য প্রবন্ধ লেথকেরা অনেক সময় ক্ষুণ্ণ হইয়া পাকেন। প্রবন্ধ লেথকগণ সকলেই সাহিত্য পরিষদের হিতাকাজ্ঞী বন্ধু; তাঁহারা পরিষদের প্রতি শ্রদ্ধা বশতই অ্যাচিত ভাবে প্রবন্ধ পাঠাইয়া পরিবদ্কে অন্তুগৃহীত করিয়া থাকেন। আশা করা যায়, কোন প্রবন্ধ কোন কারণে প্রকাশিত না হইলে বা প্রকাশে অভূচিত বিলম্ব ঘটলে গাঁহারা অবস্তা বুঝিয়া ক্ষমা কবিবেন।

এই প্রসঙ্গে আর একটু কথা বলা আবশুক। পত্রিকা-প্রকাশ-সমিতি দ্বির করিয়াছেন যে, যে সকল প্রকাশ কথার বা অপরের আবিদ্ধৃত পুরাতন তথ্যের বর্ণনার অফুরুত্তির বা ব্যাখ্যা মাত্র, সে সকল প্রকাশ অতি উৎক্ষুত্ত ও শিক্ষাপ্রদ হইলেও পরিষং-পত্রিকায় স্থানের সন্ধীর্ণতা বিবেচনায় সাধারণতঃ প্রকাশিত হইলে না। সম্প্রতি বাঙ্গালায় অনেকগুলি উচ্চাঙ্গের মাসিক পত্রিকা বিদ্যমান আছে, ঐ সকল পত্রিকাই ঐ শ্রেণির প্রবন্ধের প্রকাশের যোগ্য স্থান। কিন্তু যে প্রবন্ধে কোনরূপ নৃত্রন অকুসন্ধানে বা নৃত্রন গ্রেশগায় আবিদ্ধৃত বা নৃত্রন চিন্তায় লব্ধ কোন তথ্যের সংবাদ আছে, সেই তথ্যের প্রচারার্থ সাহিত্য-পরিষং-পত্রিকা যোগ্য স্থান। এইরূপে সাহিত্য-পরিষং-পত্রিকার বিশিষ্টভাব রক্ষা করিবার চেষ্টা কর্ত্তব্য। খাহাদের হত্তে এ পর্যন্ত পরিষং-পত্রিকার সম্পাদনের ভার ছিল এবং এখনও আছে, তাঁহারা সকলেই এই মতের অনুসরণ করিয়া পরিষং-পত্রিকার বৈশিষ্ট্য রক্ষা করিবার চেষ্টা করিয়া-

ছেন; পত্তিকা-সমিভিও এই মতের পোষণ করিয়াছেন। কাজেই ইতিহাস, ভাষা, সাহিত্য বিজ্ঞানাদি শাস্তে কোনরূপ নৃতন তথ্যের বা নৃতন মতের সংবাদ প্রচারে এবং আলোচনাতে আবন্ধ থাকাই পরিবৎ-পত্তিকার কর্ত্তব্য বলিয়া বিবেচিত হুইয়াছে।

বিজ্ঞান দর্শন ইতিহাসাদি বিষয়ে বাঙ্গালা সাহিত্যের অবস্থা এখনও অপূর্ণ ও দরিত্র। অক্সান্ত দেশে অক্সান্য ভাষার বিবিধ বিদ্যার যে সকল আলোচন। হইয়াছে বা হইতেছে, তাহার প্রচারে বাঙ্গালা সাহিত্যের দারিদ্রা মোচন অবশ্রম্ভাবী, সেইরূপ আলোচন। সদ্গ্রম্থ প্রচার ধারা হইতে পারে, এবং এইরূপ সদ্গ্রম্থ প্রচার পরিষদের অন্যতম মুখ্য উদ্দেশ্ত বলিয়া চিরকাল গণ্য হইয়া আসিয়াছে। কিন্তু সেই বিপুল কর্ম্মের উপযোগী অর্থসামর্থ্য পরিষদের নাই। পরিষং সামর্থ্য বিবেচনায় এই কার্যোও ধীরে অগ্রসর হইতেছেন। সঙ্গীর্ণ পরিষং-পত্রিকার দারা এ কান্য সমাক্তাবে অন্তৃষ্ঠিত হইবার নহে। এই সকল বিবেচনা করিয়া পত্রিকাকে উহার স্কীর্ণ উদ্দেশ্য মধ্যে আবন্ধ রাধাই কর্ব্য বলিয়া বিরুব্রিত হইয়াছে।

কোনর প নৃতন তপ্যের আবিক্ষারবান্তা বা আলোচনা বিশেষজ্ঞ ব্যতীত সাধারণ পাঠকের মনোজ্ঞ বা তৃপ্তিকর হয় না; এই হেতু পরিষং-পত্তিকার প্রবন্ধগুলি সাধারণ পাঠকের অনেক সময় তৃপ্তি জন্মায় না। কিন্তু পরিষং-পত্তিকা যথন একটা বিশেষ উদ্দেশ্য সাধনের জ্ঞু নিদ্ধিঃ হইরাছে, তথন পরিষদের সভ্যগণ ও পাঠকগণ এবিষয়ে অবধান করেন, ইহাই প্রাথনীয়।

শীযুক্ত নগেল্ডনাথ বস্থ মহাশরের সম্পাদকতায় এবং বিশেষজ্ঞদিগের সাহায্যে পরিষং-প্রিকা দিন দিন এই নির্দিষ্টপথে অগ্রসর হইয়া দেশ বিদেশের স্থীজনের শ্রহ্মালাভে সমর্থ হইবে, এইরূপ আশা করা যায়। প্রিকার মধ্যে প্রস্তুত্তর বা ইতিহাস ঘটিত যে সকল তথাের স্বাদ থাকে তাহা স্বত্ত কোন পরে প্রকাশিত সংবাদের অনুবৃত্তি বা স্ক্র্রাদমাত্র নহে। কিছু না কিছু নৃত্তন্ত্র না থাকিলে কোন প্রবন্ধই গুহীত হয় না।

- 8°। প্রত্যেক বার্ষিক অধিবেশনের পূর্ন্দে কার্য্য-নির্দ্যাহক-সমিতি এই সকল স্থায়ী ও অস্থায়ী সমিতির সম্পাদকগণের নিকট তাঁহাদের আপন আপন অধিকার-সংক্রোস্ত কার্য্যের বিবরণ গ্রহণ করিবেন এবং আবশ্রক্ষাত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণীতে সন্নিবিষ্ট করিয়া দিবেন। পরিষং-শাথাগুলির বার্ষিক কার্য্য বিবরণও এইরূপে আনাইয়া উক্ত বার্ষিক কার্য্য বিবরণভক্ত করিবেন।

### কার্যা-নির্কাহক-সমিতির ভাধবেশন

- 8>। প্রতিমাদে অন্ততঃ একবার কার্যানিকাছক-সমিতির অধিবেশন ছইবে। তদ্তির প্রয়োজন ছইলে, কিংবা কার্যা-নির্কাছক-সমিতির চারিজন সভ্য ছেতুনির্দ্ধেশপূর্কক পত্রশ্বারা প্রার্থনা করিলে, এই সমিতির অধিবেশন ছউবে।
- রহ। আলোচ্য বিষয়াদি নির্দ্ধেপূর্ব্বক অস্ততঃ চারিদিন পূর্ব্বে সভাধিবেশনের সময় বিজ্ঞাপন করিয়া সম্পাদক কার্যা নির্দাহক সমিতির অধিবেশন আহ্বান করিবেন।
  - কে) বিশেব প্রয়োজনে চারিদিন অপেক্ষা অল্ল সময় পূর্ব্বেও বিজ্ঞাপন দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইতে পারিবে। অত্যাবগুক স্থলে এবং অধিবেশন-আহ্বানের সময় না থাকিলে বা বিশেষ কার্য্য ক্রত সম্পাদন করিতে হইলে, অধিবেশন-আহ্বানের পরিবর্ত্তে কার্য্য নির্ব্বাহক-সমিতির সভ্যগণের নিক্ট পত্রধারা কার্য্যবিজ্ঞাপনপূর্ব্বক সম্পাদক তংসম্বন্ধে লিখিত মতামত সংগ্রহ করিয়া অধিকাংশের মতাক্মসারে কার্য্য করিতে পারিবেন। এরূপস্থলে মক্স্বলবাসী সভ্যগণকে আহ্বান বা তাঁহাদের মতগ্রহণ আবগ্রক হইবে না, কিন্তু কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্তী অধিবেশনে উক্ত কার্য্য অন্তুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।
- ৪৩। কার্য্য-নির্বাহক-সমিতির অধিবেশনে অন্যুন ৮ জন সভা উপস্থিত হইলে, উহার কার্য্য আরম্ভ হটবে।
  - (ক) যদি কার্য্য নির্কাহক-সমিতির কোন অধিবেশনে ৮ জন অপেক্ষা অল্লসংখ্যক সভা উপস্থিত হন, তবে সেদিন সভার কার্য্য স্থানিত থাকিত এবং পরবর্ত্তী অধিবেশনে যদি কোন নৃত্রন আলোচ্য বিবয় উপস্থাপিত না হয়, তবে অন্যন ৫ জন সভা উপস্থিত হইলেই সভার কার্যা হই:ত পারিবে। পুনরধিবেশনের সম্বাদি বিজ্ঞাপিত করিতে হইবে।
- 88। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিখিত হইবে এবং সেই কার্য্য-বিবরণ তাহার পরবর্ত্তী অধিবেশনে অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

- (ক) কোন কারণে কোনদিন কার্য্য-নির্কাহক-সমিতির অধিবেশন স্থগিত হইলে, সম্পাদক তাহার কারণ কার্য্য-বিবরণ-পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিবেন এবং তাহা পরবর্ত্তী অধিবেশনে উপস্থাপিত করিবেন।
- ৪৫। কার্য্য-নির্বাহক-সমিতির কার্য্য-বিবরণ মুদ্রিত হইবে না।
- ৪৬। কার্য্য-নির্বাহক-সমিতি পরিষদের প্রত্যেক মাসিক অধিবেশনের বা বিশেষ-অধিবেশনের আলোচ্য বিষয়, পাঠার্থ প্রবন্ধ এবং প্রদর্শনাদির বিষয় ও অন্থান্য কার্য্য নির্দিষ্ট করিয়া দিবেন।

### পরিষদের অধিবেশন

- ৪৭। সাহিত্য-পরিষং-মন্দিরে (কলিকাতা, হালদীবাগান, অপার দাকু লার রোড ২৪৩১ সংখ্যক ভবনে) প্রতি বাঙ্গালা মাদের শেষ রবিবারে অথবা প্রয়োজন হুইলে, অন্যত্র বা অন্য-বাবে বঞ্চীয়-সাহিত্য-পরিষদের অধিবেশন হুইবে।
  - (ক) কোনও বিশেষ উদ্দেশ্যসাধনের নিমিত্ত কার্য্য-নির্নাগক-সমিতির নির্দেশে বিশেষ দিনে পরিষদের বিশেষ অধিবেশন হইতে পারিবে।
  - (খ) কোনও বিশেষ প্রয়োজনে অন্যন ১০ জন সদস্ত হেতৃ-নির্দেশ পূর্বক পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করাইবার জন্য কার্য্য-নির্বাহক-সমিতিকে অন্পরোধ করিয়া পত্র লিখিলে, কার্য্য-নির্বাহক-সমিতি যথোপযুক্ত দিনে পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।
- ৪৮। সভাপতি অথবা সহকারীসভাপতি, সম্পাদক অথবা সহকারীসম্পাদকগণের মধ্যে কেহ অধিবেশনে উপস্থিত না থাকিলে, উপস্থিত সদস্তগণ উপযুক্ত ব্যক্তির নিয়োগদার। সেই দিনকার কার্য্য পরিচালন করিবেন।
- ৪৯। সমস্ত অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে অধিবেশনের সকল প্রকার আলোচ। বিষয় ও কার্য্য-তালিকা মুক্তিত হইবে এবং সাত দিন পূর্বের উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবে।
- ৫০। অন্যন ১৫ জন সদস্থ উপস্থিত হইলে, পরিষদের সাধারণ মাসিক অধিবেশন বা কৈনি বিশেষ অধিবেশনের কার্য্য চলিতে পারিবে। নির্দিষ্ট সংখ্যক সদস্থ উপস্থিত না হইলে বা অন্য কোন কারণে অধিবেশনের কার্য্য বন্ধ হইলে, তাহা লিপিবদ্ধ করা হইবে।
- ৫১। মাসিক ও বিশেষ-অধিবেশনের কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিপিবদ্ধ থাকিবে এবং সম্পাদক তাহা পরবর্ত্তী মাসিক অধিবেশনে অন্ধুমোদনের জন্য উপস্থাপিত করিবেন।
- ৫২। এই সকল অধিবেশনের কার্য্য-বিবরণ পরিষং-পত্রিকার সহিত অথবা স্বতর পুস্তিকাকারে ক্রমশঃ প্রকাশিত হইবে এবং ইহা প্রত্যেক সদস্ত বিনামূল্যে পাইবেন।
- ৫৩। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময় কোন সদস্ত সেই বিষয়সম্বন্ধে একবার প্রপ্রাবক প্রস্তাবের সময় একবার ও অপরাপর সদস্তের সমালোচনার পরে উত্তরম্বরূপ আর একবারমাত্র স্বীয় বক্তব্য জ্ঞাপন করিতে পারিবেন। সভাপতির বিশেষ অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

### সহাপতি

- ৫৪। কোন অধিবেশনের কার্য্য-প্রণালী অথবা কোন নিয়মের তাৎপর্য্য সম্বন্ধে সভাস্থলে কোন বিষয়ের মীমাংসায় সভাপতির মত অথবা আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৫৫। কোনও বিষয়ের মত গ্রহণকালে, গৃই পক্ষের মতামতের সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার অধিকার থাকিবে।
- ৫৬। কোনও বিশেষ কার্য্য ক্রত-সম্পাদনের প্রয়োজন হুইলে এবং কোন মাসিক সভার আলোচ্য বিষয় তালিকাভুক্ত করিবার জন্য কার্য্য-নিব্যাহক-সমিতি আহ্বানের সময় না থাকিলে, সভাপতি তাহা কোনও মাসিক অধিবেশনে আলোচনার্থ অন্তমতি দিতে পারিবেন।

### সহকারী সভাপতি

- ৫৭। চারি জন সহকারী সভাপতির মধ্যে অন্যুন ছই জন মদস্বলের অধিবাসী হইবেন।
- ৫৮। সভাপতির অন্ত্রপন্থিতিতে অন্যতম সহকারী সভাপতি সভাপতির কর্ত্তব্য সম্পাদন করিবেন ও তাঁছার যাবতীয় অধিকার গ্রাপ্ত হইবেন।

#### সম্পাদক

- ৫৯। পরিষং-সংক্রান্ত যাবতীয় কার্য্য কার্য্য-নির্ন্ধাহক-সমিতির নির্দ্ধেশে সম্পাদকের ভন্তাবপানে সম্পন্ন হইবে।
- ৬০। কার্য্য-নির্বাহক-সমিতির এবং পরিষদের সাধারণ ও বিশেষ অধিবেশনের নির্দিষ্ট কার্য্য ও সঙ্কল্প প্রভৃতি সমাধান করিবার ভার সম্পাদকের হত্তে থাকিবে।
- ৬১। **অধিবেশনে**র বিবরণাদি, আন্ন-নানের বিবরণাদি ও আনুমানিক হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।
  - ৬২। সম্পাদক পরিষদের যাবতীয় অধিবেশন আহ্বান করিবেন।
- ্রত। সম্পাদক কার্য্য-নির্দ্ধাহক-সমিতিতে প্রেরিত সদস্তগণের পত্রাদি আবশ্যক মত কার্য্য-নির্দ্ধাহক-সমিতির সমীপে উপস্থাপিত করিবেন।
- ৬৪। সম্পাদক প্রতিমাদে আয়-ব্যয় বিবরণ প্রস্তুত করাইয়া কার্য্য-নির্ব্ধাহক-সমিতিতে উপস্থাপিত করিবেন।
- ৬৫। কার্য্য-নির্বাহক-সমিতির নির্দারিত বার বাতীত কোনও ন্তন কার্যোর জনা কিছু
  বার করিতে হইলে, সম্পাদক তাহা কার্য্য-নির্বাহক-সমিতির অনুমতি লইরা করিবেন।
  - (ক) বিশেষ প্রয়োজনীয় স্থলে, কার্য্য-নির্বাহক-সমিতির অনুমতি লইবার পূর্বে ৫০ টাকা পর্যান্ত সম্পাদক নিজে বায় করিতে পারিবেন, কিন্তু উক্ত সভার পরবর্ত্তী অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন।
- ৬৬। আয়-বায়-সংক্রাম্ভ কার্য্যানিবাতীত যদি কোন অনিবার্যা কারণে কোনও বিশেষ কার্য্য সম্পাদককে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতির অপেক্ষা না করিয়াই করিতে হয়, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রবর্ত্তী অধিবেশনে কারণ প্রদর্শন করিয়া উক্ত কার্য্য নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন।

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

- ৬৭। সম্পাদক ৩৭ (ঘ) নিয়মান্ত্রনারে তালিকা প্রস্তুত করিয়া আবশ্রকমত মধ্যে মধ্যে কার্য্য-নির্বাহক-সমিতির গোচর করিবেন।
- ৬৮। বার্ষিক অধিবেশনের পূর্ব্বে, পরিষদের আয়-বায়-পরীক্ষক দ্বারা পরীক্ষিত বার্ষিক হিসাব, শাখাসভা ও অক্তান্ত সমিতির প্রদত্ত কার্য্য-বিবরণ এবং অন্তান্য আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়-সংবলিত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া সম্পাদক প্রথমে কার্য্য-নির্বাহক-সমিতির অন্থমোদনার্থ উপস্থাপিত করিবেন এবং কার্য্য-নির্বাহক-সমিতি কর্ত্ত্ক অন্থমোদিত কার্য্য-বিবরণ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন এবং বার্ষিক অধিবেশনে তাহা পঠিত ও অন্থমোদিত হইলে, উহা প্রকাশ করিবেন।
- ৬৯। সম্পাদক প্রয়োজনমত সহকারী সম্পাদকগণকে নিজ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

### সহকারী সম্পাদক

- १०। সম্পাদকের নির্দেশয়ত সহকারী সম্পাদকগণ নিরাপিত কার্য্য পরিচালন করিবেন।
   ক্রাবাধাক্ষ
- ৭১। পরিষদের সাধারণ তহবিল কোষাধ্যক্ষের নিকট থাকিবে।
- ৭২। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দিষ্ট ব্যবস্থান্ত্রসারে কোষাধ্যক্ষ সম্পাদকের সহিত সাধারণ তহবিলের টাকার আদানপ্রদান করিবেন।
- ৭০। সাধারণ তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের জন্য কার্য্য-নির্কাহক-সমিতি যেরপ ব্যবস্থা করিবেন, তদমুসারে তাহাদের কার্য্য চলিবে।

#### গ্রসাধাক

৭৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়মান্ত্রসারে ও সম্পাদকের নির্দ্ধোন্ত্রযায়ী: গ্রন্থাধ্যক্ষ গ্রন্থাগারের যাবতীয় ব্যবস্থা করিবেন।

#### femantata e

৭৫। কার্য্য-নির্বাহক-স্নিতির নির্দারিত নিয়ম ও সম্পাদকের নির্দেশারুসারে চিত্রশালা ধ্যক্ষ চিত্রশালার যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

#### চাতাধাক

৭৬। ছাত্রাধ্যক্ষ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্ধে অনুসাবে পরিষদের ছাত্র-সভ্যগণের শিক্ষা, উপদেশ, কার্য্য-ব্যবস্তা, পরীক্ষা ও পারিতোষিক প্রভৃতি সম্বন্ধে যাবতীয় কার্য্য পরিচালন করিবেন।

#### পত্ৰিকাধাক

৭৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মান্ত্সারে পত্রিকাধ্যক্ষ পত্রিকা-সম্পাদনের ব্যবস্থা করিবেন।

### সাগ-বায়-পরীক্ষক

৭৮। পরিষদের যাবতীয় হিদাব পরিদর্শনের জন্য প্রতি বংসর বার্ষিক অধিবেশনে সদস্ত-গণের মধ্য হইতে ছইজন আয়-বায়-পরীক্ষক নির্বাচিত হইবেন।

- ৭৯। বৎসরাস্তে পরিষদের সাধারণ তহবিলের আয়-ব্যয়-বিবরণ সম্পাদক প্রস্তুত করিয়া দিলে, কার্য্য-নির্কাহক-সমিতির আদেশাদি মিলাইয়া আয়-বায়-পরীক্ষকগণ সেই হিসাব পরীক্ষা করিবেন।
- ৮০। পরীক্ষান্তে আয়-বায়-পরীক্ষকগণ হিসাব পরিশুদ্ধ বলিয়া অন্ধুমোদন করিলে, সেই হিসাব কার্য্য-নির্বাহক-সমিতির অধিবেশনে গ্রহণীয় হইবে।
- ৮১। সাধারণ-তহবিল ব্যতীত পরিষদের অন্যান্য তহবিলের আয়-বায়-পরীক্ষার ভারও ইহাদের উপর ন্যস্ত থাকিবে।
- ৮২। হিসাব পরীক্ষায় কোনরূপ ভ্রমপ্রমাদ বা নিয়মভক্ষের পরিচয় পাইলে, ইছারা কার্য্য-নির্বাহক-সমিতিকে লিখিয়া জানাইবেন।
  - ৮৩। আর-ব্যয়-পরীক্ষকগণ আবগুক মত মাসিক বা তৈমাসিক হিসাব পরীক্ষা করিবেন। পরিষৎ-শাধা
- ৮৪। দেশের ভিন্ন স্থানে পরিষদের উদ্দেশ্যানুক্ল কার্য্য-সম্পাদন জন্ম বঙ্গীয়-সাহিত্য-পরিষং 'পরিষৎ-শাপা' প্রতিষ্ঠা করিতে পারিবেন।
- ৮৫। যে স্থানে পরিবং-শাথা স্থাপিত হউবে, "বঙ্গীয়-সাহিত্য-পরিবং" এই নামের পর সেই স্থানের অর্থাং সেই নগরের বা প্রদেশের নামের সহিত শাথা শদ্যোগে পরিবং-শাথাগুলির নামকবণ হইবে। (দৃষ্টাস্ত--বঙ্গীয়-সাহিত্য-পরিবং, রঙ্গপুর-শাথা।)
- ৮৬। কার্য্য-নির্কাহক-সমিতির নির্কারিত এবং পরিষদের অন্থমোদিত নিয়মাবলী অনুসারে শাখাসমহ পরিচালিত হইবে।
- ৮৭। মূল-পরিষদের সদস্য বাতীত অপর ব্যক্তি কোন পরিষং-শাথার সম্পাদক হইতে পারিবেন না।
- ৮৮। কার্য্য-নির্ন্ধান্তক-সমিতির বিশেষ কোন নিয়ম ব্যতীত কোনও পরিধৎ-শাথার সহিত মল-প্রিষদেব কোন্ত্রপ অর্থ সম্বন্ধ পাকিবে না।

#### 517-291

- ৮৯। নঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যান্ত্রযায়ী কার্য্যসাধনের জন্ম সাহিত্য-পরিষদের অধীনে একটা ছাত্র-সভা গঠিত হইবে। বিচ্ঠালয়ের ছাত্রগণ এই সভার সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা ছাত্র-সভ্য নামে অভিহিত হইবেন।
- ৯০। ছাত্রাধ্যক্ষের প্রস্তাবক্রমে কার্য্য-নির্ন্ধাহক-সমিতি বিচ্ছালয়ের ছাত্রগণকে এই সভার সভারপে নির্ন্ধাচন করিবেন।
- ৯১। ছাত্র-সভাগণের কর্ত্তবা ও অধিকার নির্দেশের জন্ম ছা াক্ষের পরামর্শ মত কার্যা-নির্দ্ধাহক-সমিতি কর্ত্তক নিয়মাবলী প্রণাত হইবে।

### विश्वत विधि

৯২। পরিষদের বিশেষ বা সাধারণ মাসিক অধিবেশনে শীমাংসিত কোন নিয়ম ছয় মাস মধ্যে আলোচিত বা পরিবর্ত্তিত হইতে পারিবে না। ৯৩। কোন ন্তন নিয়ম প্রণয়ন অথবা কোন পুরাতন নিয়মের সংস্কার-সম্বন্ধে প্রস্তাব উপস্থিত হইলে, কার্য্য-নির্বাহক-সমিতি তাহা বিচারপূর্ব্বক পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনে মীমাংসার্গ উপস্থিত করিবেন।

৯৪। আবশুক হইলে, পরিষদের অধিবেশনে কার্য্য-নির্বাহক-সমিতির প্রস্তাবমত এই নিয়মাবলীর অন্তর্গত কোন নিয়মের সংস্কার বা কোন নৃতন নিয়মের সংযোজন হইতে পারিবে। আবশুক হইলে, তংপূর্ব্বে পত্রদারা সমূদ্য সদস্তের মত গ্রহণ করা হইবে।

৯৫। পরিষদের উদ্দেখ্যাস্থক্ল নির্দিষ্ট ও প্রচলিত কার্য্যব্যতাত অন্য কোন নৃতন কার্য্য করিতে হইলে, কার্য্য-নির্বাহক-সমিতিকে বিশেষ বা মাসিক অধিবেশনে সমবেত সদস্যগণের মত গ্রহণ করিতে হইবে।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠাতৃগণ

রাজা শ্রীযুক্ত বিনয়ক্ষণ দেব বাহাছর

.. হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত-রত্ন

এম্ এ, বি এল্

- " এল্ লিওটার্ড
- " নীলরতন মুখোপাধ্যায় বি এ
- , গোপালচক্র মুগোপাধ্যায়
- রায় "মতিশাল হালদার বাহাতর বি এল
  - "নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
  - " স্বরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এ
- রায় " শরচ্চকু দাস বাহাতর সি আই ই
- পণ্ডিত " তারাকুমার কবিরত্ন
  - , (मरनक्तांश मुर्शाशांशांश
- ডাক্তার , স্থলরীমোহন দাস এম্ বি
  - " আভতোৰ ঘোৰ এল্ এম্ এম্
    - , দেবকিশোর মুখোপাধাায় এম্ এ
    - " ক্ষীরোদপ্রসাদ বিগ্রানিনোদ এম এ
    - .. আঙ্তোষ বকেলপাধ্যায়
    - " বসম্বরঞ্জন রায় বিদদল্লভ

স্বৰ্গীয় ক্ষেত্ৰপাল চক্ৰবৰ্ত্তী যোগশান্ত্ৰী

, ডাক্তার স্থ্যকুমার সর্বাধিকারী

রায় বাহাত্র

- .. সারদাপ্রসাদ দে
- "নগেন্দ্নাথ ঘোষ এফ্ আর এস্ এল্
- .. মনোমোহন বস্থ
- " সাতকজ়ি হালদার বি এল
- " গোসাঁইদাস গুপ্ত
- ., नमक्रक नस्र এम् এ, मि এम्
- " উমেশচক্র বটব্যাল এম্ এ, সি এম্
- .. চাকচন্দ্ৰ ঘোষ
- "রমেশচন্দ্রদত্ত সি আই ই
- " মাধবচন্দ্র চট্টোপাধ্যায়

# পরিষদের কর্মচারিগণের আত্যন্ত তালিকা

#### **সভাপ**তি

১৩০১-২ স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত ১৩০২-৩ ,, চন্দ্রনাথ বস্থ ১৩০৪-৬ শ্রীযুক্ত দিজেন্দ্রনাথ ঠাকুর ১৩০৭-৮ .. সত্যেক্রনাথ ঠাকুর

১৩০৯ স্বর্গীয় রমেশচক্র দন্ত ১৩১০-১১ শ্রীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর ১৩১২-১৮ ,, সারদাচরণ মিত্র

### সহকারী সভাপতি

১৩০১ স্বর্গীয় নবীনচন্দ্র সেন শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর ১৩০২ স্বৰ্গীয় চন্দ্ৰনাথ বস্থ नवीनहक् सन শীযুক্ত রবীক্তনাথ ঠাকুর ১০০৩ স্বৰ্গীয় নবীনচন্দ্ৰ সেন শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর স্বৰ্গীয় মনোমোহন বস্ত্ৰ ১৩০০ .. কালীপ্রসন্ন ঘোষ শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার ্, হরপ্রসাদ শান্ত্রী ১০০৫ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ শ্রীবৃক্ত অক্ষয়চন্দ্র সরকার ., হরপ্রসাদ শাঙ্গী ১০০৬ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্বী স্বৰ্গীয় যোগেক্তনাথ বিছাত্ৰৰণ প্রকুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১৩০৭ স্বর্গীয় কালী প্রসন্ন নোষ শীয়ক্ত হরপ্রসাদ শার্মী ,, জগদীশচক্র বম্ব : ১০৮ শ্রীযুক্ত হরপ্রসাদ শাঙ্গী রবীক্রনাথ ঠাকুর ,, প্রফুলচন্দ্র রায় ,, হরপেসাদ শাস্বী 2000 সারদাচরণ মিত্র

যুক্ত জ্যোতিরিক্রনাথ ঠাকুর সারদাচরণ মিত্র শীবৃক্ত প্রকৃরচক্র রায় ,, শিবনাথ শান্ত্ৰী 2022 সারদাচরণ মিত্র ,, আণ্ডতোষ মুখোপাধ্যায় স্বর্গীয় চন্দ্রকান্ত তর্কালকার ১৩১২ শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর স্বৰ্গীয় চন্দ্ৰকান্ত তৰ্কালন্ধার শ্ৰীযুক্ত আশুতোষ মুগোপাধাায় ১৩১৩ ,, त्रवीननाथ ठाकूत यगीं इसनाथ नत्नाभागां শ্রীযক্ত আশুতোষ মুগোপাগায় ১৩১৪-১৫ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর আশুতোষ মুখোপাধ্যায় , রায় ফতীন্দ্রনাথ চৌধুরী ১০১৬ শ্রীপক্ত রবীন্দ্রনাথ ঠাকুর " প্রফলচন্দ্র রায় ,, রায় গতীন্দ্রনাগ চৌধুরী ১৩১৭ মহারাজ শ্রীযুক্ত মণীক্রচন্দ্র নন্দী শীবুক 😁 যতীন্ত্রনাথ চৌধুরী " প্রফুরচক্র রায় ১৩১৮ মহারাজ শ্রীযুক্ত মণীক্রচক্র নন্দী শ্রীযুক্ত রায় যতীক্রনাথ চৌধুরী হরপ্রসাদ শারা

#### সম্পাদক

১৩০১ শ্রীযুক্ত এল লিওটার্ড ও

" দেবেক্রনাথ মুখোপাধ্যায়

, রামেক্রস্থন্দর ত্রিবেদী ও

,, দেবেক্রনাথ মুখোপাধ্যায়

১৩০২ " দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়

১৩০২-৩ শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী

১৩০৪-৫ " হীরেন্দ্রনাথ দত্ত

১৩০৬-১০ " রায় যতীক্রনাথ চৌধুরী

১৩১১-১৮ ় রামেক্রস্থন্য ত্রিবেদী

### সহকারী সম্পাদক

১৩০২ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার

.. চণ্ডীচরণ বন্দ্যোপাধাায়

" কুঞ্জবিহারী বস্থ

১৩০৩ " মহেন্দ্রনাথ বিত্যানিধি

১৩০৪ " কুঞ্জবিহারী বস্থ

স্বৰ্গীয় চাৰুচক্ৰ ঘোষ

১৩০৫ শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়

প্রতুলচক্র বস্থ

১৩০৬ .. হেমেক্সপ্রসাদ ঘোষ

" ব্যোমকেশ মৃস্তফী

১৩০৭ " হেমেল্রপ্রসাদ ঘোষ

" ব্যোমকেশ মৃস্তফী

১৩০৮ ু হেমেক্সপ্রসাদ ঘোষ

,, ব্যোমকেশ মৃস্তফী

১৩০৯ " মন্মথমোহন বস্ত

" ব্যোমকেশ মুস্তফী

১৩১০ , মন্মথমোহন বস্ত্

" ব্যোমকেশ মুস্তফী

১৩১১ মন্মথমোহন বস্ত

ব্যোমকেশ মুস্তফী

নিত্যগোপাল বস্তু (শ্রাবণ পর্যান্ত)

১৩১২ শ্রীযুক্ত মন্মথমোহন বস্থ

,, ব্যোমকেশ মুস্তফী

" কিশোরীমোহন সিংহ

১৩১৩ , মন্মথমোহন বস্থ

" ব্যোমকেশ মুস্তফী

১৩১৪ " মন্মথমোহন বস্থ

,, হেমচক্র দাশ গুপ্ত

" ব্যোমকেশ মুস্তফী

১৩১৫-১৬ "হেমচক্র দাশ গুপ্ত

,, রাথালদাস বন্দ্যোপাধ্যায়

,, ব্যোমকেশ মৃস্তফী

,, রাখালদাস বন্দ্যোপাধ্যায়

১৩১৭ ু কেমচন্দ্র দাশ ওপ্ত

, বাখালদাস বল্যোপাধ্যায়

, তারাপ্রসন গুপ্ত

, ব্যোমকেশ মুস্তফী

১৩১৮ " হেমচক্র দাশ গুপ্ত

" ताथानमाम वत्माभाषाय

" তারাপ্রসন্ন গুপ্ত

, বিনয়কুমার সরকার

,, ব্যোমকেশ মুস্তফী

### পত্ৰিকা-সম্পাদক

১৩০১-৩ স্বৰ্গীয় বজনাকান্ত গুপ্ত ১৩০৬-১০ শ্রীযুক্ত রামেক্সস্থলর ত্রিবেদী ১৩০৩-৫ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ নগেন্দ্রনাথ বস্ত

#### 44-34-4

১৩১১-১৩ শ্রীযুক্ত রায় যতীক্রনাথ চৌধুরী ১৩১৪-১৮ " शैदतन्त्रनाथ मख

মি: এল্ লিওটার্ড ১৩০১ শ্রীযুক্ত চক্রনাথ তালুকদার ১৩০২-৩ ু চারুচন্দ্র সরকার ১৩০৪ " গোপালচন্দ্র মুখোপাধ্যায় ১৩০৫ স্বর্গীয় চারুচক্র ঘোষ ১৩০৬-১০শ্রীযুক্ত হীরেক্রনাথ দত্ত

#### 13-3**4** 4

১৩০১ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার ১৩১৪ 🖺 युक्त नानी नाग ननी " চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় 2026 " সত্যভূষণ বন্ধ্যোগ্ৰ ১৩০৩-৬ " প্রতুলচন্দ্র বম্ব ১৩১৬-১৮ " অসিতকুমার মুগোপাধ্যায় ১৩০৭-৮ " কিরণচন্দ্র ১৩০৯ " বাণীনাথ নন্দী ১৩১০-১৩ " অমুল্যচরণ ঘোষ

#### ছা এ-সভা-পরিদশক

১০১২ শ্রীযুক্ত মন্মথমোহন ব**র** ১৩১৪-১৮ শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র ১৩১৩ " নরেশচন্দ্র সেন গুপ্ত

ন্যাসরক্ষক—মহারাজ শীযুক্ত মণাশ্রচন্দ্র নন্দী বাহাগুর কতুক প্রদত্ত ভূমিদানপত্তে নিদিষ্ট ১০০৭ সালে নিযুক্ত ভূমি-সম্পত্তির টুষ্টি বা স্থাসরক্ষকগণ— কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় (দীঘাপতিয়া)

" বায় প্রমথনাথ চৌধুরী ( সন্তোষ )

,, ,, যতীক্রনাথ চৌধুরী ( টাকী )

,, রবীন্দ্রনাথ ঠাকুর ( কলিকাতা )

,, হীরেন্দ্রনাথ দত্ত ( কলিকাতা )

पिलल-तक्क क — ( এটির্ণি ) औयुक्त शैरतक्रनाथ पख পুথি-সংগ্রাহক —শ্রীযুক্ত বসম্ভরঞ্জন রায় বিষদলভ চিত্র-পরিদর্শক - শ্রীযুক্ত আনন্দমোহন সাহা

	বৰ্ধশেৰে সভ্যসংখ্য।	ধাৰ্ষিক আয়
.5005	5 . 9	৬৩২৸৽
2005	28)	
2000	৩ ; ৪	>80>10
3008	৩৪২	>७) २ १ । ०
>৩०৫	৩৪৬	>808ha/>•
<b>&gt;</b> 00%	৩৫২	>abanelo
<b>२७</b> ०१	७२७	२७१৮५/०
200F	<b>«</b> ৯৮	2,202/0
১৩০৯	৬৩৫	২৫৯৯১০
20%	৬৭০	৩ ৽ ৪ ৭॥ ৽
2022	950	৩৭০৫/০
<b>ऽ७</b> ऽ२	<b>৭</b> ৬ ৪	৩২ ৪৮।৵৽
<i>&gt;७&gt;७</i>	<b>ዓ</b> ሁ >	०१२०४०/०
<b>&gt;</b> 0>8	৮০৭	988310
<b>&gt;</b> 0>@	> • • २	809000
303·5	35 8F	०।८८०७
2029	<b>३</b> ८२ २	92461130
<b>১</b> ৩১৮	১৮১৬	४२३४॥२०

এই হিসাবে কেবল মাসিক চাদা, প্রবেশিকা ও পুস্তক বিক্রয়ের আয় ধরা হইয়াছে। বিশেষ কারণে প্রাপ্ত দানাদি বা অন্তবিধ আয় ধরা হয় নাই।

## স্থায়া ভাণ্ডারে দান

কুচবিহারাধিপতি মহারাজ নূপেক্রনারায়ণ ভূপ বাহাছ্র,*

( আজীবন সভ্যপদ গ্রহণ-কালে দান )	(( 0 0
রাজা শ্রীযুক্ত যোগেক্রনারায়ণ রায় বাহাছ্র	>5600
ৰাজা শ্ৰীফুক্ত সতীপ্ৰসাদ গৰ্গ বাহাতৰ ( ক )	6000
" " নবেকুলাল খাঁ বাহাত্র	((000,
" " হীরেক্সনাথ দত্ত ও বন্ধুবর্গ	((000,
মহারাজ " মণীক্রচক্র নন্দী বাহাছ্র	2000,
ডাক্তার ,, বাসবিহারী ঘোষ *	2000/
কুমার " শরৎকুমার বায় *	3000
মহারাজকুমার শ্রীযুক্ত গোপাললাল রায়	>000,
ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেথর কালী	(00)
	98600

সা <b>হিত্য-প</b> রিষৎ-পঞ্জিকা	<b>২</b> ¢
জের——	98000
মহামহোপাধ্যায় কবিরাজ ৮ বিজয়রত্ব সেন (থ) কুমার শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র *	¢••,
স্থান আয়ুক্ত শম্মধনাথ । মত্র *	(00)
ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় (গ)	(00)
রায় " রাধাবলভ চৌধুরী বাহাতর	२ <b>००</b> ,
মিঃ এন্ সি সরকার	200
সি, কে, সেন এণ্ড কোং * "শশিপদ বন্দ্যোপাধ্যায় (ব)	>00/
, नामनम वरमानावात्र (व्) , मनावरमाञ्च वस्र	>00/
7	300

⁹⁹⁰⁰⁰ 

চিহ্নিত ব্যক্তিগণের দান পাওয়া গিয়াছে।

⁽क) ১০০০ পাওলা গিরাছে, (ব) ১২৫, পাওরা গিরছে, (গ) ১০০ পাওরা গিরছে এবং (ব) ৫০ পাওরা গিরাছে।

# সাহিত্য-পরিষদ্-এন্থাবলী

- ১। কৃত্তিবাসী রামায়ণ—সম্পাদক শ্রীযুক্ত হীরেক্রনাথ দত্ত বেদান্ত-রত্ন এম্এ, বিএল্। বহুদিনের প্রাচীন হস্তলিথিত পুথি ব্যতীত মূল কৃত্তিবাসী রামায়ণের পাঠোদ্ধারের সম্ভাবনা নাই। তিন চারিশত বংসরের পুথি এ পর্যন্ত সংগ্রহ করিতে না পারায়, অযোধ্যাকাণ্ড ও উত্তরকাণ্ড ব্যতীত অন্তান্ত কাণ্ডের প্রকাশ এ পর্যন্ত ঘটিয়া উঠে নাই। লঙ্কাকাণ্ডের অন্তলিপি প্রস্তুত হইয়াছে। আশা করা যায়, মক্ষলবাসী সদস্তগণ প্রাচীন গ্রন্থের অনুসন্ধান পাইলে অনুগ্রহপূর্ব্বক পরিষৎ-কার্য্যালয়ে তাহা প্রেরণ করিবেন।
- (ক) অযোধ্যাকাণ্ড—ভূমিকা ও ছ্রহ শদের অর্থসংবলিত, ৪৯ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য। চারি আনা।
- (থ) উত্তরকাণ্ড— ভূমিকা ও তুরুহ শব্দের অর্থসংবলিত, ২৯৮ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ১. এক টাকা। পরিষদের সদস্যগণের পক্ষে উভয় খণ্ড একত্রে ১. এক টাকা।
- ২। পীতাম্বর দাসের রসমঞ্জরী—সম্পাদক শ্রীযুক্ত নগেল্রনাথ বস্থ প্রাচাবিছা-সহার্ণব। এই রসমঞ্জরীতে নায়ক-নায়িকার প্রীতিবর্ণনচ্ছলে রাগান্থগা ভক্তির উপদেশ দেওয়া হইয়াছে এবং প্রাচীন গ্রন্থ হইতে প্রাচীন পদকর্তাদের পদ উদ্ধৃত করিয়া বিবিধ রসের উদাহরণ দেওয়া হইয়াছে। পীতাম্বর দাস অতি প্রাচীন গ্রন্থকার। মূল্য ।০/০ আনা; পরিষদের সভ্য-গণের পক্ষে চারি আনা মাত্র।
- ৩। বিজয় পণ্ডিতের মহাভারত সম্পাদক প্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ। অগ্ননি পূর্বে কাশীদাসী মহাভারতই বাঙ্গালায় পরিচিত ছিল। প্রধানতঃ সাহিত্য-পরিষদের বন্ধে এ পর্যন্ত বহুসংখ্যক বাঙ্গালী মহাভারতকারের অপ্তিম্ব আবিষ্কৃত ইইয়াছে। তন্মধ্যে আবার সর্বাদাস অপেক্ষা প্রাচীন। বিজয় পণ্ডিতের রচিত মহাভারত তন্মধ্যে আবার সর্বাপেক্ষা প্রাচীন। প্রাচীন-বাঙ্গালা সাহিত্যের অনুরাগীমাত্রেরই এই অতি প্রাচীন গ্রন্থ পাঠ করা উচিত। এই বৃহৎ গ্রন্থ তই খণ্ডে ৬৭৫ পৃষ্ঠায় সম্পূর্ণ। সম্পাদক বিশেষ পরিশ্রম করিয়া প্রাচীন মহাভারতগুলির পরিচয়্মহ অতি মূল্যবান্ দীর্ঘ ভূমিকা লিথিয়াছেন। ঐ ভূমিকা পাঠ করিলে বঙ্গদেশে মহাভাবতের কিরূপ আদর ছিল বুঝা যাইবে। মূল্য ১॥০ দেড় টাকা; সদস্যগণের পক্ষে ১০ পাচ দিকা।
- 8। ছুটিথানের মহাভারত—এই বিগাত মহাভারত চট্টগামের প্রাচীন মুসলমান শাসনকর্ত্তা পরাগল থানের পুত্র ছুটিথানের আদেশে কবি প্রীকরনলী কর্তৃক বিরচিত হইন্নাছিল। সম্পাদক পণ্ডিত প্রীযুক্ত বিনোদবিহারি বিভাবিনোদ কাব্যতীর্থ এবং প্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ। প্রাশ্ব ১৪০; মূল্য ১০০ তাকা।

- ৫। বনমালী দানের জয়দেব-চরিত্র—বাঙ্গালা পতে জয়দেবের জীবন-চরিত, প্রাচীন গ্রন্থ। পণ্ডিত শ্রীযুক্ত অতুলক্ষণ গোস্বামী সম্পাদিত ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী-লিখিত ভূমিকা সমেত। পত্রান্ধ ৩৪, মূল্য। ০ চারি আনা।
- ৬। বাস্তাদেব ঘোষের পদাবলা—সম্পাদক শ্রীফুক্ত মৃণালকান্তি ঘোষ— প্রায় সম্পূর্ণ। পত্রান্ত ২৪, মূল্য ১০ তিন স্থানা।
- ৭ জয়ানন্দের চৈতন্যমঙ্গল— চৈত্রখদেবের এই জীবনচরিতে অনেক নৃত্ন ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। চৈত্রখদেবের তিরোভাবের বিশেষ বিবরণ অন্ত কোথাও পাওয়া যায় না। সম্পাদক শ্রীকুল নগেন্দ্রনাগ বস্থ ও ৮কালিদাস নাগ। পত্রসংখ্যা ১৫৫; মূল্য ৮০ বার আনা।
- ৮। মাণিক গাঙ্গুলির ধর্মমঙ্গল—ধর্মপূজা সম্বন্ধে অতি প্রাচীন গ্রন্থ। নহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রদাদ শাস্ত্রী বঙ্গদেশে ধর্মপূজার ইতিহাস সঞ্চলন করিয়াও তাহার
  সহিত বৌদ্ধার্মের সম্পর্ক আবিষ্কার করিয়া গশস্বী হইরাছেন। তিনি স্বয়ং এই গ্রন্থের সম্পাদকতার ভার গ্রহণ করিয়াছিলেন। শ্রীযুক্ত দীনেশচক্র সেন "ভারতী" পত্রিকায় পরিযংপ্রকাশিত এই গ্রন্থের পরিচয় প্রদান করিয়াছেন। পত্রান্ধ ২১৭, রয়াল ফ্র্মা; মূল্য ১॥০
  দেড় টাকা মাত্র।
- ৯। ভাগবতাচার্য্যের কৃষ্ণেপ্রেমতর স্থিনী—ভাগবত অবলম্বনে কৃষ্ণলীলাবিষয়ক বৃহং কাব্য—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ। প্রসংখ্যা ৪১৯; মূল্য ২ ছই টাকা।
- ১০। গৌরপদতর ঙ্গিনী—সম্পাদক শ্রীস্ক্ত জগদ্ধ ভদ্র।—এই প্রকাণ্ড এন্তে শ্রীটেড্নিসম্বন্ধ প্রায় দেড় হাজার প্রাচীন পদ সঙ্গলিত হইয়াছে। এ সকল পদ বঙ্গের বিগাত পদকর্তাদের রচিত। অনেক পদ নৃতন প্রকাশিত। পুস্তকের ১৯০ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় ঐ সকল পদকর্তাদের পরিচয় প্রদত্ত হইয়াছে। ঐ ভূমিকায় বৈক্ষব-সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যাইবে। পরিশিষ্টে অপ্রচলিত শব্দের অর্থসহ নির্ঘণ্ট আছে। প্রাষ্ক ৫৬৮, মৃশ্র ২০ ছই টাকা মাত্র।
- ১১। কাশী-পরিক্রমা—(সচিত্র)। ভূকৈলাসের বিখ্যাত মহারাজ জয়নারায়ণ লোষাল প্রণীত। এই প্রস্থে কাশীর অন্তর্গত সম্দয় তীর্থের ও দেবস্থানের পরিচয় আছে। তছাতীত অষ্টাদশ শতান্দীতে কাশাধামের ভৌগোলিক ও সামাজিক অবস্থার অতি উৎকৃষ্ট চিত্র এই প্রস্থে গাওয়া যাইবে। বাঙ্গালা ভাষায় এইরূপ গ্রন্থ আর নাই। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্ত্র বিশ্বয়জনক পরিশ্রম ও অধ্যবসায় সহকারে এই গ্রন্থের টীকা প্রস্তুত করিয়াছেন। লালগোলার বিভোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেক্তনারায়ণ রায় বাহাছেরের সম্পূর্ণ বায়ে এই গ্রন্থ প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ৩১২; মূল্য ৮০ বার আনা।
- >২। নরোত্তমের রাধিকার মানভঙ্গ বৈষ্ণব-সাহিত্যে স্থবিখ্যাত নরোত্তম ঠাকুরের এই নবাবিষ্কৃত মধুর কবিতাবলীর আবিষ্কারক চট্টগ্রামনিবাসী মুন্সী আবহল করিম। তিনিই ইহার সম্পাদন করিয়াছেন ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ইহার ভূমিকা লিথিয়াছেন। পত্রাশ্ব ২৬; মূল্য ১০ আনা।

- ১৩। রামায়ণ-তত্ত্ব—সঙ্কলনকর্তা শ্রীযুক্ত কুমার অনাথক্বঞ্চ দেব বাহাত্তর। তিনি প্রচ্র পরিশ্রম দারা বাল্মীকি-রচিত মূল রামায়ণের মধ্যে যাহা কিছু জ্ঞাতব্য আছে, তাহার সম্পূর্ণ নির্ঘণ্ট (complete descriptive index) প্রস্তুত করিয়াছেন। রামায়ণের নায়কনায়িকা, দেব-দেবী, নর-বানর, ফক্ষ-রাক্ষস, নদ-নদী, গ্রাম-পর্কত প্রভৃতি যাবতীয় নামের রামায়ণ-বর্ণিত পরিচয়সহ হুটী ইহাতে লিখিত আছে। তদ্ভির রামায়ণে বর্ণিত রীতি-নীতি, আচার-ব্যবহার, অস্ত্র-শস্ত্র, যাগ-যজ্ঞ, শাস্ত্র-রহস্তু প্রভৃতি বিষয়ের বিবরণ এই প্রত্তকে সঙ্কলিত হইয়াছে। বস্ততঃ এই পুস্তুক নিকটে থাকিলে, পৌরাণিক তত্তায়েষীর সমগ্র মূল-রামায়ণ পাঠের ফল হইবে এবং রামায়ণের মধ্যে কোথায় কি কথা আছে, এই নির্ঘণ্ট দেখিলেই তাহা পাওয়া যাইবে। এইরূপ গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে আর নাই। প্রাচীন ঐতিহাসিক ও পৌরাণিক তত্তায়েষীর পক্ষে এই গ্রন্থ মহামূল্য। মূল্য প্রথম ভাগ ৮০ আনা, দ্বিতীয় ভাগ ৮০ আনা; সদস্যগণের পক্ষে তুই ভাগ একত্রে ১০ গাঁচ সিকা, তুই ভাগের পত্রাঙ্ক ২৪২।
- ১৪। কৃষ্ণরাম দত্তের রাধিকামঙ্গল--গ্রাধারুঞ্চের লীলাবিষয়ক কাব্য। সম্পাদক চট্টগ্রামনিবাসী শ্রীযুক্ত রাজচন্দ্র দত্ত। পত্রাঙ্ক ৩১; মূল্য। চারি আনা।
- ১৫। বৌদ্ধধর্ম-পরিষদের ভৃতপূর্ব সভাপতি শ্রীযুক্ত সভ্যেক্তনাথ ঠাকুর রচিত গবেষণাপূর্ণ প্রবন্ধ। পত্রান্ধ ৩০, মূল্য ৮০ ছই আনা।
- ১৬। গীতায় ঈশ্বরবাদ—সমূদয় দর্শনের সারসংগ্রহ সমেত গাঁতার ঈশ্বরতন্ত্র—
  শীযুক্ত হীরেক্তনাথ দত্ত বেদাস্তরত্ব এম্ এ, বি এল্ প্রণীত। পত্রাঙ্ক ৩৫২; মূল্য ১ এক
  টাকা, কাপড়ে বাঁধা ১।০ পাঁচ সিকা।
- ১৭। নরহরি চক্রবর্তীর ব্রজপরিক্রমা—(চিত্র সহিত)। ইহাতে মথ্রামগুলের ভৌগোলিক সম্পূর্ণ বিবরণ-সহ বৃন্দাবন-রহস্ত লিপিবদ্ধ হইয়াছে। সম্পাদক
  শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ বহুপরিশ্রমে বহুমূল্য ভূমিকা, নির্ঘণ্ট ও টীকা সংযোগ করিয়াছেন।
  এই গ্রন্থরত্বপ্ত লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাত্রের অর্থসাহায়্যে
  প্রকাশিত। পত্রাঙ্ক ৪২২, মূল্য ১২ এক টাকা।
- ১৮। শক্ষর ও শাক্যমুনি—বিখ্যাত বেদাস্থবিং স্বর্গীয় পণ্ডিত কালীবর বেদাস্ত-বাগীশ মহাশয়ের লিখিত প্রবন্ধ। পত্রাঙ্ক ২৫, মূল্য ৮০ ছই আনা।
- ১৯। নব্য-রসায়না বিদ্যা ও তাহার উৎপত্তি—(সচিত্র)। জগদিখ্যাত বৈজ্ঞানিক, অধ্যাপক শ্রীযুক্ত প্রকুল্লচক্র রায় ডি এস্সি, পি এচ্ ডি প্রণীত। পত্রান্ধ ৭৯, মুল্য ॥৮/০ দশ আনা।
- ২০। রামরাম বস্ত্র প্রতাপাদিত্য-চরিত—টাকা ও ভূমিকা সহিত। সম্পাদক ঐতিহাসিক শ্রীযুক্ত নিশিলনাথ রায় বি এল্। এই সঙ্গে ৺হরিশ্চক্র তর্কালক্কারের রচিত 'প্রতাপাদিত্য-চরিত"ও ছাপা হইয়াছে এবং প্রতাপাদিত্য-সম্বন্ধে ঘটক-কারিকা, ছড়া, বিদেশীয় শ্রমণকারীদের উক্তি প্রস্থৃতি উদ্ধৃত হইয়াছে। প্রাদ্ধ ৫১৩, মূল্য ২॥০ আড়াই টাকা।

- ২১। শূন্য পুরাণ—রামাই পণ্ডিত প্রণীত ও শ্রীযুক্ত নগেক্রনাথ বস্তু কর্ত্ব সম্পাদিত। এই গ্রন্থখানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার প্রজ্ঞানি বাঙ্গালার আছেন বৌদ্ধধর্মের অবশেষ ধর্মপূজার আদি গ্রন্থ। ইহাতে বাঙ্গালা-সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের ভাষার নিদর্শন আছে। লেথক রামাই পণ্ডিত ধর্মপালের সময়ে জীবিত ছিলেন, এইরূপ কিংবদন্তী আছে। ঘনরাম, মাণিক গাঙ্গুলি, সহদেব চক্রবর্তী প্রভৃতি অন্তু সকল ধর্মাঞ্জল-প্রণেতার গ্রন্থ হইতে ইহা অন্তর্জ্ঞান হাজার বংসর পূর্দ্ধেকার বাঙ্গালা পত্ন ও গত্তের নমুনা আছে। বৃহৎ ভূমিকা সহিত পুস্তকথানি প্রায় আড়াই শত পৃঠায় সমাপ্ত; মূলা ৮০ বার আনা।
- ২২। মিলিন্দ পঞ্হো (মিলিন্দ প্রশ্ন)— এই বিখ্যাত পালিএন্তে প্রাচীন বাক্ট্রিয়ার একৈ রাজা মিলিন্দের (Menander) সহিত নৌদ্ধ ভিক্ষু নাগসেনের কথোপ-ক্থনচ্চলে বৌদ্ধর্মের সার কথা বর্ণিত আছে। শ্রীযুক্ত গগনেক্রনাথ ঠাকুর মহাশয়ের ব্যয়ে পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেথর শান্ত্রী এই বিখ্যাত গ্রন্থের অন্তবাদ প্রকাশ করিয়াছেন। এই বৃহৎ গ্রন্থের মূলসমেত বঙ্গান্ধবাদের প্রথম ভাগ—প্রথম থণ্ড বাহির হইয়াছে, প্রাদ্ধ ২৫৯। মূল্য ১॥০ দেড় টাকা।
- ২৩। নরহরি চক্রবর্তীর নবদ্বীপ-পরিক্রমা—শ্রীচৈতন্তের জন্মভূমি ও লীলাস্থানের বিশেষ বিবরণ। এই গ্রন্থে তৎসময়ের বাঙ্গালার অনেক ঐতিহাসিক কথা জানা ঘাইবে। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ। প্রথম খণ্ড প্রকাশিত হইয়ছে। পরান্ধ ৪২৪, মূল্য ৮০ বার সানা।
- ২৪। বিতাপতির পদাবলী—সম্পাদক দ্বীয়ক্ত নগেল্রনাথ গুপু। এই গ্রন্থ প্রায়ক্ত সারদাচরণ মিত্র মহোদয়ের বায়ে ও নগেল্র বাবর সম্পাদকতায় পরিষ্য কর্ত্বক প্রকাশিত হইয়ছে। ইহার ৬০ পৃষ্ঠাবাপী মুখবন্ধে কবির জীবনী, কালনির্ণয়, পাঠনির্ণয়, পদনির্বাচন, আলোচনা ইত্যাদি বিষয়ের বহু গবেষণার মীমাংসা আছে। এতদ্বির রাধায়্কফ বিষয়ক ৮৪০টি পদ, হরগৌরী বিষয়ক ৪৪টি পদ, গঙ্গা বিষয়ক ৩টি পদ, নানা বিষয়ক প্রহেলিকা পদ ২০টি ইহাতে আছে। পত্রাঙ্ক ৫৫২; মূল্য ৫. পাঁচ টাকা। পরিষদের সদস্থপক্ষে ৪. চারি টাকা।
- ২৫। বিক্রমপুরের ইতিহাস— শ্রীযুক্ত যোগের নাথ গুপ্ত প্রণীত। শ্রীযুক্ত অমুলাচরণ ঘোষ বিচ্ঠাভূষণ লিখিত ভূমিকা সমেত। পত্রান্ধ ৪৫৫, মূল্য ২॥০ আড়াই টাকা।
- ২৬। চাক্মাজাতির ইতিহাস—শীযুক্ত সতীশচক্র বোষ এম, আই, আর, এদ্
  প্রণীত। পার্কতা চট্টগ্রামে চাক্মাজাতির বাস। ইহাদের র্ন: এনীতি, আচার-ব্যবহার,
  সামাজিক ব্যবস্থা, কৃষি-ব্যবস্থা, বাণিজ্য-ব্যবস্থা, ধর্মের বিষয় এবং যুদ্ধবিগ্রহাদিব সবিশেষ
  বর্ণনা এই গ্রন্থে লিপিবদ্ধ হইয়াছে। পার্ক্ষতা অনার্যাজাতির সমাজ-তত্ত্ব সম্বন্ধে এইরূপ বিস্তৃতগ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে এই নৃত্ন। ইহাতে বাঙ্গালা-সাহিত্যের শভাব আংশিক প্রণ ইয়াছে।
  প্রাক্ষ ৪৩৬, মূল্য ৩ তিন টাকা।

- ২৭। ফরিদপুরের ইতিহাস—শ্রীযুক্ত আনন্দনাথ রায় প্রণীত। ইহাতে খাদশ ভৌনিকের ইতিহাস এবং বাঙ্গালার ইতিহাসের অনেক নৃতন তথ্য সন্নিবিষ্ট আছে। ১ম ভাগ প্রকাশিত হইয়াছে। প্রান্ধ ৮৮, মূল্য ॥ ০ আট আনা।
- ২৮। শতপথ ব্রাহ্মাণ—শুরুষজুর্বেদের অন্তর্গত এই ব্রাহ্মণ-গ্রন্থ সমুদর ব্রাহ্মণ গ্রন্থ মধ্যে প্রধান। টীকাসমেত বঙ্গায়বাদ খণ্ডশঃ প্রকাশিত হইতেছে। অন্তবাদক- পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী। দীঘাপতিয়ার বিজোৎসাহী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ মহাশয় "ভারত-শাস্ত্র-পিটক" নাম দিয়া ভারতবর্ষের শাস্ত্র-গ্রহাবলী প্রকাশ করিতে সঙ্কল্ল করিয়ছেন এবং তাঁহারই অন্তগ্রহে তাঁহার এই শুভ-সঙ্কল বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মধ্য দিয়াই ম্বসম্পন হইবে। "শতপথ ব্রাহ্মণ" এই পিটকের অন্তর্গত। বৈদিক ব্রাহ্মণ-গ্রহের মধ্যে "শতপথ রাহ্মণ" বৃহত্তম গ্রন্থ। বহু পুরাণের বহু উপাখ্যানের মূল এই গ্রন্থে আছে। ইহার প্রথম গণ্ডের নাম হবির্যক্ত কাণ্ড। ইহাতেই দশপুর্বমাস যজ্জের বিবরণ আছে। বাঙ্গালায় বৈদিক গ্রন্থ এ্মন স্থলবন্ধপে সম্পাদনের চেষ্টা আর হয় নাই। প্রথম গণ্ডের পত্রাহ্ম ২৮৭, মূল্য ৩, তিন টাকা। এই পুস্তকের দিতীয় খণ্ডও প্রকাশিত হইয়ছে। পত্রাহ্ম ২৪১, মূল্য ২॥০ আড়াই টাকা।
- ২৯। পরলোকগত চন্দ্রনাথ বস্ত্র (সচিত্র)— শীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র এন্
  এ প্রণীত। ৮ চন্দ্রনাথ বস্ত্র মহাশয়ের পরলোক-গমনে শোক-প্রকাশার্থ আছ্ত বিশেষ
  অধিবেশনে গ্রন্থকারকর্ত্বক পঠিত প্রবন্ধ। পত্রাশ্ব ৩০, মূল্য।০ চারি আনা।
- ় ৩০। পরলোকগত কালী প্রসন্ধ বিস্তাসাগর (সচিত্র )— শীযুক্ত চক্রশেথর কর বিস্তাবিনোদ বি এ প্রণীত। কালীপ্রসন্ন বিস্তাসাগর মহাশয়ের পরলোক-গমনে শোক-প্রকাশার্থ আছত বিশেষ অধিবেশনে এন্থকার কর্তৃক পঠিত প্রবন্ধ। পত্রাপ্ধ ১৮, মূল্য। ০ চারি আনা।
- ৩১। বিষ্ণু-মূর্ত্তি পরিচয় ( সচিত্র )—শ্রীযুক্ত বিনোদবিহারি কাব্যতীর্থ বিজ্ঞা-বিনোদ প্রণীত। পরিষদের পরম হিতৈষী কুমার শ্রীযুক্ত শরংকুমার রায়ের সম্পূর্ণ ব্যয়ে মুদ্রিত। প্রত্নতন্ত্র ও পৌরাণিক কথার গবেষণাপূর্ণ উপাদের প্রবন্ধ। পত্রান্ধ ৪৮, মূল্য । ৮০ ছয় আনা।
- ৩২। মায়াপুরী—শ্রীযুক্ত বানেক্রস্থলর ত্রিবেদী এম্ এ প্রণীত। ১৩১৬ বঞ্চানের বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বিজ্ঞান-বিষয়ে ধারাবাহিক বক্তৃতার ব্যবস্থা করিয়া বছবিধ বিজ্ঞানের স্থূল স্থূল কথাগুলিকে সাধারণের গ্রহণীয় করিবার উপায় করিয়াছেন। সেই বক্তৃতামাণা আরম্ভের পূর্বে প্রস্থাবনা-স্বরূপ রামেক্রবাবু যে প্রবন্ধ পাঠ করেন, সেই প্রবন্ধই "মায়াপুরী" নামে পরিষৎ-গ্রন্থাবলীতে প্রকাশিত হইল। প্রাশ্ধ ৩৯, মূল্য। চারি আনা।
- ৩৩। প্রাচীন গ্রীনের জাতীয় শিক্ষা—কলিকাতা বেঙ্গল স্থাশাস্থাল কলেজের অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ প্রণীত। এই গ্রন্থ তাঁহার শিক্ষাবিজ্ঞানের সম্বর্গত ঐতিহাসিক বিভাগের প্রথম থণ্ড। কলিকাতা বিশ্ববিষ্ণালয়ের অধীন কলেজসমূহের

हेन्স্পেক্টর, অধ্যাপক শ্রীযুক্ত বিনয়েন্দ্রনাথ দেন এম্ এ কর্ভ্ক লিখিত ভূমিকা সমেত। পরিষৎ প্রথম সংস্করণের স্বতাধিকারী। পত্রাঙ্ক ১৮৪, মূল্য ১ এক টাকা।

- ৩৪। ঋথেদা ন্তর্গত ঐতরেয় ব্রাহ্মণ—এই বেদ-গ্রন্থ কুমার শ্রীষ্ক্ত শরৎকুমার বায় এম্ এ মহাশয়ের বায়ে প্রচুর টীকাদির সহিত বাঙ্গালায় অন্দিত ও প্রকাশিত হইয়াছে। ইহা পূর্ব্বোলিখিত ভারত শাস্ত্র-পিটকের অন্তর্গত প্রথম গ্রন্থ। অন্তর্বাদক—শ্রীষ্ক্ত রামেক্রস্থালর ত্রিবেদী এম্ এ। পত্রাঙ্ক ৭৫৪, মূল্য ৫ চারি টাকা।
- ৩৫। কবি হেমচন্দ্র (সচিত্র)—বঙ্গের স্থবিখ্যাত লেখক শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় রুত কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাব্যের সমালোচনা। প্রবীন ও প্রাচীন সমালোচকের এই নূতন গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে পরম আগ্রহে গৃহীত হইয়াছে। প্রাঙ্গ ৮৩, কাপড়ের মলাটে বাঁধাই মূল্য ॥√० দশ আনা।
- . ৩৬। রামাকুজাচার্য্যের শ্রীভাষ্য –ব্রক্ষণ্ডরের এই বিগ্যাত ভাষ্যথানি অতি বিপুল গ্রন্থ। লালগোলার বিজোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রাম্ম বাহাছরের ব্যয়ে ইহারও মূল, টীকা ও বঙ্গান্থবাদ প্রচারিত হইতেছে। গ্রন্থের ১ম থণ্ড প্রকাশিত হইয়াছে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত হুর্গাচরণ সাংখ্যবেদাস্থতীর্থ। পত্রাঙ্ক ৩০৬, মূল্য গ্রাহকগণের পক্ষে ২, গুট টাকা ও সাধারণের পক্ষে ২৮০ হুই টাকা বার আনা।
- ৩৭। বোধিসত্তাবদান-কল্পলতা—মহাকবি ক্ষেমেল প্রণীত সংস্কৃতভাষার এই কানা গ্রন্থগানি এতদিন ভারতবর্ষে জপ্রাপ্য ছিল। ইহাতে ভগবান্ বৃদ্ধদেবের বহু অতীত জন্মের বহু অবদান অর্থাৎ উপাখ্যান সঙ্গলিত আছে। তিব্বতের দলই লামার বাড়ীতে কাষ্টের পাটায় থোদিত ইহার যে প্রতিলিপি আছে, রায় শ্রীযুক্ত শরচ্চক্র দাস বাহাত্র দি আই ই গাহা হইতে এক প্রস্কু মৃদিত লিপি ভারতবর্ষে লইরা আদেন। বঙ্গের এসিয়াটিক সোসাইটি ভাহা মুদিত করিতেছেন। বঙ্গীর-সাহিত্য-পরিষৎ উহার বঙ্গার্থনাদ প্রকাশে প্রস্কৃত হওয়ায় শ্রীযুক্ত শরচক্র দাস বাহাত্র উহার অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। ২৫ প্রবে প্রথম ভাগ প্রকাশিত হইয়াছে। প্রান্ধ ২৯১, মূলা পরিষদের সদস্যগণের পক্ষে ১, এক টাকা, সাধারণের পক্ষে ১॥০ দেও টাকা।
- ৩৮। বাঙ্গালা ভাষা—কটক রাভেন্সা কলেজের অধ্যাপক প্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিখ্যানিধি এম্ এ মহাশয় বিপ্র পরিশ্রম সহকারে ইহা সম্পাদন করিয়াছেন। ইহার প্রথম ভাগের তিন অধ্যায় প্রকাশিত হইয়াছে। ১ম অধ্যায়—বাঢ়ের ভাষা পত্রাশ্ব ৩৩, সাধারণের পক্ষে মূলা ৮০ বার আনা।
  - २য় অধ্যায় —শকশিক্ষা পরাক্ষ ৭০ সাধারণের পক্ষে মূল্য ৮০ বাব আনা।
     ৩য় অধ্যায়—ব্যাকরণ— " ২৯৬ সাধারণের পক্ষে মূল্য ১।০ পাঁচ সিকা।

## নিম্নলিখিত গ্রন্থগুলি যন্ত্রন্থ : --

১। চণ্ডীদানের শ্রীকৃষ্ণকীর্ত্তন—ইহা চণ্ডীদাস বিরচিত অভিনব গীতিকাব্য।

পদসংখ্যা প্রায় ৪০০ শত। ইহার ভাষা কবির প্রচলিত পদাবলীর ভাষা হইতে বিভিন্ন। আদর্শ পৃথিখানি বঙ্গভাষার প্রাচীনতম হস্তলিখিত গ্রন্থ। অক্ষরগুলি খৃষ্টীয় ত্রয়োদশ শতাদীতে উৎকীর্ণ বিশ্বরূপ সেনের তামশাসনের অক্ষরামূরূপ। শ্রীযুক্ত বসস্তরঞ্জন রায় বিষদ্ধন্ধভ মহাশয়ের চেষ্টায় ও যত্নে এই স্থপ্রাচীন লুপ্ত গ্রন্থের উদ্ধারসাধন হইয়াছে এবং তিনিই এই গ্রন্থ সম্পাদনের ভার লইয়াছেন।

- ২। মহিলা-ব্রতকথা—-শ্রীমতী কিরণবালা দাসী কর্তৃক সঙ্গলিত ও শ্রীযুক্ত রামেন্দ্র স্থানর ত্রিবেদী লিখিত ভূমিকা সমেত। সত্ত্বর প্রকাশিত হইবে।
- ত চণ্ডীদানের পদাবলী—ভৃতপূর্ব "বীরভূমি" সম্পাদক শ্রীযুক্ত নীলরতন মুগোপাধ্যায় বি এ মহাশয়ের চেষ্টায় চণ্ডীদাসের বহু নৃতন পদ আবিষ্কৃত হইয়াছে এবং তাঁহারই সম্পাদকতায় পরিষৎ হইতে চণ্ডীদাসের পদাবলীর একটা বৃহৎ ও সটাক সংস্করণ মুদ্রিত হইতেছে।
- 8। মুদ্রিত বাঙ্গালা পুস্তাকের তালিক।—বঙ্গাদেশে মুদ্রাযন্ত্র স্থাপনাবিধি অর্থাং ১৭৬৫ খৃঃ হইতে ১৯১১ খৃঃ পর্যান্ত যে সকল বাঙ্গালা পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহার সম্পূর্ণ তালিকা। খ্রীযুক্ত অম্ল্যচরণ খোষ বিভাভূষণ মহাশয় ইহা সম্পাদন করিতেছেন। মুদ্রণকার্য্য আরম্ভ হইয়াছে।
- ৫। বাঙ্গালা শব্দকোষ—পরিষদের আজন-সংল্লত বাঙ্গালা-অভিধান সঙ্কলনের বে প্রস্তাব আছে, এই গ্রন্থানি প্রকাশের ব্যবস্থা করিয়া পরিষৎ তাহা আংশিক সমাধা করিতে প্রস্তুত হইয়াছেন। কটকের রাভেন্শা কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগেশিচন্দ্র রায় বিভানিধি এম্ এ মহাশয় এই কোষ-গ্রন্থথানি সঞ্চলন করিয়াছেন এবং পরিষদের ব্যয়ে উহা মুদ্তিত হইতেছে। এই বিপুল গ্রন্থেরও ছাপা আরম্ভ হইয়া গিয়াছে।
  - ৬। শাভাষা ২য় খণ্ড।
  - ৭। বোধিসত্ত্বাবদান-কল্পলতা ২য় ভাগ। নিম্নলিখিত গ্রন্থণলৈ মুদ্রণের ব্যবস্থা হইতেছে ঃ—
- ১। উৎকার্-লিপিসঙ্কলন এ পর্যান্ত ভারতবর্ষের যেখানে যত শিলালিপি, তামলিপি, প্রতিমা-গাত্রে পোদিত লিপি এবং মন্ত্রান্ত যে কোন খোদিত লিপি প্রকাশিত হইরাছে, তাহার প্রত্যেকটির সংক্ষিপ্রবিবরণ, বর্ত্তমান অবস্থিতি স্থান, কোথায় কোন্ কোন্ প্রক-পত্রিকায় তাহার উল্লেখ আছে, তাহার কোন্খানি হইতে কি কি ঐতিহাসিক তথা আবিষ্কৃত হইরাছে বা আবিষ্কারে সাহায্য করিয়াছে, তাহার যথাযথ বিবরণ এই পৃত্তকে সঙ্কালিত হইতেছে। পরিষদেব সন্ততম সহকারী সম্পাদক প্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশ্য ইহার সঙ্কলন ও সম্পাদন-কার্য্যের ভার লইয়াছেন। শীঘ্রই এই গ্রন্থের মূরণ আরম্ভ হইবে।
- ২। অন্ধকবি ভবানীপ্রসাদ বিরচিত তুর্গামঙ্গল—সম্পাদক শ্রীযুক্ত ব্যো^{মকেশ} মুস্তফী। নানা কারণে প্রকাশে বিলম্ব ঘটিতেছে।

- ৩। কাশীরামদানের মহাভারত সম্পাদক মাননীয় বিচারপতি সার প্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম্ এ, ডি এল্, ডি এস্সি, পি এচ্ ডি, এফ্ আর এস্ই। তিনি স্বয়ং ইহার প্রকাশের ব্যয়ভার গ্রহণ করিয়াছেন। মাননীয় প্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় মহাশ্য বঙ্গ-সাহিত্যের আলোচনায় প্রবৃত্ত হইয়া পরিষদের জ্ঞা কাশীদাসী মহাভারতের সম্পাদনভার স্বীকার করিয়াছেন, এই সংবাদ বহন করিয়া পরিষং গর্কিত হইতে পারেন। কাটোয়ার কাশীরাম-স্থৃতি-সমিতির অধ্যক্ষণণ কাশীরাম দাসের মহাভারতের প্রাচীন পৃথি সংগ্রহ করিয়া দিবার ভার লইয়াছেন। পৃথি হস্তগত হইলেই, ইহার কার্য্য আরম্ভ হইবে।
- 8। ক্বিক্স্প্ণ-চণ্ডী —এই স্থাসিদ্ধ গ্রন্থের বিশুদ্ধ পাঠ ও অপ্রচলিত শব্দের অর্থসহ সম্পূর্ণ নির্ঘণ্ট সহিত ন্তন সংস্করণ প্রকাশার্থ দীঘাপতিয়ার রাজবংশধর কুমার শ্রীযুক্ত শরংকুমার রায় এম্ এ সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করিয়াছেন এবং বঙ্গ-সাহিত্যের ইতিহাসলেখক শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন ইহার সম্পাদনভার গ্রহণ করিয়াছেন। কবিক্সংণের বংশধরের নিক্ট দাম্লা গ্রামে রক্ষিত ও পূজিত কবির স্বহস্তলিখিত মূল পূথি পাওয়া গিয়াছিল; সহসা ঐ পূথি হস্তান্তরিত হওয়ায় পুস্তক প্রকাশে বিলম্ব ঘটতেছে।
- ৫। অশ্বযোষ-প্রণীত বুদ্ধচরিতের বঙ্গাসুবাদ- শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুরের পুল্ শ্রীমানু রথীক্রনাথ ঠাকুর এই প্রাসিদ্ধ পুস্তকের অনুবাদ করিয়াছেন।
- ৬। সয়য়য়য় মোতাখরীণ—এই স্থবিগ্যাত পারদী ইতিহাসগানি অতীব প্রােজনীয় গ্রন্থ। মুরশিলাবাদ নশীপুরনিবাদী ৺গৌরস্থলর মৈত্র মহাশয় এই স্থর্হং গ্রন্থের বঙ্গাস্থবাদ করিয়া রাখিয়া গিয়াছেন। পারস্তভাষায় স্থপণ্ডিত অধ্যাপক শ্রীযুক্ত যত্নাথ সরকার এম্ এ মহাশয় এই গ্রন্থের পাঙ্লিপি দেখিয়া, ইহা প্রকাশ করিতে পরামশ দেন এবং তিনিই এই গ্রন্থ সম্পাদন করিবেন। অনুবাদকের পুত্র শ্রীযুক্ত যোগীক্তপ্রদাদ মৈত্র মহাশয়ের মত্নে ও চেষ্টায় উহা পরিষং কর্ত্বক প্রকাশিত হইতেছে।

## পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ

(তারকা (*) চিহ্নিত প্রবন্ধলি পরিষ্টের অধিবেশনে পঠিও ইইয়াছিল) আধুনিক সাহিত্য

১ বর্ষ	বঙ্কিমচন্দ্র ও আধুনিক বঙ্গীয় সাহিতা	রমেশচন্দ্র দত্ত
	৬ ভূদেব মুথোপাধ্যায়	বৰ্চনাকান্ত গুপ্ত
	বাঙ্গালা রচনা	র্থনীকান্ত গুপ্ত
২ ব <b>র্ষ</b>	বাঙ্গালা গ্ৰহ্মাহিত্য	রজনীকান্ত গুপ্ত
	আধুনিক বঙ্গদাহিত্য ও বঙ্গীয়-দাহিত্য-পরিষং	বীরেশ্বর পাড়ে
	সাহিত্য সমালোচনা	রজনীকান্ত গুপ
	৬ অক্যুকুমার দত্ত	রজনীকান্ত গুপ্ত
	সংক্ষিপ্ত সমালোচনা	রজনীকান্ত গুপ্ত

৩ বৰ্ষ	मार्टेरकन मधूरुमन मख	রজনীকান্ত গুপ্ত
	মাভৃভক্তি ও মাতৃ-উপাসনাতেই সম্ভানের মুক্তি	গোবিন্দলাল দত্ত
	( সমালোচনা )	
৪ বর্ষ	মহারাণী ভিক্টোরিয়ার রাজত্বে বাঙ্গালা সাহিত্য	রজনীকান্ত গুপ্ত
৭ বর্ষ	<ul> <li>বজনীকান্ত গুপ্ত</li> </ul>	রামেক্রস্থন্দর ত্রিবেদী
১০ বর্ষ	৺ হেমচক্র বন্দ্যোপাধ্যায়	রামেক্রস্থনর ত্রিবেদী
১৬ বর্ষ	১৩১৫ সালের বঙ্গসাহিত্যের বিবরণ*	অমূল্যচরণ ঘোষ
১৭ বর্ষ	১৩১৬ সালের বঙ্গসাহিত্যের বিবরণ*	অমূল্যচরণ থোষ

## প্রাচীন-সাহিত্য

হ বর্ষ রামনোহনের রামায়ণ নালরতন মুগোপাধ্যায় মহাকবি মুকুন্দরাম ও ভারতচন্দ্র রমেশচন্দ্র দত্ত নালরতন মুগোপাধ্যায় মহাকবি মুকুন্দরাম কবিকহণ মহেন্দ্রনাণ বিজ্ঞানিধি জগৎরাম রারের রামায়ণ পাঁচকড়ি ঘোষ কবিরঞ্জন রামপ্রসাদ সেন ন দীননাথ গঙ্গোপাধ্যায় প্রাচীন কবিসঙ্গীত রজনীকান্ত গুপ্ত প্রকাশ সচ্যুতচরণ চৌধুরী কবি উদ্ধরানন্দ শ মহেন্দ্রনাথ বিজ্ঞানিধি কবি কৃষ্ণরামদাসের রায়মঞ্গল শ ব্যোমকেশ মুন্তুফী গোরীমঙ্গল রামেন্দ্রমন্ধর বিজ্ঞানদাসের রায়মঞ্জল শ বেয়ামকেশ মুন্তুফী গোরীমঙ্গল গুণাপঞ্চরাত্র বলীন্দ্র সিকচন্দ্র বহু বর্ষ পণ্ডিতের মহাভারত শ বিজ্ঞার পণ্ডিতের মহাভারত শ নগেন্দ্রনাথ বহু বিন্দ্র গুপ্তের মনসার পাচালী শ নিবারণচন্দ্র ভট্টাচাথ্য হরিচরণ দাসের অহৈত্যমঙ্গল স্বাধিকামঙ্গল ও তাহার সমালোচক মুণালকান্তি ঘোষ কৃত্তিবাস পণ্ডিত শ প্রাম্বনান্দ ও চৈতন্তুমঙ্গল শ নগেন্দ্রনাথ বহু হ্বামঙ্গল ও কবি জ্ঞানন্দ ও চৈতন্তুমঙ্গল শ নগেন্দ্রনাথ বহু হ্বামঙ্গল ও কবি জ্ঞানন্দ ও চৈতন্তুমঙ্গল শ স্বাধিকচন্দ্র বহু হ্বামঙ্গল ও কবি রূপনারায়ণ নরোভ্রম ঠাকুর স্ব্যুতচরণ চৌধুরী দেহ-কড্বচ	১ বর্ষ	প্রাচীন সাহিত্যালোচনা	হীরেন্দ্রনাথ দত্ত
বর্ষ রামমোহনের রামারণ মহাকবি মুকুলরাম কবিকঙ্কণ জগৎরাম রায়ের রামারণ কবিরঞ্জন রামপ্রসাদ সেন  প্রাচন কবিসঙ্গীত      বর্ষ ঈশান নাগরের অদ্বৈত প্রকাশ কবি ক্ষরামদাসের রায়মঙ্গল  কবি করি পণ্ডিতের মহাভারত  কবি করি পণ্ডিতের মহাভারত  কবি করি নানার পাঁচালী  কবি করি করানন্দের রাধিকামন্সল ও তাহার সমালোচক কবি কবি করানন্দের রাধিকামন্সল ও তাহার সমালোচক কবি কবি করানন্দের রাধিকামন্সল ও তাহার সমালোচক কবি করি রাম্বন্দ মন্তব্য কবি করানন্দ ও চৈতত্তমঙ্গল  কবি করানন্দ ও কবি রপনারায়ণ নরোভ্য ঠাকুর কিবি ক্রবানারামণ নরোভ্য ঠাকুর কিবি করানারামণ নরোভ্য ঠাকুর কিবি করিনারায়ণ নরোভ্য বিষ্ণা		<u>ক্</u> তিবাস	হীরেন্দ্রনাথ দত্ত
মহাকবি মুকুন্দরাম কবিকঞ্চণ সহেন্দ্রনাণ বিভানিধি জগৎরাম রায়ের রামায়ণ পাঁচকড়ি ঘোষ কবিরঞ্জন রামপ্রদাদ সেন * দীননাথ গঙ্গোপায়ায় প্রজনীকান্ত গুপ্ত কর্মান নাগরের অইছত প্রকাশ অচ্যুতচরণ চৌধুরী কবি উদ্ধবানন্দ * মহেন্দ্রনাথ বিভানিধি কবি রুফ্রামদাসের রায়মঞ্চল * বোমকেশ মুক্তমী গোরীমঙ্গল রামেক্রন্থন্দর ত্রিবেদী তর্গাপঞ্চরাত্র বলীক্র সিংহ দেব অন্ধকবি ভবানীপ্রসাদ * রামক্রন্ত বন্ধ বিজয় পণ্ডিতের মহাভারত * নগেন্দ্রনাথ বন্ধ বিজয় পণ্ডেতের মহাভারত * নগেন্দ্রনাথ বন্ধ বিজয় গণ্ডেতের মহাভারত * নিবারণচক্র ভট্টাচাথ্য হরিচরণ দাসের অইছতমঙ্গল প্রতিবাস পণ্ডিত * প্রফ্লচক্র বন্দ্যোপাধ্যায় ক্রিবাস পণ্ডত * প্রফ্লচক্র বন্দ্যোপাধ্যায় ক্রিবাস সম্বন্ধে মন্তব্য নগেন্দ্রনাথ বন্ধ হ্র্পামঙ্গল ও কবি রূপনারায়ণ বন্ধ বন্ধ হ্র্পামঙ্গল ও কবি রূপনারায়ণ বন্ধ বন্ধ বন্ধ বন্ধ বন্ধ বন্ধ বন্ধ বন্ধ		মুকুন্দরাম ও ভারতচক্র	রমেশচন্দ্র দত্ত
জগৎরাম রায়ের রামায়ণ কবিরঞ্জন রামপ্রসাদ সেন দ প্রাচীন কবিসঙ্গীত ত বর্ষ ঈশান নাগরের অদ্বৈত প্রকাশ কবি উদ্ধরানন্দ * কবি রুফ্ডরামদাসের রায়মঙ্গল * গোরীমঙ্গল হর্গাপঞ্চরাত্র বিজয় পণ্ডিতের মহাভারত * বিজয় পণ্ডিতের মহাভারত * বিজয় প্রপ্রের মনসার পাচালী * হরিচরণ দাসের অদ্বৈতমঙ্গল রামিক্রন্তর্গ বর্ষ বর্ষ বর্ষ কবি উদ্ধরানন্দের রায়মঙ্গল ও তাহার সমালোচক মূণালকান্তি ঘোষ ক্রিবাস পণ্ডিত * হরিচরণ সম্বন্ধে মন্তব্য রাধ কবি জ্লানন্দ ও চৈতভ্তমঙ্গল * হরিচরণ ত কবি রূপনারায়ণ নর্গেন্তন্ম ও কবি রূপনারায়ণ নর্গেন্তন্ম ঠাকুর স্বিক্রন্তর্গ চৌধুরী	२ वर्ष	রামমোহনের রামায়ণ	নীলরতন মুখোপাধ্যায়
কবিরঞ্জন রামপ্রসাদ সেন * প্রাচীন কবিসঙ্গীত  ত বর্ষ স্পান নাগরের অন্বৈত প্রকাশ কবি উদ্ধবানন্দ * কবি ইন্ধরামদাসের রায়মঙ্গল * গোরীমঙ্গল হর্গাপঞ্চরাত্র অন্ধকবি ভবানীপ্রসাদ * বিজয় পণ্ডিতের মহাভারত * বিজয় গুপ্তের মনসার পাচালী * হরিচরণ দাসের অন্বৈতমঙ্গল হরিচরণ দাসের অন্বিতমঙ্গল হরিচরণ দাসের অন্বিতমঙ্গল হরিনাস সম্বন্ধে মন্তব্য নগেন্দ্রনাথ বন্ধ হর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ নরোভ্য ঠাকুর অনুস্তচরণ চৌধুরী		মহাকবি মুকুন্দরাম কবিকঞ্চণ	মহেন্দ্ৰনাথ বিভানিধি
প্রাচীন কবিসঙ্গীত  ত বর্ষ  ঈশান নাগরের অদৈত প্রকাশ  কবি উদ্ধবানন্দ *  কবি ইন্ধর্মমনাসের রায়মঞ্চল *  বোমকেশ মৃস্তমী  বোমকেশ মৃস্তমী  বোমকেশ মৃত্তমী  কাপিঞ্চরাত  অন্ধকবি ভবানীপ্রসাদ *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় পণ্ডেরের মনসার পাচালী *  হরিচরণ দাসের অদ্বৈতমঞ্চল  ৪ বর্ষ  কবি উদ্ধবানন্দের রাধিকামন্দল ও তাহার সমালোচক  কৃত্তিবাস পণ্ডিত *  কৃত্তিবাস সম্বন্ধে মন্তব্য  ম বর্ষ  কবি জন্মানন্দ ও চৈতন্তমঙ্গল *  হর্মামক্ষল ও কবি রূপনারায়ণ  নরোত্তম ঠাকুর  অচ্যুত্তরণ চৌধুরী		জগৎরাম রায়ের রামায়ণ	পাঁচকড়ি ঘোষ
ত বর্ষ ঈশান নাগরের অহৈত প্রকাশ কবি উদ্ধবানন্দ * কবি উদ্ধবানন্দ * কবি রুক্ষরামদাসের রায়মঞ্চল * কোরীমঙ্গল কাগিঞ্চরাত্র কলি কানীপ্রসাদ * বিজয় পণ্ডিতের মহাভারত * বিজয় প্রপ্রের মনসার পাচালী * হিরিচরণ দাসের অহৈতমঙ্গল বর্ষ কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক কৃত্তিবাস পণ্ডিত * কৃত্তিবাস সম্বন্ধে মন্তব্য হবর্ষ কবি জয়ানন্দ ও চৈতন্তসমঙ্গল * কবি জয়ানন্দ ও কবি রূপনারামণ নরোভ্রম ঠাকুর কবি ক্রমনারামণ নরোভ্রম ঠাকুর কিবি রূপনারামণ নরোভ্রম ঠাকুর কিবি রূপনারামণ নরোভ্রম ঠাকুর কিবি ত্র্মান্দ ও কবি রূপনারামণ নরোভ্রম ঠাকুর		কবিরঞ্জন রামপ্রসাদ সেন 🖟	দীননাথ গঙ্গোপাধ্যায়
কবি উদ্ধবানন্দ *  কবি ক্ষণ্ডবামলাসের রায়মঞ্চল *  বোমকেশ মৃন্তফী  বোলীমঞ্চল বামলাজনাত বলীন্দ্র সিংহ দেব  অন্ধকবি ভবানীপ্রসাদ *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় পণ্ডেবের মহাভারত *  বিজয় পণ্ডেবের মহাভারত *  কবি উদ্ধবানন্দের বাধিকামঞ্চল ও তাহার সমালোচক মৃণালকাস্তি ঘোষ  কতিবাস পণ্ডিত *  কতিবাস সম্বন্ধে মন্তব্য  কবি জয়ানন্দ ও চৈতভ্যমঞ্চল *  হুর্গামঙ্গল ও কবি ব্ধপনারায়ণ  নরোভ্য ঠাকুর  সাক্ষ্যত্তর্গ চৌধুরী		প্রাচীন কবিষঙ্গীত	রজনীকান্ত গুপ্ত 🕻
কবি রুক্তরামদাসের রায়মঞ্চল *  গোরীমঙ্গল  গোরীমঙ্গল  গ্রাপঞ্চরাত্র  বলীন্দ্র সিংহ দেব  অরুকবি ভনানীপ্রসাদ *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় গুপ্তের মনসার পাঁচালী *  নবারণচন্দ্র ভট্টাচায্য  হরিচরণ দাসের অহৈতমঙ্গল  ৪ বর্ষ  কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক  কৃত্তিবাস পণ্ডিত *  কৃত্তিবাস সম্বন্ধে মন্তব্য  ৪ বর্ষ  কবি জয়ানন্দ ও চৈতভামঞ্চল *  ফুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ  নরোভ্য ঠাকুর  ক্রিয়ান্দ ও করি রূপনারায়ণ  নরোভ্য ঠাকুর  ক্রিয়ান্দ ও করি রূপনারায়ণ  নরোভ্য ঠাকুর	৩ বৰ্ষ	ঈশান নাগরের অদৈত প্রকাশ	অচ্যুত্তরণ চৌধুরী
গোরীমঙ্গল রামেক্রস্থনর ত্রিবেদী  হর্গাপঞ্চরাত্র বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় গুপ্তের মনসার পাঁচালী *  হরিচরণ দাসের অবৈতমঙ্গল রিসকচক্র বন্ধ  কবি উদ্ধরানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক মূণালকান্তি ঘোষ  কত্তিবাস পণ্ডিত *  কবি জয়ানন্দ ও চৈতভামঙ্গল *  হর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ  নর্গেন্ডম ঠাকুর ক্লিক্রির ক্লিয়ের ক্লিয়ের চিনুর্বর ক্লিয়ার্যার ক্লিয়ের ক্লিয়ের ক্লিয়ার্য ক্লিয়ের ক্লিয়ার্য ক্লিয়ার্য ক্লিয়ার্য ক্লিয়ার্য ক্লিয়ার্য কর্বির্যান্ত্র কবি রূপনারায়ণ  নর্গেন্তন্ম ঠাকুর ক্লিয়ার্য ক্লি		কবি উদ্ধবানন *	মহেন্দ্রনাথ বিচ্চানিধি
হুর্গাপঞ্চরাত্র বলীন্দ্র সিংহ দেব  অন্ধকবি ভবানীপ্রসাদ * বিজয় পণ্ডিতের মহাভারত * বিজয় গুপ্তেরে মহাভারত * বিজয় গুপ্তেরে মহাভারত * বিজয় গুপ্তের মহাভারত * বিজয় কিন্তুল বিজ্ঞ বিয়াক বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিজ্ঞ বিশ্ব বি		কবি রুঞ্রামদাদের রায়মশ্বল *	ব্যোমকেশ মুস্তফী
সন্ধান বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় গুপ্তের মহাভারত *  বিষয় গুপ্তের মহাভারত *  বিষয় গুপ্তের মহাভারত *  বিজয় গুপ্তের মহাভারত *  বিষয় গুপ্তের মহাভারত *  বিজয় গুপ্তের মহাভারত স্ব বিজয় গুপ্তের মহাভার স্ব বিজয় গুপ্তের মহাভারত স্ব বিজয় গুপ্তের মহাভারত স্ব বিজয় স্ব বিজয় বিজয় বিজয় স্ব বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিলে মহাভার স্ব বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিলে মহাভার স্ব বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিজয় বিল		গৌরীম <b>ঙ্গল</b>	রামেক্রস্থনর ত্রিবেদী
বিজয় পণ্ডিতের মহাভারত *  বিজয় গুপ্তের মনসার পাঁচালী *  হরিচরণ দাসের অবৈতমঙ্গল  ৪ বর্ষ কবি উদ্ধরানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক মূণালকান্তি ঘোষ কন্তিবাস পণ্ডিত *  ক্রিনাস সম্বন্ধে মন্তব্য  ৪ বর্ষ কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল *  হর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ নরোত্তম ঠাকুর  নগেন্দ্রনাথ বন্ধ অনুতচরণ চৌধুরী		<b>ছ</b> ৰ্গাপঞ্চৰাত্ৰ	বলীন্দ্ৰ সিংহ দেব
বিজয় গুপ্তের মনসার পাচালী *  হরিচরণ দাসের অদ্বৈতমঙ্গল রিসকচন্দ্র বহু  ৪ বর্ষ কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক মূণালকান্তি ঘোষ ক্ষতিবাস পণ্ডিত *  ক্ষতিবাস সম্বন্ধে মন্তব্য  ৪ বর্ষ কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল *  হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ নরোত্তম ঠাকুর অচ্যুত্তরণ চৌধুরী		অন্ধকবি ভবানীপ্রসাদ *	রসিকচন্দ্র বস্থ
হরিচরণ দাসের অদৈতমঙ্গল রিসিকচন্দ্র বস্থ ৪ বর্ষ কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক মৃণালকান্তি ঘোষ কন্তিবাস পণ্ডিত * প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় কন্তিবাস সম্বন্ধে মন্তব্য নগেন্দ্রনাথ বস্থ কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল * নগেন্দ্রনাথ বস্থ হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ রিসিকচন্দ্র বস্থ নরোত্তম ঠাকুর অচ্যুত্তরণ চৌধুরী		বিজয় পণ্ডিতের মহাভারত *	নগেন্দ্ৰনাথ বস্থ
8 বর্ষ কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক মৃণালকান্তি ঘোষ ক্রন্তিবাস পণ্ডিত * প্রফুল্লচক্র বন্দ্যোপাধ্যার ক্রন্তিবাস সম্বন্ধে মন্তব্য নগেল্রনাথ বস্থ  ম বর্ষ কবি জয়ানন্দ ও চৈতভামঙ্গল * নগেল্রনাথ বস্থ  হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ রসিকচক্র বস্থ নরোভ্য ঠাকুর অচ্যুত্চরণ চৌধুরী		বিজয় গুপ্তের মনসার পাঁচালী *	নিবারণচক্র ভট্টাচায্য
কভিবাস পণ্ডিত *  কভিবাস সম্বন্ধে মন্তব্য  দ বর্ষ কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল *  হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ  নর্গেভ্য ঠাকুর  অফুল্লচক্র বন্দ্যোপাধ্যায়  নগেল্রনাথ বস্থ  নগেল্রনাথ বস্থ  ক্রিসকচন্দ্র বস্থ  অচ্যুত্চরণ চৌধুরী		হরিচরণ দাসের অদ্বৈতমঙ্গল	রসিকচ <del>ক্র</del> বস্থ
কৃতিবাস সম্বন্ধে মন্তব্য নগেন্দ্রনাথ বস্থ ৪ বর্ষ কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল * নগেন্দ্রনাথ বস্থ হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ রিসিকচন্দ্র বস্থ নরোভ্য ঠাকুর অচ্যুত্ত্ররণ চৌধুরী	৪ বর্ষ	কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক	মৃণালকান্তি ঘোষ
দ বর্ষ কবি জয়ানন্দ ও চৈতভামঙ্গল *      হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ      নরোভ্য ঠাকুর  অচ্যুত্তরণ চৌধুরী		রুত্তিবাস পণ্ডিত <b>*</b>	প্রফুলচক্র বন্দ্যোপাধ্যায়
হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ বসিকচক্র বস্থ নরোভ্য ঠাকুর অচ্যুত্তচরণ চৌধুরী		ক্তবিশ <b>সম্বন্ধে মন্ত</b> ব্য	নগেন্দ্রনাথ বস্থ
নরোভম ঠাকুর অচ্যুত্তচরণ চৌধুরী	ম বর্ষ	কবি জয়ানন্দ ও চৈতন্তমঙ্গল *	নগেন্দ্ৰনাথ বস্থ
		হুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ	রসিকচন্দ্র বস্থ
্ দেহ-কড্ডচ		নরোভম ঠাকুর	অচ্যুত্তরণ চৌধুরী
		দেহ-কডচ	ক্র

৪ বর্ষ	ভারতচন্দ্রের আদি বিগ্যাস্থন্দর	রসিকচন্দ্র বস্থ
	রমাই পণ্ডিতের ধর্ম্মঙ্গল *	হরপ্রসাদ শান্ত্রী
	ঐ ধর্মাঞ্চলের পরিশিষ্ট	বিনোদবিহারি কাব্যতীর্থ
	লোকনাথ দাসের সীতাচরিত্র	অচ্যুত্চরণ চৌধুরী
	সহদেব চক্রবর্ত্তীর ধর্মামঙ্গল 🕫	অম্বিকাচরণ শুপ্ত
৫ বৰ্ষ	চণ্ডীদাসের অপ্রকাশিত পদাবলী	নীলরতন ম্থোপাধ্যায়
	চণ্ডীদাসের চতুর্দ্ধশ পদাবলী ( গুই দফা )	নগেন্দ্রনাথ বস্থ
	চণ্ডীলাদের পুণি-সম্বন্ধে মন্তব্য	নগেন্দ্রনাথ বস্থ
	কবি জয়ানন্দের আর একটু পরিচয়	নগেন্দ্ৰনাথ বস্থ
	<b>দ্বিজ রামচক্রের ত্</b> র্গামঙ্গল কাব্য *	শরচ্চন্দ শান্ত্রী
	দিজ বামচন্দ্রের প্রকৃত কালনির্গয়	রমেশচন্দ্র বস্ত্
	পাঁচালিকার ঠাকুরদাস *	ন্যোমকেশ মুস্তফী
	বৈষ্ণব কবি জগদানন্দ	কালিদাস নাথ
	রঘুনাথের অশ্বমেধ-পঞ্চালিকা 🌸	বজনীকান্ত চক্রবর্ত্তী
	শীতলামঙ্গল ( দেবকীনন্দন ও নিত্যানন্দক্কত ) ৮	ব্যোমকেশ মুস্তফী
	न्नीकवि <b>गा</b> भवी *	মচ্যুত্তরণ চৌধুরী
৬ ব্য	কাশীরাম দাসের বংশপরিচয় ও কালনির্গয়	বামেক্রস্থলর ত্রিবেদী
	কবিরঞ্জন রামপ্রসাদ সেন 🕒	আনন্দনাথ রায়
	গোবিন্দচন্দ্রের গীত 🔻	শিবচন্দ্ৰ শীল
	ঠাকুর নরহরি সরকার ও রগুনন্দন ঠাকুর 🕞	আনন্দনাথ রায়
	পীতাম্বর দাসের রসমঞ্জরী	নগেন্দ্রাথ বস্ত্
	ভবানীদাস বিৰচিত ৰামৰত্নগীতা	রজনীকান্ত চক্রবর্ত্তী
	শূদ পণ্ডিত ও কাশাথও	রসিকচন্দ্র বস্থ
৭ বর্ষ	রাজকবি জয়নাবায়ণ *	ব্যোমকেশ মুস্তফী
	বিভাপতি ও তংসাময়িক বৃত্তান্ত	বিনোদবিহারি কাব্যতীর্থ
	চম্পককলিকা	বামেক্সস্থকর ত্রিবেদী
	চম্পককলিকা সম্বন্ধে মন্তব্য	রামেরস্কর ত্রিবেদী
	कवि नाना अग्रनाताग्रन +	হু'ন-দ্নাথ রায়
	জগনাথবিজয় ও কবি মৃকুন্দ 🗵	র _া সকচন্দ্র ব <b>গ্ন</b>
	ঐ স্বন্ধে মতামত	নগেন্দ্ৰাথ বস্থ
	কাশীদাসাগ্ৰন্ত কৃষ্ণদাস	রাখালদাস কাব্যতীর্থ
৮ বর্ষ	কাশীরাম দাস	वारमञ्जूष्मत जिरनही
	অর্জুন-সংবাদ ( মৃকুন্দানন্দ কৃত )	রজনীকাস্ত চক্রবর্ত্তী
৯ বর্ষ	কবিবল্লভের রসকদম্ব *	তারকেশ্বর ভট্টাচার্য্য

১০ বর্ষ	খনা	যোগেশচন্দ্র রায়
১২ বর্ষ	প্রাচীন মুসলমান কবিগণ	আবহল করিম
	মাণিক গাঙ্গুলি ও ধর্মমঙ্গল *	ব্ৰজম্বনর সাকাল
	বৈষ্ণবদাস ও উদ্ধবদাস	ক্ষেত্ৰগোপাল সেন গুপ্ত
	নারায়ণদেবের পাঁচালি	আবতুল করিম
১৩ বর্ষ	অভূতাচার্য্যের রামায়ণ *	রজনীকান্ত চক্রবর্ত্তী
	কবিকঙ্কণ ও তাঁহার চণ্ডীকাব্য	অম্বিকাচরণ গুপ্ত
	কবি গঙ্গারাম ও মহারাষ্ট্র পুরাণ	ব্যোসকেশ মুস্তফী
	ধর্মকল	দীনেশচন্দ্ৰ সেন
	রমাই পণ্ডিত ও ময়নাপুরের যাত্রাসিদ্ধি	বিনোদবিহারি কাব্যতীর্থ
	স্কবি বল্লভাদি ৰচিত বৃহং পদ্মাপুৰাণ	দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
১৪ বর্ষ	কবি জয়ক্ষঞ্চ দাস	অম্বিকাচরণ গুপ্ত
	দশহরার উৎপত্তি	শিবচন্দ্ৰ শীল
১৫ বর্ষ	ধর্মকল-প্রণেতা মাণিক গাঙ্গুলি	যোগেশচন্দ্ৰ রায়
	প্রাচীন পদাবলীর পাঠভেদ	সতীশচন্দ্ৰ রায়
    - " ভববিভূতি ভট্টচার্য্য, ভাটপাড়া, ২৪ পরগণা।
  - ৩৫ ৢ রাজেন্রাকিশোর ধর, গগন চৌধুরী লেন, মন্ত্রমনসিংহ।
    - " ফণিভূষণ বস্তু, ১৷১ রামচন্দ্র মৈত্রের লেন, কলিকাতা।
    - " প্রস্কুলার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।

শীযুক্ত প্রশান্তচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণওয়ালিস্ দ্বীট, কলিকাতা। কেদারনাথ চট্টোপাধ্যায়, ২১০।৩ কর্ণগুয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা। রেবতীমোহন চক্রবর্ত্তী, ৫ স্থকিয়া দ্রীট, কলিকাতা। ইন্দ্রনারায়ণ দে বি এ, ৪ রামতমু বস্থর লেন, কলিকাতা। মহেন্দ্রচন্দ্র দাস, স্থজাতপুর, শ্রীহট্ট। প্রশান্তভূষণ গুপ্ত, আউট্সাহী, ঢাকা। জিতেন্দ্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট, কলিকাতা। যতীক্রফ নিয়োগী, রিপন কলেজ, ১৪ রতন নিয়োগীর লেন, গৌরীবেড় কলিকাতা 84 ব্রজেক্ত্রকিশোর রায় বি এ, আউট্সাহী, ঢাকা। নরেক্রচক্র পাল বি এ, যশোদল পো:, ময়মনসিংহ, স্থালচন্দ্র দে বি এ. প্রেসিডেন্সী কলেজ, ৫ম বাষিক শ্রেণী, দমদম রোড, কাশীপুর পো:। গিরিজাশঙ্কর রায় চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ। জিতেব্রুনাথ মুখোপাধ্যায়, ৪ ঠাকুর-কাসল রোড, কলিকাতা। @ 0 স্থরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ, ৩ রমানাথ মজুমদারের লেন, কলিকাতা। রাখালমোহন সোম, প্রথম বার্ষিক শ্রেণী, রিপন কলেজ, ১ বল্দেপাড়া রোড়, মাণিকতলা সমতুলচন্দ্র সেন গুপ্ত, ১২০ লোয়ার সাকু লার রোড, কলিকাতা। সত্যেন্দ্রমোহন চৌধুরী, ২য় বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ, ৬৩ হারিসন রোড, কলিকাতা। বিজন্তক্র মুখোপাধ্যায়, ১৭৬ কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা। ¢¢ ,, শরংলাল বিশ্বাস, ৭৩।১ শ্রীগোপাল মল্লিকের লেন, কলিকাতা। পুলিনচক্র মুখোপাধ্যায়, ১৭ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা। (शार्यन्यूज्य विकारितान, श्रेहीवांनी-कार्यानम्, कान्ना, वर्क्षमान। অবনীকান্ত উপাধ্যায়, ৩০ শোভাবাজার খ্রীট, কলিকাতা। নরেন্দ্রনাথ সেনগুপ্ত ৬০ বিজয়ক্বফ মুখোপাধ্যায় মূলী মোহাম্মদ মোজাম্মেল হক্, আণ্টনিবাগান লেন, কলিকাতা। রাজেন্দ্রলাল রায় চৌধুরী, ৫৬।১ আমহাষ্ট ষ্ট্রীট, কলিকাতা। অতুলচক্র দাসগুপ্ত, সংস্কৃত কলেজ, কলেজ স্কোয়ার, কলিকাতা। যোগেশচন্দ্র গুপ্ত, ৫৬১।১ আমহাষ্ট্র খ্রীট, কলিকাতা। ৬৫ স্থরে এনাথ সেন গুপ্ত. নির্মালচন্দ্র পাকড়াশী, ২৭ বদলিয়াপাড়া রোড, কলিকাতা।

রমেশচন্দ্র দাস দাস, ৩।১ ওয়ার্ড ইন্ষ্টিটিউশন, মাণিকতলা, কলিকাতা।

# প্রীযুক্ত রাজেক্রলাল নাথ ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।

- ৭০ "নরেক্রনাথ দালাল, ১১ উণ্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।
  - ্ব দেবেন্দ্রচন্দ্র নাথ ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
  - ু, রাধিকাপ্রদাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যের খ্রীট, কলিকাতা।
  - " শচীক্রভূষণ ঘোষ, রায়গ্রাম, যশোহর।
  - , শশিভূষণ পাল, গিরিশচক্র হাইস্কুল, শ্রীহটু।
- ৭৫ ... হরেক্রক্ষ ভট্টাচার্য ঐ ঐ ঐ
  - ,, গোপেশচন্দ্র ভট্টাচার্য্য ঐ 👌 🤞
  - ., মথুরাচন্দ্র টে ট্র ট্র
  - .. সজলকান্ত দাস ঐ ঐ ঐ
  - ,, গোপালচক্র ভট্টাচার্য্য, ১২ কাশীঘোষের লেন, কলিকাতা।
- ৮**০ ,, অমরেন্দ্রনা**থ বন্দ্যোপাধ্যায়, ৩০ ঠাকুর মহাশয়ের লেন, উত্তরপাড়া।
  - " **স্থারচন্দ্র সেন গুপ্ত,** বাবুরবাড়ী, আউটসাহি, ঢাকা।
  - ,, চক্রশেথর রায়, বাঁকুড়া।
  - ., ধীরেক্রনাথ চক্রবর্ত্তী, ৫০।১ ওয়েলিংটন দ্বীট, কলিকাতা।
  - , কালীদয়াল ভট্টাচার্য্য, শ্রীযুক্ত অক্ষয়কুমার বন্দ্যোপাধ্যায়ের বাড়ী, দিরাজগঞ্জ, পাবনা।
- ৮৫ , तामविशतो ठटहाेेे पायात्र, ৮ १।৮৮ ममिक्वा हो है है. किवा हा ।
  - ু, মোহম্মদ শহীহল্লাহ্ এম্ এ, ৮ সৈয়দসালী লেন, কলিকাতা।
  - ্ৰ যতীক্ৰমোহন সিংহ।
  - ু হীরালাল দাস গুপ্ত, ১।২ এ শঙ্করঘোষের লেন. কলিকাতা।
  - ্ৰ অপ্ৰকাশচন্দ্ৰ মাহাতা, ১৫ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
- ৯০ , কুম্দবন্ধু রায় গুপু, ১৮ ছুতারপাড়া লেন, কলিকাতা। (আড়কান্দী, বেতাংশা, ফ্রিদপুর)।
  - "দীননাথ মজুমদার, ১৯ বাহড়বাগান লেন, কলিকাতা।
  - " ব্যেশচন্দ্র বস্থ, জগন্নাথ কলেজ-হোষ্টেল, ঢাকা।
  - ু, যোগেশচন্দ্র বস্থ, কাঁথি, মেদিনীপুর।
- ৯৫ , শরচ্চক্র দে, জগন্নাথ কলেজ বোর্ডিং, ঢাকা।
  - "হরিদাস সরকার, পুরুলিয়া, মানভূম।
  - ্ৰ যামিনীমোহন রায়, বীরকুৎসা, মাবিনগর, রাজসাহী।
  - " भीखनान तात्र, शीयुक स्टात्र जान तात्र नहां । महातास्त्र भारतस्त्र ताति,

কৃষ্ণনগর, নদীয়া।

- >०० , अमदत्रस्मनाथ त्रिःह, शांत्रथुशी, मृत्रनिषायाण।
  - " শিবেশচক্র পাকড়ানী, স্থলবসস্তপুর।
  - " অধিনীকুমার রক্ষিত, এড্ওয়ার্ড হোষ্টেল, ভাগলপুর।

শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক, নওয়াবান্ধার রোড, শ্রীযুক্ত রামস্কুন্দর গুহু মহাশরের বাসা, ময়মনসিংহ।

- ১০৫ " যতীক্রকুমার দেন, ২৮।১৬ অথিল মিন্ত্রীর লেন, কলিকাতা।
  - ু, সারদাচরণ ঘোষ, এবংগ্রাম, ফতেয়াবাদ, চটুগ্রাম।
  - .. শ্রামাচরণ গোষ
  - ্লবেবতীরনণ দেনগুপ্ত, **শিকারপুর**, চট্টগাম।
  - .. হরিপদ সেন গুপ্ত
- ১১০ " হেমেক্রলাল চৌধুরী
  - " শরচ্চন্দ্র দেব বিএ, ৫ জোড়াপুকুর লেন, সিমলা, কলিকাতা।
  - " স্থরেক্সলাল দাস ৯, ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
  - ু, জ্যোতিরিন্দ্রনাথ দাস, ৩৬।৬ বেণিয়াটোলা লেন।
  - " যামিনীমোহন চট্টোপাধ্যায়, শ্রীকৃক্ত পণ্ডিত মহেক্সনাথ বিভানিধি মহাশয়ের বাসা, আন্দুল, আন্দুলমোরী লেন, হাওড়া।
- ১১৫ ,, त्रिकलाल (मन, मारमामत, थूलना।
  - " সতীশচক্র দাস, সৈদেরবালী, মাদারীপুর ফরিদপুর।
  - ু যতীক্রনাথ সর্বাধিকারী, ২ চোরগাগান লেন, গুণারবাড়ী, ময়মনসিংহ।
  - "নরেন্দ্রনাথ রক্ষিত, ৫।১ রামমোহন সাহার লেন, কলিকাতা খাঁটুরা, ২৪ প্রগণা।
  - "মোহিনীকান্ত গুপ্ত, "রজনী কুটার" ২৮।১৬ অথিল মিন্দ্রীর লেন।
- ১২० " त्नाहिनीरमाञ्च तात्र, ठानामिची, त्रालिया, ताक्छा।
  - "সম্বোষকুমার মুথোপাধ্যায়, খহ কাঁটাপুকুর লেন, বাগবাজার, কলিকাতা।
  - "ন্কর বহ্মান্থান্ ইউসফজী বি এ, চারাস, বাল্যা, রতনগঞ্জ, ময়মনসিংহ।
  - ু পরাণেন্দনাথ ঘোষাল, ১৫ রতন নিয়োগীর লেন, কলিকাতা।
  - " मत्नातक्षन চটোপাধাায়, গোসাইছ্র্গাপুর, যশোহর।
- ১২৫ , स्थत्रञ्जन (मन छथ, माहमभूत, वित्रमान।
  - " সত্যেন্দ্রকুমার সরকার, ১৪ রামচাঁদ নন্দীর লেন, কলিকাতা।
  - " উপেক্রনাথ দে, মালীপুর, এইটা।

# শাখা-দভার নিয়মাবলী।

- ১ । বন্ধীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও বলবৃদ্ধির জ্বস্তু ভিন্ন স্থানে শাখা-পরিষং স্থাপিত হইতে পারিবে। সাধারণতঃ বিশেব কারণ ব্যতীত এক জেলার মধ্যে একা-ধিক শাখা স্থাপিত হইবে না।
- ২। স্থানের নামান্থনারে ঐ শাথা "বঙ্গান্থ-সাহিত্য-পরিষ্থ, —শাথা" এই নামে পরিচিত ছইবে।
- ৩। শাখার উদ্দেশ্য ও কার্য্যপ্রনালী সর্কাংশে বস্বীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অমু-কুল হইবে। রাজনীতি, সমাজ-সংশ্বার বা ধর্ম্ম-সংশ্বার বিষয়ে পরিষদের কোন শাখা কোন-রূপে লিপ্ত হইবেন না।
- ৪। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যের অসুণীলন এবং উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনের জন্ম প্রধানতঃ সাহিত্য, দর্শন ও বিজ্ঞানাদি শাস্ত্রের আলোচনার সহিত শাধা-পরিষংসমূহ বিশেষভাবে নিম্নলিথিত উপায়গুলিও অবলম্বন করিবেন:—
  - (ক) স্থানীয় প্রাচীন পুথির অসুদ্দান, সংগ্রহ ও প্রকাশ এবং ইহার বিবরণ প্রকাশ।
- (২) স্থানীয় প্রাচীন গ্রন্থকার নিগের জীবন চরিত, প্রতিকৃতি, ও অভাভ স্থৃতি-নিদর্শন সংগ্রহ।
  - (খ) গ্রাম্য-দাহিত্য, ছড়া, প্রবাদ, ব্রতকথা, উপকথা, গীত, কবিতা ইত্যাদি সংগ্রহ।
- (গ) স্থানীয় ভাষায় চলিত প্রাবেশিক শদ-সংগ্রহ এবং তংসহ ক্বনি শিল্প, ব্যবসায়, গৃহসজ্ঞা, উদ্ভিদ, জীব প্রভৃতি সংক্রান্ত পারিভাষিক শক্ষের সংগ্রহ।
  - (७) मर्सनाम, क्रियायन अङ्गित उद्धत विचक्ति-त्यात्म आत्मिक अथरणम मक्रमन।
  - (চ) স্থানীয় ভৌগোলিক বিবরণ সংগ্রহ।
- (ছ) স্থানীয় ইতিহান ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং তংগহিত তীর্থস্থান, মন্দির, ছর্গ প্রভৃতির ছায়াতিত্রাদি সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্ত্তি, খোদিত-লিপি, তাম্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।
- জ) স্থানীয় ধর্ম্মপ্রপারের ও তিন তিন জাতির বা সম্প্রদারের সামাজিক আচার-ব্যবহার ও উৎস্বাদির বিবরণ সংগ্রহ।
  - (अ) প্রাচীন ও আধুনিক শিন্ন ও বিবিধ কলাবিচ্যার বিবরণ ও নিদশন সংগ্রহ।
  - (ঞ) স্থানীয় জাব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।
- শাখার সমুদয় কার্যা, বিশেব আবশুক না হইলে, বাঙ্গালাভাষার সাহায়্যে নির্বাহিত
   ইইবে।
- ৬। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য না হইলে কোনও ব্যক্তি শাখা-সভার সম্পাদক হইতে পারিবেন না।

- ৭। শাখা-পরিষদের কর্ম্মচারী ও কার্য্য-নির্কাহক-সমিতির নিয়োগ বিষয়ে মূল পরিষদের নিয়ম যথাসম্ভব অমুস্ত হইবে।
- ৮। শাখা-সভার নিয়মাবলী মূল পরিষদের অন্তমোদিত হওয়া আবশ্রক। এইরূপ অন্ত্র-মোদিত নিয়মাবলীতে যখন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্রক হইবে, তথন তাহা মূল পরিষদের অন্তমোদিত করাইয়া লইতে হইবে। পরিষদের উদ্দেশ্যের প্রতিকৃল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাখার কার্য্য-প্রণালীর স্বাধীনতায় মূল পরিষং কোন ব্যাঘাত দিবেন না।
- ৯। প্রত্যেক শাথা-পরিষৎ মূল পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে একজন প্রতিনিধি নির্ব্বাচন করিবেন। এই প্রতিনিধি শাথা-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্ততম সভ্য হওয়া আবশ্যক।
- ১০। প্রতি বংসর বৈশাথের প্রথমার্দ্ধ মধ্যে শাথা-পরিষদের সম্পাদক গত বংরের ক্বত কর্ম্মের সংক্ষিপ্ত পরিচর, সভ্যগণের ও কর্ম্মচারিগণের নাম এবং আয়-ব্যয়ের হিসাব সহ সংক্ষিপ্ত কার্য্য-বিবরণ মূল পরিষদের সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। মূল পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী বা তাহার আবশ্রক অংশ সাহিত্য-পরিষদের কার্য্য-বিবরণীর পরিশিষ্ট-রূপে পরিষৎ-পঞ্জিকার প্রকাশ করিবেন।
- ১১। মূল পরিষদের কার্য্য-নির্বাহক-সমিতির নির্দ্দেশান্থসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা ও পরিষৎ কর্ত্বক প্রকাশিত গ্রন্থাবলীর কতিপর থণ্ড মূল পরিষদের প্রত্যেক শাখা-সভা বিনামূল্যে প্রাপ্ত হইবেন, এবং শাখা-সভার প্রকাশিত গ্রন্থাদিও মূল পরিষৎ এই নিয়মে পাইবেন।
- ১২। মূল পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থা না থাকিলে মূল ও শাখা পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।
- ১৩। শাথা-সভার কার্য্য-নির্ব্বাহক-সভা কোন প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ পাঠাইলে, ঐ প্রবন্ধ মূল পরিষদের পত্রিকা-প্রকাশ-সমিতি সভার উদ্দেশ্যের অমুক্ল বিবেচনা করিলে পত্রিকায় প্রকাশিত হইবে।
- ১৪। মূল পরিষদের কার্য্য নির্ন্ধাহক-সমিতি কার্য্যকারিতা দেখিয়া অস্ত সভাকে শাখারূপে গণ্য করিবেন এবং এই কার্য্যকারিতার অভাব সম্যক্রপে প্রতিপন্ন হইলে, ইহাকে শাখার অধিকারে বঞ্চিত করিতে পারিবেন।
- ১৫। কার্য্য-নির্বাহক সমিতি আবশুক হইলে শাখা-সভাগুলির সহিত প্রামর্শ করিয়া এই নিয়মাবলী সংশোধন করিতে পারিবেন।

# ১৩১৯ বঙ্গাব্দের কার্য্য-নির্বাহক-সমিতির সভ্যগণ

#### কৰ্মাধ্যক্ষণ

সভাপতি——— শীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্
সহকারী সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীক্রচক্র নন্দী বাহাছর
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাল্পী এম্ এ, সি, আই, ই,
মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী এম্ এ, এল্ এল্ বি
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ
সম্পাদক——শ্রীযুক্ত বায় যতীক্রনাণ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্
সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মৃস্তফী
শ্রীযুক্ত হেমচক্র দাশগুপ্ত এম্ এ, এক্ জি, এস্
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
শ্রীযুক্ত কবিরাজ তুর্গানারায়ণ সেন শাল্পী

পত্রিকাধ্যক — মহামহোপাধ্যায় ডা: শ্রীযুক্ত সতীশচন্দ্র বিভাভূষণ এম্ এ, পিএচ্ ডি

গ্রন্থাধ্যক — - - - শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় বি এ

চিত্রশালাধ্যক্ষ -- --- শ্রীযুক্ত নগেলনাথ বস্তু প্রাচ্যবিভামহার্ণব

আয়-ব্যয় পরীক্ষক—শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্ শ্রীযুক্ত চিত্তস্থ সাজাল বি ই

# নিৰ্কাচিত সভাগণ

শীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বির্তাবিনোদ এম্ এ শীযুক্ত ললিতকুমার বল্যোপাধ্যায় বিতারত্ব এম্ এ
,, অম্বিকাচরণ মন্ত্র্মদার এম্ এ, বি এল্ ,, প্রবেংধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ,

,, অমূল্যচরণ ঘোষ বিভাভূষণ

এম্ এম্ সি আই (লওন)

,, চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ

, रेनल्नहन् मङ्गमात

,, উপেক্তনাথ ঘোষাল এম্ এ

,, উমাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ,

,, বনওয়ারিলাল চৌধুরী বি এ

,, হেমেক্রনাথ সিংহ বি এ

বি এসুসি (লণ্ডন)

,, চারুচন্দ্র বস্থ এম্ আর এ এস্

,, হেমচক্র সেনগুপ্ত এম্ এ

,, ্রাক্তনাথ চটোপাধ্যায় বি এ

" সারদাপ্রসাদ সেন বি এ

,, স্থরেক্রচক্র রায় চৌধুরী

,, জীবেক্সকুমার দত্ত

,, বনমালী চক্রবর্ত্তী বেদাস্ততীর্থ বেদাস্তরত্ব,

,, বোধিসত্ব সেন এম্ এ, বি এল্

এম্ এ

# ৺নহানহোপাধ্যার চন্দ্রকান্ত ভর্কালঙ্কার-স্মৃতি-সমিতির সদস্থাগণ

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ ( সভাপতি )

মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ বাহাতুর বি এ মহারাজ শ্রীযুক্ত মণীক্রচন্দ্র নন্দী বাহাত্র মহারাজকুমার শ্রীযুক্ত শশিকান্ত আচার্য্য চৌধুরী মহামহোপাধ্যার শ্রীযুক্ত পণ্ডিত সতীশচক্র বিভাতৃষণ প্রীযুক্ত গোপালদাস চৌধুরী মাহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রসন্নচক্ত বিভারত্ব মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গুরুচরণ তর্কদর্শনতীর্থ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পণ্ডিতরাজ যাদবেশর তর্করত্ন

মহারাজ শ্রীযুক্ত কোণীশচন্দ্র রায় বাহাত্তর রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী রাজা শ্রীযুক্ত জগংকিশোর আচার্য্য চৌধুরী শ্রীক্ত পণ্ডিত পঞ্চানন তর্করত্ন শ্রীযুক্ত পণ্ডিত প্রসন্নকুমার তর্করত্ব

শ্রীযুক্ত চণ্ডীচরণ শ্বতিভূষণ

শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য

দারকানাথ চক্রবর্ত্তী

হীরেন্দ্রনাথ দত্ত

ক্ষিতীক্রনাথ ঠাকুর

থগেন্দ্রনাথ মিত্র

রায় মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাত্র

রাম প্রিয়লাল গঙ্গোপাধ্যায় বাহাত্র

নগেন্দ্রনাথ বস্থ

মতিলাল ঘোষ

বরদাপ্রসাদ বস্থ

স্থরেশচন্দ্র সমাজপতি

স্থারাম গণেশ দেউম্বর

রায় চারুচক্র চৌধুরী বাহাত্র আবশুক হইলে এই সমিতি আরও সদস্য লইতে পারিবেন।

শ্রীযুক্ত অতুলক্কঞ্চ গোস্বানী

শ্রীযুক্ত পণ্ডিত হুর্গাচরণ সাংখ্যবেদাস্থতীর্থ

কবিরাজ এীফুক্ত যামিনীভূষণ রায়

কবিরাজ ত্রীযুক্ত যোগেন্দ্রনাথ বিচ্ছাভূষণ

কবিরাজ শ্রীবৃক্ত হেমচক্র সেন

কবিরাজ শ্রীযুক্ত হুর্গানারায়ণ সেন শাস্ত্রী

খ্রীযুক্ত হরগোবিন্দ লম্বর চৌধুরী

শ্ৰীকৃক্ত রুড়মল গোয়েনকা

শ্রীবৃক্ত দেবকুমার রায় চৌধুরী

শ্রীযুক্ত হরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

শ্ৰীযুক্ত ভূপেক্ৰ শ্ৰী ঘোষ

শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী (সম্পাদক)

শ্রীকৃত বিহারীলাল সরকার

ব্রজেন্রাকিশোর রায় চৌধুরী (ধনরক্ষক) শ্রীযুক্ত রায় রাধ্ববল্লভ চৌধুরী বাহাত্বর

শ্রীযুক্ত রায় সতীশীচন্দ্র চৌধুরী বাহাত্র

# পত্রিকা-পরিচালন-সমিতির সদস্থগণ

প্রীযুক্ত রামেক্সস্থলর ত্রিবেদী এমৃ এ,

শ্ৰীযুক্ত পণ্ডিত অতুলক্বঞ্চ গোস্বামী

- " वन अप्रातिमान कोधूबी वि এ, वि এम्मि (मधन)
- হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ব এম্ এ, বি এল্
- নগেন্দ্রনাথ বস্থ প্রাচ্যবিত্যমহার্থব

মহামকোপাধ্যায় ঞীযুক্ত ডাঃ সতীশচন্দ্ৰ বিষ্যাভূষণ এম্ এ, পিএচ্ডি ( পত্ৰিকাধ্যক্ষ ) শ্রীযুক্ত রায় যতান্ত্রনাথ চৌধুরা শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্ , ( সম্পাদক )

এীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, (সহকারী-সম্পাদক)

# দ্বিতীয় খণ্ড

# অন্টাদশ সাংবৎস্ত্রিক কার্য্য-বিবর্ণী

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ অপ্টাদশ বর্ধ অতিক্রম করিয়া উনবিংশ বর্ধে পদার্পণ করিলেন। এই অপ্টাদশ বর্ধে স্বীয় কর্ত্তব্য-সাধনে সাহিত্য-পরিষৎ কতদ্র অগ্রসর হইতে পারিয়াছেন, তাহা পরিষদের হিতকামিগণের ও সর্ব্ধ-সাধারণের নিকট প্রকাশের জন্য পরিষদের অপ্টাদশ বার্ধিক কার্য্য-বিবরণী লিপিবদ্ধ হইল।

#### সম্রাটের গুভাগমন

আলোচ্য বর্ধে মহামান্য ভারত-সমাট্ ও ভারত-সমাজী ভারতবর্ষে শুভাগমন করিলে পর, তার্যোগে দিল্লীতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের রাজভক্তি জ্ঞাপন করা হইয়াছিল। তছত্তরে মহামান্য ভারত সমাটের মাননীয় প্রাইভেট সেক্রেটারী পরিষদের সভাপতি প্রীযুক্ত সারদাচরণ দিত্র মহাশ্রের নিক্ট নিম্নলিধিত তারবার্ত্তা প্রেণ করেনঃ—

Coronation Durbar 14-13. State 24.

Sarada Charan Mitra

President, Bangiya Sahitya Parishad, Calcutta.

I am commanded to thank you for your kind message.

Private Secv.

#### সভ্য-সংখ্যা

গত বৎসরের আরত্তে শ্রেণিভেদে পরিষদের সভাসংখ্যা এইরূপ ছিলঃ—

আজীবন		>
বিশিষ্ট		9
বিশেষ		20
সাধারণ—		<b>১</b> ৫२२
কলিকাতা	৬৫১	}
মফ্সল	693	5

>689

১৩১৮ সালের শেষ পর্যান্ত পরিষং কোন নৃতন আজীবন সভালাভে সমর্থ হন নাই।
এবং পরিষদের একমাত্র আজীবন সভা কুচাবহারাধিপরি মহারাজ সার—নৃপেক্রনারায়ণ ভূপ
বাহাত্ত্ব জি, সি, আই, ই, সি, বি মহোদয়ের পরলোকগমনে বর্ধশেষে পরিষদের আজীবন
সভাশ্রেণি শ্ন্য ছিল। গত বর্ষে ত্রীযুক্ত ক্বফকমল ভট্টাচার্য্য, রায় বাহাত্ত্ব ত্রীযুক্ত
শরচক্র দাস সি, আই, ই, ত্রীযুক্ত অক্ষয়চক্র সরকার ও ত্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়

এই চারিজন নৃতন বিশিষ্ট সভা নির্কাচিত হইয়াছেন এবং সেইহেতু বর্ষশেষে বিশিষ্ট সভাসংখ্যা ১১ ছিল। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত বসস্তরঞ্জন রায় বিশ্বন্ধন্ত ও শ্রীযুক্ত যোগেশ-চন্দ্র বন্দ্যোপাধাার মহাশয়গণ বিশেষ-সভ্য নির্বাচিত হওয়ায় বর্ষশেষে বিশেষ-সভ্যসংখ্যা ১৫ হইয়াছে। শ্রীযুক্ত বসস্তরঞ্জন রায় বিষদ্ধল্লভ মহাশর পরিষদের জন্য প্রায় ৭০০ প্রাচীন পুথি সংগ্রহ করিষাছেন এবং শ্রীযুক্ত যোগেশচক্র বন্দ্যোপাধাায় মহাশয় অনেক মৃত সাহি-ত্যিকের স্বহস্ত-লিথিত পত্রাদি পরিষদের চিত্রশালাতে উপহার প্রদান করিয়াছেন। আলোচ্যবর্ষে কলিকাতাবাদী ৬৫১ জন সভ্যমধ্যে ৯ জনের মৃত্যু হুইয়াছে, ১৯ জন সভাপদ ত্যাগ করিয়াছেন, চাঁদা অনাদায়হেতু ১১ জনের নাম সভ্য-তালিকা হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে; এবং ১২৮ জন কলিকাতাবাসী পরিষদের নৃতন সভ্য-পদ গ্রহণ করিয়াছেন। এই হিসাবে দেখা যাইতেছে যে, আলোচ্য বর্ষের শেষে কলিকাতা-বাসী সভোর সংখ্যা ৭৭০ জন ছিল । আলোচা বর্ষের প্রারম্ভে মফস্বঞ্লর সভ্য-সংখ্যা ৮৭১ জন, তন্মধো ৮ জনের মৃত্যু হইয়াছে, ৫ জন সভ্যপদ ত্যাগ করিয়াছেন, ৪৬ জনের নাম চাঁদা অনাদায়হেতু সভা-তালিকা হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে ও ১ জন বিশেষ-সভ্য নির্বাচিত হইয়াছেন। অংলাচা বর্ষে ২৬৬ জন মফস্বলবাদী পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে ১ জন সভাপদ তাাগ করিয়াছেন। এই হিসাবে দেখা যায় ষে, আলোচ্য বর্ষে মফস্বলবাদী সভ্যসংখ্যা ১০৭৬ ছিল। কিন্তু কলিকাতাবাদী ৭৪০ জন সভামধ্যে ১৭ জন মফস্বলে চলিয়া গিয়াছেন এবং মফস্বলবাসী ১৮ জন কলিকাতায় আসিয়াছেন; স্কুতরাং বর্ধশেবে কলিকাতার সাধারণ সভ্যসংখ্যা ৭৪১ ছিল। মৃদস্বল-বাসী ১০৭৬ জন মধ্যে ১৮ জন কলিকাতায় আসিয়াছেন এবং ১৭ জন কলিকাতাবাসী মফস্বলে গিয়াছেন; স্কুতরাং বর্ধশেষে মফস্বলবাসী সভ্যের সংখ্যা ১০৭৫ ছিল এবং কলিকাতা ও মফস্বলবাদী দাধারণ সভ্যের সংখ্যা বর্ষশেষে ১৮১৬ হইয়াছিল। এই হিদাবে দেখা যাইতেছে যে. বর্ষশেষে পরিষদের সভ্য সংখ্যা এইরূপ ছিল :—

আজীবন	•
বিশিষ্ট—	>>
বিশেষ—	2¢
সাধারণ—-	১৮১৬
কলিকাভা	985 }
মফস্বল	985 } >•9¢ }

2846

গত বংসরের কার্য্য-বিবরণীতে দেখা যায় যে, পরিষৎ স্বীয় মন্দিরে প্রবেশ করার পর তিন বংসরের মধ্যে পরিষদের সভ্যসংখ্যা প্রায় দেড়গুণ হইয়াছিল; কিন্তু ১৩১৫ সালের সভ্য-সংখ্যার (১০০২) সহিত গত বংসরের সভ্যসংখ্যা (১৮১৬) তুলনা করিলে দেখা যায়

থে, তিন বৎসর পরে পরিষদের সভ্যসংখ্যা প্রার দ্বিগুণ হইয়াছে। এই সংখ্যাবৃদ্ধি যে পরিষদের পক্ষে অত্যন্ত শ্লাঘার বিষয়, তাহার কোনও সন্দেহ নাই। যে উদ্দেশ্য লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, তদফুরপ উদ্দেশ্য লইয়া বঙ্গদেশে এ পর্যান্ত আর কোনও সভাসমিতি স্থাপিত হয় নাই এবং বঙ্গদেশের সমগ্র প্রতিভা একপ্রাণ হইয়া এই সমিতিতে যোগদান না করিলে, পরিষদের উদ্দেশ্য সফল হওয়া স্থকঠিন। स्रायंत्र विषय रा, वक्रामान्य क्राञ्चित वाक्तिश्व क्रामाः পরিষদের কার্য্যাবলীতে আরুষ্ট হইয়া পরিষদের সভ্যপদ গ্রহণ করিতেছেন। বঙ্গদেশে ক্লতবিদ্য লোকের সংখ্যার তুলনার ১৮০০ সভ্য অত্যন্ত অল। স্কুতরাং আশা করা যায় যে, ভবিষাতে পরিষদের সভা-সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি হইবে। সভাই পরিষদের প্রাণ এবং সভাসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে যে পরিষদের কার্য্যক্ষেত্রও বিস্তৃতি লাভ করিবে, তাহাতে কোন সন্দেহ নাই। পতবৎসর তদীয় অভিভাষণে পরিষদের শ্রদ্ধের সভাপতি মহাশর বলিরাছিলেন ;— "আজ পরিষদের সদস্যসংখ্যা দেশের সকল সভাসমিতির সদ্স্যসংখ্যা হইতে অধিক হইলেও. ইহার উদ্দেশ্য বিবেচনা করিলে, বলিতে হয়, এখনও ইহার উপযুক্ত বল বৃদ্ধি হয় নাই। দেশের বিবৎসমাজের, শিক্ষিত সমাজের অনেকেই ইহার সদস্য হইয়াছেন, কণাপি বহু প্রাচীন সাহিত্য-সেবক, বহু খ্যাতিমানু গ্রন্থকার, বহু সংবাদ-পত্তের সম্পাদক, বহু স্থানেথক এখনও ইহার বাহিরে রহিয়াছেন। নবীন সাহিত্যসেবী এবং প্রতিষ্ঠাবান লেথকগণেরও অনেকে ইহার অন্তর্ভুক্ত নহেন। ইহা পরিষদের পক্ষে কোভের কথা দলেহ নাই। বাঙ্গালা-সাহিত্যের সামান্য সম্পর্কেও বাঁহারা আসিয়াছেন, বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য শ্রেণিতে তাঁহাদের প্রত্যেককেই যাহাতে সন্নিবিষ্ট করিতে পারা যায়, তংপ্রতি পরিষদের হিতকাম ব্যক্তিবর্গের এবং পরিচালকবর্গের লক্ষা থাকা প্রার্থনীয়। পরিষদের উদ্দেশ্য এবং সঙ্কল্প সম্বন্ধে কাহারও কিছু বলিবার নাই, কিন্তু পরিচালকবর্গের সহিত মতভেদের হেতুতে গাঁহারা সন্মিলিত হইতে ইতস্ততঃ করেন, তাঁহাদিগের প্রতি আমার নিবেদন,—দূরে থাকাতেই মতভেদ বজায় রহিয়া যাইতেছে; একত্র হউন, দশ্মিলিত হউন, দেগিবেন মতভেদ হাস হইবে, উছার তীব্রতা কমিয়া পিয়া উভয় পক্ষের সামঞ্জদ্য সাধিত হইবে। আজ বার্ষিক অধিবেশনের এই শুভাবসরে পরিষদের সভাপতিরূপে আমি দেশের সকল সাহিত্যিককে ইহার সদ্স্য পদ গ্রহণ করিবার জন্য সাদরে আহ্বান করিতেছি। আহ্বন, সকলে একক্রিয় হইয়া সাহিত্য-যজ্ঞে ব্রতী হই। আমাদের মুসলমান ভ্রাতৃগণের মাতৃভাষাত্বরাগের কথা পূর্ব্বেই বলিয়াছি। পরিষদে মুসলমান সদস্যের অভাব নাই ; কিন্তু তাঁহাদিগের মধ্যেও যাঁহারা গ্রন্থকার, যাঁহারা স্থলেথক, তাঁহাদেরও অনেকে এখনও পরিষদের বাহিরে রহিয়াছেন। আজ আমি তাঁহাদিগকেও ইহাতে সন্মিলিত হইবার জন্য সাদরে আহ্বান করিতেছি। আস্থন, আরু হিন্দু মুসলমান সকলে একত হইশ্বা মাতৃত্রধার চরণে ভক্তি উপহার উৎদর্গ করি।" এই অবসরে সভাপতি মহাশয়ের কথাগুলির পুনরাবৃত্তি করিয়া দেশীয় শিক্ষিত সমাজকে পরিষদে যোগদান করিবার জনা দাদরে আহ্বান করিতেছি

## মৃত সভাগণ ও সাহিতাসেবিগণ

গত বংসর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৮ জন সভ্য পরলোকগমন করিয়াছেন। এই ১৮ জনমধ্যে এরপ অনেক সভ্য ছিলেন, যাঁহাদের যশোরাশি সমস্ত ভারতে এবং কোন কোন স্থলে ভারতবর্ষের বাহিরেও পরিব্যাপ্ত হইয়াছিল। এই সমস্ত সভ্যের মৃত্যুবার্তা ঘোষণা করিয়া পরিষৎ নিতান্ত পরিতাপ বোধ করিতেছেন।

- (১) মহারাজ নৃপেজনারায়ণ ভূপ—কুচবিহারাধিপতির অকাল-মৃত্যুতে সমস্ত দেশের ষে ক্ষতি হইয়াছে,তাহা সহজে পূরণ হইবার নহে। সাহিত্য-পরিষদের সহিত মহারাজের অত্যন্ত ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। ১৩০৮ সালের ১১শ মাসিক অধিবেশনে আজীবন-সভ্য সম্বন্ধে পরিষদের নিয়মাবলী প্রেণীত হয় এবং এই নিয়ম প্রণয়নের কিছুদিন পরেই মহারাজ বাহাছর পরিষদের আজীবন-সভ্যপদ গ্রহণ করিয়া সাহিত্য-পরিষদকে গোরবান্ধিত করেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ সম্প্রতি আজীবন সভ্যশূন্য হইয়াছেন এবং পরিষৎ অদ্য অত্যন্ত ছংখের সহিত সাধারণের সমক্ষে তাঁহার একমাত্র আজীবন সভ্যের মৃত্যুসংবাদ ঘোষণা করিতেছেন। বিশ্ববিদ্যালয়ের ন্তন বিধি প্রবর্তিত হওয়ার পূর্ব্ব পর্যান্ত কুচবিহার ভিক্টোরিয়া কলেজে প্রত্যেক ছাত্রই বিনা বেতনে পাঠ করিতে পারিত এবং এই একমাত্র দৃষ্টান্তেই পরলোকগত মহারাজ বাহাছরের দেশমধ্যে শিক্ষাবিস্তার জন্য কিরূপ আন্তরিক অন্তর্নাগ ছিল, তাহা স্পষ্টই বৃন্ধিতে পারা ঘাইতিছে। ১৩১২ সালের শিল্প-প্রদর্শনীতে পরিষৎ যে সাহিত্যিক প্রদর্শনী খুলিয়াছিলেন, তাহাতে মহারাজ বাহাছরের বিবিধ দ্রব্য প্রদর্শনীর জন্য পরিষৎকে ধার দিয়াছিলেন। এতাদৃশ শিক্ষান্তরাগী মহারাজ বাহাছরের অকালমৃত্যুতে সমগ্র দেশের ও সাহিত্য-পরিষদের যে অতি বিষম ক্ষতি ছইয়াছে, তাহা বলা বাছলা।
- (২) গিরিশচন্দ্র ঘোষ—গত বৎসর বঙ্গীয় নাট্যাকাশ হইতে সর্ব্বাপেক্ষা উজ্জ্বল নাট্যজ্যোতিক থসিয়া পড়িয়ছে। নাট্যাচার্য্য গিরিশচন্দ্র ঘোষ বঙ্গসাহিত্যানুরাগী প্রত্যেকেরই নিকট স্থপরিচিত। যতদিন বঙ্গভাষা, বঙ্গসাহিত্য ও বঙ্গনাট্যমন্দির থাকিবে, ততদিন পর্যান্ত গিরিশচন্দ্রের নাম সমুজ্জ্বল ভাবে বর্ত্তমান থাকিবে। গিরিশচন্দ্র জননী বঙ্গভাষাকে যেরপ নানাবিধ অলক্ষারে ভূষিতা করিবার সামর্থ্য ও শক্তি প্রাপ্ত হইয়াছিলেন, তদন্তরূপ সামর্থ্য ও শক্তিলাভ ও তাহার উপযুক্ত ব্যবহার অতি অল্প লোকের অদৃষ্টেই ঘটিয়া থাকে। গত ১৩০৮ সালে গিরিশবাবু পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন। গিরিশচন্দ্রের স্মৃতির প্রতি যথোচিত সম্মান প্রদর্শনার্থ কলিকাতা টাউনহলে এক বিশেষ সভার অধিবেশন হইবে বলিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন, কিন্তু নানা প্রকার বাধাবিদ্ধ হেতু সেই সভা এতদিন পর্যান্ত আহ্ত হইতে পারে নাই। অনতিবিলম্বে এই বিশেষ সভা আহত হইবে।
- (৩) ছুর্গাদাস শীল—পরলোকগত শীল মহাশয় পরিষদের একজন বিশেষ হিতৈষী সভা ছিলেন ও গত ১০১৭ সালে পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন।

- (৪) পূর্ণচন্দ্র গোস্বামী—গোস্বামী মহাশয়ের অকালমূত্যুতে সাহিত্য-পরিষৎ একজন বিশেষ হিতৈষী বন্ধ হারাইয়াছেন। পূর্ণ বাবু বাল্যকাল হইতেই কাব্যামোদী ছিলেন। তিনি ১৩০৯ দালে পরিষদের সভ্যপদ গ্রহণ করেন এবং সর্ব্রদাই আবশ্যকমত পরিষদের জন্য কার্য্য করিতে প্রস্তুত থাকিতেন। তাঁহার অকাল মৃত্যুতে পরিষৎ বিশেষভাবে ক্ষতিগ্রস্তু।
- (৫) মহামহোপাধায় কবিরাজ বিজয়রত্ব দেন কবিরঞ্জন—গত বৎসর কলিকাতা আয়ুর্বেন্দীয় সমাজের একটি অত্যুজ্জল নক্ষত্র থসিয়া পড়িয়াছে। মহামহোপাধ্যায় কবিরাজ বিজয়রত্ব সেনের চিকিৎসা-নিপুণতা সমগ্র ভারতে ব্যাপ্ত ছিল। কবিরাজ মহাশয় পরিষদের প্রতি অত্যস্ত স্নেহ-পরবশ ছিলেন। চিকিৎসাকার্য্যে ব্যাপৃত থাকিলেও, সাহিত্যালোচনাতে তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল এবং সময় ও স্থবিধা হইলে তিনি পরিষদের সভাধিবেশনে যোগদান করিতেন। তিনি পরিষদের ষষ্ঠ বর্ষে ইহার সভাপদ গ্রহণ করেন। তিনি পরিষদের স্থায়ী-ভাগ্রারে ৫০০ টাকা দান করিতে প্রতিশ্রত হইয়াছিলেন এবং এতন্মধ্যে পরিষ্ব এপ্র্যান্ত ১৫০ টাকা প্রাপ্ত হইয়াছেন। আমরা তাঁহার উপ্যুক্ত পুত্র ও উত্তরাধিকারিগণের নিকট হইতে অবশিষ্ট টাকা যথাসময়ে পাইব বলিয়া আশা করি। এইরূপ হিতৈবী সলের মৃত্যুতে পরিষ্ব বিশেষভাবে ছঃথিত ও ক্ষতিগ্রস্ত।
- (৬) বীরেশ্বর পাঁড়ে—বঙ্গসাহিত্যদেবীদের মধ্যে মৃত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের স্থান অতি উচে । তিনি গভীর চিন্তাশীল লেখক ছিলেন ও আজীবন সাহিত্য-সেবাব্রতী ছিলেন। তৎপ্রণীত 'মানবতত্ত্ব' গ্রন্থখানি অতিশয় প্রসিদ্ধ । সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার বিশেষ অন্ত্রাগ ছিল এবং বৃদ্ধ বয়সেও তিনি স্থযোগ ও স্থবিধানত পরিষদের অধিবেশনে যোগদান করিতেন । পরিষৎ-স্থাপনের প্রথম হইতেই তিনি ইহার সভ্যশ্রেণিভুক্ত ছিলেন । তিনি তিনগানি মাসিকপত্র—সহচরী, বিজ্ঞানদর্পণ ও জাহ্নবী এক সঙ্গে চালাইতেন । তিনি বাঙ্গালা ভাষার বিশুদ্ধি রক্ষার জন্য পরিষদে অনেক চেষ্টা করিয়াছিলেন । তিনি 'যানবতত্ত্ব' ভিন্ন শিশুপাঠ্য অনেক গ্রন্থ রচনা করিয়াছেন এবং নানাবিধ চিন্তাশীল সমালোচনা ও প্রবন্ধ লিখিয়াছেন । তাহার স্থাহোগ্য পুত্র প্রাযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় তাহার জীবন্ধশাতেই তাঁহার নাম-সংস্কৃষ্ট একটি পুরস্কার সাহিত্য-পরিষদের হস্তে অর্পণ করেন । যাহাতে এই পুরস্কার চিরস্থায়ী হইয়া পরলোকগত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের নাম পরিষদের সহিত্ অচ্ছেদা বন্ধনে বন্ধ হইতে পারে, মনোমোহন বাবু অচিরে তদন্থবায়ী বাবস্থা করিবেন বলিয়া আশা করা যায়।
  - (৭) বেণীমাধব গঙ্গোপাধ্যায় এম্ এ—ইনি অনেকদিন শিক্ষকতা কার্য্যে ব্যাপৃত ছিলেন এবং ইংরাজি ভাষা-শিক্ষা, ব্যাকরণ ও অভিধান সম্বন্ধে ছাত্রগণের পাঠোপযোগী অনেক পুস্তক লিথিয়া গিয়াছেন। তিনি ১৩১৬ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ বরন।
  - (৮) রামনাথ চক্রবর্ত্তী—ইনি ১৩১৬ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন। বাঙ্গালা-ভাষা ও বঙ্গীর-সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার বিশেষ অমুরাগ ছিল।
    - (৯) কবিরাজ হরলাল গুপ্ত-গত ১৩০৮ সালে ইনি পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন

ও চিকিৎসা-শাস্ত্র সম্বন্ধে বাঙ্গালা ভাষায় করেকথানি পুস্তক প্রণয়ন করিয়াছিলেন, তাঁহার মৃত্যুতে পরিষৎ অত্যস্ত হঃথিত।

- (১০) হরিনাথ দে—হরিনাথের অকালমৃত্যুতে দেশের যে ক্ষতি হইয়াছে, তাহা কোন দিন পূরণ হইবে কি না বলা যায় না। নানা ভাষায় পারদর্শী হরিনাথের যশোরাশি ভারতবর্ষ, এসিয়ার অস্তাস্থ অনেক স্থানে ও স্থানুর ইউরোপের নানা স্থানে পরিব্যাপ্ত ছিল। ৩৫ বংসর বয়সে মৃত্যু না হইলে যে তিনি উত্তরকালে সমকালীন ভাষাবিদ্গণের মধ্যে অতি উচ্চ স্থান অধিকার করিতেন, তাহাতে কোন সন্দেহ নাই। তিনি ১৩১১ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন এবং মৃত্যু পর্যাস্ত পরিষদের সভ্য ছিলেন। তিনি পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ছিলেন এবং তাঁহার অকালমৃত্যুতে পরিষৎ অতিশ্ব ক্ষুক্ক ও তুঃথিত।
- (১১) কুলদাপ্রসাদ মুখোপাধ্যার—বাকুড়ানিবাসী কুলদাপ্রসাদ মুখোপাধ্যার মহাশর পরিষদের স্থাপনাবধি ইহার সভ্য ছিলেন। বাকুড়াতে পরিষদের একটি শাখা স্থাপনের জন্য ইহার বিশেষ যত্ন ও আগ্রহ ছিল। এইরূপ অতি প্রাচীন হিতৈষী বন্ধুর মৃত্যুতে পরিষৎ অত্যন্ত ছংথিত।
- (১২) জগৎশেঠ গোলাপটাদ বাহাছর—মুরশিদাবাদের প্রসিদ্ধ জগৎশেঠ বংশের জগৎশেঠ গোলাপটাদ বাহাছরের মৃত্যুতে সাহিত্য-পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে। তিনি ১৩১৭ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন এবং সভ্যপদ গ্রহণের সঙ্গে সঙ্গে স্বতঃপ্রবৃত্ত হইয়া পরিষৎকে তিনি কতকগুলি মূর্ত্তি, দলিল প্রভৃতি উপহার দিতে চাহিয়াছিলেন; কিন্তু তাঁহার স্কোলমৃত্যুতে সেই সমস্ত দ্রব্য পরিষদের হস্তগত হয় নাই।
- (১৩) বসম্ভকুমার সরকার—ইনি একজন নবীন সাহিত্যিক ছিলেন এবং পরিষদের কার্য্য-কলাপে ইহার প্রগাঢ় ভক্তি ছিল। ইনি গত ১৩১৫ সালে পরিষদের সত্যপদ গ্রহণ করেন।
- (১৪) বেনোয়ারীলাল গোস্বামী—ইঁহার মৃত্যুতে পরিষদেব্ধ বিশেষ ক্ষতি হইয়াছে। প্রত্নত্ত্বালোচনাতে ইঁহার বিশেষ যত্ন ছিল এবং গতপূর্ব্ব বংসর কাটোয়ার সন্নিকটে বল্লাল সেনের যে তামশাসন আবিষ্কৃত হইয়াছিল সর্ব্বপ্রথমে তিনিই তাহার পাঠ 'প্রবাদী' পত্রিকায় উদ্ধার করেন। গত ১৩১৭ সাল হইতে তিনি পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন।
- (১৫) মুণ্নী এম্ এ, ডব্লিউ জে, হক—ইনি গত ১০১০ সালে পরিষদের সভ্য হইয়াছিলেন। ইনি বঙ্গভাষাত্মাগী ছিলেন। পরিষদের এই বন্ধ্র মৃত্যুতে পরিষৎ বিশেষ ছৃঃথিত।
- (১৬) রায় যাদবচন্দ্র চক্রবর্ত্তী বাহাছর—ইনি কুচবিহার রাজসরকারের বিচারাসন অনেকদিন সসম্মানে অলঙ্কৃত করিয়াছিলেন এবং বাঙ্গলা-ভাষায় কয়েকথানি পুস্তক প্রণায়ন করিয়াছিলেন। ইনি গত ১৩১৩ সাল হইতে পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন। পরলোকগত রায়বাহাছর সর্ব্বদাই পরিষদের খোঁজখবর লইতেন এবং বার্দ্ধক্য সত্ত্বেও সম্পাদকের সহিত সাক্ষাৎ করিয়া নানারূপ উপদেশাদি দিতেন।
- (:৭) রাধেশচন্দ্র শেঠ-—রাধেশচন্দ্রের অকালমৃত্যুতে পরিষং একজন বিশেষ অন্তর্গ বন্ধ হারাইয়াহন। রাধেশচন্দ্র একজন কন্মী পুরুষ ছিলেন। তিনি গৌড়, পাওুয়া প্রভৃতি স্থানের

প্রস্তুত্তের আলোচনাতে সনিশেষ কৃতিত্ব লাভ করিয়াছিলেন এবং এই সমস্ত স্থানের ভগ্নস্তৃপের মধ্য হইতে অনেক নৃতন ঐতিহাসিক তথা উদ্ধার করিয়াছিলেন। গত ১০১৭ সালের পৌষমাসে মালদহে উত্তর-বঙ্গ সাহিত্য-সন্মিলনের যে অধিবেশন হইয়াছিল, রাধেশচন্দ্র সেই অধিবেশনের সম্পাদক ও প্রাণস্বরূপ ছিলেন। রাধেশচন্দ্রের কার্য্যক্ষেত্র সাহিত্য ও ঐতিহাসিক গণ্ডির মধ্যে আবদ্ধ না থাকিয়া আরও বছদিকে বিস্তৃত হইয়াছিল। তাঁহার মৃত্যুতে দেশ হইতে একজন প্রকৃত কন্মী পুরুবের বিয়োগ হইয়াছে। তাঁহার মৃত্যুতে শোক-প্রকাশার্থ পরিষদের একটি বিশেষ অধিবেশন হইয়াছিল এবং তাঁহার মৃত্যুতে শোক-প্রকাশার্থ পরিষদের হত্তে দহাশয় "রাধেশচন্দ্র-জাতীয়-শিক্ষাবৃত্তি" নামক একটি বৃত্তি স্থাপনের জন্য পরিষদের হত্তে ৬০০, টাকা দিবার প্রস্তাব্ধ করিয়াছেন। রাধেশবার ১০০৫ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন।

(১৮) হেমাঙ্গচক্র বস্থ—ইনি পরিষদের একজন হিতৈষী বন্ধ ছিলেন এবং পরিষদের স্থাপনাবধি ইহার সভ্য ছিলেন। মেদিনীপুরে পরিষদের একটি শাপা স্থাপনের জন্য ইঁহার বিশেষ উদ্যোগ ছিল।

অত্যন্ত হংথের বিষয় যে, পুর্ব্বোক্ত সভাগণ বাতীত আলোচা বর্ষে আর্ত্ত অনেক প্রথিতনামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। পরিষদের হ্রদৃষ্ট বশতঃ ইহারা মৃত্যু-সময়ে পরিষদের সভ্য-শ্রেণিভুক্ত ছিলেন না। এই সমস্ত মৃত সাহিত্যসেবীদিগের জন্য পরিষৎ বিশেষ হঃথিত।

- (১) কালীবর বেদান্তবাগীশ—কালীবর বেদান্তবাগীশের নাম বাঙ্গালা-সাহিত্যে স্থপ্রসিদ্ধ ছিল। ডাঃ রামদাস সেনের সম্পর্কে আসিয়া বাঙ্গালা-সাহিত্যের তিনি যে উপকার ধরিয়াছিলেন ভাছা সর্বজনবিদিত। বাঙ্গালা ভাষায় সংস্কৃত দার্শনিক সাহিত্যের অনুবাদ ও প্রচার দারা যে সকল পণ্ডিত বঙ্গ-সাহিত্যকে সমৃদ্ধ করিয়া গিয়াছেন, বেদান্তবাগীশ মহাশয় তন্মধ্যে অগ্রগণ্য বলিলেও অভ্যুক্তি হয় না। ছরহ দার্শনিক গ্রন্থের প্রাঞ্জল অনুবাদে তিনি যে অসাধারণ শক্তি দেখাইয়া গিয়াছেন, তাহা সকলের অনুকরণীয়। তাঁহার বেদান্তদর্শন ও অন্যান্য দার্শনিক গ্রন্থের অনুবাদ চিরকাল পণ্ডিতজনের নিকট আদর পাইবে। সদস্য না হইয়াও তিনি পরিষদের বহু অধিবেশনে উপস্থিত থাকিতেন এবং "শঙ্কর ও শাক্যমূনি" নামক একটা প্রবন্ধ পরিষদের বিশেষ অধিবেশনে পাঠ করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন ছইয়াছিলেন। এ গ্রন্থ পরিষদের গ্রন্থাবলীভূক্ত হইয়াছে। তাঁহার পরলোকগমনে পরিষৎ যার পর নাই সম্ভপ্ত।
- (২) মহামহোপাধ্যার রুক্ষনাথ ন্যায়পঞ্চানন—সংস্কৃত শাস্ত্রসমূহে পারদশী মহামহোপাধ্যা-বের মৃত্যুতে সমস্ত দেশ ও পণ্ডিত-সমাজ ক্ষতিগ্রস্ত হইয়াছে, ইহা বলাই বাছলা।
- (৩) রায় বাছাত্র নরেক্রনাথ সেন —পরলোকগত রায়বাহাতর সাক্ষাংভাবে পরিষদের সহিত সংস্ট ছিলেন না তথাপি তিনি মৃত্যুকাল পর্যান্ত বঙ্গ-স.ি.তার উন্নতি করিয়াছিলেন। রায় বাহাত্র নরেক্রনাথের কার্য্যকলাপ সমগ্র ভারত-প্রসিদ্ধ। ইহার মৃত্যুতে শোকপ্রকাশার্থ পরিষৎ একটি বিশেষ অধিবেশন এ: করিয়াছিলেন।
  - (৪) মহারাজ শ্রীরামচন্দ্র স্বদেও বাহাত্র—ময়্রভঞাধিপতি মহারাজ শ্রীবামচন্দ্র ভঞ্জদেও

বাহাছরের অকাল ও শোচনীয় মৃত্যুতে সমগ্র দেশ বিশেষভাবে ব্যথিত। ঐতিহাসিক অনুসন্ধানাদি বিষয়ে পরলোকগত মহারাজের সবিশেষ আগ্রহ এবং উৎসাহ ছিল। ময়ুরভঞ্জের প্রত্নত্ত্বাদি সম্বন্ধীয় বিবরণ সংগ্রহ করার জন্য তিনি পরিষদের পত্রিকা-সম্পাদক প্রায়ত্ত্বল নগেন্দ্রনাথ বস্ত্র প্রাচাবিদ্যামহার্ণব মহাশয়কে নিযুক্ত করিয়াছিলেন। সাহিত্য-পরিষদের কার্য্যে তাঁহার বিশেষ সহান্তভূতি ছিল এবং তিনি একদিন অনুগ্রহপূর্ব্ধক সাহিত্য-পরিষদের গৃহ ও চিত্রশালা দেখিতে আসিয়াছিলেন। পরিষদের কার্য্যকলাপ দেখিয়া তিনি অত্যন্ত সম্ভোষলাভ করিয়াছিলেন এবং পরিষদের সভ্যপদ গ্রহণের জন্য ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন; কিন্তু অকম্মাৎ তাঁহার মৃত্যু হওয়াতে পরিষৎ তাঁহাকে সভ্যরূপে গ্রহণ করিয়া গৌরবানিত হইতে পারেন নাই। তিনি পরিষদের সভ্য না হইলেও পরিষদের গৃহনির্দ্মাণ-তহবিলে ৫০০, টাকা সাহায্য করিয়াছিলেন।

- (৫) মনোমোহন বস্থ—মনোমোহন বস্থর মৃত্যুতে সাহিত্যাকাশ হইতে একটি উদ্ধন নক্ষত্র থসিয়া পড়িয়াছে। মৃত্যুকালে পরিষদের সভ্য না থাকিলেও, তিনি সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন। তিনি চিরকাল পরিষদের হিত্কামনা করিতেন ও ১৩০৩ সালে সাহিত্য-পরিষদের অন্যতম সহকারী সভাপতি নির্বাচিত হইয়াছিলেন। মনোমোহন বাবু বর্ত্তমান সাহিত্য-সেবীদিগের মধ্যে সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ছিলেন। এক সময়ে তিনি বঙ্গদেশের শ্রেষ্ঠ নাটককার বলিয়া গণ্য ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। তাঁহার রচিত নাটকগুলি বঙ্গ-সাহিত্যে স্থায়ী সমাদর লাভ করিয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের স্থাপন-কালে তাঁহার সহিত ইহার বিশেষ ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। ৬রজনীকান্ত গুপ্ত, এমৃক্ত হীরেন্দ্রনাথ দত্ত এবং বর্ত্তমান সম্পাদক এই তিন জনের সহিত মিলিত হইয়া তিনি বিবিধ উপায়ে ও বহু পরিশ্রমে পরিষদের গঠন কার্য্যে অনেক সাহায্য করিয়াছিলেন। যদি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ইতিবৃত্ত ভবিষাতে রচনাযোগ্য হয় তবে তাহাতে মনোমোহন বাবুর এ বিষয়ে উৎসাহ, অধ্যবসায় ও পরিশ্রমের উল্লেখ না থাকিলে, দেই ইতিহাস অসম্পূর্ণ হইবে। নানা সাময়িক পত্রের প্রতিষ্ঠাতা ও সম্পাদক এবং নানাপ্রকার সদ্গ্রন্থ, সঙ্গীত ও নাটকের রচয়িতারূপে তিনি সাহিত্যক্ষেত্রে অক্ষয় কীর্ত্তি রাথিয়া গিয়াছেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষরূপে ছঃথিত এবং তাঁহার প্রতি সন্মান প্রদর্শনার্থ পরিষদের একটি বিশেষ সভা আহুত হইয়াছিল।
- (৬) মীর মসারফ হোসেন—এই স্থপ্রসিদ্ধ মুসলমান সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ বিশেষ-ভাবে ক্ষতিগ্রস্ত। মৃত্যুর কিছুদিন পূর্ব্ব পর্যান্ত তিনি পরিষদের সভ্য ছিলেন। ইঁহার প্রণীত "বিষাদ-সিন্ধু" নামক গ্রন্থথানি সর্ব্বজন প্রশংসিত এবং বাঙ্গালা-সাহিত্যে তাঁহার অকৃত্রিম অনুরাগ ও রচনাশক্তির পরিচায়ক।
- (৭) মহামহোপাধ্যায় রাজকৃষ্ণ তর্কপঞ্চানন—মহামহোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে পণ্ডিত-সমাজ হইতে আর একটি উজ্জলতম নক্ষত্র থসিয়া পড়িয়াছে।
- (৮) বলাই নৈ গোস্বামী—প্রাচীন বৈষ্ণব-সাহিত্যে ইহার বিশেষ দখল ছিল এবং ইহার মৃত্যুতে বৈষ্ণব-সমাজের বিশেষ ক্ষতি হইয়াছে।

- (৯) আচার্য্য সতাব্রত সামশ্রমী —সামশ্রমী মহাপরের পরলোকগমনে একজন মহাপণ্ডিতের তিরোধান হইরাছে। সামশ্রমী মহাপরের বিদ্যা ও থ্যাতি ইউরোপ পর্যান্ত বিস্তৃত ছিল এবং মোক্ষমূলর প্রশৃতি আচার্যাগণ বেদসম্বন্ধে তাঁহার গভীর পাণ্ডিতা একবাক্যে স্বীকার কার্মিরা গিরাছেন। বৈদিক সাহিত্যে অসামান্য অভিজ্ঞতার জন্ম তিনি দেশবিদেশে পূজা পাইুরাছিলেন। বৈদিক সাহিত্যে অসামান্য অভিজ্ঞতার জন্ম তিনি দেশবিদেশে পূজা পাইত্যা বালালাভাষার প্রচার কার্য্যে তিনি অগ্রণী এবং অগ্রগণ্য ছিলেন। এই বিষরে তিনি বঙ্গ-সাহিত্যকে বেরূপ সমৃদ্ধ করিয়া গিরাছেন, তাহাতে তাঁহার সমকক্ষ কেছ ছিল না। তিনি এসিয়াটিক সোসাইটির একজন সম্মানিত (Honorary) সভ্য ছিলেন। সাহিত্যপরিষদেও তাঁহাকে অন্যতম বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করার প্রস্তাব ইইরাছিল। কিন্তু তাঁহার মৃত্যুতে সেই প্রস্তাব কার্য্যে পরিণত করা সম্ভবপর হয় নাই। তাঁহার শ্বৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ পরিষদে একটি বিশেষ সভার অধিবেশন হইয়াছিল। তাঁহার পূত্র পণ্ডিত শ্রীকৃক্ষ শিবত্রত সামরত্ন মহাণয় তাঁহার একথানি তৈলচিত্র পরিষৎকে উপহার দিয়াছেন। আদ্যকার বার্ষিক অধিবেশনে তাঁহার চিত্র উন্মোচিত হইবে। পরিষৎ সেই চিত্র বক্ষেধারণ করিয়া গোরবান্বিত হইবেন।
- (১০) প্রিয়নাথ চক্রবর্ত্তী—ইনি অতি সাধ্চরিত্র ও ঋষিকল্প ব্যক্তি ছিলেন। সাহিত্য আলোচনাতে ইহার যথেষ্ঠ অনুরাগ ছিল এবং বঙ্গভাষার তিনি আধ্যাত্মিক বিষয় সম্বন্ধে কয়েকথানি প্রতক লিথিয়াছিলেন। তাঁহার শৃতি-রক্ষার্থ তাঁহার কতিপর শিষ্য পরিষদের হত্তে কিঞ্চিৎ অর্থ প্রদান করিয়াছেন এবং তাঁহার একথানি প্রতিকৃতি পরিষদে রক্ষার জন্য দিয়াছেন।
- (১১) পণ্ডিত ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য বিদ্যারত্ব —ইনি সংবাদ-ভাস্কর ও সংবাদ-রসরাজ প্রভৃতি অনেক সংবাদপত্রের সম্পাদক ও স্বত্বাধিকারী ছিলেন। এই অতি প্রাচীন সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত গুঃধিত।
- (১২) মহামহোপাধ্যায় যত্নাথ সার্বভৌম—সার্বভৌম মহাশয়ের মৃত্যুসংবাদ পাইয়। পরিষৎ অতিমাত্র সম্ভপ্ত হইলেন। বঙ্গের অধ্যাপকসমাজ হইতে এক বংসরের মধ্যে অনেকগুলি উজ্জল নকত্রের অন্তর্ধান নিতাস্তই শোকাবহ।

## : १ व व विश्व अभिः वन

গতবর্ষে ৩১শে বৈশাথ পরিষদের সপ্তদশ বাষিক অধিবেশন অমুষ্টিত হয়। উক্ত অধিবেশনে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তাহার অভিভাষণ পাঠ করেন এবং শ্রীযুক্ত অমৃশাচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় পূর্ববংসরের বাঙ্গালাসাহিত্যর বিবরণ প্রদান করেন। ঐ অধিবেশনে পূর্ব্ব বংসরের কার্য্য-বিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয় এবং নৃতন বংসরের জন্ত কর্ম্বচারী নির্বাচিত এবং কার্য্য-নির্বাহক-সমিতি গঠিত হয়।

<b>&gt;</b>	সাহিত্য-পল্লিবৎ-পঞ্জিক।					
	e মাসিক অধিবেশন					
গত বৎসরের মাসিক অধিবেশনে নিমলিখিত প্রবন্ধগুলি যথাক্রমে পঠিত হইয়াছিল ;—						
	বেশন			পঠিত প্ৰবন্ধ		
প্রথম	,, >9	ই আযাঢ়, রবিবার	(2)	তৃ:খ—শ্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র এম্ এ।		
			(5)	চণ্ডীদাসের ক্লফ্ষ কীর্ত্তন—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিহম্মন্ত।		
<b>দিতী</b> য়	,,	১৪ই শ্রাবণ রবিবার	( <b>૭</b> )	বেদই জগতের আদি গ্রন্থ—		
	4			পণ্ডিত শ্রীযুক্ত উমেশচন্দ্র গুপ্ত বিদ্যারত্ব।		
ভৃতীয়	99	১০ই ভাদ্র রবিবার	(8)	মৌর্য্য নরপতি অশোক—শ্রীযুক্ত চারুচক্র		
				বস্থ ।		
চতুৰ্থ	n	৩১শে ভাদ্ৰ "	( <b>a</b> )	দেউলপোতার প্রাপ্ত স্থামূর্তি—গ্রীযুক্ত চিত্তস্থ সাস্তাল বি ই		
			(v)	<ul> <li>রাধেশচক্র শেঠ মহাশয়ের জীবনী — শ্রীয়ৃক্ত</li> </ul>		
				রাধাকুমৃদ মুথোপাধ্যায় এম্ এ।		
			(٩)	শিবের গাজন—শ্রীযুক্ত হরিদাস পালিত।		
	•		( <del>b</del> )	আদিশ্রের রাজধানী—পণ্ডিত শ্রীযুক্ত		
				অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন।		
			(%)	পালরাজগণ (ভূমিকা)—শ্রীযুক্ত রাথাল-		
			•	দাস বন্দোপাধ্যায় এম্ এ ী		
পঞ্চম	**	<u> ৩রা অগ্রহারণ</u>	(>0)	দক্ষিণ ভারতে মনাজিং ( Monazite ) -		
	•			শ্রীযুক্ত স্থবোধকৃষ্ণ বিশ্বাস এম এ।		
			(22)	পালরাজগণ ( আলোকচিত্র সহ )—-শ্রীযুক্ত		
				রাথানদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ।		
8B	29	>লা পৌষ		নৈমিষারণা—পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চক্র শাস্ত্রী।		
			(১৩)	া রাজা দত্তথাস কে १—-শ্রীযুক্ত নগেব্রুনাথ বস্ত প্রাচ্যবিদ্যামহার্ণব।		
			(86)	জীবগণের রোম ও কেশের একটা নৃতন		
				ব্যবহার—শ্রীযুক্ত নিবারণচক্র ভট্টাচার্য্য		
•				এম্ এ, বি এস্-সি।		
			(>¢)	) ভারতবর্ষের বর্ণমালা—শ্রীযুক্ত বিজয়চন্দ্র		
				মজুমদার বি এল্।		
			(১৬)	বঙ্গভাবার বিশেষণ-শ্রীযুক্ত বসন্তকুমার		
				চট্টোপাধ্যায়।		
		•				

সপ্তম অধিবেশন, ২১শে মাঘ	(১৭) ইক্রাণী ও উ <b>জানী—গ্রীবৃক্ত অম্বিকা</b> চরণ
	ব্ৰহ্মচারী ভ <b>ক্তি</b> রঞ্জন। 🧸
	(১৮) বেদাস্তদর্শনের প্রণেতা কে ?— এযুক্ত
	রুষ্ণানন্দ এক্ষচারী।
	(১৯) মহাভারতের বঙ্গামুবাদ—শ্রীষ্ক্ত বনমানী
	চক্রবর্ত্তী বেদাস্ততীর্থ বেদাস্তরত্ব এম্ এ।
	(२०) সদাশিব—শ্রীযুক্ত দারকানাথ চৌধুরী বি এ।
	(২১) চণ্ডীদাসেরপাট নান্নুর—শ্রীযুক্ত মদেক্রমোহন
	ঠাকুর।
	(২২) উংকলদেশীয় স্বয়স্তৃ শিবলিক্ষের বর্ণনা—
	রায় বাহাত্র শ্রীযুক্ত বরদা <b>প্রাসয় সোম</b>
	এম্ এ, বি এল্।
<b>बहेम</b> " ১৩ই ফার্রন	(২৩) ৠদি ও বৃদ্ধি (জীবনীয় গণান্তর্গত কলম্বরের
	বিবরণ )—অধ্যাপক শ্রীযুক্ত ভীমচন্ত্র চট্টো-
6. 8	পাধ্যায় বিদ্যাভূষণ বি এ, বি এস্সি।
নৰম " ৪ঠা চৈত্ৰ	(২৪) কালিদাসের মনসামঙ্গল—ত্রীযুক্ত ভোলা-
	নাথ বন্ধচারী।
	(২৫) সত্যপীরের পাঁচালী—শ্রীযুক্ত পণ্ডিত
•	অধিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন।
	(२५) हिन्मावारमञ्जरमणा— जीयूक स्वतंत्रस्यारम
	ঘোষ চৌধুরী।
नर्मम " ১৫ই বৈশাথ (১ <b>৩১৯</b> )	(২৭) ছোট চান্দর নামক উদ্ভিদের কারবার
	আবিদ্ধারের বিজ্ঞাপন—শ্রীবৃক্ত স্থানারারণ
	সেন এম্ এ। (২৮) পারদ ও পারদ শোধন-প্রণালী—- <b>এর্ক</b>
	भित्रमाथ वत्माभिशांत्र अम् अ।
اسر کی سیدی	(२৯) यूर्शविकारत कनास— औ्रयुक्त अमृगाठत्र
वकानम " वह देखाई	(रेड) यूना पठादेश परणाय ====================================
	८वाव । पञ्चाक्रयम् ।

ৰ'সিক অধিবেশনে প্ৰদৰ্শন

এই সমন্ত মাসিক অধিবেশনে নিম্নলিথিত ক্রবাগুলি প্রদর্শিত হইয়াছিল।
মাসিক অধিবেশন প্রদর্শিত ক্রব্য

প্রথম

(>) ठछीमारमज्ञ न्थ अष् "कृष्णकीर्जन"

#### প্ৰথম

## প্রদর্শিত দ্রব্য

- (२) বিদ্যাবাগীশ ব্রহ্মচারী ক্বত "সারঙ্গরঙ্গদা" পুথি
  ——ত্রীষুক্ত বসম্ভরঞ্জন রার।

  ◆
- (৩) গৌড় গাঞ্মার চিত্রিত ইষ্টক—৮ রাধেশচন্দ্র শেঠ।
- (৪) টামনা বা তর্পণ-দীবিতে প্রাপ্ত মিনা করা
   ইপ্তক প্রীযুক্ত হরিদাস পালিত।
- (১) প্রাচীন মুদ্রা, মালদহ জাতীয় শিক্ষা সমিতি ২১টি, প্রীযুক্ত পশুপতিনাথ শর্মা কবীক্ত ৫টি, প্রীযুক্ত সতীশচক্ত চক্রবর্তী ২টি ও প্রীযুক্ত রাথালদাস বন্দ্যো-পাধ্যায় প্রদন্ত ৪টি (মুদ্রা-তালিকা পরিশিষ্টে ক্রষ্টবা)।
- (২) ফটো—বৃন্দাবনের নানাস্থানের ২**৫** থানি ফটো—শ্রীযুক্ত পুলিনবিহারী দন্ত।
- (७) इंडेक के के के
- (>) প্রাচীন ৬টি স্থবর্ণ মুদ্রা—গ্রীরুক্ত প্রফুল্পনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত (তালিকা পরিশিষ্টে)।
- (২) বিষ্ণুমৃর্তি (ধাতুময়ী) ব্লীয়ুক্ত আনন্দনাথ রায়
   (৩) ইয়্টক প্রদন্ত।
- (১) াচীন প্রস্তরময় **মৃ**র্ত্তি—নবগ্রহ-মৃর্ত্তি,
  দশাবতার-মৃর্ত্তি,—ধর্ম্মচক্রমুদ্রা-মৃর্ত্তি, বিশিষ্ট বৃদ্ধমৃর্ত্তি
  —শ্রীযক্ত রাধানদান বন্দ্যোপাধ্যায় প্রদন্ত ।
- (২) স্থাসূর্ত্তি, ত্রীযুক্ত চিত্তস্থ সান্যাল প্রদত্ত।
- প্রাচীন মূদ্রা (৬টি তাম্র)—গ্রীমৃক্ত অমিকাচরণ ব্রহ্মচারী প্রদন্ত।
- (১) প্রাচীন মুদা— শ্রীষ্কু ক্ষুক্তনাল চৌধুরী প্রদন্ত ৩টি।
- (২) শ্রীনৃক্ত রাথালদাস ৰন্দ্যোপাধ্যার প্রাদন্ত ১টি রৌপ্যানির্দ্ধিত মুদ্রা।
- (>) কবি ভারতচক্র ও মহারাজাধিরাজ রুঞ্চতক্রের হস্তাক্ষর—শ্রীযুক্ত স্তকুমার হালদার বি এ ডেপ্রটী মাজিট্রেট প্রদন্ত।
- (২) প্রাচীন মূদ্রা—শ্রীযুক্ত রাথানদাস বন্দ্যোপাধ্যায় ৩০টি রৌপ্য ও মিশ্রধাতুনির্শ্বিত (তালিকা পরিশিষ্টে)।

## দিতীয়

# ভূতীয়

# চতুৰ্থ

পঞ্চম

55

মাসিক অধিবেশন সপ্তম "

প্রদর্শিত দ্রব্য

- (>) প্রাচীন মুদ্রা—১৩টি তাম ও রৌপ্যনিশ্বিত শ্রীবৃক্ত হীরেক্সনাথ দত্ত প্রদন্ত। ১টি তাম মুদ্রা শ্রীবৃক্ত ভূপেক্সকৃষ্ণ নিমোগী প্রদন্ত ও ২টি রৌপ্য মুদ্রা শ্রীবৃক্ত মণীক্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রদন্ত। (তালিকা পরিশিষ্টে)।
- (२) প্রস্তর মূর্ত্তি—>টি বিষ্ণুমূর্ত্তি শ্রীযুক্ত মণীন্দ্র নাথ গঙ্গোপাধ্যায় বি এল্ প্রাদত্ত। >টি কমলামূর্ত্তি ছাত্র-সভা শ্রীযুক্ত ক্ষমীকেশ মিত্র প্রদত্ত ও >টি ক্লঞ্চের জন্মস্টক ক্ষুদ্রমূর্ত্তি—শ্রীযুক্ত ক্লঞ্চনাথ সেন প্রদত্ত।
- প্রবাল—শ্রীযুক্ত ডাঃ ললিতমোহন কর
   প্রদক্ত।
- (>) পোকানির্দ্মিত রেশমী বন্ধপঞ্জ—বাঁকুড়া সিমলাপালের রাজা গ্রীযুক্ত জগদ্বন্ধ সিংহ চৌধুরী বাহাছর প্রদন্ত।
- (২) ফটো—চন্দননগর ও চুঁচুড়ার কতকগুলি প্রাচীন ঐতিহাসিক স্থানের চিত্র—শ্রীযুক্ত হরিহর শেঠ কর্ত্তক প্রদর্শিত।
- (১) ইপ্টক—দীতারাম রায়ের মূর্ত্তিবৃক্ত ও কারু-কার্য্য-বৃক্ত ইপ্টকপণ্ড—শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদার বি এ, এম্ আর এ এদ্ প্রদন্ত।
- (२) ফটো—৮ শিশিরকুমার খোবের জন্মস্থানের চিত্র ২—থানি প্রদাতা ঐ।
- (৩) প্রাচীন মুদ্রা—তাম ও রৌপা—শ্রীবৃক্ত নন্দগাল দে প্রদন্ত।
- (8) প্রাচীন চিত্র—বাদশাহ ফর্কক শিরারের মূর্ভি—ক্তীযুক্ত ক্ষাবহারী দে প্রদক্ত।
- (4) প্রস্তরস্তি—স্থামৃতির উদ্দেশ—গ্রীষ্ক্র

  রীশচক্র যেক প্রদক্ত।
- (>) থনিজ-করতজ (Quartz)-- শ্রীযুক্ত মন্মথ-নাথ নিয়োগী বি এস্সি প্রদর্শিত।

অষ্টম "

নব্য "

नगम ,

#### বিশেষ অধিবেশন

গত বৎসর পরিষদের ৫টি বিশেষ অধিবেশন হইয়াছিল। নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদন্ত হইল।

প্রথম বিশেষ অধিবেশন, ১৩ই প্রাবণ

ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের শোকসভা (সদস্থগণের অল্পতাহেতু সভাধিবেশন স্থগিত রাথা হয় )।

দ্বিতীয় বিশেষ অধিবেশন, ২০শে শ্রাবণ

পণ্ডিত সত্যত্রত সামশ্রমী, রায় নরেক্সনাথ সেন বাহাতুর ও রাধেশচক্র শেঠ মহাশয়গণের পরলোকগমনে শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন আহুত হয়। মহা-মহোপাধ্যায় ডা: এীযুক্ত সতীশচক্র বিত্যাভূষণ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাপতি মহাশয় মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমণনাথ তর্কভূষণ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত সন্মথমোহন বস্থ, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত চারুচন্দ্র বস্তু ও সম্পাদক প্রভৃতি উক্ত মহাত্মাগণের জীবন-চরিত আলোচনা করেন। তৎপরে সম্পাদক মহাশয় স্বর্গীয় तार्धभंतरकत अधि-तका विषया श्रीयुक्त विनयकूमात সরকার মহাশয়ের পত্র পাঠ করেন। বিনয় বাব এতছদেশ্রে পরিষদের হস্তে ৬০০ টাকা দান করিতে প্রতিশ্রত হইয়াছেন। এই টাকার বার্ষিক স্থদ হইতে "রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" নামে একটি বাধিক বুত্তি স্থাপিত হইবে।

প্রথম স্থগিত অধিবেশন, ২রা ভাদ্র

ইক্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জন্ত শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন আহত হয়। সভাপতি নহাশয়ের অন্তপন্থিতি নিবন্ধন সহকারী সভাপতি শ্রীযুক্ত নায় যতীক্রনাথ চৌধুরী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাপতি মহাশয়, পণ্ডিত শ্রীযুক্ত অতুলক্ষণ গোস্বামী, শ্রীযুক্ত শশিভূষণ মুখো-পাধ্যায়, শ্রীযুক্ত হেমেক্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রাথালদাস কাব্যতীর্থ, পণ্ডিত শ্রীযুক্ত রামচরণ বিভাবিনোদ ও সম্পাদক মহাশ্য় ইক্রবাব্র নানা গুণের আলোচনা করেন এবং শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয়ের সহায়ুক্তিস্ক্রিক প্র পরিষদের বন্ধ শ্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয়ের পুত্র শ্রীযুক্ত জ্ঞানেক্রনাথ রিশি মহাশয়ের অঙ্কিত ও পরিষদে উপহার প্রদন্ত ইক্রবাবুর তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়।

তৃতীয় বিশেষ অধিবেশন, ৫ই ফান্তন

মহামহোপাধ্যায় চক্রকান্ত তর্কালক্ষার পরলোকগমনে শোক প্রকাশ ও শ্বতিরক্ষার্থ এই বিশেষ অধিবেশন আহুত ২য়। এই অধিবেশনে ময়মনসিংহবাসী অনেক গণ্যমান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভাপতির আদন গ্রহণ করেন। মুসঙ্গের মহারাজ শ্রীযুক্ত কুমুদ্চক্র সিংহ, শ্রীযুক্ত মতিলাল ঘোষ, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচক্র বিস্থাভূষণ, শ্রীযুক্ত নগেক্র-নাথ বস্তু, পণ্ডিত খ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ব, পণ্ডিত শ্রীয়ক অতুলক্ষ গোস্বামী, মহাসহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত গুরুচরণ তর্কদর্শনতীর্থ, শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী, ভীযুক্ত দারকানাথ চক্রবর্ত্তী এম এ, বি এল, জীযুক্ত ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর তত্ত্বনিধি বি এ, শ্রীয়ক্ত দক্ষিণাচরণ স্মৃতিভীর্থ, কবিরাজ শ্রীয়ক্ত যামিনী-ভূষণ রায় এম্ এ, এম্, বি, ত্রীযুক্ত হরগোবিন্দ লক্ষর চৌধুরী, এীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এীযুক্ত রায় রাধা-বল্লভ চৌধুরী বাহাতর, শ্রীযুক্ত রুড়মল গোয়েনকা, রায় শ্রীযুক্ত চারুচন্দ্র চৌধুরী বাহাছুর, শ্রীযুক্ত সভ্যেক্ত-নোহন চৌধুরী, শ্রীযুক্ত শিবাপ্রসন্ন ভট্টাচার্যা ও শ্রীযুক্ত রায় বাহাত্র প্রিয়লাল গঙ্গোপাধ্যায় ৺তর্কালকার মহাশর সম্বন্ধে আলোচন। করেন ও শ্রীবুক্ত থগেক্রনাথ মিত্র এম এ মহাশয় তর্কালয়ার মহাশয়ের জীবনী সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। ত্রকালস্কার মহা-শয়ের স্থতি-রক্ষার জ্ঞ একটি সমিতি গঠিত হইয়াছে।

**ठ ३**थं विरामेष अधिरवर्णन, २१८म को धुन

গিরিশচন্দ্র । ব ও মনোমোহন বস্থ মহাশরের পরলোকগমনে শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবশন আহুত হয়। সভাপতি মহাশরের অমুপস্থিতি নিবন্ধন ডাঃ শ্রীষ্ক চুনীলাল বস্থ রার বাহাত্র মহাশর

সভাপতির আসন গ্রহণ করেন। সর্ব্ববাদিসশ্বতিক্রমে স্থির হয় যে, পগিরিশচন্দ্রের জন্ম একটি পৃথক্ বৃহতী সভার অধিষ্ঠান হইবে। সভাপতি মহাশয়, শ্রীয়ুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত দীননাথ বস্থু, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ, শ্রীযুক্ত বিষ্ণুচরণ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত মন্মথমোহন বস্তু মহাশর মনোমোহন বাবুর জীবনী সম্বন্ধে আলোচনা করেন ও শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশন্ন মনোমোহন বাবুর জীবনী সম্বন্ধে একটী প্রবন্ধ পাঠ করেন ও এই প্রদক্ষে মনোমোহন বাবুর পুত্রগণের প্রদন্ত তাঁহার ব্যবহৃত ষষ্টিখানি প্রদর্শন করেন !

পঞ্চম বিশেষ অধিবেশন, ১৫ই বৈশার্থ) এই অধিবেশনে এীযুক্ত স্থকুমার হালদার মহাশয়ের ১৩১৯ 🖯 প্রদত্ত প্রায় ৮৫০ থানি পুত্তক প্রদর্শিত হয় এবং পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্তৃক গৃহীত পরি-यानत नृजन नित्रमावनी अञ्चरमानिज इत्र।

## কার্যা-নির্মাছক-সমিতি।

আলোচ্য বর্ষে নিম্নলিথিত ব্যক্তিগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভা ছিলেন ;—					
শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ 🕟 সভাপতি					
মহামহোপাধ্যার শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই সহকারী সভাপতি					
মাননীয় মহারাজ প্রীযুক্ত মণীক্রচক্ত নন্দী বাহাহর					
প্রীযুক্ত রার যতীক্তনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্	<b>B</b>				
" রামেক্রস্থন্দর ত্রিবেদী এম্ এ	সম্পাদক				
" ব্যোমকেশ মৃস্তফী	সহকারী সম্পাদক				
"হেমচক্র দাশ গুপ্ত এম্ এ, এফ জি এস্	<b>(a)</b>				
" রাণালদাস বন্দ্যোপাধাার এম্ এ, এম্ আর এ এস্	ক্র				
" তারাপ্রসন্ন গুপ্ত বি এ	<b>A</b>				
" বিনয়কুমার সরকার এম্ এ	B				
"নগেক্সনাগ বশ্ব প্রাচ্যবিভামহার্ণব	পত্ৰিকা-সম্পাদক				
ু হীরেন্দ্রনাথ দত্ত বেদাস্তরত্ন এম্ এ, বি এল্	ধন-রক্ষক				
" অসিতকুমার মুখোপাধ্যার বি এ,	গ্রন্থ-রক্ষক				
, থপে <del>ত্ৰ</del> নাথ মিত্ৰ এমৃ এ,	ছাত্ৰ-সভ্য-পরিদর্শক				
"শৌরীশকর দে অম্ এ, বি এল্	व्याद-वाद-भदीकक *				

## কার্য্য-নির্বাহক-সমিতির সভাগণ

#### নিকা-চিত্ৰ সভা

নহামহোপাধ্যার খ্রীযুক্ত ডাক্তার সতীশচক্র বিজাভূষণ এম্ এ, পি এইচ ডি

" স্রেশচন্দ্র সমাজপতি

কুমার

- শরৎকুমার রায় এম এ
- " ক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ এম্ এ
- , পগেন্দ্ৰনাথ চট্টোপাধায়ে বি এ, এটণি
- " অমূল্যচরণ যোগ বিস্তাভূষণ
- " বন ওয়ারিলাল চৌধুরী বি এ, বি এসসি

কুমার " অরুণচন্দ্র সিংহ

মনে!ন.ত সভা

গ্রীযুক্ত দেবকুমার রায়চৌধুরী

- " শৈলেশচন্দ্র মজুমদার
- " চারুচন্তর বস্থান্ আর এ এস্
- " মন্মথমোহন বস্থ এম্ এ

এতদ্বাতীত শ্রীযুক্ত গোরীশঙ্কর দে ও শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় আয়-ব্যয়-পরীক্ষক নিযুক্ত হইয়ছিলেন। আলোচ্য বর্ষে কার্য্য-নির্ন্ধাহক সমিতির ২০টি অধিবেশন হয়। কার্য্য-নির্ন্ধাহক সমিতির অধিবেশনে উপস্থিত সভাগণের উপস্থিতির সংখ্যা গড়ে ৯ জন। প্রতি বৎসরের স্থায় এ বংসরও কার্য্য-নির্ন্ধাহক সমিতিতে নানাবিধ কার্য্য বিবেচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্য মধ্যে পরিষদের নিয়মাবলী আলোচনা ও শেষ শীমাংসা বিশেষভাবে উল্লেখ-গোগ্য। যদিও সাহিত্য-সম্মিলনের নিয়মান্ত্রসারে পরিষদের কার্য্য-নির্ন্ধাহক সমিতির সভাগণ ব্যতীত অপর কয়ের জন সভাবেক লইয়া সন্মিলন-পরিচালন সমিতি গঠিত হইয়াছে, তথাপি সম্মিলনের সর্ন্ধবিধ কার্য্য সম্পাদনের ভার বাহিরের সভাগণ উপস্থিত হইতে না পারায় মুখ্যতঃ পরিষদের কার্য্য-নির্ন্ধাহক সমিতির সভাগণের উপরই পড়িয়াছিল।

#### क र्यानकश

গত বৎসর কার্য্য-বিবরণীতে জ্ঞাপন করা হইরাছিল যে, পরিষদের কার্য্যক্ষেত্রের বিস্কৃতির সঙ্গে পঙ্গে একজন অতিরিক্ত সহকারী সম্পাদকের আবশাক হইবে। তদমুসারে গত বংসর পাঁচজন সহকারী সম্পাদক নির্বাচিত হন। সাহিত্য-পরিষং-পত্রিকা এবং পরিষদের গ্রন্থাবলী-ভূক্ত পুস্তকগুলি মুদ্রণকার্য্যের তত্ত্বাবধানের ভার এই নুজন সহকারী সম্পাদক শ্রীযুক্ত বিনয়-কুমার সরকার এম এ মহাশয়কে দেওয়া হইরাছিল এবং তিনি নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও বেরূপভাবে পরিষদের কর্ত্তব্য সম্পাদনে সহায়তা করিয়াছেন তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য; এবং এই হেতু সাহিত্য-পরিষৎ তাঁহার নিকট বিশেষভাবে কৃত্ত্ব । অক্সান্থ সহকারী

সম্পাদকের মধ্যে শ্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় চিত্রশালার অধ্যক্ষতা করিয়াছিলেল ও তাঁহার তত্বাবধানে পরিষদের সংগৃহীত হস্তলিথিত পুথিগুলির (সংক্ষিপ্ত বিবরণসহ) একটি তালিকা প্রস্তুত হইতেছে। শ্রীযুক্ত তারাপ্রসম গুপ্ত মহাশরের উপর পরিষদের আয়-বায় ও হিসাবাদি পরিদর্শন-ভার প্রদন্ত হইয়াছিল। শ্রীযুক্ত ব্যোমকেশ মুক্তনী মহাশয় গত বৎসরের হায় এ বৎসরও মুখ্যতঃ সাহিত্য-দশ্মিলনসংক্রাম্ভ কার্য্যে ব্যাপৃত ছিলেন। বর্ত্তমান বৎসরে সাহিত্যপরিষৎ হইতে কবিবর শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত নগেক্রনাথ বস্থ ও কলিকাতা মুসলমান-দিক্ষা-সমিতি উপলক্ষে সমাগত মুসলমান সাহিত্যসেবিগণকে পরিষদের পক্ষ হইতে অভ্যর্থনা করা হয় এবং এই সমস্ত কার্য্য স্কুভাবে সম্পাদনের জন্ম অন্তান্ম সহকারী সম্পাদকগণের মধ্যে ব্যোমকেশ বার্কে বিশেষভাবে পরিশ্রম করিতে হইয়াছিল। পূর্ব্ব বৎসরের ন্তায় আলোচ্য বর্ষেও শ্রীযুক্ত হেমচক্র দাশ গুপ্ত মহাশরের উপর চিঠিপত্রের আদানপ্রদান, সভাসমিতির আহ্বান ও কার্য্যালয় সংক্রান্ত অন্তান্ম কার্যের ভার অর্পত ছিল। বর্ষশেষে হেম বার্কে সম্পাদকের সমস্ত কার্য্য করিতে হইয়াছিল; তজ্জন্ম তিনি সম্পাদকের বিশেষ ক্বতজ্ঞতাভাজন। সহকারী-সম্পাদকগণ যেরপ যত্ন ও পরিশ্রম সহকারে পরিষদের কার্য্যসম্পাদন করিয়াছেন, তজ্জন্ম তাঁহারা সকলেই পরিষদের ক্বতজ্ঞতাভাজন।

পরিষদের কার্য্যালয়ের প্রধান কর্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহের ছুটা শেষ হওয়াতে তিনি আষাঢ় মাসের শেষভাগে স্বীয় কার্য্যে যোগদান করেন এবং তাঁহার স্থানে অস্থায়িভাবে নিযুক্ত কর্মচারী ত্রীযুক্ত ক্ষেত্রগোপাল সেন গুপ্ত পরিষদের কার্য্য পরিত্যাগ করেন। পরিষদের অন্ত তম লেখক শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্তের শারীরিক অস্কৃত্তা-নিবন্ধন পোষ মাদের শেষ হইতে বৎসরের শেষ পর্যান্ত ছুটা প্রার্থনা করায় বিনোদ বাবুকে তিন মাস পূর্ণবেতনে ও একমাস অর্দ্ধবেতনে ছুটী দেওয়া গিয়াছে। অগ্রতম লেথক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ পরিষদের অগ্রতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যায়ের সহিত পরিষদের পুথির তালিকা প্রস্তুত করার জন্ত ছুটি লইয়া দাৰ্জ্জিলিং যাইতেছিলেন, কিন্তু দৈবঘটনাতে তিনি পথিমধ্যে বামপদে এরূপ আঘাত প্রাপ্ত হন যে, প্রথমতঃ ডাক্তারগণ ভয় করিয়াছিলেন যে তাঁহার পা কাটিয়া ফেলিতে হইবে। চিকিৎসার জন্ম তাঁহাকে বহুদিন হাসপাতালে ও বাড়ীতে থাকিতে হইয়া-ছিল। তিনি ছুটীর আবেদন করায় তাঁহাকে তিন মাদ পূর্ণবেতনে, ও ছয় মাদ অর্দ্ধবেতনে ছুটী দেওয়া হইয়াছিল। খ্রীয়ৃক্ত স্থ্যকুমার পাল 'রমেশ-ভবনে'র কার্য্য ব্যতিরেকে পরিষদের কার্য্যালয়েও আবশুক্মত কার্য্য করিয়াছেন। আলোচ্য-বর্ষের প্রথমভাগে গ্রন্থাগারের লেখক **এীযুক্ত নলিনীকান্ত** চট্টোপাধ্যায় কার্য্য পরিত্যাগ করায় তাঁহার স্থানে অপর একজন লেখক অস্থায়িভাবে নিযুক্ত হইয়াছিলেন, কিন্তু তিনি কার্য্যে অপটু হওয়ায় তাঁহাকে বিদায় দেওয়া হয় এবং তাঁহার স্থানে অন্ত একজনকে অস্থায়িভাবে নিযুক্ত করা গিয়াছে। পরিষদের লেথকগণ অস্ত্রন্থ হইরা মাঝে মাঝে ছুটী লওয়ায় এবং সভ্য-সংখ্যা বৃদ্ধি ও পরিষদের কার্য্যক্ষেত্রের প্রসার হেতৃ কর্মচারিগণের কার্যাও সেই পরিমাণে বৃদ্ধি পাওয়াতে বংসরের প্রারম্ভ হইতে অস্থায়িভাবে একজন লেখক নির্ক্ত হইয়াছেন। পরিষদের পত্রিকা ও গ্রন্থাবলী-মুদ্রণ বিভাগের কার্য্যে সাহায্য

করিবার জন্ম গত পূর্ব্ব বংশর হইতে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশদ্দ নিযুক্ত হইনাছেন। নিলিনী বাবু যথেষ্ট উৎসাহের সহিত কার্য্য করিতেছেন; কিন্তু তিনি তাঁহার সমস্ত সমন্ত এই কার্য্যে দিতে পারেন না। এই বিভাগের কার্য্যভার যে পরিমাণে রৃদ্ধি পাইতেছে, তাহাতে একজ্বন অনম্যকর্মী সাহায্যকারীর বিশেষ প্রয়োজন হইনাছে এবং আগামী বংসর হইতে অন্মরূপ ব্যবস্থা না করিলে পরিষদের কার্য্যের বিশেষ ক্ষতি হইবে বলিয়া মনে হয়। স্থান্নী লোক নিযুক্ত করা কর্ত্ব্য কি না তাহা কার্য্য-নির্ব্যাহক-সমিতির আলোচ্য বিষয় হইবে। পুথির তালিকা প্রস্তুত কার্য্যে সাহায্য করিবার জন্ম গতবংসর শ্রাবণ মাস হইতে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় নিযুক্ত হইন্নাছেন। পুথিসংগ্রহকার্য্যে এবং পুথির পাঠোদ্ধারে বসন্ত বাবু যেরূপ দক্ষ, তাহা পরিষদের অবিদিত নাই এবং পুথির তালিকা প্রস্তুতকার্য্যে বসন্ত বাবুর সাহায্যপ্রাপ্তি পরিষদের বিশেষ সৌভাগ্য বলিতে হইবে। অত্যন্ত স্থের বিষয় যে, অন্যান্য বংসরের ন্যান্য আলোচ্য-বর্ষে কর্ম্মচারিগণ প্রচুর যত্ন ও পরিশ্রম করিয়া কর্ম্ম করিয়াছেন।

### পরিষৎ-মন্দির

পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যতম সভা শ্রীয়ক থগেক্সনাথ চট্টোপাধ্যায় মহাশরের বদান্সভায় পরিষদের বিশেষ ক্রভজ্ঞভাভাজন। পুথিগুলি রক্ষার জন্ম গতবৎসর যে র্যাক তৈরার হইয়ছিল বর্ত্তমান বংসরে ভাহা পাটান হইয়াছে এবং পুথিগুলি রক্ষার জন্ম গতবৎসর যে র্যাক তৈরার হইয়ছিল বর্ত্তমান বংসরে ভাহা পাটান হইয়াছে এবং পুথিগুলি ভাহাতে যথোপযুক্তভাবে সজ্জিত হইতেছে। অর্থাভাবে পরিষধ-মন্দিরের অনেক অভাব দূর করিতে পারা যাইতেছে না, এবং সমস্ত অভাব দূর করিতে কিছু সময়ের আবশ্যক; কিন্তু যাহাতে আগামী বংসরে জলের কলের ও ভ্রেনের এবং সভাগৃহে পাথার ও চেয়ারের ব্যবস্থা করা হয় ভজ্জন্ম সবিশেষ উদ্যোগ করা আবশ্যক। পরিষদের এই সমস্ত অভাবশ্রণার্থ সন্ত্যাণ্যের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

#### দাতাদের নাম ও ধনাবাদ

আলোচ্য-বর্ষে ৬ মাইকেল মধুস্দন দত্ত, ৬ শিশিরকুমার ঘোষ, ৬ যোগেল্রনাথ বিদ্যাভূবণ, ৬ চন্দ্রনাথ বস্থা, ৬ ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও ৬ প্রিয়নাথ চক্রবর্তীর তৈলচিত্র পরিষৎমন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে।

এই সমস্ত চিত্রমধ্যে ৮চন্দ্রনাথ বস্তু মহাশরের তৈলচিত্র পরিষদের বারে, ৮মাইকেল মধুসদন দত্তের তৈলচিত্র প্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী মহাশরের সংগৃহীত অর্থে, ও ৮শিশির-কুমার ঘোষ মহাশরের তৈলচিত্র তদীয় স্থৃতিরক্ষার জন্ম সংগৃহীত অর্থে, ৮প্রিয়নাথ চক্রবর্ত্তী মহাশরের তৈলচিত্র তদীয় স্থৃতিরক্ষার জন্ম সংগৃহীত অর্থে প্রস্তুত হইয়াছে এবং ৮ইক্রনাথ বন্দ্যোপাধ্যার মহাশরের তৈলচিত্র পরিষদের সদস্ত প্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয় কর্তৃক ও ৮বোগেক্রমাথ বিদ্যাভূষণ মহাশরের তৈলচিত্র তদীয় পুত্রগণ কর্তৃক পরিষদে

এ পর্যাম্ভ সর্ব্বসাধারণের অন্ধ্রত্রহে পরিষৎ অনেক তৈল-চিত্র সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন। এই সমস্ত তৈলচিত্রের পরিচয়-জ্ঞাপক কোনরূপ নিদর্শন না থাকায় পরিষৎ-মন্দিরের দর্শকগণের পক্ষে বিশেষ কোনও সাহায্য হইতেছে না। যাহাতে আগামী বৎসরে এই অভাব বিদ্রিত হয় তাহার জন্য চেষ্টা করা হইতেছে।

আলোচ্য-বর্ষে কো-অপারেটিব ক্রেডিট-সোসাইটি, আয়ুর্কেদ বিদ্যালয় এবং গুরুকুল মহাবিদ্যালয়ের ছাত্র হরিশ্চক্র ব্রহ্মচারীর বক্তৃতার জন্য পরিষৎ-মন্দির ব্যবহৃত হইয়াছিল।

### বিজ্ঞানালোচনা

১৩১৭ সাল ইইতে জনসাধারণমধ্যে বৈজ্ঞানিক তথ্যাদির প্রচারের যে চেষ্টা আরম্ভ ছইয়াছে তদমুসারে শ্রীষুক্ত হেমচক্র দাশগুপ্ত মহাশয় আলোচ্য-বর্ষে 'অতীত যুগের মানব' সম্বন্ধে তৃইটি প্রবন্ধ পাঠ করেন। সর্ব্বসমেত ১২টি প্রবন্ধে এই বিষয় শেষ হইবে এবং গত বৎসর পরিষদের অস্থান্ত নানাপ্রকার কার্য্যে ব্যাপৃত থাকা হেতু হেমবাবু তুইটির বেশী বক্তৃতা দিতে পারেন নাই। পরিষদের সভ্যশ্রেণিমধ্যে বিজ্ঞানালোচনায় নিযুক্ত সভ্যের অসন্তাব নাই এবং সাহিত্য-পরিষৎ আশা করেন যে, বিজ্ঞানের নানাবিধ শাখায় পারদর্শী সভ্যগণ অন্তগ্রহপূর্ব্বক জনসাধারণ মধ্যে বিজ্ঞান-প্রচারের চেষ্টায় পরিষৎকে যথোপযুক্ত সাহায়্য দানে পরাশ্ব্যুথ হইবেন না। এতদ্বাতীত মাসিক অধিবেশনেও বিজ্ঞান আলোচনা হইয়াছে।

### পুস্তকালয় ও পাঠাগার

প্রস্থানকক শ্রীষ্ঠ অসিতকুমার মুথোপাধ্যার মহাশয়ের তত্বাবধনে আলোচ্য-বর্ষে প্রকালয়ের কার্যাদি সম্পাদিত হইয়ছিল। বংসরের প্রারম্ভে অসিত বাবু ব্যোমকেশ বাবুর সাহায়্যে অনেক গ্রন্থলেক ও প্রকাশকদিগের নিকট বাইয়া পরিষদের জন্ম কিঞ্চিদ্ধিক চারিশত পুস্তক সংগ্রহ করিয়াছেন। তজ্জ্ঞ পরিষং অসিত বাবুর নিকট বিশেষভাবে ক্বত্তঃ। প্রকালয়ে সংগৃহীত পুস্তকের তালিকা (বিবরণযুক্ত) প্রার শেষ হইয়া গিয়াছে। ইয়মুলনের জন্ম কিঞ্চিং সময়ের আবশুক; কিন্তু আশা করা যায় যে বর্ত্তমান বংসর হইতে পরিষদের পুস্তকালয় হইতে পুস্তক পাঠে সভাগণের কোন অস্ক্রবিধা হইবে না। কলিকাতা মিউনিসিপালিটি ১৩১৭ সনের শেষভাগে পরিষদের পুস্তকালয় থ৫, সাহায়্য করিয়াছিলেন; অত্যন্ত স্থথের বিষর যে, পরিষদের পুস্তকালয় আলোচ্য-বর্ষের শেষভাগে কলিকাতা মিউনিসিপালিটির নিকট ইইতে ১৫০, টাকা সাহায়্য প্রাপ্ত ইয়য়ছে। সাহায়্যের জন্ম পরিষধ্ম মিউনিসিপালিটির নিকট বিশেষভাবে ক্বত্ত্ত্ব। অর্থাভাবে পরিষৎ কেবলমাত্র ২া৪ থানি পুস্তক ব্যতীত আর কোন নৃতন পুস্তক ক্রম্ন করিছেত পারেন নাই; কিন্ত পূর্ব্ধ পূর্ব্ধ বংসরের স্থাম স্থযোগ্যত ছ্প্রাপা গ্রন্থ ও পুরাতন সাময়িক পত্রের কোনও কোনও সংখ্যা ক্রম্ন করা হইয়াছে গ্রেং আলোচ্য বর্ষে, ২৭২৮৫০০ টাকার পুরাতন এবং ২৯১০ টাকার নৃতন পুস্তক মোট ও০২০ টাকার পুরাতন এবং ২৯১০ টাকার নৃতন পুস্তক মোট ও০২০ টাকার পুরাতন এবং ২৯১০ টাকার করা হইয়াছে গ্রাহ প্রাতন করের স্থাম পরিষদের স্থনেক হিত্তিবী সভ্য ও

উপহার প্রদান হারা পুস্তকালয়ের কলেবর বৃদ্ধির সাহায্য করিয়াছেন। ইহাদের মধ্যে প্রীযুক্ত স্কর্মার হালদার, প্রীযুক্ত কবিবর রবীক্রনাথ ঠাকুর, প্রীযুক্ত জ্ঞানেক্রনাথ দাস ও প্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। স্কর্মার বাবু প্রায় এক সহস্র পুস্তক পরিষদে উপহার প্রদান করিয়াছেন। এই পুস্তকগুলির মধ্যে অনেক ছপ্রাপ্য ও মূল্যবান্ গ্রন্থ আছে। পরিষৎ স্থাপনাবিধি এ পর্যান্ত কোন একজন ব্যক্তির নিকট হইতে পরিষৎ একসঙ্গে এতগুলি পুস্তক প্রাপ্ত হন নাই। এই স্ক্রোগে পরিষদের পক্ষ হইতে রাঁচির স্বযোগ্য ভিপুটী ম্যাজিট্রেট স্কর্মার বাব্র নিকট ক্রজ্ঞতা প্রকাশ করিতেছি। গত বৎসর মোট ২০৫২ থানি নৃতন পুস্তক উপহার পাওয়া গিয়াছে।

সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যার মহাশরের তন্ধাবধানে ও বসস্ত বাবুর সাহায্যে ও বত্নে পরিষদের পৃথির তালিকা (বিবরণযুক্ত) ক্রত ও স্কচারুভাবে অগ্রসর হইতেছে। আলোচ্য-বর্ষে পূর্ব্ধ পূর্ব্ধ বংসরের ভার পরিষদের হিত্রী বন্ধুগণের নিকট, হইতে অনেকগুলি পূথি উপহার পাওরা গিরাছে। এই সমস্ত উপহারদাতার মধ্যে গত বর্ষের ভার পরিষদের পরম হিত্রী লালগোলার রাজা বাহাত্র, শ্রীযুক্ত বসম্ভরঞ্জন রায় শ্রিযুক্ত নরেশচক্ত সিংহ, শ্রীযুক্ত অম্লাচরণ ঘোষ বিভাভূষণ, ও ছাত্র সভ্য শ্রীযুক্ত ফণীভূষণ বস্থ মহাশরের নাম বিশেষভাবে উল্লেথযোগ্য। আলোচ্য বর্ষে যে সমস্ত নৃতন পূথি সংগৃহীত হইরাছে তন্মধ্যে নিম্নলিথিত পূথিগুলি বিশেষভাবে উল্লেথযোগ্য।

- (১) পদরত্নাকর—এই পৃথিতে চণ্ডীদাসকৃত অপ্রকাশিত অনেকণ্ডলি নৃতন পদ সঙ্কলিত আছে।
- (২) ধর্মাঙ্গল—গোবিন্দরাম চক্রবর্ত্তী প্রণীত। ইতিপূর্ব্বে মাণিক গাঙ্গুলী, সহদেব চক্রবর্ত্তী, ফেলারাম, রূপরাম, ঘনরাম, রমাই পণ্ডিত, ময়ূরভট্ট প্রণীত ধর্মামঙ্গল পাওয়া গিয়াছে। পরিষৎ কর্ত্ত্ক মাণিক গাঙ্গুলীর ধন্মমঙ্গল এবং রমাই পণ্ডিতের শ্ন্যপুরাণ প্রকাশিত হইয়াছে। গোবিন্দরাম চক্রবর্ত্তীর ধর্মামঙ্গল এ প্রয়ন্ত আর কোথাও পাওয়া যায় নাই।
- (৩) অভিধেকপর্ব্ব—এই অভিষেক পর্ব্ব কাশীরাম দাস ক্বত। এ পর্যান্ত যত মহাভারত পাওয়া গিয়াছে তাহাদের মধ্যে কেবল বিজয় গণ্ডিতের মহাভারতে অভিষেকপর্ব্বের উল্লেখ আছে। কাশীরাম দাসের এই অভিষেকপর্ব্ব ইতিপূর্ব্বে আর পাওয়া যায় নাই. এবং ইহা বিজয় পণ্ডিত প্রশীত অভিষেকপর্ব্বের আদর্শে রচিত।
- (3) স্বপ্নপর্কান এ পর্যান্ত বঙ্গভাষার রচিত অনেকগুলি মহাভারত পাওয়া গিয়াছে; কিন্তু এতন্মধ্যে কাশীদাসের মহাভারত সর্বাপেক্ষা বৃহং। সর্বসাধারণে কাশীরামের অষ্টাদশ পর্ব মহাভারতই স্থপ্রসিদ্ধ। এই অষ্টাদশ পর্ব ব্যতীত কাশীরাম দাস ক্বত পাশাপর্ব, দানপর্ব ও মানপর্বের সংবাদ ইতিপূর্ব্বে জানা গিয়াছে; কি স্বপ্নপর্ব্ব সম্পূর্ণ নৃতন। ঐ পর্বের প্রতিপান্ত বিষয়—স্বপ্নদর্শনের ফলাফল, যাত্রার শুভাশুভ বিচার প্রভৃতি।
- (৫) চৌর-চক্রবর্তী—(বীর কাশীখর রুত) ইহা চোর, তম্বর প্রভৃতির প্রাচীন উপাধ্যান

- (৬) ভীন্নপর্ব-ক্ষঞ্প্রদাদ ঘোষ ক্বত। এই মহাভারতকারের নাম সম্পূর্ণ নৃতন।
- (৭) নিসরত পুরাণ—এই পুরাণের কেবল একথানি পাতা পাওয়া গিয়াছে। এই পুরাণের ভাষা দেখিয়া ইহা জনৈক মুসলমানের রচিত বলিয়া বোধ হয়।
- (৮) শ্রীক্লঞ্চ-কীর্ত্তন—এই পৃথিখানির অক্ষর খৃষ্টার ১৩শ শতান্দীতে উৎকীর্ণ বিশ্বরূপ সেনের তাম্রশাসনের অমুরূপ। সাহিত্য-পরিষৎ-পত্রিকার ১৮শ ভাগ ২য় সংখ্যায় এই পৃথির শমাবিন্ধর্তা শ্রীযুক্ত বসস্তরঞ্জন রায় বিশ্বন্ধন্ত কর্ত্তক সংক্ষিপ্ত বিবরণ বাহির হইয়াছে। এই পৃথিখানি বাকুড়া জেলাতে প্রাপ্ত হওয়া গিয়াছে এবং ইহা ১২শ খণ্ডে বিভক্ত। এই পৃথিপাঠি মনে হয় য়ে, ইহা চণ্ডীদাসের প্রথম বয়সের রচনা। ক্রফাকীর্ত্তনের ভাষাতে মৈথিল-প্রভাব সমধিক দেখিতে পাওয়া যায়। এই পৃথির পদসংখ্যা প্রায় ৪০০ ও ইহা একখানি অভিনব গীতিকাব্য এবং এই পৃথি পাঠে জানা যায় য়ে, কবির অপর একটি নাম ছিল অনস্ত।

পাঠাগার পুর্বের ভায় জনসাধারণ কর্ত্তক ব্যবজত হইতেছে। যে সমস্ত সাময়িক-পত্রিকা পরিষৎ-পাঠাগারে রক্ষিত হয় তাহার তালিকা পরিশিষ্টে দুষ্টব্য।

### বিদ্যাসাগর লাইপ্রেরী

লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাছরের নির্দেশনত বিছাদাগর লাইত্রেরী আলোচ্য-বংসরেও পরিষং-মন্দিরে রক্ষিত ছিল।

### চিত্ৰ শালা

অগ্রতম সহকারী-সম্পাদক শ্রীযুক্ত রাথালদাস বন্দ্যোপাধ্যার মহাশরের তত্ত্বাবধানে আলোচ্য-বৎসরে পরিষদের চিত্রশালার কার্যাদি পরিচালিত হইয়াছে। গত বৎসর অনেক-শুলি মৃত্তি ইষ্টক ও মুদ্রা সংগৃহীত হইয়াছে এবং যে সমস্ত মূর্তি সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত স্থরাজলাল লাহিদ্বী ও ক্ষণ্ণচক্র চৌধুরী কর্তৃক সংগৃহীত সপ্তমাতৃকা, দশাবতার, একাদশাদিত্যবেষ্টিত স্থা, রতি ও তৃষ্ণার সহিত কামদেব ও নবগ্রহ-মূর্ত্তি; শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকারের সংগৃহীত সদাশিবের মূর্ত্তি; শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী কর্তৃক সংগৃহীত হরপার্বতী মূর্ত্তি এবং কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় ও অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্রার সংগৃহীত ইষ্টক বিশেষভাবে উল্লেথযোগ্য। আল্যোচ্য-বর্ষে চিত্রশালাতে ১৫৪টি মুদ্রা উপহার পাওয়া গিয়াছে, তন্মধ্যে ৭টি স্থবর্ণ, ৭৪টি রৌপ্য ও ৭৩টি তামনির্দ্মিত। পরিষদের অনেক হিতৈষী পরিষদের চিত্রশালায় মুদ্রাসংগ্রহ কার্য্যে বিশেষ সাহায্য করিয়াছেন। এই সমস্ত সহদম বন্ধুর মধ্যে শ্রীযুক্ত প্রফুলনাথ ঠাকুর, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত রাধালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের চিত্রশালার বিশেষ বিশেষ সাহায্য করিমানাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের চিত্রশালার বিশেষ বিশ্বর্য পরিশিষ্টে দ্রন্থয়।

### গ্ৰম্ব-প্ৰকাশ

আলোটাবর্ষে নিম্নলিথিত ছয়থানি গ্রন্থ পরিষ্ধ-গ্রন্থাবলীজুক্ত হইরা প্রাকাশিত হইরাছে।

- (১) ঐতরের ব্রাহ্মণ— শ্রীবৃক্ত রামেক্সফলর তিবেদী মহাশর কর্তৃক সম্পাদিত। এই গ্রন্থধানি পরিষদের পরম-হিতৈরী লালগোলার রাজা শ্রীবৃক্ত যোগেক্সনারারণ রায় বাহাছর ও কুমার শ্রীবৃক্ত শরৎকুমার রায় এম এ কর্তৃক প্রবৃদ্ধিত ভারত-শাস্ত্র-পীটকের অন্তর্গত প্রথম গ্রন্থ। এই গ্রন্থ পরিশিষ্ট ব্যতীত ৬৭৫ পৃষ্ঠার সম্পূর্ণ হইরাছে এবং ইহাতে সমগ্র অষ্টম পঞ্চিকা ঐতরের ব্রাহ্মণের মূল, সারণের ব্যাখ্যা, বাঙ্গালা অনুবাদ এবং জরহ শন্ধ প্রভৃতির অর্থাদি-বোধক পাদটীকা দেওয়া হইয়াছে। কুমার শ্রীবৃক্ত শরৎকুমার রায়ের ব্যয়ে এই অনুবাদ প্রকাশিত হইরাছে এবং আনন্দাশ্রম হইতে প্রকাশিত মূল গ্রন্থের অবলম্বনে এই অনুবাদ করা হইরাছে। এই গ্রন্থের ভূমিকা একখানি সত্য গ্রন্থাকারে প্রকাশিত হইবে। শ্রীবৃক্ত পণ্ডিত জয়চক্র সিদ্ধান্তভূষণ মহাশর প্রথম ছই অধ্যামের অনুবাদ করেন এবং তৎপর তিনি কার্য্য হইতে বিদায় গ্রহণ করেন এবং বর্ত্তমান সম্পাদকের উপর অনুবাদের ভার অপিত হয় ।
- (২) কবি হেমচন্দ্র—এই পুস্তিকাতে স্থবিখাত প্রবীণ লেখক ও সম্পাদক প্রীযুক্ত অক্ষয়-চন্দ্র সরকার মহাশয় কবিবর হেমচন্দ্রের সংক্ষিপ্ত জীবনী প্রদান করিয়াছেন ও তাঁহার কাব্যের সংক্ষিপ্ত সমালোচনা করিয়াছেন। অক্ষয় বাবু হেমবাবৃর সহিত বিশেষভাবে পরিচিত ছিলেন। স্থতরাং তাঁহার লিখিত হেমবাবৃর কাব্যের সমালোচনা যে কাব্যামোদী ব্যক্তির নিকট বিশেষ প্রীতিকর হইবে তাহাতে কোন সন্দেহ নাই। হেমচন্দ্র-শ্বতিরক্ষা তহবিলের অর্থে এই পুস্তকের মুদ্রণ-কার্য্য হইয়াছে।
- (৩) রামামুজাচার্য্যের খ্রীভাষ্য-—এই গ্রন্থখানি ভারত-শাস্ত্র-পীটকান্তর্গত এবং লালগোলার রাজা বাহাছরের সাহায্যে খ্রীযুক্ত পণ্ডিত ছর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ কর্ত্ত্বক অন্দিত ও সম্পাদিত হইয়া প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে ব্রন্ধহেরের চতুঃস্থলী মন্ত্র সন্ধ্রিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থে প্রথমতঃ স্বত্রের নীচে স্ত্রের পদগুলির বিশ্লেষণ ও সরল অর্থ দেওয়া হইয়াছে এবং সেই সঙ্গে একটি সংক্ষিপ্ত টীকার ভাষ্যান্ত্র্যায়ী স্থ্রার্থ বিবৃত করা হইয়াছে। স্থানে ভাষ্যের অর্থগুলি জটিল বোধ হওয়াতে শ্রুত-প্রকাশিকা নামক প্রাচীন গ্রন্থের সাহায্য গ্রহণ করা হইয়াছে। টীকা ও অন্ত্রাদ সহ বন্ধাক্রে ইতিপূর্ব্বে এ ভাষ্য বাহির হয় নাই।
- (৪) বোধিসন্তাবদান-কল্পলতা—রাম্ব বাহাছর শ্রীমৃক্ত শরচ্চক্র দাশ সি আই ই এই গ্রন্থ অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। এই গ্রন্থে মোট ১০৮টি পল্লব আছে এবং তল্মধ্যে ২৫টি পল্লব আলোচ্য-বর্ষে প্রকাশিত হইরাছে। এই গ্রন্থ রাম্ম বাহাছর তিব্বত হইতে তিব্বতের দলই লামার গৃহস্থিত কাঠের পাটায় খোদিত প্রতিলিপি হইতে একপ্রস্থ মুক্তিত লিপি ভারতবর্ষে লইয়া আসেন। এই গ্রন্থে বৃদ্ধদেবের অবদান ব্যতীত বৌদ্ধধর্মের সার মতি স্বল্পলিত গল্লচ্ছলে বর্ণিত হইয়াছে।
- (c) শতপথব্রাহ্মণ ( ২র খণ্ড )--এই গ্রন্থ শ্রীযুক্ত পণ্ডিত বিধুশেথর ভট্টাচার্য্য কর্তৃক অমুবাদিত হইরাছে এবং ইহাও ভারত-শাস্ত্র-পীটকের অন্তর্গত।
  - (৬) ব্যাকরণ-শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিষ্ণানিধি এম্ এ প্রণীত। বাঙ্গালা ভাষায়

একখানি ব্যাকরণের অভাব অনেক দিন হইতে অমুভূত হইতেছে। অধ্যাপক যোগেশ বাবুর এই পুস্তকে সেই অভাব কিয়ৎ পরিমাণে দ্রীভূত হইতে পারে।

এই সমস্ত গ্রন্থ ব্যতীত আলোচ্য-বর্ষে নিম্নলিথিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য আরম্ভ হইয়াছে।

- (১) গ্রীকৃষ্ণকীর্ত্তন (চণ্ডীদাদের)---গ্রীষ্ক্ত বসন্তরঞ্জন রায় সম্পাদিত।
- (২) শ্রীভাষ্য ( রামান্থজাচার্য্যের )—শ্রীযুক্ত পণ্ডিত ছর্গাচরণ সাংখ্যতীর্থ।
- (৩) অবদানকল্পলতা ( ২য় ভাগ )--রায় বাহাছর শরচ্চন্দ্র দাস সি আই ই।
- (8) শব্দকোষ—শ্রীযুক্ত যোগেশচক্র রায় সক্ষলিত।
- (c) ব্রত-কথা—শ্রীমতী কিরণবালা দাসী সম্বলিত।
- রাসায়নিক পরিভাষা— শ্রীয়ুক্ত প্রবোধচক্র চট্টোপাধ্যায় সঙ্কলিত।
- (a) চণ্ডীদাসের পদাবলী—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় বি এ সম্পাদিত।

পরিষং-গ্রন্থপ্রকাশ-বিভাগের এই কার্য্য-বিবরণীতে দেখা যাইতেছে যে, পূর্ব্ব পূর্ব্ব বংসর আপেক্ষা আলোচ্য-বর্ষে এই বিভাগের কার্য্য স্থান্দরভাবে পরিচালিত হইয়াছে এবং এই স্থাপরিচালনায় অন্ততম সহঃ সম্পাদক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের নিকট পরিষং বিশেষভাবে কৃতক্ত।

আলোচ্য বর্ষে কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ বিষ্ণুমূর্ত্তি পরিচয় ও ঐতরেয়-ব্রাহ্মণের প্রথম সংস্করণের মুদ্রিত গ্রন্থগুলি পরিষদে দান করিয়াছেন। পরিষৎ এই জন্ম তাঁহার নিকট ক্লতজ্ঞ। পঞ্জিকায় প্রকাশিত অপর গ্রন্থগুলি যাহাতে অগোণে মুদ্রণোপযোগী হইতে পারে সে

জ্ঞ সমুচিত ব্যবস্থা করা যাইতেছে।

### সাহিত্য-পরিষৎ-পত্রিকা

শ্রীষ্ক্ত নগেন্দ্রনাথ বস্থ প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতার অন্যতম সহকারী সম্পাদক শ্রীষ্ক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের তত্বাবধানে পত্রিকা-পরিচালন-সমিতি পত্রিকা প্রকাশে যথেষ্ট সাহায্য করিয়াছেন। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সময়ে প্রকাশিত হইয়াছে এবং প্রকাশিত প্রবন্ধাদির গৌরবে পত্রিকা নিজের পূর্ব্ব প্রতিষ্ঠা অক্ষন্ধ রাথিয়াছে। পত্রিকা-পরিচালনা সমিতি যথন প্রথম গঠিত হয়, তথন পরিমদের অনেক হিতেষী বন্ধু এই সমিতির উপকারিতা সম্বন্ধে সন্দিহান ছিলেন। কিন্তু গত ছই বৎসরের অভিজ্ঞতায় দেখা গিয়াছে য়ে, আজকাল পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ যে সমস্ত নানা শ্রেণীর প্রবন্ধ প্রেরিত হইয়া থাকে সেগুলি পত্রিকায় প্রকাশযোগ্য কি না তাহা স্থির করা কোন ব্যক্তিবিশেষের পক্ষে সম্ভব-পর নহে। পত্রিকায় যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হয় তাহা সাধারণ পাঠকের মনোজ্ঞ হয় না, এই অভিযোগ পত্রিকার বিক্ষমে কিছুদিন হইতে চলিয়া আসিতেছে। সাধারণ সাময়িক পত্রিকা হইয়াছিল; ক্ষি বেশং হয় গত বৎসর এই বিষয়ে যে হেতু প্রদর্শন করা ছইয়াছিল তাহা সর্ব্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে নাই। সেই হেতু পুনরায় এ প্রসক্ষের আলোচনা করা

যাইতেছে। অত্যন্ত স্থপের বিষয় যে, বাঙ্গালা দেশে আজকাল কেহ কেহ কোন কোন বিষরে নৃতন তথ্যাস্থসন্ধানে নিযুক্ত আছেন। স্বর্গীয় রাজা রাজেক্রলাল মিত্র, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শান্ত্রী, বিজ্ঞানাচার্য্য প্রফুল্লচক্র ও জগদীশচক্র প্রভৃতি মনীধিগণ দেখাইয়াছেন যে, বাঙ্গালীর মন্তিক হইতেও নৃতন সত্য বাহির হইতে পারে এবং অত্যন্ত স্থথের বিষয় যে, আজকাল অনেকেই তাঁহাদের পথ অস্থসরণ করিভেছেন। প্রেসিডেন্সি কলেজের রাসায়নিক যন্ত্রাগারে আচার্য্য প্রফুল্লচক্রের অনেক শিষ্য নৃতন রাসায়নিক তত্ব আবিদার করিয়াছেন এবং এই সমস্ত আবিদারের জন্য তাঁহারা পাশ্চাত্য বৈজ্ঞানিকদিগের নিকট প্রশংসা পাইয়াছেন। রাজ্পাহীর কুমার আবৃক্ত শরৎকুমার রায়, আবৃক্ত অক্ষরকুমার মৈত্রের ও প্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ প্রভৃতি মহাশন্ত্রগণের গঠিত অনুসন্ধান-সমিতি বরেক্র প্রদেশ হইতে ঐতিহাসিক তথ্যান্থসন্ধানে নিযুক্ত আছেন, তাহা পরিষদের সভ্যমাত্রই জানেন, এবং সমস্ত দেশ মধ্যে যে একটি স্বাবলম্বন ও স্বাধীন চিস্তার ভাব ক্রমশঃ অতি ধীরে ধীরে প্রকটিত হইতেছে এই সম্প্রসান-সমিতি তাহারই একটি আভাষ মাত্র।

আমাদের দেশীয় ক্তবিদ্যুগণ যে সমস্ত নৃতন তথ্যের আবিদ্ধার বা আলোচনা করেন. নানা কারণে তাঁহাদের সেই সমস্ত আলোচনা বা আবিদ্ধারের ফল বৈদেশিক ভাষার সাহায়ে স্থাসমাজে প্রকাশিত হইয়া থাকে। সাহিত্য-পরিষদের কার্য্য-নির্বাহক-সমিতি আশা করেন যে, ক্রমশঃ বাঙ্গালীর মস্তিক দারা আবিষ্কৃত নূতন তথ্য বাঙ্গালা ভাষাতে পরিচালিত পত্রিকার সাহায্যে প্রকাশিত হইয়া দেশ বিদেশে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালী জাতির গৌরব বিস্তার করিবে। যাহাতে পত্রিকার এই স্বাতন্ত্র বিশেষভাবে রক্ষিত হয়, পত্রিকা-পরিচালন-সমিতি সর্বদাই সে বিষয়ে বিশেষ দৃষ্টি রাখিয়া কার্য্য করেন এবং বাস্তবিক পক্ষে বলিতে গেলে এই বিষয়ে বিশেষ তীক্ষদৃষ্টি রাখিবার জনাই পত্রিকা-পরিচালন-সমিতি গঠিত ইইয়াছে। অনেকে এই প্রশ্ন করিয়া থাকেন যে, সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে সাহিত্য বাতীত অন্য বিষয় সম্বন্ধীয় প্রবন্ধ কি হেতু প্রকাশিত ও আলোচিত হয়। এই সম্বন্ধেও ছুই একটি কণা বলা বোধ হয় অপ্রাসঙ্গিক হইবে না। বঙ্গীয়-সাহিত্য-পরিষদে সাহিত্য-শন্দ অভ্যস্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। প্রাচীন ও আধুনিক সাহিত্য, প্রত্নত্ত্ব, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি জ্ঞানের নানাবিধ শাখা সম্বন্ধীয় মৌলিক আলোচনার ফল স্বতন্ত্র পত্রিকায় বাহির ইইবে এরূপ অবস্থা আমাদের দেশে এখনও হয়। নাই আরও কিছু দিন কেবল সাহিত্য-পরিষৎ-পত্রিকা দারাই সমস্ত অভাব পূর্ব করিতে হইবে ও এই হেতুই আরও কিছুদিন সাহিত্য-পরিষং-পত্রিকায় বছবিধ বিষয় সম্বন্ধীয় প্রবন্ধাদি প্রকাশিত ইইবে। যথন ভিন্ন ভিন্ন আলোচনার ফল প্রকাশের জ্ঞ ভিন্ন ভিন্ন সাময়িক পত্রিকার প্রচার আবশুক ও মন্তব্দ্র হইবে, তথন দেশের এক মহা স্থাদিন উপস্থিত হইবে, এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যে উচ্চ সাদ্র্শ লইয়া জন্মগ্রহণ করিয়াছেন তাহা সফল ছইবে।

"বিজ্ঞান দর্শন ইতিহাসাদি বিষয়ে বাঙ্গালা সাহিত্যের অবস্থা এখনও অপূর্ণও দরিদ্র" সাহিত্য-পরিষৎ এই কথার সভ্যতা পূর্বে উপলব্ধি করিতে পারিয়াছেন। পরিষৎ যে সমস্ত উদ্দেশ্য লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, দর্শন বিজ্ঞান ইতিহাস প্রভৃতি সম্বন্ধে উৎক্ষষ্ট গ্রহাদি প্রকাশ ও দেশের জনসাধারণের মধ্যে সেই সমস্ত বিষয়ের আলোচনা সমধিক পরিমাণে প্রচলিত করা সেই সকল উদ্দেশ্রের মধ্যে অক্সতম। পরিবৎ-পত্রিকায় যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হয় সেই সমস্ত প্রবন্ধ কেবল বিশেষজ্ঞদিগের উপযোগী হয়, কিন্তু সেই সমস্ত প্রবন্ধ দারা জনসাধারণমধ্যে শিক্ষা-বিস্তারের কোনই সাহায্য হইতে পারে না। সাহিত্য-পরিষৎ স্বীয় কার্য্যের এই অভাব বুঝিতে পারিয়াই গত হুই বৎসর হইল পরিষৎ-মন্দিরে সাধারণের উপযোগী নানা বিষয়ক আলোচনার বন্দোবস্ত করিতেছেন। পরিষদের কার্য্য-নির্কাহক সমিতির এই অভিপ্রায় যে, যদি কোন এক বিশেষ বিষয় সম্বন্ধে জনসাধারণের উপযোগী কতকগুলি প্রবন্ধ ধারাবাহিকরূপে লিখিত হয় তাহা হইলে সেই সমস্ত প্রবন্ধ একত্র পুন্তকাকারে প্রকাশিত হইলে জনসাধারণমধ্যে শিক্ষা-বিস্তারের সহায়তা করিবে ও সাধারণ বৈজ্ঞানিক, ঐতিহাসিক, দার্শনিক প্রভৃতি সাহিত্যের সহনা হইবে। কিন্তু এই কার্য্য যথোপযুক্ত ভাবে পরিচালনা করিতে হইলে বিহৎসমাজের সাহায্য ও প্রচুর অর্থের প্রয়োজন। বিষয়ের শুরুত্ব উপলব্ধি করিয়া আমাদের দেশীয় লক্ষ্মী ও সরস্বতীর বরপুত্রগণ পরিষৎকে এই বিষয়ে সাহায্য করিতে অগ্রসর হইবেন বলিয়াই আশা করি।

আলোচ্য বংসর ১৭শ ভাগ পত্রিকার চতুর্থ সংখ্যা ও অষ্টাদশ ভাগ পরিষৎ-পত্রিকা চারি সংখ্যার বাহির হইরাছে। ১৮শ ভাগ পত্রিকার সভাপতি মহাশরের অভিভাষণ ব্যতীত ২৭টি প্রবন্ধ প্রকাশিত হইরাছে এবং ইহাদের মধ্যে ৭টি ইতিহাস, ৫টি প্রত্নতন্ধ, ৬টি ভাষাতন্ব, ৩টি প্রাচীন সাহিত্য, ২টি গ্রাম্যসাহিত্য, ২টি পুস্তক ও পুথির বিবরণ, ১টি বৈজ্ঞানিক পরিভাষা ও ১টি বিজ্ঞান সম্বন্ধীয়।

### বিশেষ-সভাগপের কার্যা

আলোচ্য বর্ষে প্রীযুক্ত বসস্তবঞ্জন রায় মহাশয় ও প্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বিশেষ সভ্য নির্বাচিত হইয়াছেন। পূর্ব-নির্বাচিত বিশেষ সভ্যগণের মধ্যে পণ্ডিত প্রীযুক্ত অধিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন মহাশয় পূথি ও প্রবন্ধ দারা উল্লেখযোগ্য ভাবে পরিষৎকে সাহায্য করিয়াছেন। প্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় পরিষৎ-মন্দিরে অমুষ্ঠিত প্রদর্শনীতে পরিষৎকে বিশেষভাবে সাহায্য করিয়াছেন। কিন্তু তৃঃথের বিষয় এতদ্ভিন্ধ অক্তান্য বিশেষ সভ্যগণের নিকট হইতে আশাহ্মরূপ কোন সাহায্য আলোচ্য বর্ষে পাওয়া যায় নাই। আলোচ্য বৎসরের শেষ ভাগে সাহিত্য-পরিষদের নৃতন নিয়মাবলী পরিগৃহীত হইয়াছে। এই নিয়মান্থসারে বিশেষ সভ্যের পদ লোপ পাইয়াছে।

#### ছাত্র-সভা

অধ্যাপক প্রীযুক্ত থগেন্দ্রনাথ মিত্র মহাশরের তত্ত্বাবধানে ছাত্র-সভ্যগণের কার্য্যকারিতা উত্তরোজর বৃদ্ধি ইইতেছে। আলোচ্য বর্ষে ছাত্রগণ নিজ নিজ ক্লচি অমুসারে ইতিহাস, ভাষাতত্ত্ব, পল্লীকথা, চরিত্র-চিত্র প্রভৃতির আলোচনা করিয়াছেন এবং তাঁহাদের দ্বারা অনেক রূপকথা, গ্রাম্যশন্দ, ছড়া, হেঁয়ালি প্রভৃতি সংগৃহীত হইরাছে। কতিপর ছাত্র-সভ্য পুরাতন ইপ্তক, দেবস্তির আলোকচিত্র প্রভৃতি সংগ্রহ করিয়া পরিষদের চিত্রশালার উপহার প্রদান করিয়াছেন। আলোচ্য বর্ষে ১২জন ছাত্র-সভ্যের নিকট হইতে ২৯টি প্রবন্ধ পাওয়া গিয়াছে। শ্রীষ্কু নগেক্সনাথ বস্থ প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের উপর এই সমস্ত প্রবন্ধ-পরীক্ষার ভার অর্পণ করা হইয়াছিল। তিনি নয় জন ছাত্রের প্রবন্ধ প্রস্কারযোগ্য বিলয়া বিবেচনা করিয়াছেন। পরিষৎ ছাত্রগণের প্রস্কারের জন্য ৮৫ মঞ্জুর করিয়াছেন। নগেক্সনাব্র ব্যবস্থাম্সারে পুরস্কার ভাগ করিয়া দেওয়া হইয়াছে। কবিবর রবীক্সনাথের সংবর্জনাতে ও পরিষদের প্রদর্শনীতে ছাত্রসভাদের নিকট হইতে যথেষ্ট সাহায্য পাওয়া গিয়াছিল।

### পুরস্বার

গত বৎসর পাঁচটি পুরস্কার বিজ্ঞাপিত হইয়াছিল। তন্মধ্যে বীরেশ্বর পাড়ে পুরস্কার, ক্রন্ধ-বিনোদিনী স্বর্ণপদক, রজনীকাস্ত রোপ্যপদক ও নবীনচক্র সেন স্বর্ণপদক। এই কয়েক বিষয়ের প্রবন্ধ হস্তগত হইয়াছিল। প্রীযুক্ত নগেক্রনাথ বস্থ ও এীযুক্ত দীনেশচক্র সেন মহাশয়ের উপর "क्रुक्षवित्नामिनी পদকে"র জন্য প্রাপ্ত প্রবন্ধগুলি পরীক্ষার ভার দেওয়া হইয়াছিল। পরীক্ষকগণ কোন প্রবন্ধই পুরস্কারযোগ্য বিবেচনা করেন নাই। শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় "রজনীকান্ত রৌপ্যপদকে"র জন্য প্রাপ্ত প্রবন্ধগুল বিচার করিয়াছিলেন; প্রীষ্ক্ত কালিদাস রায় বি এ মহাশয়ের প্রবন্ধ প্রস্কারযোগ্য বিবেচিত হইয়াছে। জীযুক্ত রামেক্সফ্রন্দর ত্রিবেদী ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের উপর "বীরেশ্বর পাঁড়ে" পুরস্কারের জন্য প্রাপ্ত প্রবন্ধগুলির পরীক্ষার ভার দেওয়া হইয়াছিল ; শ্রীযুক্ত শীতলচক্ত চক্রবর্ত্তী বিদ্যানিধি এম এ মহাশয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে। স্বর্গীয় কবি নবীনচক্র সেনের স্মৃতি-উদ্দেশে প্রদত্ত পদকদ্বরের জন্য প্রাপ্ত পরীক্ষার ভার শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের উপর দেওয়া হইয়াছিল; শ্রীযুক্ত বগলামোহন দাশগুপ্ত মহাশয়ের প্রবন্ধ পুরস্কারের উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে। তুঃথের বিষয় যে আলোচ্য বর্ষে পুরস্কার প্রভৃতির জন্য আশান্তরূপ প্রবন্ধ হস্তগত হয় নাই। পুরস্কারের সংবাদ যথোপযুক্তভাবে বিজ্ঞাপিত না হওয়াই এইরূপ ঘটনার প্রধান কারণ বলিয়া মনে হয়। যে সমস্ত পুরস্কারের জন্য প্রাপ্ত কোনও প্রবন্ধই পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হয় নাই, সেই সমস্ত বিষয় সম্বন্ধীয় প্রবন্ধ-প্রেরণের জন্য সময় বাড়াইয়া দেওয়া হইয়াছে। গত কার্য্য-বিবরণীতে বিবৃত প্রস্কার ব্যতীত আলোচ্য বর্ষে পরিষদের হস্তে নিম্নণিথিত বিষয়গুলি সম্বন্ধীয় পুরস্কারের ভার প্রদত্ত হইয়াছে:—

- (১) 
   পরাধেশচন্দ্র জাতীয়-শিক্ষাবৃত্তি। বঙ্গভাষায় পাশ্চাত্য সাহিত্য সমালোচনার জন্য
  এই বৃত্তি প্রান্ত হইবে।
  - (২) <**প্রিয়নাথ চক্রবর্ত্তী** বৃত্তি।

আশা করা যায় এই সমস্ত পুরস্কারের জন্য আগামী বংসর আশাসুরূপ প্রবন্ধ পাওয়া যাইবে। যে সমস্ত সহাদয় ব্যক্তি এই সমস্ত পুরস্কারের জন্য অর্থ প্রদান করিয়াছেন তাঁহাদিগকে এবং যে দকল দ্বন্ধু প্রস্কারের জন্য প্রাপ্ত প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছেন তাঁহাদের নিকট পরিষৎ বিশেষভাবে ক্লভজ্ঞ।

### শাধা-সমিভির কার্য

গত বংসর গ্রন্থপ্রকাশ-সমিতির তিনটি অধিবেশন হইয়াছিল এবং সমিতি পরিষং-প্রকাশ্য গ্রন্থ ক্ষাক্ষের ব্যাকর্ত্তব্য নির্দারণ করিয়াছেন।

### পরিভাষা

আলোচ্য বর্ষে পরিভাষা-সমিতির কার্য্য অনেকদূর অগ্রসর ইইয়াছে। অনেকগুলি বৈজ্ঞানিক পরিভাষা সংগৃহীত হইয়াছে এবং আচার্য্য প্রফুলচন্দ্র সম্পাদিত রাসায়নিক পরিভাষা শাছই শ্বতন্ত্র পুস্তকাকারে বাহির হইবে। এ পর্যন্ত পরিষৎ অনেকগুলি বৈজ্ঞানিক পরিভাষা নাহির করিয়াছেন। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থানে প্রাদেশিক ভাষার সাহায্যে বিজ্ঞানশিক্ষার স্ত্রপাত হইতেছে, যাহাতে ভারতের সমস্ত প্রদেশে একটি সর্ব্বজনীন বৈজ্ঞানিক পরিভাষা গৃহীত হয়, সে বিষয়ে প্রত্যোকেরই চেপ্তা করা উচিত এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষদের এ বিষয়ে নেতৃত্ব গ্রহ্ম করা কর্ত্তর। বিজ্ঞানের যে সমস্ত বিষয় সম্বন্ধীয় পরিভাষা এখনও বাহির হয় নাই, সেগুলি যাহাতে অতি সম্বর বাহির হয় সে বিষয়ে চেপ্তা করা কর্ত্তর এবং এই সমস্ত পরিভাষা একত্র করিয়া একখানি শ্বতন্ত্র পুস্তক ছাপাইয়া বিছৎসমাজের অভিমতের জন্য সর্ব্বত্র বিতরণ করা কর্ত্তর। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের দৃষ্টাস্তে ভারতের নানা স্থানে আরপ্ত অনেক সাহিত্য-পরিষৎ স্থাপিত হইয়াছে। বৈজ্ঞানিক পরিভাষা প্রণয়নে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত এই সকল সমিতির একগোগে কার্য্য করা উচিত ১

### নবীনচন্দ্ৰ-শ্বতি সমিতি

নবীনচন্দ্র-স্থৃতি-সমিতির কাধ্য আলোচ্য বর্ষে অনেকদূর অগ্রসর হইয়াছে। জয়পুরের মশ্মরে কবিবরের যে মূর্ত্তি প্রস্তুত করিবার প্রস্তাব হইয়াছিল, অনেক চেষ্টার পর দেখা গেল যে তাহা সম্ভবপর নহে। ইটালিয়ান ভান্ধর নিঃ বইস্কে মূর্ত্তি-প্রস্তুতের ভার দেওয়া হইয়াছে।

### কাশীবাম-স্মৃতি-সমিতি

কাশীরাম-শ্বতিসমিতির কার্য্য বেশ অগ্রসর হইষাছে। কাটোয়াতে শ্রীযুক্ত তারকচন্দ্র রায় ও শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ মহাশয়ের যত্ত্বে অনেক অর্থ সংগৃহীত হইয়াছে; কলিকাতাতেও কিঞ্চিৎ অর্থ সংগৃহীত হইয়াছে।

শ্রীফুক্ত ,বিনয়কুমার সরকার মহাশন্ন তাঁহার প্রতিশ্রুত ৫০০ মধ্যে ২০০ দিয়াছেন। কাটোয়াতে শতাধিক টাকা সংগৃহীত হইয়া ডাকঘরে জমা আছে।

### চল্ৰকাম্ভ-শ্বতি-দৰিতি

পরলোকগত মহামহোপাধ্যায় চক্রকাস্ত তর্কালম্বার মহাশয়ের স্বৃতি-রক্ষার জন্য একটি স্ক্লিতি নতন গঠিত ইইয়াছে। মহারাজ শ্রীযুক্ত কুমুদ্চক্রী সিংহ বাহাত্বর এই স্মিতির সভাপতি ও শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয় সম্পাদক নিযুক্ত ইইয়াছেন।

#### আয়-বার

পরিষদের আয়-ব্যুরের হিসাব পরিশিষ্টে প্রদন্ত হইল। গত ১৮শ বার্ষিক পঞ্জিকার ১৩১৮ সালের যে আফুমানিক আয়-ব্যুরের বিবরণ প্রকাশিত হইয়াছিল, তাহার সহিত উক্ত সনের আয়-ব্যুরের ভূলনা করিয়া দেখা যাইবে যে, চাঁদা বাবদ প্রায় ৮০০ কম আয় হইয়াছে। গত পৌষ মাসে পরিষদে যে প্রদর্শনী খোলা হইয়াছিল সেই প্রদর্শনীহেতু পরিষদের কর্মাচারীদের ও আদারকারী পিরনদের কার্য্য কিছু অধিক হওয়াতে চাঁদা আদারের ন্যুনতা ঘটিয়াছে। এতদ্বাতীত রঙ্গপুর-শাখা-সভা হইতেও শাখা-সভার সম্পাদক মহাশরের অক্ষ্যতা নিবর্ম ঐ শাখার সভ্যগণের চাঁদা কম পাওয়া গিয়াছে। পরিষদের আয়-ব্যুরের হিসাব একটু মনোযোগ সহকারে দেখিলে বুঝা যাইবে যে, পরিষদের সভ্যবৃদ্ধির সঙ্গেই ইহার বায়ও বাড়িতেছে। যদি সভ্যগণ নিয়মিতরূপে স্বীয় চাঁদা প্রদান করেন, তাহা হইলে বংসরের শেষে পরিষদের সমস্ত দেনা পরিশোধ হইতে পারে; কিন্তু ভৃঃথের বিষয় যে, সভ্যগণ এ বিষয়ে কিঞ্চিৎ উদাসীন। এই বিষয়ে সভ্যগণের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

সাধারণ বাজার-দেনা ব্যতীত গৃহ-নির্মাণ-তহবিলের এখনও প্রায় তিন হাজার টাকা ঋণ রহিয়াছে। অত্যন্ত ছঃখ ও পরিতাপের বিষয় যে, গত তিন বংসর হইল পরিষং এই ঋণ বহন করিয়া আসিতেছেন। গত ১৫শ বার্ষিক অধিবেশনের অভিভাষণে সভাপতি মহাশয় যাহা বিলয়াছিলেন সেই কথার প্রতিধ্বনিস্বরূপ পরিষদের সদস্যদিগকে সাম্বনয়ে জ্ঞাপন করা যাইতেছে যে, পরিষদের প্রত্যেক সভ্য যদি অমুগ্রহপূর্বাক পরিষদের তহবিলে ৩ টাকা ভিক্ষা স্বরূপ প্রদান করেন, তাহা হইলে পরিষদের সমস্ত ধার শোধ হইবে ও মন্দিরের অনেক অভাব বিদূরিত হইতে পারে। তিন বংসর পূর্বো প্রত্যেক সভ্যের নিকট ৬ টাকা ভিক্ষা চাওয়া হইয়াছিল, কিন্তু সম্প্রতি সভ্যসংখ্যা দ্বিগুণ হওয়াতে, ভিক্ষার্থী সম্পাদকের ভিক্ষার পরিমাণ কমিয়া গিয়াছে বলা বাছল্য যে ধার শোধ হইলে পরিষং আরও অনেক হিতকর কার্য্যে লিপ্ত হইতে পারেন।

#### শাধা-সভা

আলোচ্য বর্ষে গোহাটা, বরিশাল ও চট্টগ্রাম এই তিন স্থানে সাহিত্য-পরিষদের শাখা স্থাপিত হইয়াছে। ঢাকাতেও এক শাখা স্থাপনের প্রস্তাব হইয়াছিল, কিন্তু প্রস্তাবকারিগণের সহিত কার্য্য-নির্কাহক-সমিতির কোন কোন বিষয়ে মতের মিল না হওয়াতে উক্ত নগরে শাখা স্থাপিত হইতে পারে নাই। মেদিনীপুরেও শাখা স্থাপনের প্রস্তাব হইয়াছে। শ্রীমুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় বরিশালে শাখা-সভার সম্পাদকতা গ্রহণ করিয়াছেন এবং গৌহাটীতে শ্রীমুক্ত প্রফুলচক্র রায় চৌধুরী এম্ এ ও চট্টগ্রামে শ্রীমুক্ত বিপিনচক্র গুহ মহাশয় প্রথম সম্পাদক নিযুক্ত হইয়াছিলেন। পুরাতন শাখাগুলির মধ্যে জনেক শাখাই গত বংসর আশাহরূপ কাজ করিতে পারেন নাই। রক্ষপুর-শাখার স্বযোগ্য সম্পাদক শ্রীমুক্ত স্বরেক্রচক্র রায়চৌধুরী মহাশয়ের দীর্ঘকালব্যাপী শারীরিক অর্ম্স্তায় রক্ষপুর-শাখা ক্ষতিবোধ করিয়াছেন। ভাগল-প্র-শাখার যত্নে বৌদ্ধুরার জনেক প্রস্তর-মূর্ভি মূল পরিষদের জন্য সংগৃহীত হইয়াছে।

### অমুসন্ধান-স্বিতি

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রার-প্রবর্ত্তিত বরেক্স-ভ্রমণের সংবাদ ইতিপুর্ব্বে সভ্যদিগকে জানান হইয়াছে। কুমার বাহাছর ও তাঁহার সহকারিগণ গত বৎসরেও বরেক্স প্রেদেশের নানা স্থানে ভ্রমণ করিয়া ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহ করিয়াছেন। কিছুদিন হইল বরেক্স-ভ্রমণের ফল্বরূপ শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ মহাশয় কর্তৃক লিখিত 'গৌড়রাজমালা' নামক পুস্তকের প্রথম খণ্ড বাহির হইয়াছে।

আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অমুমোদনক্রমে একটি ঐতিহাসিক অমুসদ্ধান-সমিতি গঠিত হইয়াছে। জীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, জীযুক্ত হরিদাস পালিত, জীযুক্ত কৃষ্ণচন্দ্র রায়, শ্রীযুক্ত কৌশিকীচরণ সরকার ও শ্রীযুক্ত অবনীমোহন মুখোপাধ্যায় এই অফুসন্ধান-্সমিতির প্রবর্ত্তক। আলোচ্যবর্ষে এই সমিতি উত্তর রাঢ়ে ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহের ্জন্য উজানী ও মঙ্গলকোট গিয়াছিলেন এবং তাঁহাদের অনুসন্ধানের ফল সাহিত্য-পরিষদে বিজ্ঞাপিত হইবে। আমাদের দেশে অনেক অমুসন্ধানের বিষয় আছে তাহা কাহারও অবিদিত নাই। আত্মকাল অনেকে ব্যক্তিগতভাবে অন্যান্ত বিষয়ের মধ্যে ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহ করিতেছেন। এই সমস্ত কার্য্যে ব্যক্তিগত ভাবে যত ফল পাওয়া যায় কয়েকজন একত্র হইয়া কাজ করিলে তদপেক্ষা অধিক ফললাভের সম্ভাবনা। কেবল ঐতিহাসিক ও প্রত্ন-তত্ত্বের আলোচনা করিলেই পরিষদের সভাগণের ও বাঙ্গালার সাহিত্যসেবিগণের কর্তব্যের অবসান হয় না। ঐতিহাসিক ও প্রেক্তত্ত্বের উপকরণ সংগ্রহ ব্যতীত আমানের দেশে আরও অনেক বিষয়ের সংগ্রহযোগ্য উপকরণ চারিদিকে বিক্ষিপ্ত রহিয়াছে। বঙ্গীয় সাহিত্য-পরিষদে ভগ্ন মূর্ত্তি ও ইষ্টকের আলোচনাই সমধিক পরিমাণে হয়, এইরূপ অভিযোগ মাঝে মাঝে গুনিতে পাওয়া যায়। ইতিহাস ও প্রস্কৃতত্ত্ব বাতীত পরিষদের অস্থান্ত বিষয়ে অভিজ্ঞ সদস্যগ্র যতদিন স্বীয় জ্ঞানভাণ্ডার পরিষদের জন্ম উন্মুক্ত না করিবেন, ততদিন এইরূপ অভিযোগ অপনোদিত হইতে পারিবে না। পরিষদের সদস্যাগণ মধ্যে উদ্ভিদ্বিতা, প্রাণীতত্ত্ব, ক্বি-বিত্ত ভাষাতত্ত্ব প্রভৃতি বিষয়ে বিশেষভাবে অভিক্র যে না আছেন তাহা নহে। এই সময় বিষয়ে অভিজ্ঞদের তত্থাবধানে পরিষৎ হইতে নানাপ্রকার অনুসন্ধান-সমিতি গঠিত হওয়া কর্ত্তব্য এবং এইরূপ সমিতি গঠিত হইলে পরিষৎ ঐতিহাসিক ও প্রত্নতক্ষ্বিদের একচেটিয়া श्रदेख ना।

#### রমেশ-ভবন

আলোচ্য বর্ষে রমেশ-ভবনের কার্য্য কিঞ্চিৎ অগ্রসর হইয়াছে। মাননীয় কাসিমবাজারের মহারাজ যে ভূমি দান করিবেন, সেই দানপত্রের থসড়া প্রস্তুত হইয়াছে। আশা করা যায় য়ে, আগামীবর্ষে এই ভবনের ভিত্তি প্রতিষ্ঠিত হইবে। অত্যন্ত পরিতাপের বিষয় যে, দেশায় অনেকেই এই ভবনের সহিত এ পর্যান্ত সহামুভূতি প্রকাশ করেন নাই। প্রস্তাবিত রমেশ-ভবন স্থাপিত হইলে, বাঙ্গালা দেশের এক গুরুতর অভাব বিদ্রিত হইবে এবং দেশমধ্যে শিক্ষা ও জ্ঞান-বিস্তাবে অনেক সহায়তা করিবে। আমাদেয় দেশে এমন কোন সংগ্রহশালা নাই, য়ে

স্থানে বাঙ্গালাদেশের সমস্ত দর্শনযোগ্য দ্রব্য বা তাহার নমুনা একত্র দেখিতে পাওয় যাইতে পারে। কলিকাতা যাহ্বর একটি প্রকাণ্ড ব্যাপার। এইস্থানে বাঙ্গালার সমস্ত দ্রব অন্তান্ত প্রদেশীয় দ্রব্যের সহিত মিশিয়া রহিয়াছে। তাহাদের স্বাতস্থ্য মোটেই রক্ষিত হয় নাই রক্ষিত হওয়া সম্ভবপর নহে ও বাঞ্চনীয়ও নহে। রমেশ-ভবন দ্বারা কিঞ্চিং পরিমাণে এই স্বাতস্ক্র রক্ষার চেষ্টা করা হইতেছে এবং আশা করা যায় যে, প্রত্যেক স্বদেশহিতৈষী সাহিত্য-পরিষদেং এই সন্ধন্মিত কার্য্যে যোগদান করিয়া সহায়তা করিবেন।

### প্রদর্শনী

আলোচ্য বর্ষে পৌষমাদে বড়দিনের ছুটীর সময় প্রস্তাবিত রমেশ-ভবনের জন্ম সংগৃহীত দ্রব্যাদি সম্রাটের শুভাগমন এবং কংগ্রেস প্রভৃতির উপলক্ষে কলিকাতায় সমাগত ভদ্রমণ্ডলীকে দেখাইবাং জন্ত এক প্রদর্শনী খোলা হইয়াছিল। প্রথমে স্থির হইয়াছিল যে, এই প্রদর্শনী তিন সপ্তা খোলা থাকিবে, কিন্তু সর্বাসাধারণের আগ্রহাতিশয্যে প্রদর্শনী আরও তিন সপ্তাহ খুলিয়া রাখিতে হইয়াছিল। এই দেড়নাৰ মধ্যে ভদ্ৰ-হিলাদের জন্ম কয়েকট দিন নির্দিষ্ট ছিল এবং অনুদ্দ দুশ সহস্র লোক এই প্রদর্শনী দেখিতে আসিয়াছিলেন। এই প্রদর্শনীতে প্রাচীন মুদ্রা, প্রস্তর্মুরি মৃত-সাহিত্যিকদের হস্তাক্ষর, তাঁহাদের ব্যবহৃত দ্রবাদি, অনেক পুত্ত কর পাওলিপি, নানা প্রকার কারুকার্যাথচিত ও চিত্রসম্বলিত ইষ্টক, নানাস্থানের আলোকচিত্র, নানা ছম্প্রাপ্য ৮ বহুমূল্য পুথি ও পুস্তক, তামশাসন, ধাতুমূতি, বঙ্গদেশের ভূ-তর জীব-তর ও উদ্ভিদ-তত্ত্ব সন্থা দ্রব্যাদি প্রদর্শিত হইয়াছিল। সাহিত্য-পরিষদের সংগৃহীত দ্রবাদি বাতীত অপর যে সমস্ত স্থা হইতে প্রদর্শনের জন্ম দ্রবাদি ধার পাওয়া গিয়াছিল, তন্মধ্যে জীয়ুক্ত রায় মৃত্যঞ্জয় রা চৌধুরী বাহাত্র এম্ আর এ এদ্ মহাশয়ের সংগৃহীত প্রাচীন মুদ্রা ও ভাগলপুরের ঐাযুহ सोतीक्रास्त्र निःश् महानग्न थान्छ शाङ्गृहि मितिनग्व উল্লেখযোগা। **এই श्रा**नर्नि দেপিবার জন্ম মাননীয় বিচারপতি হোমউড সন্ত্রীক, মাননীয় বিচারপতি উভুফ, সার চক্রমাধ रघार, नात श्वकनान वत्नाभाधात, नात প्रकृतिक ठए छोभाधात, भिः शांथल, माननीत्र मननरमार মালব্য, বিজ্ঞিনা গ্রামের মহারাজের প্রাইভেট সেক্রেটারী মিঃ আপ্লারাও, ইণ্ডিয়া মিউজিয়মের মিঃ আনানতেল, মিঃ টিপার, রাজসাহীর কমিশনার :মিঃ মনাহা কৃষ্ণনগরের মহারাজ, দিনাজপুরের মহারাজ, স্থসঙ্গের মহারাজ, বিচারপতি এীফু আন্ততোষ চৌধুরী, বিচারপতি শ্রীযুক্ত দিগম্বর চট্টোপাধ্যায়, বিচারপতি শ্রীযুক্ত নলিনীরঞ্জ চটোপাধ্যায়, লালগোলার রাজা বাহাছর, রাজা বিজয়সিংহ ছথোরিয়া, মিসেদ্ জে সি বং শ্রীযুক্ত স্বর্ণকুমারী দেবী, শ্রীমতী সরলাদেবী চৌধুরাণী প্রভৃতি দেশীয় ও বিদেশীয় অনে গণামান্ত ব্যক্তি পরিনৎ-মন্দিরে পদার্পণ কবিরাছিলেন এবং তাঁহারা প্রদর্শনী দেথিরা অত প্রীতি প্রকাশ করিয়াছিলেন। দর্শকগণের মধ্যে প্রায় : হলেই এই প্রদর্শনী দেখিয়া প্রস্তাবি রমেশ-ভবনের আবশ্রকতা বিশেষভাবে উপলব্ধি করিতে সমর্থ হইয়াছেন এবং রমেশ-ভব সংস্থাপিত হইলে প্রত্যেকে নিজ নিজ ক্ষমতা অনুসারে দ্রব্যাদি সংগ্রহ করিয়া উক্ত ভব সংরক্ষার্থ পাঠাইরা দিবেন এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। এই প্রদর্শনী সর্বাঙ্গস্থন

করিবার জন্ম যে সমস্ত মহামুভব ব্যক্তি প্রদর্শন-যোগ্য দ্রব্যাদি পাঠাইরা পরিষংকে সাহায্য করিয়াছিলেন, তাঁহাদের নিকট পরিষং বিশেষভাবে ঋণী ও ক্লুতজ্ঞ। তদ্ভিম যাঁহারা নিজ নিজ কার্য্যের ক্ষতি করিয়া নিয়মিতভাবে পরিষদের প্রদর্শনীতে উপস্থিত হইয়া দর্শকদিগকে দ্রব্যাদি দেখাইয়াছিলেন, তাঁহারাও পরিষদের ধন্মবাদভাজন।

পরিবদের ও রমেশ-ভবন-সমিতির সভাপতি প্রীযুক্ত সারদাচরণ মিত্র কর্তৃক এই প্রদর্শনী উন্মুক্ত হইয়াছিল এবং পরিবদের অন্ততম সহকারী সম্পাদক প্রীযুক্ত রাথালদান বন্দ্যোপাধ্যায় মহাশরের তত্ত্বাবধানে প্রদর্শনীর সমস্ত কার্য স্থপরিচালিত হইয়াছিল। (প্রদর্শনীর বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য)

### ৰঙ্গীয়-সাহিত্য-সন্মিলন

আলোচ্য বর্ষে চু'চুড়া সহরে গত ১৯শে ফাস্কুণ হইতে ২১শে ফাস্কুন পর্য্যন্ত দিবসত্তার বঙ্গীয়-সাহিত্য-সন্মিলনের পঞ্চম অধিবেশন হইয়াছিল। দেশহিতৈষী, শিক্ষাবিষয়ক সর্ব্ধবিধ কার্য্যে অগ্রণী ও বঙ্গসাহিত্যের অক্ততম প্রধান পরিপোষক মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীক্রচক্ত নন্দী বাহাত্র সভাপতির আসনে বৃত হইয়াছিলেন। অধিবেশনে ভিন্ন ভিন্ন স্থান হইতে অনেক প্রতিনিধি সমবেত হইয়াছিলেন। একটি বুহৎ মগুপে সন্মিলনের কার্য্যাদি সম্পন্ন হইয়াছিল। প্রাচীন ও ভবকেশ সাহিত্যসেবী শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় অভার্থনা-সমিতির সভাপতিত্ব গ্রহণ করিরাছিলেন। সম্পাদক রায় বাহাত্র শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র এম্ এ, বি এল্ ও অভার্থনা-সমিতি ও অক্সান্ত সভ্যের উদ্যোগে সন্মিলনের অধিবেশন তিনদিনবাাপী হইয়াছিল। প্রথম দিন স্থির হয় যে, বিশেষজ্ঞদের উপযোগী যে সমস্ত বৈজ্ঞানিক প্রবন্ধ পাঠার্থ প্রেরিত হইয়াছে দেই সমস্ত প্রবন্ধ পাঠ ও আলোচনার জ্**ন্ত একটি বৈজ্ঞানিক বৈঠকের অধিবেশন হ্**ইবে, তদমুদারে দিতীয় দিন পূর্ব্বাহে বিজ্ঞানাচার্য্য ডাক্তার ত্রীযুক্ত প্রফ্লচক্র রায় মহাশয়ের নেতৃত্বে একটি বৈজ্ঞানিক বৈঠক বসিয়াছিল। এই বৈঠকে যে সমগু বিষয় পঠিত ও আলোচিত হইরাছিল, তাহাতে উপস্থিত সকলেই বিশেষ সম্বোধ-লাভ করিয়াছিলেন। British Association for the Cultivation of Scienceকে আদর্শ করিয়া সাহিত্য-সন্মিলনের স্বৃষ্টি হইয়াছে এবং সেই আদর্শে সফলতা লাভ করিবার প্রথম স্ত্রপাত চুঁচুড়া অধিবেশনেই হইরাছিল। এই হিসাবে চুঁচুড়া-সাহিত্য-সন্মিলন বিশেষভাবে স্মরণীয় থাকিবে। অভার্থনা-সমিতির সভাপতির ও সম্মিলনের সভাপতির অভিভাষণ ব্যতীত স্মিলনে অন্যান্য বৎসরের ন্যায় এবারেও নানা বিষয়ক অনেক প্রবন্ধ পঠিত হইয়াছে, এবং দ্বিতীয় দিন রাত্রিতে ছারা-চিত্রের সাহায্যে বঙ্গদেশ ও বিহারের প্রত্নতত্ব, বরেক্তভূমের প্রাচীন ইতিহাস, কয়লার ইতিহাস ও সোরার চাষ সম্বন্ধে সর্বসাধারণের বোধগম্যভাবে কয়েকটি বক্তৃতা হইয়াছিল। দিতীয় দিন সন্ধ্যাকালে অভার্থনা-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেক্সচক্র মিত্র মহাশয়ের স্থ্রমাগৃহে একটি সাল্ধা-সন্মিলনের আয়োজন হইয়াছিল। মহেক্র বাবুর অমায়িক ব্যবহারে मकरलहे बिल्पर जुश रहिशाहित्तन।

অন্যান্য বারের ন্যায় এই অধিবেশনে কভিপয় প্রস্তাব গৃছীত হয় (সন্মিলনীর বিশেষ বিবরণ পরিশিষ্টে ক্রষ্টব্য )।

পূর্ব্বোক্ত বৈজ্ঞানিক-বিভাগের কার্য্য কি ভাবে পরিচালিত হইবে, তদ্বিয়ে পরামর্শ করিবার জন্য প্রীযুক্ত রামেক্রস্থলর ত্রিবেদী মহাশরের গৃহে এক সভার অধিবেশন হয়। ডা: প্রীযুক্ত প্রফুর্লচক্র রায় প্রমুথ অনেকে এই সভায় উপস্থিত ছিলেন এবং উপস্থিত সকলেই কোন না কোন বিশেষ কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন।

### উত্তরবঙ্গ সাহিত্য-সন্মিলন

আলোচ্য বর্ষে কামাথা। পাহাড়ে উত্তর-বঙ্গ সাহিত্য-সন্মিলনের পঞ্চম জ্বাধিবেশন সম্পন্ন হইয়া গিয়াছে। সাহিত্যক্ষেত্রে স্থপরিচিত শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্ মহাশর সভাপতির আসন গ্রহণ করেন। উত্তর-বঙ্গের নানা স্থান হইতে প্রতিনিধি সমবেত হইয়াছিলেন এবং অন্যান্য স্থান হইতে পরিষদের ১৩ জন প্রতিনিধি এই সন্মিলনে যোগদান করিয়াছিলেন। অধিবেশনের পর অনেক প্রতিনিধি উমানন্দ-পাহাড় ও বশিষ্ঠাশ্রম পরিদর্শনের জন্য গমন করিয়াছিলেন। শ্রীযুক্ত কালীচরণ সেন অভ্যর্থনা-সমিতির সভাপতি এবং শ্রীযুক্ত বীরেশ্বর পাণ্ডা ও শ্রীযুক্ত উত্তমচক্ত বড়ুয়া সম্পাদক নির্ব্বাচিত হইয়াছিলেন। কামাথ্যা পাহাড়ের পাঞাগণের সাদর আতিথ্যে অভ্যর্থনার কোনই ক্রটা হয় নাই। (এই সন্মিলন সম্বন্ধে সবিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টবা)

### **र.१**वक्रमा

গত পূজার অবকাশে কলিকাতা মুদলমান-শিক্ষা-সমিতির জন্ত নানা স্থান ইইন্ডে সমাগত মুদলমান প্রতিনিধিগণের সংবর্জনার জন্ত গত ২০শে আখিন তারিথে সাহিত্য-পরিষদে একটি সান্ধ্য-সমিতির আব্যোজন ইইয়াছিল। নানা প্রকার আমোদ ও আবৃত্তি দারা সংবর্জনা-কার্য্য স্কাক্তরপে নির্বাহ ইইয়াছিল। এই সংবদ্ধনার উপস্থিত মুদলমান-সাহিত্যিকগণের মধ্যে কয়েকজন স্কবক্তা স্থানর বক্তৃতা দারা সকলকে আপ্যায়িত করেন।

১৩১৮ সালের ২৫শে বৈশাথ কবিবর প্রীযুক্ত রবীক্রনাণ ঠাকুর নহাশর পঞ্চাশ বংসর সম্পূর্ণ করিয়া ৫১ বংসরে পদার্পণ করিয়াছেন। তাঁহার একপঞ্চাশত্তম জনাতিথি উপলক্ষে তাঁহাকে যথোচিত অভিনন্দন ও সংবর্দ্ধনা করিবার জন্ম গত ১৩১৭ সালের শেষভাগে মহারাজ শ্রীযুক্ত মণীক্রচক্র নন্দী, ডাঃ প্রীযুক্ত জগদীশচক্র বস্থা, ডাঃ প্রীযুক্ত প্রফুল্লচক্র রায়, প্রীযুক্ত প্রজেক্র কিশোর রায় চৌধুরী প্রভৃতিকে লইয়া একটি সমিতি গঠিত হয়। এই সমিতি বঙ্গ-সাহিত্যের প্রতিভূষরূপ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে এই কার্য্যের ভার গ্রহণ করিতে অমুরোধ করেন। তদমুসারে কার্য্য-নির্বাহক-সমিতির অধিকাংশ সভাের সম্মতিক্রমে পরিষৎ এই কার্য্যভার গ্রহণ করেন। গত ১৪ই মাঘ পরিষদের সভাপতি প্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশরের নেতৃত্বে টাউনহলে এই সংবদ্ধনা-কার্য্য সম্পের ইইয়াছে। এই উপলক্ষে সাহিত্য-পরিষদের পক্ষ হইতে কবিবরকে একটি অভিনন্দন দেওয়া ইইয়াছে এবং পরিষদের সম্পাদক

মহাশর এই অভিনন্দন-পত্র পাঠ করেন। এই অভ্যর্থনা-সভাতে অনেক শিক্ষিত গণ্যমান্য ব্যক্তি যোগদান করিয়াছিলেন এবং জনতাতে কলিকাতার স্থবৃহৎ টাউনহল ভরিষা গিয়াছিল। নবগৃহ-প্রবেশ উপলক্ষে পরিষদের যে উৎসব হইয়াছিল, সেই উৎসব ব্যতীত পরিষদের আর কোন অষ্টানে এত লোক একতা হয় নাই। ছাত্র-সভ্য-পরিদর্শক 🕮 যুক্ত থগেক্সনাথ মিত্র মহাশয়ের নেতৃত্বে ছাত্র-সভ্যগণ এই উৎসবের সমস্ত ব্যবস্থাদি অতি স্থন্সরভাবে নিষ্ণন্ন করেন। (এই সংবর্জনার সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্টে দ্রন্থবা) এই উৎসব-সম্বন্ধে সভাদিগকে ছই একটি সংবাদ জানান কর্ত্তব্য বলিয়া মনে করি। এই উৎসবে যে বায় হইয়াছে. সেই জন্ত পরিষৎকে সাধারণ তহবিল হইতে কিছুই ব্যয় করিতে হয় নাই। অভ্যর্থনার জন্ম অভ্যর্থনা-সমিতি অর্থ সংগ্রহ করিয়া পরিষদের হস্তে দিয়াছিলেন, সেই সংগৃহীত অর্থ হইতে সমস্ত বায় নিষ্পন্ন হইরাছিল। এই উৎসবের জন্ম ৩১৩৩।/• টাকা সংগৃহীত হয়; তাহা হইতে ১২৯২৮/১• থরচ বাদে ১৮৪০।১/১০ উদ্বন্ত হইয়াছে এবং ৮১০১ টাকা আদায় হইতে বাকী আছে। এই টাকা আদার হইলে সমস্তই পরিষদের উদ্দেখামুষায়ী কোন কার্য্যে ব্যন্তিত .হইবার জন্ত পরিষদের কার্য্য-নির্বাহক-সমিতির হস্তে অর্পিত হইবে। সম্প্রতি ১৮৪০।১১০ টাকা পরিষৎ প্রাপ্ত হইয়াছেন। এতদ্বাতীত এই উৎসৰ ব্যাপার চির-শ্বরণীয় করিবার জন্ম শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় ৫০০০ পাঁচ সহস্র মুদ্রা পরিষদের হত্তে দিতে প্রতিশ্রুত হইয়া ছই সহস্র মুদ্রা পরিষদের হত্তে অর্পণ করিয়াছেন। কি ভাবে এই টাকা থরচ হইবে সেই সম্বন্ধে বিনয় বাবুর সহিত পত্র-ব্যবহার চলিতেছে এবং এ বিষয় স্থির হইলে বাকী তিন সহস্র টাকা পরিষদের হস্তগত হইবে।

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র প্রমুপ পরিষদের সভাগণের প্রস্তাবমীত বিশ্বকোষ-সমাপ্তি উপলক্ষে গত ১০ই চৈত্র তারিথে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থু প্রাচ্যবিভামহার্ণর মহাশারকে সম্মানিত করিবার জন্ম সাহিত্য-পরিষদের উদ্বোগে ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শান্ত্রী মহাশরের নেতৃত্বে একটি সাদ্ধ্য-সন্মিলন হইয়াছিল। এই উপলক্ষে অনেক গণ্যমান্ত ব্যক্তি পরিষদে উপস্থিত হইয়াছিলেন এবং অনেকে নগেন্দ্র বাবুর বিশ্বকোষ-সমাপ্তি উপলক্ষে আনন্দপ্রকাশ করিয়াছিলেন। এই অনুষ্ঠানে 'পুনর্জ্জন্মে'র অভিনয় ব্যক্তীত নানাপ্রকার আনেদের ব্যবস্থা হইয়াছিল। এই অনুষ্ঠানের বায় বহনের জন্ম স্বতন্ত্র চাঁদা সংগ্রহ করা হইয়াছিল এবং সেই চাঁদায় সমস্ত বায় নির্বাহিত হইয়াছিল।

### नित्रभावनी পরিবর্ত্তন

পরিষদের নিয়মাবলী সংশোধন ও পরিবর্ত্তন আলোচ্য বর্ষের এক উল্লেখযোগ্য ঘটনা। জনেক দিন হইতে প্রাতন নিয়মগুলি প্রচলিত ছিল। গত ২।০ বৎসর হইল এই সমস্ত নিয়ম পরিবর্ত্তনের আবশ্রকতা অনেক সভাই উপলব্ধি করিতে পারিমাছিলেন। পরিবৎ-সম্পাদক সহকারী সম্পাদকগণের সাহায্যে একটি থসড়া নিয়মাবলী প্রস্তুত করিয়া কার্যানির্কাহক-সমিতিতে উপস্থিত করেয়। তৎপরে সেই সমস্ত থসড়া-নিয়ম মৃদ্রিত করিয়া প্রতিক্তি সম্ভোক সভোমত আলোচনা করিবার

জন্ত সম্পাদক, সহকারী সম্পাদকগণ, জীযুক্ত স্থরেশচন্দ্র সমাজপতি, জীযুক্ত চারুচন্দ্র বস্থ, কবিরাজ জীযুক্ত ছর্গানারারণ সেন ও জীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশন্নগণকে লইরা একটি শাখা-সমিতি গঠিত হয়। শাখা-সমিতি যথাসময়ে তদীয় মন্তব্য কার্য্য-নির্বাহক-সমিতিতে প্রেরণ করিলে পর, কার্য্য-নির্বাহক-সমিতি সমস্ত নির্মাবলী আলোচনা করিরা যে সমস্ত নির্ম গ্রহণ করা আবশ্রক বিবেচনা করিরাছিলেন, সেইগুলি মুদ্রিত করিরা সভ্যদের নিকট প্রেরণ করেন। তৎপরে এই সমস্ত নিরম আলোচনা করিবার জন্ত গত ১৫ই বৈশাথ পরিষদের একটি বিশেষ অধিবেশন হয়। জীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়্র সভাপতির আসন গ্রহণ করেন। গই সভার যে সকল নিরম গৃহীত হয়, তাহা সভ্যগণের মধ্যে বিতরিত হইরাছে এবং পঞ্জিকার ৮ পৃষ্ঠা হইতে ১৮ পৃষ্ঠার মৃদ্রিত হইরাছে।

### উপসংহার

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের জীবনের আঠার বৎসর কাল অতীত হইল। উল্লিখিত কার্য্য-বিবরণ

হইতে বুঝা যাইবে, পরিষদের কার্যাক্ষেত্র কিরূপ ক্রতবেগে প্রসার লাভ করিতেছে। মান বঙ্গীয় শতাব্দীর আরস্তে যে দিন সাহিত্য-পরিষদের জীবনের স্চনা হয়, সে দিন পরিষদের সভাসংখ্যা অঙ্গুলি-সংখ্যায় গণনীয় ছিল। অদ্য আঠার বৎসর পরে সদ্শু-সংখ্যা প্রায় হুই সহস্র দাঁড়াইয়াছে। সেই সদশু-তালিকার মধ্যে দেশের মান্তগণ্য সকল সম্প্রদায়ের ও সকল শ্রেণির শীর্ষস্থানীয় মহাজনদিগের নাম দেখা যাইবে। জনসাধারণ সাহিত্য-পরিষৎকে কিরূপ শ্রদ্ধা ভ সন্মানের চক্ষে দেথেন, ইহাই তাহার প্রকৃষ্ট পরিচয়। বোধ হয় ভারতবর্ষের মধ্যে কোন সভারই সভাসংখ্যা এত অধিক নহে এবং কোন সভারই কার্য্য-প্রণানী এত স্মুষ্ঠভাবে পরি-চালিত হয় না ৷ বাঙ্গালা দেশের ভিন্ন ভিন্ন জেলায় স্থানীয় লোকের উদ্যোগে পরিষদের শাথা স্থাপিত হওয়ায় পরিষদের আদর্শের প্রতি দেশের শ্রদ্ধা ও প্রীতির আর একটা পরিচয় । ভারতবর্ষের অন্তান্ত প্রদেশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের আদর্শে বহু সাহিত্য-পরিষৎ স্থাপিত হওয়ায় বুঝা যাইতেছে, সমস্ত ভারতবর্ষেই আমাদের পরিষৎ সমাদর লাভ করিয়াছে এবং আমাদের পরিষদের আদর্শে সমগ্র ভারতবর্ষের সমুদয় জাতীয় সাহিত্য অমুপ্রাণিত ছইতেছে। সাহিত্য-পরিষদের উচ্ছোগে অমুষ্ঠিত বার্ষিক সাহিত্য-সন্মিলন দেশ মধ্যে বাঙ্গালা-সাহিত্যের প্রতি শ্রদ্ধা ও প্রীতি জাগাইয়া তুলিতেছে এবং সেই আদর্শের অমুসরণে ভারতবর্ষের অক্সান্ত প্রাদেশেও সাহিত্য-সন্মিলনের অনুষ্ঠান আরম্ভ ইইয়াছে। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন প্রদেশের মনস্বী স্থধীগণ প্রাদেশিক সাহিত্যের উন্নতি বিধানার্থ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পরামর্শ ও বিবিধ সাহায্য গ্রহণ করিতেছেন। উচ্চপদস্থ রাজকর্মচারিগণ, ঘাঁহাদের সহিত সাক্ষাৎ-সম্পর্কে পরিষদের কোন সম্বন্ধ নাই, তাঁহারাও সাহিত্য-পরিষদের কর্ম্মে শ্রদ্ধা প্রদর্শন করিতেছেন। নানারূপে তাঁহাদের এই শ্রদার পরিচর পাওয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের লাঘার বিষয় যে, দুরস্থিত ইংলও ও ফ্রান্সের পণ্ডিত-সমাজেও সাহিত্য-পরিষদের বন্ধুর একবারে অভাব নাই। সেই দুরদেশে সাহিত্য-পরিষৎ-পত্রিকা আদর লাভ করিতেছে। এই সংবাদ পরিষদের সদস্থগণকে জানন্দ দান করিবে। বিদেশস্থিত এই বন্ধগণের মধ্যে ইংলগুবাসী ত্রীবৃক্ত জে ডি এগুরসন সাহেবের নাম অগ্রগণ্য। তিনি সর্বাদা পত্রধারা পরিষদের কর্ম্মে প্রীতিজ্ঞাপন ও উৎসাহ দান করিরা থাকেন এবং স্বতঃপ্রবৃত্ত হইরা গত বৎসর লগুন রয়াল এসিয়াটিক সোসাইটির জর্ণালে (১৯১১ সালের ২য় সংখ্যায়) এক স্থদীর্ঘ পত্রে বঙ্গীয় সাহিত্য-পরিষদের পরিচয় দিয়া পরিষদের প্রতি বিদেশীয় পণ্ডিত-সমাজের দৃষ্টি আকর্ষণ করিরাছেন। এই স্থ্যোগে পরিষধ তাঁহার এই অমুগ্রহের জন্ম ক্রতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

সাহিত্য-পরিষদের সদস্ত, বন্ধু, অমুগ্রাহক ও কর্মাধ্যক্ষগণের নিকট আন্তরিক ক্বতজ্ঞতা জানাইয়া কার্যা-বিবরণীর উপসংহার করিতেছি। মাননীয় সভাপতি মহাশরের স্নেহ, ও উৎসাহ এবং সহকারী সম্পাদক ও অক্সান্ত কর্ম্মাধ্যক্ষগণের অক্সত্রিম শ্রদ্ধা ও সাহায্য ব্যতীত সাহিত্য-পরিষদের কর্মভার বহন করা আমার পক্ষে সম্ভবপর হইত না। তাঁহাদের প্রতি সমূচিত ক্রতজ্ঞতা প্রকাশ আমার সাধ্য নহে। সম্প্রতি আমার শরীর এরপ অবসর যে, অন্ততম সহকারী সম্পাদক প্রীযুক্ত হেমচক্র দাশ গুপ্ত মহাশয়ের ূসাহায্য না পাইলে এই বার্ষিক কার্য্য-বিবরণ উপস্থিত করারই সম্ভাবনা ঘটিত না। আট বংসর ব্যাপিয়া আমার উপর শ্রদ্ধার্পিত সম্পাদকীয় তার যথাশক্তি বহন করিয়া অন্ত আমি পরিষদের নিকট বিদার গ্রহণ করিতেছি। আমার অক্ষমতা, অবিবেচনা বা অনবকাশ দরুণ যে সকল ত্রুটী ঘটিয়াছে, সামুনয়ে তজ্জ্য ক্ষমা প্রার্থনা করিতেছি। স্বাহ্লাদের বিষয়, আমা অপেক্ষা সর্বতোভাবে যোগাতর হস্তে পরিষদের সম্পাদকীয় ভার অপিত হইতে চলিয়াছে। আগামী বংসর যিনি পরিষদের সম্পাদকত্ব গ্রহণে দয়া করিয়া সম্মত হইয়াছেন, তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্ততম স্তম্ভস্করপ। পরিষদের জন্মাবধি পরিষদের সর্বাকার্য্যে তিনি লিপ্ত ও সংশ্লিষ্ট রহিয়াছেন এবং স্থাপনার অসামান্ত বিভাবন্ধির সহিত অর্থ ও পরিশ্রম পরিষদের সেবায় অর্পণ করিয়া আনন্দ অন্তত্ত ক্ষিয়া আসিতেছেন। এক সময়ে তাঁহারই সম্পাদকতা পরিষদের বাল্যকালে বলবৰ্দ্ধনে সাহায্য করিয়াছিল। সেই মহোদয় পুনরায় পরিষদের ধুর-বহন-কার্য্যে আপনাকে নিয়োগ করিয়া পরিষৎকে দিন দিন উন্নতির পথে প্রেরিত করিবেন, সে বিষয়ে সন্দেহমাত্র নাই। আমি বিশাস করি যে, তাঁহার পরিচালনার পরিষৎ নৃতন জীবন ও নৃতন শক্তি অর্জ্জন করিতে পারিবে। অতএব আমি নিশ্চিম্ভ মনে পরিষদের ভবিষাতের জন্ত শক্ষাশত হইয়া সদস্তগণের নিকট বিদার প্রার্থনা করিতেছি। বিধাতার রূপায় সদস্তগণের স্নেছ পরিষদের প্রতি অকুঃ পকুক, ইহাই আমার প্রার্থনা।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দির ১৩১৯।১২ই শ্রাবণ। জীরামেন্দ্রস্থলর ত্রিবেদী সম্পাদক

### পরিশিষ্ট

### সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিমরে প্রাপ্ত সাময়িক পত্রাদি

বৈনিক—The Amrita Bazar Patrika, The Bengalee, The Hindu Patriot, The Indian Mirror, The Herald, নায়ক, দৈনিক-চন্দ্ৰিকা

### সাপ্তাহিক-

The Indian Empire	২৫ মেদিনীপুর-হিটেড্যী
Real The Indian Nation	২৬ জোতি:
o The Reis & Rayyet	২৭ হুরুমা
8 The Telegraph	२४ ऋवर्ग-विषक
unity and The Minister	<b>২৯ চু[*] চুড়া-বার্দ্তাবহ</b>
• The Mussalman	৩০ বাৰ্ত্তাবহ
7 The World & New dis-	৩১ মালদহ-সমাচার
pensation	<b>৩২ বরিশাল</b> -হিতৈষী
৮ ত্রিশূল	৩৩ কল্যাণী
৯ वक्रवांनी	৩৪ হিতবার্তা ( সংস্কৃত )
১০ বন্ধমতী	৩৫ সদ্ধর্ম-প্রচারক
১১ মোসলেম হিতৈষী	৩৬ প্রস্ন
১২ মোহম্মদী	৩৭ পুরুলিয়া-দর্পণ
১৩ স্ময়	৩৮ নোয়াধালি সন্মিলনী
১৪ শিক্ষাসমাচার	৩৯ ত্রিপুরা-হিতৈষী
১৫ বিশ্ববাৰ্ত্তা	৪● চাক্মিহির
১৬ পুলনাবাদী	8> नीशंत्र
১৭ ঢাকাপ্ৰকাশ	४ मङ्गीवनी
১৮ ঘশেহর	৪৩ বীরভূম-বার্তা
